এ সেনাবাহিনীতে তিনি ৬/৭[৬৭] বছর অতিবাহিত করেন। এ সময়ে তাঁর ইবাদাত, রিয়াযত ও সৈনিক জীবন যাপনের সাথে সাথে সংস্কার ও ধর্মীয় উপদেশ এবং শিক্ষামূলক তৎপরতায়ও নিয়োজিত থাকেন। তাঁর আগ্রহ উদ্দীপনা, চেষ্টা ও সাধনায় সমগ্র সৈন্যবাহিনীর ব্যাপক দাওয়াত ও তাবলীগের বিস্তৃত ময়দানে পরিণত হয়। সৈনিকের সামগ্রিক জীবনে বিপ্লবাত্মক সংস্কার সাধিত হয়। এমনকি সেনাপ্রধান আমীর খানের জীবনেও ব্যাপক পরিবর্তন আসে।[৬৮]

সেনাবাহিনীর সঙ্গ ত্যাগ

ইংরেজদের জোর তৎপরতায় ৯ই নভেম্বর ১৮১৭ খৃ./১২৩১[৬৯] ঈসায়ী হঠাৎ করে নওয়াবের অবস্থা শোচনীয় হয়ে পরে। ফলে নওয়াব আমীর আলী খান ইংরেজদের সাথে সন্ধি[৭০] করে টুংক (Tonk)'র কর্তৃত্ব লাভ এবং সৈন্যবাহিনীকে বিচ্ছিন্ন করে দিতে রাযী হন। এ সময় সাইয়্যেদ সাহেব তাকে এ চুক্তি থেকে বিরত রাখতে একান্তভাবে চেষ্টা করেন এবং বার বার বলেন: ইংরেজদের সাথে বীরত্বের সাথে যুদ্ধ করুন।[৭১] কিন্তু এটা নওয়াবের সাহসে কুলায়ে উঠলো না। নওয়াব ইংরেজদের নিকট থেকে টুংকের জায়গীর কবুল করলেন। ফলে সাইয়্যেদ সাহেব ১৮১৮ সালের মাঝামাঝি সময় তাঁর সঙ্গ ত্যাগ করে দিল্লীতে শাহ সাহেবের খিদমতে চলে আসেন।[৭২]

সাইয়্যেদুল মুজাহীদিন খাতামুল মুহাদ্দিসিন শাহ আব্দুল আযীয মুহাদ্দিস দেহলভী রহ. কাছে এক পত্র লেখেন: "এ অধমের বিনীত আরজ হযরতের কদমবুছি নেয়ার জন্য শীঘ্রই খিদমতে উপস্থিত হবে। এখানে সেনাবাহিনী গঠনের পরিকল্পনা ব্যর্থ হয়েছে। নবাব সাহেব ইংরেজদের সাথে মিলিত হয়েছেন। এখানে আমার থাকার আর কোন উপায় নেই।"[৭৩]

চিঠি প্রেরণের পর একদা ১২৩২ হিজরীতে স্বীয় পীর শাহ আব্দুল আযীয দেহলভী রহ. এর খেদমতে দিল্লীতে হাজির হন।[৭৪] তিনি সরাসরি শায়খের সাথে

---

৬৭. কাসিম আহমাদ উসমানী, বেরেলী সে বালাকোট, পৃ. ৩২।

৬৮. **যব ঈমান কী বাদ বাহারী চলী**, পৃ. ২২-২৩ এবং **তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ শহীদ**, পৃ. ৩৩; **ওয়াকায়ে আহমাদী**, খ.১, পৃ. ৬৫-৬৭; **সাইয়্যেদ আহমাদ শহীদ**, খ. ১, পৃ. ১৪৭; **সীরাতে সাইয়্যেদ আহমাদ শহীদ**, খ. ১, পৃ. ১৩৯-৪০।

৬৯. প্রফেসর আব্দুল হাফীয, তা'য়ারিফে জামাতে মুজাহিদীন, পৃ. ৩৬।

৭০. ড. মতিউর রহমান, আয়নায়ে ওয়ায়েসী, পৃ. ৯৬।

৭১. **ওয়াকায়ে আহমাদী**, খ.১, পৃ. ৯৮ এবং মৌলভী জা'ফর আলী নকভী, **মানজুরাতুস সায়া'দাহ**।

৭২. **ওয়াকায়ে আহমাদী**, খ.১, পৃ. ৯৮; **সাইয়্যেদ আহমাদ শহীদ**, খ. ১, পৃ. ১৬০; **সীরাতে সাইয়্যেদ আহমাদ শহীদ**, খ. ১, পৃ. ১৪৪-১৪৫।

৭৩. **ওয়াকায়ে আহমাদী**, খ.১, পৃ. ১০১; **সাইয়্যেদ আহমাদ শহীদ**, খ. ১, পৃ. ১৬২; **সীরাতে সাইয়্যেদ আহমাদ শহীদ**, খ. ১, পৃ. ১৪৫।

৭৪. **সীরাতে সাইয়্যেদ আহমাদ শহীদ**, খ. ১, পৃ. ১৪৬ এবং **সাইয়্যেদ আহমাদ শহীদ**, খ. ১, পৃ. ১৬৬।

সাক্ষাত করেন এবং মুরশিদকে ২৫ রুপিয়া হাদিয়া পেশ করেন। শায়খ তা গ্রহণ করেন এবং আমীর খানের বাহিনীর হাল হাক্কিত সম্পর্কে খোঁজ-খবর নেন।[৭৫] অতঃপর শায়খ আকবরাবাদী মসজিদে তাঁর অবস্থানের ব্যবস্থা করেন।[৭৬]

সায়্যিদ সাহেবের হাতে বয়াত

শাহ আব্দুল আযীয দেহলভী, শাহ আব্দুল কাদির ও মাওলানা রফীউদ্দীন রহ. এসব শায়খদের পরে মাওলানা আবদুল হাই রহ. এবং মাওলানা ইসমাইল রহ. দ্বয় ছিলেন হিন্দুস্তানে ইলম, তাকওয়া ও তাসাউফে উচ্চ মর্যাদাবান আলিমদের অন্তর্ভূক্ত। শাহ ওয়ালী উল্লাহ মুহাদ্দিস দেহলভী রহ. এর বংশের এই দুই মহান বিশিষ্ট ব্যক্তিত্ব দিকপাল একদিন সাইয়্যেদ সাহেবের হাতে বয়াত গ্রহণ করেন।[৭৭]

তাদের বয়াত হওয়ার উপর বিভিন্ন কিতাবে বিভিন্ন রেওয়াতে বর্ণিত হয়েছে। তবে এসব বর্ণনার মধ্যে সবচেয়ে নির্ভরযোগ্য বর্ণনা হচ্ছে যা তাঁরই স্বীয় খলীফা মাওলানা কারামত আলী জৌনপুরী রহ. খোদ মাওলানা আবদুল হাই রহ. থেকে সরাসরি বর্ণনা করেছেন। তিনি বয়াত হওয়ার এ ঘটনাটি তাঁর "نور على نور" গ্রন্থের (৬৮-৭৩ পৃ.) উল্লেখ করেন।[৭৮] ঘটনাটি বেশ বড় হওয়ার কারণে আমরা তা ছেড়ে দিয়েছি। বিস্তারিত দেখতে আমাদের গ্রন্থের সাহায্য নেওয়া যেতে পারে।

খুব সংক্ষিপ্তাকারে ঘটনাটি হল যে, সাইয়্যেদ আহমাদ বেরেলভী এর ফয়েয ও তাওয়াজ্জুহের বরকতে মাওলানা আব্দুল হাই এর অনেক দিনের আশা 'সালাত আদায়ে সাহাবীদের ন্যায় মিষ্টতা লাভ করা।' তার এ আশা পূরণ হয় এবং এরপরই তিনি সাইয়্যেদ আহমাদ বেরেলভী র. এর হাতে বয়াত হন।

কারামত আলী জৌনপুরী রহ. বলেন: মাওলানা আব্দুল হাই আমাকে বলেন যে, আমি হযরত মাওলানা শাহ আব্দুল আযীয রহ. এর কাছে আরয করলাম যে, হযরত! আমি অনেক দরবেশ এবং ত্বরীকত পন্থীদের নির্দেশনা অনুযায়ী রিয়াযত ও মোরাকাবা করেছি। কিন্তু আমার উদ্দেশ্য কখনও অর্জিত হয় নি। কিন্তু হযরত সাইয়্যেদ সাহেব রহ. কেবলমাত্র মুখ দিয়ে একবার বলে দিলেন অমনি আমার অন্তরের কাঙ্খিত বাসনা পুরণ হয়ে গেল। তো হযরত সাইয়্যেদ সাহেব এই যে তা'লীম তা কোন ত্বরীকার তা'লীম। তখন শায়খুল হিন্দ বললেন, এসব লোক কোনো ত্বরীকার প্রতি মুখাপেক্ষী নন। এসব লোক মুখ দিয়ে যা বলেন তা-ই ত্বরীকা। এসব লোক নিজেরাই ত্বরীকা সৃষ্টিকারী হয়ে থাকেন। মাওলানা শাহ

---

[৭৫]. **ওয়াকায়ে আহমাদী**, খ.১, পৃ. ১০৩-১০১।

[৭৬]. **তা'য়ারিফে জামাতে মুজাহিদীন**, পৃ. ৩৬।

[৭৭]. প্রফেসর আব্দুল হাফীয, **তা'য়ারিফে জামাতে মুজাহিদীন**, পৃ. ৩৬।

[৭৮]. আবুল হাসান আলী নদভী, **সীরাতে সাইয়্যেদ আহমাদ শহীদ**, খ. ১, , পৃ. ১৪৯-১৫০।

আব্দুল আযীয রহ. এর বর্ণনা শোনার পর সাইয়্যেদ সহেবের ত্বরীকা সহীহ হওয়ার ব্যাপারে তাঁর উপর আমার আরও বেশি ইয়াকীন পয়দা হল। আর তাঁর প্রতি এমন এ'তেকাদ পয়দা হল যে তাঁর গোলামী করার জন্য আমি প্রস্তুত হলাম বটে কিন্তু নিজেকে তাঁর গোলামীর উপযুক্তও পেলাম না।[৭৯]

পাগড়ী প্রদান ও দাওয়াতী সফর

মাওলানা শাহ আব্দুল আযীয মুহাদ্দিস দেহলভী রহ. এর মত জগত বিখ্যাত মুরশিদ বর্তমান থাকা অবস্থায় অপর কোন ব্যক্তির নিকট বিখ্যাত এ হযরত দ্বয়ের বয়াত হওয়ার বিষয়টা কোন সাধারণ ঘটনা ছিল না। যার কারণে খুব তাড়াতাড়িই তাদের এ বয়াত হওয়ার খবরটি চতুর্দিকে চাউর হয়ে গেল এবং উলামা ফুদালা ও সালেহীন ব্যক্তিবর্গরা তাঁর নিকট বয়াত হতে লাগলেন।[৮০] শাহ ওয়ালী উল্লাহ মুহাদ্দিস দেহলভী রহ. এর বংশের আরেক বিশিষ্ট ব্যক্তিত্ব মাওলানা মুহাম্মদ ইউসুফ নাবীরা সহ হযরত আহলুল্লাহ, মৌলভী অজীহুদ্দীন, হাকীম মুগীসুদ্দীন, হাফিয মুঈনুদ্দীন সহ আরও অনেকে তাঁর হাতে বাইয়াত গ্রহণ করেন।[৮১] এসব হযরতদের বয়াতের পর দিল্লীর সাধারণ স্তরের মানুষ, বিশেষ ব্যক্তিবর্গ এবং বিশিষ্ট ওলামা ও মাশায়েখগণ সাইয়্যেদ সাহেবের খেদমতে এমনভাবে ঝুঁকে পড়েন যে দিন দিন তাঁর খ্যাতি ও গ্রহণযোগ্যতা বেড়েই চলল এবং তাঁর নিকট বিভিন্ন এলাকা থেকে ব্যাপকভাবে প্রচুর দাওয়াতপত্র আসতে শুরু করল।[৮২]

সাইয়্যেদ সাহেব শাহ ইসমাঈল দেহলভীকে দিয়ে আগত দাওয়াতপত্রগুলো শাহ সাহেব রহ. এর নিকট প্রেরণ করেন যে, তাঁর নিকট থেকে কি হুকুম আসে। দাওয়াতপত্রগুলো পেয়ে শাহ সাহেব রহ. সাইয়্যেদ আহমদ বেরলভী রহ. কে স্বীয় পোশাক খিরকা পরিয়ে দেন এবং অনেক আনন্দ ও খুশির সাথে তাকে বিদায় জানান।[৮৩]

---

৭৯. **সীরাতে সাইয়্যেদ আহমাদ শহীদ**, খ. ১, পৃ. ১৫০-১৫৪, মাওলানা কারামত আলী জৌনপুরী, **নুরুন আ'লা নূর**, (জৌনপুরঃ আ'জামুল মাতাবি'), পৃ. ৬৮-৭৩ এবং **সাইয়্যেদ আহমাদ শহীদ**, খ. ১, পৃ. ১৭১।

৮০. প্রফেসর আব্দুল হাফীয, **তা'য়ারিফে জামাতে মুজাহিদীন**, পৃ. ৩৬।

৮১. **সীরাতে সাইয়্যেদ আহমাদ শহীদ**, খ. ১, পৃ. ১৫৪-১৫৫; **মাখযানে আহমদী**, পৃ. ৩৭; **সাইয়্যেদ আহমাদ শহীদ**, খ. ১, পৃ. ১৭২; **তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ শহীদ**, পৃ. ৩৪-৩৫; **যব ঈমান কী বাদ বাহারী চলী**, পৃ. ২৩।

৮২. মাওলানা মোহাম্মদ হামযাহ, **তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ শহীদ**, পৃ. ৩৫।

৮৩. **সীরাতে সাইয়্যেদ আহমাদ শহীদ**, খ. ১, পৃ. ১৫৬; **যব ঈমান কী বাদ বাহারী চলী**, পৃ. ৩৫; **সাইয়্যেদ আহমাদ শহীদ**, খ. ১, পৃ. ৯২; সাইয়্যেদ নফীস হুসাইনী, **হযরত সাইয়্যেদ আহমাদ সে**

সুতরাং সাইয়্যেদ সাহেব শাহ আব্দুল আযীয মুহাদ্দিস দেহলভী রহ. এর দোয়া ও এজাযত নিয়ে এবং শাহ ইসমাঈল শহীদ ও মাওলানা আব্দুল হাইকে সাথে নিয়ে তাঁর তাবলীগী এবং সংস্কারমূলক সফর শুরু করেন।[৮৪] গাযীউদ্দীন নগর বা গাযীআবাদী, মুরাদ নগর, মীরাট, সর্ধানা, কান্দালাহ, বাড়ানা, ফুলত, মুজাফ্ফর নগর, দেওবন্দ, গাংগুহ, সাহারানপুর, নানুতাহ, থানাভন, গড়, মুক্তেশ্বর এবং দোয়াবা এলাকার রামপুর, বেরেলী, শাহজাহানপুর এসব এলাকায় সফর করেন।[৮৫]

এ সফরে এত অগণিত মুসলমান তাশরীফ নিয়ে তারা তাদের জীবনে দ্বীনী ফায়দা এবং বরকত হাসিল করেছেন যার দৃষ্টান্ত জুড়ি মেলাভার।[৮৬]

এ সফরে সাহারানপুরের বিখ্যাত পীর হাজী আবদুর রহীম বিলায়েতী সাহেব অবস্থান করছিলেন।[৮৭] যিনি সে যুগে অন্যতম বড় বুযুর্গ ব্যক্তি ছিলেন এবং হাজার হাজার লোক ছিল তাঁর মুরীদ মণ্ডলীর অন্তর্ভূক্ত।[৮৮] ইনি ছিলেন হাজী ইমদাদুল্লাহ মুহাজীরে মক্কী রহ. এর দাদা পীর এবং মিয়াযী নূর মোহাম্মদ ঝানঝানবী র. এর পীর। এ মহান শায়খও ১২৩৩ হিজরীর জিলহাজ্ব মাসে[৮৯] সাইয়্যেদ আহমদ বেরেলভীর রহ. এর হাতে বয়াত হন এবং তাঁর মুরীদদেরকেও বয়াত করান।[৯০] এরপরে মিয়াযী নূর মোহাম্মদ ঝানঝানবী র. ও বয়াত হন।[৯১] যা থানভী রহ. তাঁর "আনওয়ারে মুহম্মাদী"তেও উল্লেখ করেন।[৯২]

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, বিলায়েতী রহ. ও ঝানঝানবী রহ. সাইয়্যেদ সাহেবের হাতে জিহাদী বয়াত নয় বরং তারা তাঁর কাছে ত্বরীকতেরই বয়াত

হাজী এমদাদুল্লাহ মুহাজিরে মক্কী রহ. কে রুহানী রেসতে, লাহোর: অলম্বপিয়া প্রেস, ১ম সংস্করণ-২০০৩, প.১২৫ এবং বেরেলী সে বালাকোট, পৃ. ৩৭।

৮৪. মাওলানা মোহাম্মদ হামযাহ, তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ শহীদ, পৃ. ৩৪-৩৫।

৮৫. প্রফেসর আব্দুল হাফীয, তা'য়ারিফে জামাতে মুজাহিদীন, পৃ. ৩৬।

৮৬.সাইয়্যেদ আহমাদ সে হাজী এমদাদুল্লাহ মুহাজিরে মক্কী, পৃ. ১২৫ এবং সাইয়্যেদ আহমাদ শহীদ, খ.১, পৃ. ১২৪।

৮৭. সাইয়্যেদ আহমাদ সে হাজী এমদাদুল্লাহ মুহাজিরে মক্কী. প.১২৭ এবং সাইয়্যেদ আহমাদ শহীদ, খ.১, পৃ. ১২৭।

৮৮. আবুল হাসান আলী নদভী, যব ঈমান কী বাদ বাহারী চলী, পৃ. ২৪।

৮৯. সাইয়্যেদ আহমাদ সে হাজী এমদাদুল্লাহ মুহাজিরে মক্কী, প.১২৭ এবং সাইয়্যেদ আহমাদ শহীদ, খ.১, পৃ. ১২৬।

৯০. সীরাতে সাইয়্যেদ আহমাদ শহীদ, খ. ১, পৃ. ১৬৭; সাইয়্যেদ আহমাদ শহীদ, খ. ১, পৃ. ১৮৪; আবুল হাসান আলী নদভী, যব ঈমান কী বাদ বাহারী চলী, পৃ. ২৪; তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ শহীদ,পৃ. ৩৬।

৯১. সাইয়্যেদ আহমাদ সে হাজী এমদাদুল্লাহ মুহাজিরে মক্কী, পৃ. ১২৭ এবং সাইয়্যেদ আহমাদ শহীদ, খ.১, পৃ. ১২৭।

৯২. আশরাফ আলী থানভী, আনওয়ারে মুহাম্মাদী, মিরাট: মাতবায়ে দিয়াউ মিরাট, পৃ. ৩৫; সাইয়্যেদ আহমাদ সে হাজী এমদাদুল্লাহ মুহাজিরে মক্কী রহ., প.১২৭ এবং সাইয়্যেদ আহমাদ শহীদ, খ.১, পৃ. ১২৭-২৮।

হয়েছিলেন।[৯৩] সাইয়্যেদ সাহেবের এ পুরা সফরটি ছিল রহমতের বারিধারার ন্যায়।[৯৪]

নিজ দেশ রায়বেরেলীতে অবস্থান

অবশেষে আমিরুল মু'মিনীন রায়বরেলীতে প্রবেশ করেন। আগমনের দিনই রমযানের চাঁদ দেখা যায়। আমিরুল মু'মিনীনের সার্বক্ষণিক খাদেম মিঞা মুহাম্মদ বলেন: সফরে বিভিন্ন স্থানে স্থানে যাত্রা বিরতি দেন বটে কিন্তু এ সম্পর্কে আমার পূর্ণ ইয়াদ নেই। **"ওয়াকায়ে আহমাদী", "সাইয়্যেদ আহমদ শহীদ"** ও **"সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ"** গ্রন্থসমূহের বর্ণানুযায়ী আমীরুল মু'মিনীন শা'বান মাসের ২৯ তারিখ ১২৩৪ হিজরী ও জুন মাসের ২৩ তারিখ ১৮১৯ সালে রায়বরেলীতে প্রবেশ করেন এবং সকাল থেকেই সবাই রোজা রাখা শুরু করেন।[৯৫] এ সময় ঐ এলাকাতে খরা ও দুর্ভিক্ষ বিরাজ করছিলো। সর্বত্রই ছিল হতাশা। চলছিল ক্ষুধা দারিদ্র আর নিঃস্বতার হুমড়ি।[৯৬]

এরকম একটি কঠিন পরিস্থিতির মধ্যে তাঁর কাঁধে দায়িত্ব ছিল ১০০ মানুষের আহারের ব্যবস্থা করা। কিন্তু তাঁর অন্তর ছিল রহমানুর রহীম প্রদত্ত প্রশান্তি আর তাঁর প্রতি অপরিমেয় তাওয়াক্কুলে ভরপুর। এ কঠিন মুহূর্তেও তিনি ধৈর্য্যহারা হন নি।[৯৭]

এ সময়টাতে আধ্যাত্মিক রিয়াযতের কাজ চলছিল ফল্গু নদীর মত অবারিত গতিতে।

তাবলীগি সফর

রায়বেরেলীতে অবস্থান কালে তিনি সালোন, আহলাদগঞ্জ, এলাহাবাদ, বেনারস, কানপুর এবং সুলতানপুরে এক তাবলীগি সফরে বের হন।[৯৮] সামান্য দূর অতিক্রম করতে না করতেই লোকজন দলে দলে এসে তার সাথে সাক্ষাৎ করত এবং বয়াত

---

[৯৩]. সাইয়্যেদ আহমাদ সে হাজী এমদাদুল্লাহ মুহাজিরে মক্কী রহ. প.১২৮।

[৯৪]. সাইয়্যেদ আহমাদ সে হাজী এমদাদুল্লাহ মুহাজিরে মক্কী রহ., পৃ. ১২৫।

[৯৫]. ওয়াকায়ে আহমাদী, খ.১, পৃ. ১৬৫; সাইয়্যেদ আহমাদ শহীদ, খ. ১, পৃ. ১৯১; সীরাতে সাইয়্যেদ আহমাদ শহীদ, খ. ১, পৃ. ১৮১।

[৯৬]. আবুল হাসান আলী নদভী, **সীরাতে সাইয়্যেদ আহমাদ শহীদ,** খ. ১, পৃ. ১৮১।

[৯৭]. মাওলানা মোহাম্মদ হামযাহ, তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ শহীদ, পৃ. ৩৭ এবং আবুল হাসান আলী নদভী, **সীরাতে সাইয়্যেদ আহমাদ শহীদ,** খ. ১, পৃ. ১৮১-৮২; গোলাম রসুল মেহের, **সাইয়্যেদ আহমাদ শহীদ,** খ. পৃ. ১৯৩।

[৯৮]. আবুল হাসান আলী নদভী, **যব ঈমান কী বাদ বাহারী চলী,** পৃ. ২৫।

হতো।[৯৯] সাইয়্যেদ সাহেব এ সফরে কম সে কম তিন মাস অতিবাহিত করেন।[১০০]

রায়বেরেলীতে এসেও তিনি বসে থাকেন নি। এবার তিনি লাখনৌ এ-ও তাবলীগি সফর করেন।[১০১] এ সফরে হাজারো ওলামায়ে কিরাম, ফুদালা, আমীর-উমারা, ব্যবসায়ী এবং বড় বড় ফাসিক পাপাচার আমীরুল মু'মিনীনের হাতে বয়াত গ্রহণ করে এবং তাদের কৃত অপরাধ থেকে তওবাহ করে।[১০২] তাবলীগী সফর শেষে করে সাইয়্যেদ আহমদ বেরলভী রহ. লাখনৌ থেকে বের হয়ে দৌলতগঞ্জ পৌঁছেন। সেখান থেকে হাসানগঞ্জ অবস্থান নেন। অবশেষে তিনি সেখান থেকে নিজ দেশ রায় বেরেলীতে ফিরে আসেন।[১০৩] লাখনৌ-এ তাঁর এ তাবলীগী সফর ছিল এক মাস ব্যাপী।[১০৪] দেশে ফিরে আসার পরও হেদায়েত ও তাবলীগের কাজ চলতে থাকে আগের মতই। লাখনৌ থেকে ফিরে আসার পর রায়বেরেলীতে সর্বোপরি তাঁর অবস্থান কাল ছিল ১বছর।[১০৫]

হজ্জ্ব ও যিয়ারত

তৎকালীন সময়ে ইসলামের অন্যান্য শেয়ার দুর্বল হওয়ার সাথে সাথে হজ্জের মত একটি গুরুত্বপূর্ণ রুকনও ওলামায়ে কিরামদের ফিক্হী ওযর আপত্তির ভিত্তিতে আদায় করার হুকুম রহিত হওয়ার ফতোয়া দেওয়া হয়।[১০৬] তাদের যুক্তি ছিল- সমুদ্রের উপর ফিরিঙ্গীদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা হওয়ার ফলে সমুদ্র ভ্রমনের বিপদ আরো বৃদ্ধি পায়। ফলে কোন কোন আলিম এর উপর ভিত্তি করে হজ্জ ফরজ থাকে না বলে ফতওয়া প্রদান করেন। কেননা রাস্তা নিরাপদ হওয়া হজ্জ ফরজ হওয়ার জন্য অন্যতম শর্ত।[১০৭]

---

৯৯. তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ শহীদ, পৃ. ৩৮; মাখযানে আহমদী, পৃ. ৫৮; সীরাতে সাইয়্যেদ আহমাদ শহীদ, খ. ১, পৃ. ১৮৫-৯২; ওয়াকায়ে আহমাদী, খ.১, পৃ. ২২৭-৩৭; সাইয়্যেদ আহমাদ শহীদ, খ. ১, পৃ. ২২২-২২৬।

১০০.গোলাম রসুল মেহের, সাইয়্যেদ আহমাদ শহীদ, খ. ১, পৃ. ২২৬।

১০১. প্রোফেসর আব্দুল হাফীয, তা'য়ারিফে জামাতে মুজাহিদীন, পৃ. ৩৭; সীরাতে সাইয়্যেদ আহমাদ শহীদ, খ. ১, পৃ. ১৮৫।

১০২. তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ শহীদ, পৃ. ৩৯; সীরাতে সাইয়্যেদ আহমাদ শহীদ, খ. ১, পৃ. ১৯৩; গোলাম রসুল মেহের, সাইয়্যেদ আহমাদ শহীদ, খ. ১, পৃ. ২৩৯; মাওলানা মোহাম্মদ হামযাহ, তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ শহীদ, পৃ. ৪০-৪১।

১০৩. গোলাম রসুল মেহের, সাইয়্যেদ আহমাদ শহীদ, খ. ১, পৃ. ২৪৬।

১০৪. আবুল হাসান আলী নদভী, যব ঈমান কী বাদ বাহারী চলী, পৃ. ২৬।

১০৫. তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ শহীদ, পৃ. ৪৩; সীরাতে সাইয়্যেদ আহমাদ শহীদ, খ. ১, পৃ. ২২৮।

১০৬. তাযকিরায়ে সাইয়্যেদ আহমদ শহীদ, পৃ. ৪৭; যব ঈমান কী বাদ বাহারী চলী, পৃ. ২৭।

১০৭. ওয়াকাই আহমাদী এবং ইসলামী বিশ্বকোষ, ইফাবা, খ. ৩, পৃ. ২৪৪।

অন্যদিকে গড় (উত্তর প্রদেশের শহরের নিকটে) নামক স্থানের মৌলভী ইয়ার আলী আরও একধাপ এগিয়ে এমন অবস্থায় হজ্জে যাওয়াকে হারাম বলে ফতোয়া দেন।[১০৮]

এ সময় তিনি বিভিন্ন স্থানে হজ্জ আদায়ের আহ্বান জানিয়ে পত্র প্রেরণ করেন। **চিঠির বিষয়বস্তু ছিল এই যে,** "আমরা বায়তুল্লাহ শরীফে হজ্জের উদ্দেশ্যে যাব। যে সকল ভাই হজ্জ করার ইচ্ছা করেন তারা আমার সাথে যেতে পারেন। তবে এই শর্তে যে, আমাদের কাছে না আছে সম্পদ আর না আছে কোন গুপ্তধন। এর পরেও আল্লাহর উপর ভরসা করেই যাচ্ছি। আর তার মহান সত্তার কাছে আমাদের দৃঢ় আশা যে তিনি স্বীয় রহমত ও দয়ায় আমাদের ইচ্ছা পূরণ করবেন। আর যাত্রাপথের যে সব স্থানে খরচ করা খুবই প্রয়োজন হবে সে সব স্থানে অবতরণ করে আমাদের লোকরা মেহনত ও শ্রমিকের কাজ করবে। তো যখন আমাদের খরচ করার মত পর্যাপ্ত পাথেয় জমা হবে তখন সেখান থেকে আমরা আমাদের সামনের সফরের জন্য রওয়ানা দিব। এদের মধ্যে যারা মহিলা এবং এমন দুর্বল লোক, যারা শ্রম দিতে ব্যর্থ তারা স্বীয় মালা-মাল ও তাবুর পাহারাদার হিসাবে দায়িত্ব পালনে নিয়োজিত থাকবে। এক্ষেত্রে শ্রমিক এবং ডেরা পাহারাদার সবাই আয়-উপার্জনের ভাগিদার হবে।"[১০৯]

এ সব চিঠি তিনি বিভিন্ন এলাকায় প্রেরণ করেন। বাড়ানায় মাওলানা আব্দুল হাই, দিল্লীতে মাওলানা ঈসমাইল দেহলভী, ফুল্‌তে মৌলভী ওয়াহীদ্দীন ও তার ভাই হাফিয কুতুবুদ্দীন এবং তাদের পিতা হাফিয মুঈনুদ্দীন, সাহারানপুরে মাওলানা ওয়াজীহুদ্দীন, হাফিয অব্দুর রব, হাকীম মুগীসুদ্দীন ও তার ভাগিনা শিহাবুদ্দীন[১১০] এবং ভাওয়ালপুরের মোল্লা দাওয়ান্দের কাছে।[১১১]

এছাড়াও তিনি বিভিন্ন স্থানে হজ্জের উদ্দেশ্যে তাবলীগি সফর করেন। এ সফরে তিনি কানপুর, কুড়াহ, জাহানাবাদ, খুযাহ, ফতেহপুর এবং দালমু এসব এলাকায় তাঁর তাবলীগি সফর শুরু করেন।[১১২]

হজ্ব কাফেলার আগমন

রায়বেরেলীর আশে-পাশের এলাকা, দালমূ, নাসিরাবাদ, জাইস এবং অন্যান্য এলাকা থেকে ১০০ লোক হজ্জের সফরের জন্য একত্রিত হয় এবং তাঁর অত্মীয়-

---

[১০৮]. ওয়াকায়ে আহমাদী। ইসলামী বিশ্বকোষ, ইফাবা, খ. ৩, পৃ. ২৪৪।

[১০৯]. **ওয়াকায়ে আহমাদী**, খ.১, পৃ. ৩৮৯-৩৯০; **সীরাতে সাইয়্যেদ আহমদ**, খ. ১, পৃ. ২৫৬; **সাইয়্যেদ আহমাদ শহীদ**, খ. ১, পৃ. ২৫৬।

[১১০]. **ওয়াকায়ে আহমাদী**, খ.১, পৃ. ৩৯০; **সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ২৫৬।

[১১১]. গোলাম রসুল মেহের, **সাইয়্যেদ আহমাদ শহীদ**, খ. ১, পৃ. ২৫৬।

[১১২]. **সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ২৫৮; **ওয়াকায়ে আহমাদী**, খ.১, পৃ. ৩৯১-৯৩।

স্বজন এবং বন্ধু-বান্ধবের মধ্যে ছিল ৪০ জনের মত লোক হজ্জের জন্য প্রস্তুত হয়।[১১৩]

সে সময় হজ্জ যাত্রীদের মোটামুটি পরিসংখ্যান হল- মাওলানা ঈসমাইল এবং ফুল্‌ত ও সাহারানপুর : প্রায় ২৫০ জন। মাওলানা আব্দুল হাইর কাফেলায় ৪০ জন। সাইয়্যেদ সাহেবের নিকটস্থসহ ৪০ জন এবং রায়বেরেলীর, দালমু, জাইস, নাসিরাবাদ এবং অন্যান্য এলাকা থেকে ১০০ জন। সব মিলিয়ে কম সে কম ৪০০ ব্যক্তি হজ্জের জন্য প্রস্তুতি নেন।[১১৪]

যিয়ারতে হারামাইনিশ্ শরীফাইন

অতঃপর আমীরুল মু'মিনীন তাঁর ভক্ত-মুরীদদেরকে নিয়ে কাফেলা করে হজ্জের উদ্দেশ্যে ১২৩৬ হিজরী ১লা শা'বান ১৮২১[১১৫] খ্রিস্টাব্দের ২রা জুলাই তাকীয়া শরীফ থেকে রওয়ানা দেন।[১১৬] ড. মতিউর রহমান এবং গোলাম রসুল মেহেরের মতে সফরের তারিখ ছিল ১৮২১ খ্রিস্টাব্দের ৩০শে জুলাই।[১১৭] যা হোক আমরা আরবী মাসের তারিখকে মূল তারিখ ধরব।

দিনটি ছিল ঈদের দিন। ঈদের সালাত আদায়ের পর সঙ্গী-সাথী নিয়ে নিজ ভূমি রায়বেরেলী ত্যাগ করে কলিকাতার দিকে রওয়ানা দেন। উদ্দেশ্য, কলিকাতা থেকে জাহাজ ভাড়া করে জেদ্দায় যাওয়ার ব্যবস্থা করা।[১১৮] এ সময় হজ্জের সফরসঙ্গী ছিলেন ৪৩০ জনের মত। তবে "তাযকিরায়ে সাইয়্যেদ আহমদ শহীদ", যব ঈমান কী বাদ বাহারী চলী ও 'সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ', এ সকল গ্রন্থে আছে যে, এ হজ্জের কাফেলায় লোক ছিল ৪০০ জনের মত।[১১৯] আর "আয়নায়ে ওয়ায়েসী"তে উল্লেখ আছে ৪৩৭ জন।[১২০]

যাহোক, তিনি রায়বেরেলী থেকে রওয়ানা হয়ে দালমু, সেখান থেকে তিনি মির্যাপুর,[১২১] এলাহাবাদ, বেনারস, গাযীপুর, ছাপড়া, দানাপুর, আজিমাবাদ, মুংগ,

---

১১৩. **মাখযানে আহমদী**, পৃ. ৬১; **সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ২৬০।

১১৪. গোলাম রসুল মেহের, **সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ২৫৯।

১১৫. কোন কোন গ্রন্থে উল্লেখ আছে- হজ্জের উদ্দেশ্যে সফর করেন, ১৮২২ খ্রীষ্টাব্দে। দেখুন- ড. মুহাম্মদ আব্দুল্লাহ, রাজনীতিতে বঙ্গীয় উলামার ভূমিকা, ইফাবা, ঢাকা-১২০৭, ৩য় সংস্করণ-২০০৯, পৃ. ১৬।

১১৬. **সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ২৬১; তাযকিরায়ে সাইয়্যেদ আহমদ, পৃ. ৪৯; **যব ঈমান কী বাদ বাহারী চলী**, পৃ. ২৭।

১১৭. **সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ২৫৯; **আয়নায়ে ওয়ায়েসী**, পৃ. ৯৬।

১১৮. আমাদের স্বাধীনতা সংগ্রাম, ইফবা, পৃ. ৯৪।

১১৯. **সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ২৬১; তাযকিরায়ে সাইয়্যেদ আহমদ, পৃ. ৪৯; **যব ঈমান কী বাদ বাহারী চলী**, পৃ. ২৭।

১২০. ড. মতিউর রহমান, **আয়নায়ে ওয়ায়েসী**, পৃ. ৯৬।

১২১. **ওয়াকায়ে আহমাদী**, খ.১, পৃ. ৪৬৪-৪৬৬।

রাজমহল হুগলী হয়ে গংগা নদী দিয়ে নৌকা যোগে কলকাতায় এসে পৌঁছেন। এ সফরের মধ্যে বিভিন্ন জায়গায় জায়গায় সফর বিরতি দিয়ে তা'লীম ও দ্বীনের দাওয়াত দেন এবং বহু লোক তাঁর হাতে বয়াত গ্রহণ করে। এমনকি মির্জাপুরের পুরো শহরটাই তাঁর ভক্ত ও অনুসারীতে পরিণত হয়েছিল।[১২২]

হুগলী বন্দরে অবস্থান কালেই কলিকাতার বিশিষ্ট আইনজীবী মুন্সী আমীনুদ্দীন আহমাদ নৌকাযোগে এসে সাইয়্যেদ সাহেবের সাথে সাক্ষাৎ করেন এবং কাফেলার সব লোককে তাঁর মেহমান হওয়ার জন্য অনুরোধ করেন। এ সময় তিনি বলেন- সেখানে লোকদের থাকার জন্য একটি ঘর এবং পর্দাশীল মহিলাদের থাকার জন্যও বিশেষ জায়গা আছে। এ বাগান বাড়িতে পারিবারিক ব্যক্তিরাও থাকতে পারবে, তার ব্যবস্থাও আছে।[১২৩] মুন্সী আমীনুদ্দীন ছিলেন কোলকাতার প্রভাবশালী ও ধনাঢ্য একজন ব্যক্তি। মুন্সী সাহেবের আন্তরিক ভক্তি এবং আগ্রহ লক্ষ করে সাইয়্যেদ সাহেব তার মেহেমানদারীর আবেদন মঞ্জুর করে বললেন: সর্বপ্রথম আপনার ওখানেই অবস্থান নিব।[১২৪]

কোলকাতায় অবস্থান

অবশেষে তিনি সফর মাসের ১২৩৭ হিজরী কোলকাতার ঘাটে এসে উপস্থিত হন। এ সময় ঘাট থেকে অবস্থান স্থল পর্যন্ত মানুষের ভীড় লেগে যায়। হিন্দু, মুসলিম, নাসারা এবং অন্যান্য আরও বহু সংখ্যক লোক একত্রিত হয়। [১২৫] মাগরীব নামাজের পর নৌকা আমীনুদ্দীনের বাগান বাড়িতে পৌঁছে। কাফেলার সমস্ত লোক এবং মহিলাদের অবস্থান নিতে নিতে মধ্যরাত পর্যন্ত চলে যায়।[১২৬] এ বাগান বাড়িতে পুরা কাফেলার নারী-পুরুষ সকলের জন্যেই ভালভাবে সংকুলান হয়ে যায়।

'মাখযানে আহমাদী' তে আছে: দু'মাস পর্যন্ত প্রত্যেক দিন ১০ থেকে ১৫ জন হিন্দু মুসলমান হত। এরপর দ্বিতীয় তৃতীয় দিন তাদের খাত্না হত।[১২৭]

আমীরুল মু'মিনীনের কোলকাতা অবস্থানকালে সারা এলাকা হেদায়েতের আলোয় উদ্ভাসিত হয়ে উঠে। মানুষ তাদের ফিস্ক ফুযুরীর কাজ থেকে তওবাহ

---

১২২. ওয়াকায়ে আহমাদী, খ.১, পৃ. ৪২৩-৫০।

১২৩. ওয়াকায়ে আহমাদী, খ.১, পৃ. ৫৭১; সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ, খ. ১, পৃ. ৩০৯-১০; মাখযানে আহমদী, পৃ. ৭১; গোলাম রসুল মেহের, সাইয়্যেদ আহমদ শহীদ, খ. ১, পৃ. ২৯২-৯২।

১২৪. ওয়াকায়ে আহমাদী, খ.১, পৃ. ৫৭১; সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ, খ. ১, পৃ. ৩০৯-১০; মাখযানে আহমদী, পৃ. ৭১; গোলাম রসুল মেহের, সাইয়্যেদ আহমদ শহীদ, খ. ১, পৃ. ২৯২-৯২।

১২৫. ওয়াকায়ে আহমাদী, খ.১, পৃ. ৫৭২; সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ, খ. ১, পৃ. ৩১৩।

১২৬. মাখযানে আহমদী, পৃ. ৭১-৭২; ওয়াকায়ে আহমাদী, খ.১, পৃ. ৬৩৩-৩৪।

১২৭. সাইয়্যেদ মুহাম্মদ আলী, মাখযানে আহমদী, পৃ. ৭৫।

করে সাচ্চা মুসলমানে পরিণত হয়। উদাহরণ স্বরূপ সাধারণ একটা তথ্যের মাধ্যমে তখনকার অবস্থা আরও ভালভাবে অনুমান করতে পারবো। আর তা হল,

'ওয়াকায়ে আহমাদী' গ্রন্থে বর্ণিত আছে- সাইয়্যেদ সাহেব কোলকাতা অবস্থান কালে সেখানকার শারাবের দোকানগুলোর অবস্থা এমন হয়েছিল যে, তার বেচাকেনা বন্ধ হয়ে যায়। দোকানদাররা ইংরেজ সরকারের কাছে অভিযোগ পেশ করে যে, আমরা বিনা কারণে সরকারের ট্যাক্স দিয়ে যাচ্ছি। কেননা এক বুযুর্গ বিরাট কাফেলাসহ এই শহরে আগমন করেছে। যার ফলে আমাদের দোকানগুলো বন্ধ হয়ে গেছে। শহর এবং গ্রামাঞ্চলের সমস্ত মুসলমান তাঁর নিকট মুরীদ হয়েছে এবং তাদের সংখ্যা দিন দিন আরও বাড়ছে। আর যার কারণে তারা সকল প্রকার নেশা জাতীয় মাদকদ্রব্য থেকে তওবাহ করেছে। এখন আর কেউ আমাদের দোকানের ধারে কাছেও ভিড়ে না।[১২৮]

আসাম ও বাংলায় হেদায়েত ও তাবলীগ

কোলকাতায় অবস্থান কালের এ সময়টাতে তাঁর অনেক অনুসারী বাংলার বিভিন্ন জেলা যেমন- ঢাকা, চট্টগ্রাম, সিলেট, নোয়াখালী, ও অন্যান্য স্থানও থেকে তাঁর সাক্ষাৎ লাভের উদ্দেশ্যে কোলকাতায় এসে উপনীত হন। এদের মধ্যে কেউ কেউ তাঁর সাথে হজ্জব্রতও পালন করেন। কোলকাতায় অবস্থান কালে সাইয়্যেদ সাহেব তাঁর বিশিষ্ট মুরীদ ও খলীফা চট্টগ্রামের মাওলানা সূফী নূর মোহাম্মদ নিযামপুরী র. (মৃ. ১৮৫৮ খৃ.), নোয়াখালীর মাওলানা ইমামুদ্দীন র. (১৭৮৮-১৮৫৭ খৃ.) ও ঢাকার মাওলানা আব্দুল্লাহকে বাংলার বিভিন্ন অঞ্চলে তাঁর সমাজ সংস্কার ও জিহাদের বাণী প্রচারের জন্য নিয়োগ করেন।[১২৯]

'মাখযানে আহমদী'র লেখক বলেন, এ জগত ও জনসমাজে এমন অবস্থার সৃষ্টি হয় যে, (দেখলে) তুমি বলতে এ যেন নবীর যুগ পুনরুজ্জীবন লাভ করেছে।

দুঃস্থ ও অভাবীবের সাহায্য সহযোগীতা

'মাখযানে আহমাদী' গ্রন্থে উল্লেখ আছে- কোলকাতায় অবস্থান কালে অনেক অভাবী এবং শরীফ লোক সাইয়্যেদ সাহেবের খেদমতে উপস্থিত হত। কেউ তার মেয়ের-ছেলের বিয়ে শাদীর জন্য, কেউ ঋণ পরিশোধের সাহায্যের জন্য, কেউ মসজিদ নির্মানের জন্য এবং কেউবা আবার কূপ খননের জন্য তাঁর নিকট সাহায্যের প্রার্থনা করত। তো তিনি কাউকেই না বলতেন না। ব্যবসায়ী শায়খ আব্দুল লতীফ সাহেব মির্জাপুরী এ মহান খেদমতের দায়িত্ব যার উপর অর্পিত

---

[১২৮]. ওয়াকায়ে আহমাদী, খ.১, পৃ. ৫৮৫; সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ, খ. ১, পৃ. ৩১৯; তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ, পৃ. ৫৮।

[১২৯]. ড. মুহাম্মদ আব্দুল্লাহ, রাজনীতিতে বঙ্গীয় উলামার ভূমিকা, পৃ. ১৬।

ছিল; তিনি বলেন, কোলকাতায় অবস্থানকালে বিভিন্ন সাহায্য প্রার্থী এবং অভাবী লোক কে দশ হাজার রুপি দান করেছিলেন।[১৩০]

এ সকল সফরে তাঁর খেলাফতপ্রাপ্ত মুরীদ গাজীয়ে বালাকোট চিশ্‌তিয়ার তরীকার উর্ধ্বতন পীর চট্টগ্রামের মিঠানালার মলিয়াশ গ্রামের সূফী নূর মোহাম্মদ নিযামপুরী র. (মৃ. ১৮৫৮খৃ.) তাঁর সাথেই ছিলেন।

এভাবে পথিমধ্যে হজ্জ কাফেলা ৪০০/ ৪৩৭ থেকে ৭৭৫[১৩১] জনে পরিণত হয়।

জাহাজ ভাড়া ও হাজীদের সংখ্যা

প্রথমে তিনি পুরা জামাআ'ত কে দশ ভাগে বিভক্ত করেন এবং প্রত্যেক দলের জন্য একটি করে জাহাজ ও প্রত্যেক দলের জন্য একজন করে আমীর নির্ধারণ করে দেন। এ সময় জাহাজে কাফেলার লোক ব্যতীত বাহিরে অন্য কোন লোক উঠেছিল কিনা জানা যায় না। [১৩২]

'ওয়াকায়ে আহমাদী' গ্রন্থে উল্লেখ আছেঃ এ সফরে তিনি **১১**টি জাহাজ ভাড়া করেন।[১৩৩] জাহাজগুলোর নাম হল- ১. দরিয়া বাকা, ২.ফাতহুল বারী, ৩.আতিউর রহমান, ৪. গুরাবে আহমাদী, ৫.ফাতহুল কারীম, ৬. ফায়েযে রব্বনী, ৭. ফায়যুল করীম, ৮.আব্বাসী, ৯. তাজ এবং ১০. ফাতহুর রহমান।[১৩৪]

এ সময় হজ্জ কাফেলায় সর্বমোট লোক নিয়ে মতভেদ আছে। কেহ বলেনঃ ৭৭৫ জন।[১৩৫] কেউ বলেন ধনী গরীব মিলে লোক ছিলেন ৮০০ জন।[১৩৬]

তবে 'ওয়াকায়ে আহমাদী' গ্রন্থকারের মত অনুযায়ী কাফেলোয় লোক সংখ্যা ছিল সাড়ে ৮ শ'র মত। সাধারণভাবে কাফেলায় লোক ছিল ৭০০ জন। এ এছাড়াও আরও ৫৭ ছিল মিসকীন এবং ১০০ জনের এর কাছাকাছি ছিল ছেলে মেয়ে। সর্বমোট মিলে হজ্জ কাফেলায় লোক ছিল প্রায় আটশত পঞ্চাশ (৮৫০) জনের মত।[১৩৭] এরপর **'ওয়াকায়ে আহমাদী'** গ্রন্থে এসব লোকদের একটি খাদ্যদ্রব্যের তালিকা তুলে ধারা হয়। যার দ্বারা তার সংখ্যাকে সঠিক বলে ধারণা করা যায়।

---

[১৩০]. **মাখযানে আহমদী**, পৃ. ৭৭।

[১৩১]. মাখযানে আহমদী গ্রন্থে উল্লেখ আছে- ৭৫৩ জনের কথা। দেখুনঃ মাখযানে আহমদী সূত্র ইসলামী বিশ্বকোষ, খ. ৩, পৃ. ২৪৪।

[১৩২]. গোলাম রসুল মেহের, **সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ৩০১।

[১৩৩]. **ওয়াকায়ে আহমাদী**, খ.১, পৃ. ৬৬১।

[১৩৪]. **ওয়াকায়ে আহমাদী**, খ.১, পৃ. ৬৬১।

[১৩৫]. আবুল হাসান আলী নদভী, **যব ঈমান কী বাদ বাহারী চলী**, পৃ. ২৮।

[১৩৬]. **হযরত সাইয়্যেদ আহমদ শহীদ রহ. কা হজ্জ আওর উস কে আছারাত**, পৃ. ৭৯।

[১৩৭]. নওয়াব মুহাম্মদ উযীর খান বাহাদুর, **ওয়াকায়ে আহমাদী**, খ.১, পৃ. ৬৬৫।

হজ্জ ও যিয়ারতের উদ্দেশ্যে রওয়ানা

আমীরুল মু'মিনীন কোলকাতার এক বাগান বাড়িতে তিন মাস অবস্থান করেছিলেন।[১৩৮] অবশেষে আসে সেই শুভক্ষণ কাঙ্খিত সফর যিয়ারতে হারামাইন শরীফাইনের পথে রওয়ানা হওয়ার দিন। তিনি 'দরিয়া বাকা' নামক জাহাজে আরোহন করেন। এ সময় নদীর তীরে মানুষের ঢল নামে। তিনি তাঁর দু'হাত উঁচু করে উচ্চস্বরে বললেন 'আস্সালামু আলাইকুম' উপস্থিত হাজারো জনতা ভক্ত-অনুরক্ত মুরীদ মু'তাকেদ সালামের উত্তর দিল এবং এ সময় অনেক মানুষ কাঁদতে থাকে। আমীরুল মু'মিনীন অনেক দূর পর্যন্ত হাত দিয়ে ইশারা করতে থাকেন।[১৩৯] আর হাজার হাজার মানুষ জাহাজের সাথে সাথে নদীর কিনারা ধরে চলতে থাকে। এ অবস্থায় মাগরিবের ওয়াক্ত চলে আসলে সবাই ফিরে আসেন।[১৪০] আমীরুল মু'মিনীন মাগরিবের নামাজ জাহাজে বসে আদায় করেন। নামাজ শেষে জাহাজ ছাড়ার জন্য আদেশ করেন।[১৪১] সর্বশেষ জাহাজটি ছাড়ে সাইয়্যেদ আহমদ বেরেলভী রহ. এর 'দরিয়া বাকা'।[১৪২] এটি ছিল সবচেয়ে ধীরগতির এবং পুরাতন। অনেকেই এটাতে আরোহণ না করার অনুরোধ করেছিলেন কিন্তু এটাকেই তিনি সর্বপ্রথম বেছে নিয়েছিলেন।[১৪৩]

জাহাজে মীলাদ মাহ্ফিলের আয়োজন

'মাখযানে আহমাদী' গ্রন্থে উল্লেখ আছে: জাহাজ সমুদ্রে পৌঁছলে অস্বাভাবিক তরঙ্গমালায় দুলতে লাগল। সায়্যিদ আহমদ র. সকলকে একস্থানে সমবেত করে নিরাপত্তার জন্য আল্লাহর দরবারে দুআ আরম্ভ করলেন। সকলে 'আমীন' বলতে লাগলেন। দুআ'র ফলে সকলে এমন অভিভূত হলেন যে, দুআ' গ্রহণযোগ্য বলে অন্তরে সাড়া দিল। কিছুক্ষণের মধ্যে জাহাজের অনুকূলে বাতাস প্রবাহিত হতে আরম্ভ করল। উত্তাল তরঙ্গমালা শান্ত ভাব ধারণ করল। জাহাজ অস্বাভাবিক দ্রুত গতিতে এগিয়ে চললো। রাত্রিকালে জাহাজ শ্রীলংকার কাছে পৌছলে সায়্যিদ সাহেব সমস্ত রাত্রি পাহারাদারের মতো কখনো উপরে কখনো নিচে আনাগোনা করতে লাগলেন। তার কারণ সম্পর্কে পরে তিনি বলেন, ভয়ংকর দৈত্য দানব দল

---

[১৩৮]. নওয়াব মুহাম্মদ উযীর খান বাহাদুর, **ওয়াকায়ে আহমাদী**, খ.১, পৃ. ৫৮৪।

[১৩৯]. **হযরত সাইয়্যেদ আহমদ শহীদ রহ. কা হজ্জ আওর উস কে আছারাত**, পৃ. ৮০-৮৩; গোলাম রসূল মেহের, **তাহরীকে সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ৩০৭; আবুল হাসান আলী নদভী, **সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ৩৪১-৪২।

[১৪০].গোলাম রসুল মেহের, **তাহরীকে সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ৩০৭।

[১৪১]. আবুল হাসান আলী নদভী, **সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ৩৪২।

[১৪২]. গোলাম রসুল মেহের, **তাহরীকে সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ৩০৬।

[১৪৩]. **ওয়াকায়ে আহমাদী**, খ.১, পৃ. ৬৬৮; **সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ৩৪০; **সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ৩০৩।

আমাদের ছোট্ট কাফেলার উপর আক্রমণ করতে উদ্যত হয়েছিল। কিন্তু আল্লাহ তা'আলা তাদের লাঞ্ছিত করে ফিরিয়ে দিয়েছেন। বেরেলভী র. এর স্বীয় ভাগিনা **মাওলানা মুহাম্মদ আলী বলেনঃ**

صبح صادق ...... وجہازاز مکان خوف وہولناک بخیریت تمام بدرآمد وہرگاہیکہ روز روشن شد ناخدا چندطبق حلوای از حجرۂخویش برون آوردہ مجلس مولود شریف کردہ بعدازاختتام قصاید مولودیہ شرینی تقسیم نمود

প্রভাতে জাহাজ বিপজ্জনক ঘাটি অতিক্রম করলো। জাহাজের নাবিক শিরনির আয়োজন করলেন। সায়্যিদ সাহেব মীলাদ মাহফিলের আয়োজন করলেন। মীলাদ মাহফিলে আরবী কাছিদা আবৃত্তি করা হলো। অতঃপর শিরনি বিতরন করা হলো।[১৪৪]

অবশেষে মক্কা মোয়াজ্জামায়

হজ্জের সফরে তিনি বিভিন্ন স্থানে যাত্রা বিরতি দেন। যেমন 'আদন', ইয়ামানের প্রসিদ্ধ 'মুখা' নামক বন্দর, 'হাদীদা'[১৪৫] নামক স্থান করে ইয়ালামলাম পাহাড়ের কাছাকাছি পৌঁছল সবাই গোসল করে ইহরাম বাঁধেন[১৪৬] এবং দু'রাকাত নামাজ আদায় করে তালবীয়া পাঠ করেন।[১৪৭] অত:পর ২৩শে শা'বান ১২৩৭ হিজরী বুধবার মোতাবেক ১৮২২ খ্রিস্টাব্দের ১৬ই মে জোহরের সময়[১৪৮] জেদ্দায় উপনীত হন।[১৪৯] জেদ্দায় তিনি ৫ দিন অবস্থান নেন।[১৫০] অত:পর জেদ্দা থেকে রওয়ানা দিয়ে ২৮/[১৫১] ২৯[১৫২] শে শা'বান ২১শে মে ১৮২২ খৃ. মক্কা মোয়াজ্জামার কাছাকাছি পৌঁছেন। এরপর সেখান থেকে তিনি জান্নাতুল মুয়া'ল্লায় গমন করেন এবং উম্মুল মু'মিনীন হযরত খাদীযাতুল কুবরা রা. এর মাযার শরীফে কিছু সময় অবস্থান নেন।[১৫৩] এরপর কাফেলা বাবুস্ সালাম দিয়ে হারাম শরীফে প্রবেশ

---

১৪৪. সাইয়্যেদ মুহাম্মদ আলী, মাখযানে আহমাদী, পৃ. ৮৫।

১৪৫. নওয়াব মুহাম্মদ উযীর খান বাহাদুর, ওয়াকায়ে আহমাদী, খ.১, পৃ. ৭১০।

১৪৬. ওয়াকায়ে আহমাদী, খ.১, পৃ. ৭১১; আবুল হাসান আলী নদভী, সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ, খ. ১, পৃ. ৩৫১।

১৪৭. আবুল হাসান আলী নদভী, সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ, খ. ১, পৃ. ৩৫১।

১৪৮. নওয়াব মুহাম্মদ উযীর খান বাহাদুর, ওয়াকায়ে আহমাদী, খ.১, পৃ. ৭১১।

১৪৯. **যব ঈমান কী বাদ বাহারী চলী**, পৃ. ২৮; তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ, পৃ. ৬২; সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ, খ. ১, পৃ. ৩৫২।

১৫০. সাইয়্যেদ মুহাম্মদ আলী, মাখযানে আহমদী, লাহোর, পৃ. ৯০।

১৫১. গোলাম রসুল মেহের, তাহরীকে সাইয়্যেদ আহমদ শহীদ, খ. ১, পৃ. ৩১৩।

১৫২. মাওলানা মোহাম্মদ হামযাহ, তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ শহীদ, পৃ. ৬২।

১৫৩. গোলাম রসুল মেহের, তাহরীকে সাইয়্যেদ আহমদ শহীদ, খ. ১, পৃ. ৩১৩।

করেন এবং তাওয়াফ করেন।[১৫৪] এরপর হারাম শরীফের সন্নিকটে তাবু গাড়েন। পরের দিন রমযানুল মোবারাকের চাঁদ দেখা দেয়।[১৫৫]

ইমাম ও মাশায়েখদের বয়াত

অত:পর ২০ শে রমজান তিনি এ'তেকাফের নিয়াত করেন এবং শাওয়াল মাসের চাঁদ দেখা গেলে মাগরিবের নামাজের পর তাঁর অবস্থান স্থলে গমন করেন। ঈদের দিন মক্কা মুয়াজ্জামার বড় বড় ওলামা মাশায়েখ তাঁর সাথে সাক্ষাৎ করেন। এদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন, শায়খ উমর ইবন আব্দুর রসুল হানাফী, যিনি অনেক প্রসিদ্ধ বুযুর্গ ছিলেন এবং আরবে তখন তাঁর মত আলেমের দেখা মিলতো না।[১৫৬] মক্কার হানাফী মুসাল্লার ইমাম শায়খ মুস্তফা মিরদাদ, খাজা আগা আলমাস হিন্দী, শায়খ শামসুদ্দীন শাতা, এবং মিশরের সুলতান এর উপ-প্রধান মন্ত্রী শায়খ হাসান ইফেন্দীসহ প্রমূখ মহান মহান ব্যক্তিরা।[১৫৭]

হজ্জের মাস শুরু

অবশেষে আগমন করল কাঙ্খিত হজ্জের মাস। ১২৩৭ সালের ৮ই জিলহাজ্জ আমীরুল মু'মিনীন এবং তাঁর সাথীরা ইয়ামুত তারবীয়ার দিন হাতীমে অবস্থান নেন। এ সময় তারা দীর্ঘ দোয়ায় মশগুল হন এবং সকলেই অঝোরধারায় কাঁদছিলেন। উপস্থিত আগত হাজীরা তাদের এ রকম অবস্থা দেখে তাদের চোখও অশ্রুসিক্ত হয়।[১৫৮]

মিনায় অবস্থানকালে তিনি প্রথম আকাবার প্রান্তরেও উপস্থিত হন। যেখানে রাসূল পাক সা. এর হাতে আনসারদের প্রথম দল বাইয়াত হয়েছিল। সাইয়্যেদ আহমাদ বেরেলভী রহ.ও সেখানে বসেই জিহাদের জন্য মুরীদের কাছ থেকে বাইয়াত গ্রহণ করেন।[১৫৯] ইয়াওমুন নাহারের (১০ই জিলহাজ্জ) পর তিনি মিনায় ৩ দিন অবস্থান নেন। এ সময় তিনি প্রতিদিন কুরবানী করেন। ১৩ই জিলহজ্জ পাথর নিক্ষেপের পর মক্কা মোয়াজ্জামায় ফিরে আসন।[১৬০] এভাবে মক্কা মোয়াজ্জামায় হজ্জের যাবতীয় কার্যাবলী আদায় করেন।

---

[১৫৪]. সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ, খ. ১, পৃ. ৩৫৩; গোলাম রসুল মেহের, তাহরীকে সাইয়্যেদ আহমদ শহীদ, খ. ১, পৃ. ৩১৩।

[১৫৫]. তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ শহীদ, পৃ. ৬২।

[১৫৬]. নওয়াব মুহাম্মদ উযীর খান বাহাদুর, ওয়াকায়ে আহমাদী, খ.২, পৃ. ১০৭৫-৭৬।

[১৫৭]. হযরত সাইয়্যেদ আহমদ শহীদ রহ. কা হজ্জ আওর উস কে আছারাত, পৃ. ১০৫; সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ, খ. ১, পৃ. ৩৫৩-৫৪; তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ শহীদ, পৃ. ৬২-৬৩; তাহরীকে সাইয়্যেদ আহমদ শহীদ, খ. ১, পৃ. ৩১৫।

[১৫৮]. তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ শহীদ, পৃ. ৬৩।

[১৫৯]. সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ, খ. ১, পৃ. ৩৫৭; গোলাম রসুল মেহের, তাহরীকে সাইয়্যেদ আহমদ শহীদ, খ. ১, পৃ. ৩১৭।

[১৬০]. হযরত সাইয়্যেদ আহমদ শহীদ রহ. কা হজ্জ আওর উস কে আছারাত, পৃ. ১১৮।

যিয়ারতে সাইয়্যেদুল মুরসালিন

অত:পর রাসূলে পাক সা. এর রওজা শরীফ যিয়ারতের উদ্দেশ্য সফর করেন। মুহাররম মাসে ১২০টি উট ভাড়া করে রওয়ানা দেন।[১৬১] যখন মদীনার কাছাকাছি পৌঁছেন তখন তিনি অনেক অসুস্থ হয়ে পড়েন। এ সময় রাতে তিনি স্বপ্নে দেখেন যে, হুযুরে পাক সা., হযরত আলী রা., হযরত ফাতেমা রা. ও হযরত হোসাইন রা. তাঁর নিকট আগমন করেন এবং প্রত্যেকেই তাদের একটি হাত তাঁর কাঁধের উপর রেখে তাকে সান্ত্বনা এবং শেফা দিচ্ছিলেন।[১৬২] তিনি সুস্থ হয়ে উঠলেন। অতঃপর মাগরীবের পর যুল হুলাইফাতে পৌঁছেন। সেখান থেকে রওয়ানা দিয়ে যখন তারা এমন এক স্থানে পৌঁছেন, যেখান থেকে রওযা মোবারক দেখা যায়। তখন তাদের মাঝে রাসুল প্রেমের জোশ এবং মোহাব্বতের আবেগে আপ্লুত হয়ে পড়েন। সাথে সাথে তারা দরুদ সালাম ও কাসীদা এবং না'ত গাইতে থাকেন। অবশেষে সকলে রওজায়ে আত্বহারে তাশরীফ নেন এবং রাসুলে আরাবীর রওযা মোবারকের যিয়ারতে ধন্য হন।[১৬৩]

গোলাম রসুল মেহের উল্লেখ করেন যে, নওয়াব উযীরুদ্দৌলা তাঁর **'ওয়াসাইয়া'** গ্রন্থে লেখেন যে, সাইয়্যেদ সাহেব মদীনা মুনাওয়ারায় পৌঁছেই রাসুলে পাক সা. এর রওযা মোবারকের সামনে দাঁড়িয়ে যান। যেদিন তিনি মদীনায় পৌঁছেন সেদিন রাতে তিনি অনেক অসুস্থ হয়ে পড়েন। অত:পর তিনি তাঁর রওযায়ে আতহারের সামনে বসে যান। এ সময় তাঁর রাসুলে পাকের যিয়ারত নসীব হয়।[১৬৪]

মদীনা শরীফে অবস্থান কালে তিনি এক এক করে মদীনা শরীফের আছার বা নিদর্শনাবলীর সকল স্থানসমূহ যিয়ারত করেন। যেমন, জান্নাতুল বাকী, হযরত হামযা রা. এর মাযার, উহুদ পাহাড়, মসজীদে কিবলাতাইন, মসজিদেব কোবা ও বীরে খাতিম সহ আরো বহু স্থান যিয়ারত করেন।[১৬৫]

অবশেষে মক্কা মোয়াজ্জামায় ফিরে আসেন।[১৬৬] তিনি মদীনা মোনাওয়ারায় ১ মাস যাবত অবস্থান করেছিলেন। ০৯ ই রবীউল আউয়াল ১২৩৮ হিজরীতে মদীনা থেকে রওয়ানা দেন।[১৬৭] তবে **'মাখযানে আহমাদী'** এর লেখক উল্লেখ করেন যে, তিনি ২৯ শে রবীউল আউয়াল মদীনা থেকে রওয়ানা দেন।[১৬৮]

---

[১৬১]. গোলাম রসুল মেহের, **তাহরীকে সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ৩১৯।

[১৬২]. সাইয়্যেদ মুহাম্মদ আলী, মাখযানে আহমদী, পৃ. ১০৩-০৪।

[১৬৩]. **সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ৩৬০-৬১; **তাহরীকে সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ৩২০-২১।

[১৬৪]. **তাহরীকে সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ৩২৩, (হাশিয়া); নওয়াব ওয়াযীরুদদৌলা, **ওয়াসাইয়া**, খ. ১, পৃ. ২৯-৩০।

[১৬৫]. মাওলানা মোহাম্মদ হামযাহ, তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ শহীদ, পৃ. ৬৪।

[১৬৬]. গোলাম রসুল মেহের, **তাহরীকে সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ৩২২।

[১৬৭]. গোলাম রসুল মেহের, **তাহরীকে সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ৩২৩।

[১৬৮]. সাইয়্যেদ মুহাম্মদ আলী, **মাখযানে আহমদী**, পৃ. ১০৯।

যে পথ দিয়ে মদীনা তাশরীফ নিয়েছিলেন পুনরায় সে পথ ধরেই তিনি রওয়ানা দেন। যুল হুলাইফা পৌঁছে তিনি এহরাম বাঁধেন। এবং ওয়াদিয়ে ফাতেমা হয়ে মক্কায় পৌঁছেন। [১৬৯]

দেশের উদ্দেশ্যে সফর এবং কোলকাতায় অবস্থান

এভাবে দ্বিতীয় বছর রমজান মাসও তিনি মক্কা মোয়াজ্জামায় অতিবাহিত করেন এবং দেশের উদ্দেশ্য রওয়ানা দেন। ১৫ই শাওয়াল ২৫ শে জুন ১৮২৩ খৃ. মক্কা মোয়াজ্জামা থেকে রওয়ানা দেন।[১৭০] তবে মনজুরা গ্রন্থকারের মতানুযায়ী ১৫ই শাওয়াল ২৫ শে জুন ১৮২৩ খৃ. মক্কা মোয়াজ্জামা থেকে রওয়ানা নয় বরং প্রস্তুতি গ্রহণ করেন।[১৭১]

ফেরার পথেও তিনি বিভিন্ন স্থান অতিক্রম করে গঙ্গা নদী হয়ে ২রা সফর ১২৩৯ হিজরী ১২ই অক্টোবর ১৮২৩ খৃষ্টাব্দে তিনি কোলকাতায় পৌঁছেন।[১৭২]

কোলকাতায় অবস্থান কালে তিনি মাওলানা ইমামুদ্দীন বাঙ্গালী এবং নূর মোহাম্মদ নিযামপুরী রহ. কে বাড়িতে যাওয়ার অনুমতি প্রদান করেন।[১৭৩] আমীরুল মু'মিনীন কোলকাতায় কয়েকদিন[১৭৪] অবস্থান করেছিলেন এবং আগের মতই বাংলার জামাতকে সুসংঘবদ্ধ করার ব্যবস্থা করেন। ইমামুদ্দীন বাংগালী পূর্ব বাংলার নোয়াখালী, কুমিল্লা, ঢাকা ও মোমেনশাহী এলাকায় প্রেরিত হন। মৌলভী বরকতুল্লাহ উত্তর বঙ্গে এবং সূফী নূর মোহাম্মদ নিজামপুরী রহ. কলকাতার আশে-পাশে প্রচার ও সংগঠনের কাজ শুরু করেন।[১৭৫]

কোলকাতা থেকে রওয়ানা হয়ে তিনি 'মঙ্গলকোট' 'মুর্শিদাবাদ' 'মুঙ্গ' 'বাড়াহ' 'আজীমাবাদ' 'ঢাকিয়া', 'দানাপুর', 'ভোজপুর', 'হালসার', 'ছাপড়া', 'রাইলগঞ্জ', 'বুকসার', হয়ে 'মাহমুদাবাদ' 'ইউসুফপুর' বেনারস মির্জাপুরে এলাহাবাদ আহলাদগঞ্জ এরপরে মুস্তফাআবাদ সহ অন্যান্য স্থান পার হয়ে তিনি[১৭৬] ১২৩৯ হিজরীর ২৯শে শা'বান মুতাবিক ১৮২৪ খ্রিষ্টাব্দের ২৯ শে এপ্রিল রায়বেরেলী তে

---

১৬৯. মাওলানা মোহাম্মদ হামযাহ, তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ শহীদ, পৃ. ৬৪।

১৭০. গোলাম রসুল মেহের, তাহরীকে সাইয়্যেদ আহমদ শহীদ, খ. ১, পৃ. ৩২৪।

১৭১. **সীরাতে সাইয়্যেদ আহমদ**, খ. ১, পৃ. ৩৬৭; **সাইয়্যেদ আহমদ শহীদ রহ. কা হজ্জ আওর উস কে আছারাত**, পৃ. ১৫৭।

১৭২. গোলাম রসুল মেহের, তাহরীকে সাইয়্যেদ আহমদ শহীদ, খ. ১, পৃ. ৩২৩।

১৭৩. **সাইয়্যেদ আহমদ শহীদ রহ. কা হজ্জ আওর উস কে আছারাত**, পৃ. ১৭৫; **সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ৩৬৮।

১৭৪. মাওলানা মোহাম্মদ হামযাহ, তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ শহীদ, পৃ. ৬৫।

১৭৫. **আমাদের স্বাধীনতা সংগ্রাম**, পৃ. ৯৫-৯৬।

১৭৬. **সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ৩৬৯- ৩৭৮; **তাহরীকে সাইয়্যেদ আহমদ শহীদ**, খ. ১, পৃ. ৩২৫-২৭; **তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ শহীদ**, পৃ. ৬৫।

পদার্পন করেন। তাঁর এ মহান সফরে অতিবাহিত হয়েছিল ২বছর ১০[১৭৭] মাস।[১৭৮] কেহ বলেন: ২৯ শে এপ্রিল।[১৭৯] ১২৪১ হিজরীর ৭ই জামাদিউস সানী মুতাবিক ১৮২৬ খ্রিস্টাব্দের ১৭ই জানুয়ারী জিহাদের উদ্দেশ্য বের হওয়া পর্যন্ত সর্বমোট এক বছর ১০মাস যাবত কাল তিনি রায়বেরেলীতে অবস্থান করার সুযোগ পেয়েছিলেন।[১৮০]

তিনি যতদিনে রায় বেরেলীতে পৌঁছেন ততো দিনে বার্মা সীমান্ত থেকে শুরু করে দিল্লী পর্যন্ত তাঁর মহিমাময় দাওয়াত ও এশাদের পৌঁছে যায়। লক্ষ লক্ষ লোক তাঁর সংস্কার প্রচেষ্টার ফলে শিরক ও বিদ'আতের সকল জঞ্জাল থেকে মুক্ত হয়ে খালেস তাওহীদের বিপ্লবী মন্ত্রে উদ্দীপিত হয়ে উঠেছিল।[১৮১]

এখানে এটাই ছিল তাঁর জীবনের শেষ অবস্থান। কিন্তু বসে থাকেননি এখানেও। ছিলেন কর্মমূখর সারাদিন। দাওয়াত-তাবলীগ ও হেদায়েতের কার্যক্রমের সাথে সাথে জিহাদের প্রতি উৎসাহব্যঞ্জক কর্ম ব্যস্ততাও ছিল ব্যাপকভাবে। এ সামান্য অবস্থানকালীন সময়টার পুরোটাই নিজ গ্রামে অবস্থিত খানকা "দায়রায়ে শাহ আলামুল্লাহ রহ." ছিল কার্যকরী ও আধ্যাত্মিকতার প্রশিক্ষণ দান কেন্দ্র হিসাবে বিরাজমান।[১৮২]

সিল্‌সিলা

আমীরুল মু'মিনীন ছিলেন ফুরফুরা শরীফের মুজাদ্দিদে যামান আবু বকর সিদ্দীকি রহ. এর পর দাদা পীর এবং মাওলানা কারামত আলী জৌনপুরী রহ. পীর মুরশিদ। সিলসিলার ধারাবাহিকতা হল:

ফুরফুরার মুজাদ্দিদে যামান আবু বকর সিদ্দীকি রহ. → সূফী ফতেহ আলী রহ. → গাযীয়ে বালাকোট সূফী নুর মোহম্মদ নিযামপুরী রহ. → আমীরুল মু'মিনীন শহীদে বালাকোট সাইয়্যেদ আহমদ বেরেলভী রহ.→ শাহ আব্দুল আযীয মুহাদ্দিস দেহলভী রহ. এভাবে রাসুল সা. পর্যন্ত।

'মাখযানে আহমাদী' গ্রন্থে আমীরুল মু'মিনীনের থেকে তিনটি সিলসিলা তথা চিশতিয়া, কাদরিয়া + মোজাদ্দেদিয়া ও নকশাবন্দীয়া ত্বরীকার ধারাবাহিক সনদ রাসুলে পাক সা. পর্যন্ত উল্লেখ করেন।[১৮৩] পাঠকরা তা দেখে নিতে পারেন।

---

১৭৭. মাওলানা মুহিউদ্দীন খান উল্লেখ করেন ২বছর ১১ মাসের কথা। -জিহাদী আন্দোলনে বাংলার ভূমিকা, পৃ. ৯৬।

১৭৮. তাহরীকে সাইয়্যেদ আহমদ শহীদ, খ. ১, পৃ. ৩২৭; সীরাতে সাইয়্যেদ আহমদ শহীদ, খ. ১, পৃ. ৩৭৫ ।

১৭৯. ড. মতিউর রহমান, আয়নায়ে ওয়ায়েসী, পৃ. ৯৭।

১৮০. **যব ঈমান কী বাদ বাহারী চলী**, পৃ. ২৯; **তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ শহীদ**, পৃ. ৬৬।

১৮১. 'আমাদের স্বাধীনতা সংগ্রাম' গ্রন্থের মাওলানা মুহিউদ্দীন খান কৃত, জিহাদ আন্দোলনে বাংলার ভূমিকা, পৃ. ৯৬।

১৮২. **তাযকিরায়ে সাইয়্যেদ আহমাদ শহীদ**, পৃ. ৬৬।

১৮৩. সাইয়্যেদ মুহাম্মদ আলী, **মাখযানে আহমাদী**, পৃ. ০৮-১২।

খলিফাবৃন্দ

"মৌলভী আব্দুল আহাদ সাহেব বলেছেন যে, হযরত সাইয়্যেদ সাহেবের হাতে চল্লিশ হাজারের অধিক হিন্দু ইত্যাদি অমুসলমান মুসলমান হয়েছিলেন। প্রায় ত্রিশ লক্ষ মুসলমান তাঁর হাতে মুরীদ হয়েছিলেন। আর তাঁর খলিফাগণের ও খলিফাগণের মুরিদের সংখ্যা কয়েক কোটি হবে।"[১৮৪] এ স্থানে কতগুলো খলীফার নাম উল্লেখ করা হচ্ছে-

১. মাওলানা আব্দুল হাই সাহেব। ইনি মাওলানা শাহ আব্দুল আযীয সাহেবের জামাতা ছিলেন। ২. মাওলানা আব্দুল গণি সাহেব। ইনিও উক্ত শাহ সাহেবের ছোট ভাই। ৩. মাওলানা মাখসুসুল্লাহ সাহেব। ইনি মাওলানা শাহ রফী উদ্দীন সাহেবের পুত্র। ১০. হাজী শাহ আব্দুর রহীম সাহেব বেলায়েতি। ১১. মিয়াজী শাহ নূর মোহাম্মদ সাহেব। (ইনি হাজী মাওলানা এমদাদুল্লাহ সাহেবের পীর মুরশীদ। ১৩. মাওলানা কারামত আলী সাহেব (জৌনপুরী)। ১৪. মাওলানা ইমামুদ্দীন বাঙ্গালী সাহেব (নোয়াখালী)। ১৫. গাজীয়ে বালাকোট সূফী নূর মোহাম্মদ নিযামপুরী সাহেব। ১৬. শেখ মোহাম্মদ উমর মুফতিয়ে মক্কা (ইনি শায়খুল ওলামা আব্দুর রহমান সেরাজের শিক্ষক) ১৭. সাইয়্যেদ আকীল। ১৮. সাইয়্যেদ হামযা (এ দুই বুযুর্গ (সাইয়্যেদ আকীল এবং সাইয়্যেদ হামযা) মক্কা শরীফের অলী ছিলেন। এরা কাশফের দ্বারা সাইয়্যেদ সাহেবের দরজা অবগত হয়ে তাঁর হাতে মুরীদ হয়েছিলেন। ১৯. খাজা আলমাস (ইনি মদীনা শরীফের গাওস ও প্রধান অলী ছিলেন)। ২০. শেখ মোস্তফা মেরদাদ (ইনি মক্কা শরীফের হানাফী মোসাল্লার ইমাম ছিলেন)। ২১. শেখ শামসুদ্দীন শাতা মিসরী (ইনি বায়তুল্লাহ শরীফের ওয়াজের উপদেষ্টা ছিলেন)। ২২. শেখ মোহাম্মদ আলী হিন্দী (ইনি মক্কা শরীফের মোদার্‌রেস ছিলেন)। ২৩. হাফেয মাগরেবী শেখ আহমদ ইবন ইদ্রীস (ইনি মাগরেবী বাদশাহের উজির ও হাফেযে সহীহ বুখারী ছিলেন)। ২৪. ওমর ইবন আব্দুর রাসুল (প্রসিদ্ধ অলী ও হানাফী মোহাদ্দিস)। ২৫. শেখ বোখারামী (মদীনা শরীফের মোদাররেস)।[১৮৫]

এরূপ আরব, রোম, শাম, মিসর, বুলগেরিয়ার হাজার হাজার আলেম ও আম লোক তাঁর নিকট মুরীদ হয়েছিলো।

শাহাদাত

ইমামুত ত্বরীকত আমীরুল মু'মিনীন সাইয়্যেদ আহমাদ বেরেলভী র. ১২৪৬ হিজরীর ২৪ শে জিলকদ মুতাবিক ১৮৩১ খ্রিস্টাব্দে ৬ মে তারিখে শুক্রবার শিখদের বিরুদ্ধে বালাকোট ময়দানে শাহাদাত বরণ করেন।

* সহকারী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, আল হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, দারুননাজাত সিদ্দীকিয়া কামিল মাদরাসা, ডেমরা, ঢাকা।

[১৮৪]. মৌলভী মুহাম্মদ জা'ফর থানেশ্বরী, তাওয়ারিখে-আজীবা, পৃ. ৭৪।

[১৮৫]. মওলবী জা'ফর থানেশ্বরী, তাওয়ারীখে আজীবাহ, পৃ. ১৩৯-১৪১; কারামতে আহমদীয়া, পৃ. ২৬-২৯।

শহীদে বালাকোট
সায়্যিদ আহমদ শহীদ বেরলভী (র.)
আল্লামা ইমাদ উদ্দিন চৌধুরী ফুলতলী

যুগ যুগ ধরে ভারত ভূমিতে ধর্মের নামে অধর্মের যে আবর্জনা সঞ্চিত হয়েছিল তা দূর করে খুলাফায়ে রাশিদীনের আদর্শের উপর হুকুমত প্রতিষ্ঠার পথে বালাকোট প্রান্তরে শহীদ হয়ে অগণিত ভক্তের হৃদয়ে নবজীবন দান করলেন যিনি, তিনি হলেন হযরত সায়্যিদ আহমদ শহীদ বেরলভী (র.)।

শুভ জন্ম ও বংশ পরিচয়

সায়্যিদ আহমদ (র.) বেরেলভী বিখ্যাত হাসানী সায়্যিদ পরিবারে ৬ই সফর ১২০১ হিজরী মুতাবিক ২৯শে নভেম্বর ১৭৮৬ খৃষ্টাব্দে জন্মগ্রহন করেন।

নসবনামা

সায়্যিদ আহমদ বিন সায়্যিদ মুহাম্মদ ইরফান বিন সায়্যিদ মুহাম্মদ নূর বিন সায়্যিদ মুহাম্মদ হুদা বিন সায়্যিদ আলামুল্লাহ বিন সায়্যিদ মুহাম্মদ ফুদাইল বিন সায়্যিদ মুহাম্মদ মুয়াযযম বিন সায়্যিদ আহমদ বিন সায়্যিদ মাহমুদ বিন সায়্যিদ আলা উদ্দীন বিন কুতবুদ্দীন ছানী বিন সায়্যিদ মুহাম্মদ ছদর উদ্দীন বিন সায়্যিদ মুঈনুদ্দীন বিন সায়্যিদ আহমদ বিন সায়্যিদ আলী বিন সায়্যিদ কিয়ামুদ্দীন বিন সায়্যিদ ছদরুদ্দীন বিন সায়্যিদ রুকনুদ্দীন বিন সায়্যিদ নিজামুদ্দিন বিন সায়্যিদ কুতুবউদ্দিন বিন সায়্যিদ আহমদ মাদানী বিন সায়্যিদ মুহাম্মদ ইউসূফ বিন সায়্যিদ ঈসা বিন সায়্যিদ হাসান বিন সায়্যিদ হুসাইন বিন সায়্যিদ জাফর বিন সায়্যিদ কাসিম বিন সায়্যিদ আব্দুল্লাহ বিন সায়্যিদ মুহাম্মদ ছানী বিন সায়্যিদ আব্দুল্লাহিল আশজার বিন সায়্যিদ মুহাম্মদ ছাহেব নাফছে যাকিয়া বিন আব্দুল্লাহ বিন হাসান মুসান্না বিন ইমাম হাসান রাদ্বিয়াল্লাহু আনহু বিন আমীরুল মু'মিনীন আলী বিন আবি তালিব কাররামাল্লাহু ওয়াজহাহু।

জনসেবায় কিশোর সায়্যিদ আহমদ (র.)

কৈশরে পদার্পণ করলে সায়্যিদ সাহেবের হৃদয়ে এমন অস্বাভাবিক জনসেবার প্রেরণা জাগে যে বড় বড় সাধুপুরুষকেও তার কাছে হার মানতে হয়। তিনি

অনাথ, বিধবা ও দূর্বল প্রতিবেশীদের দ্বারে দ্বারে সকাল সন্ধ্যা হাজিরা দিতেন এবং তাদের জিজ্ঞেস করতেন, "পানি ও জ্বালানি কষ্টের প্রয়োজন আছে কি?" প্রতিবেশীরা সায়্যিদ সাহেবের বাপ-দাদার মুরীদ ছিল। তাঁরা উওরে বলত "কেন আমাদের লজ্জা দিচ্ছেন, আমরাতো আপনাদের খাদিম।" সায়্যিদ সাহেব তাদের কথা শুনে খিদমত থেকে বিরত থাকতেন না বরং তাদেরে খিদমতের ফজিলত সম্পর্কে বুঝাতেন এবং সম্মত করে প্রয়োজন মিটাতেন। তিনি সম্ভ্রান্ত সায়্যিদ পরিবারে জন্মগ্রহণ করেও নিজেকে মানুষের নগন্য খাদিম মনে করতেন। বাজার থেকে সওদা কিনে এনে, পানিভর্তি কলসি মাথায় নিয়ে ঘরে ঘরে পৌঁছে দিতেন, জঙ্গল থেকে জ্বালানীকাঠ সংগ্রহ করে নিজের চাদরে বোঝা বেধে মাথায় করে প্রতিবেশীর ঘরে পৌঁছে দিতেন।

আত্মভোলা কিশোর অন্যের সমালোচনায় কান না দিয়ে আপন মনে গরীব দুঃখীদের খিদমত করে যেতেন। তার প্রশান্ত চাহনি দুঃখী জনের ব্যাথাভরা হৃদয়ে শান্তির প্রস্রবন প্রবাহিত করত। স্নেহমাখা মুখে দু'টি কচি অধর যেন নীরব ভাষায় ঘোষণা করতঃ গরীব অসহায় বন্ধুরা আমার! আমি তোমাদের কাছে দানের প্রতিদান চাইনা। তোমাদের ধন্যবাদ পাওয়ার ইচ্ছা আমার নেই। আমি দয়াময়ের করুণাভিখারী, শেষ বিচারে জবাবদেহীর ভয়ে শঙ্কিত।

এতীম, বিধবা ও দূর্বল প্রতিবেশীরা যেন তাদের হৃদয়ের ভাষা দিয়ে বলত হে কিশোর! তোমার জীবন ধন্য হোক; তোমার রিক্ত হস্ত, তোমার নিঃস্বার্থ সেবার প্রতিদান দিতে অপারগ। যিনি ধনী-দরিদ্র পথের কাঙ্গাল সবারই মালিক তার দরবারে আমানত রইল তোমার জন্য দু'ফোটা আখিঁজল।

গোলাব যেমন সৌরভ বিতরণে অপরকে আনন্দিত করেই নিজের জীবনকে স্বার্থক মনে করে, কোন প্রতিদানের আকাংখা মনে রাখেনা সায়্যিদ আহমদ (র.) ও সেরূপ নিস্বার্থভাবে পরের সুখ স্বাচ্ছন্দ বিধান করেই নিজেকে কৃতার্থ মনে করতেন। আল্লাহ তা'য়ালা তার নেক বান্দাহদের সম্পর্কে বলেছেন-

وَيُطْعِمُونَ ٱلطَّعَامَ عَلَىٰ حُبِّهِۦ مِسْكِينًا وَيَتِيمًا وَأَسِيرًا
إِنَّمَا نُطْعِمُكُمْ لِوَجْهِ ٱللَّهِ لَا نُرِيدُ مِنكُمْ جَزَآءً وَلَا شُكُورًا

তরজমা

এবং তারা আল্লাহর মোহাব্বতে মিসকীন, এতীম ও কয়েদীকে খাদ্য দান করে (মনে মনে বলে) কেবলমাত্র আল্লাহর ওয়াস্তে তোমাদের খাদ্য দেই, তোমাদের কাছে কোন প্রতিদান, ধন্যবাদ চাই না। আমরা আমাদের প্রতিপালকে পক্ষ থেকে আসন্ন কঠোর ভয়াবহ নৈরাশ্যজনক কিয়ামতের দিনের জন্য শঙ্কিত। (সূরা দাহর, আয়াত ৮-৯)

তাই দেখা যায় প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তার প্রকৃত উম্মতেরা নিঃস্বার্থভাবে মানুষের খিদমত করে গেছেন। সম্মান প্রতিপত্তিলাভের আশায়, অন্যায়কে প্রতিষ্ঠিত করার কুমতলবে যে দান করা হয় সে দান মুসলমানী

দান নয়। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোন কোন সময় পবিত্র হস্তে আসহাবে সুফফার সাহাবগণের জীর্ণবস্ত্র পর্যন্ত সেলাই করে দিতেন।

বুকারটি ওয়াশিংটন, লেডি ওফদি লেম্প, দেশবন্ধু চিওরঞ্জন প্রমূখ অমুসলমান মানব দরদীর কাছ থেকেও আমরা অনেক কিছুই শিখতে পারি। যুগোপযোগী কার্যসূচীর মাধ্যমে দুস্থ মানুষের কল্যাণ সাধনে নিজেকে নিয়োজিত করতে পারি, কিন্তু কর্মক্ষেত্রে অবতীর্ণ হয়ে প্রতি পদক্ষেপে আমাদের লক্ষ্য রাখা উচিত, আমরা যেন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর আদর্শ থেকে দুরে সরে না যাই। সারা জীবন হারভাঙ্গা খাটুনির পর খালি হাতে যেন মালিকের দরবারে না যাই। যতদিন বেচেঁ আছি আল্লাহ যেন আমাদের সবাইকে তার কাছে গ্রহণযোগ্য কাজ করার তৌফিক দান করেন। আমিন।

ইবাদত-বন্দেগী

জনসেবার সাথে সাথে ইবাদতের প্রতিও সায়্যিদ সাহেবের গভীর আগ্রহ ছিল। দিনের বেলায় মানুষের খিদমতে মশগুল থাকতেন। কুরআন শরীফ তিলাওয়াত করতেন এবং এক একটি আয়াতের অন্তর্নিহিত রহস্য সম্পর্কে গভীরভাবে চিন্তা করতেন।

রাত্রে মানুষ যখন নিদ্রার কোলে ঢলে পড়ত, কর্মকোলাহল মূখর ধরনী মৌন রূপ ধারন করত তখন তিনি দাড়িয়ে দারিয়ে নামাজ পরতেন আর খোদার দরবারে দু'হাত তুলে মুনাজাত করতেন। হৃদয়ের দুয়ার খুলে দিয়ে একাগ্রমনে চিরজাগ্রত পরম বন্ধুর প্রেমের ধ্যান করতেন।

মুরশিদের দরবারে

সায়্যিদ আহমদ (র.) যখন প্রথম দিল্লিতে শাহ আব্দুল আযীব (র.)- এর খিদমতে উপস্থিত হলেন তখন শাহ সাহের (র.) করমর্দন ও আলিঙ্গনের পর জিজ্ঞাস করলেন, আপনার দেশ কোথায়? সায়্যিদ আহমদ (র.) উত্তরে বললেন, 'বেরেলী থেকে এসেছি'। বেরেলীর নাম শুনে পুনরায় জিজ্ঞেস করলেন, বেরেলীর কোন খান্দানের? সায়্যিদ সাহেব উত্তরে বললেন 'বেরেলীর সায়্যিদ বংশের'। সায়্যিদ বংশের কথা শুনে শাহ সাহেব জিজ্ঞেস করলেন-বেরেলীর সায়্যিদ আবু সাঈদ সাহেব ও সায়্যিদ আবু নু'মান সাহেব কে জানেন? সায়্যিদ সাহেব উত্তরে বললেন- সায়্যিদ আবু সাঈদ সাহেব আমি অধমের নানা ও সায়্যিদ নুমান সাহেবের পিতৃব্য। সায়্যিদ আহমদ (র.)-এর পরিচয় পেয়ে শাহ আব্দুল আযীব (র.) পুনর্বার দাড়িয়ে তার সাথে করমর্দন ও আলিঙ্গন করে জিজ্ঞেস করলেন, এত দূর দেশ থেকে দূর্গম পথ অতিক্রম করে কি উদ্দেশ্যে আপনি দিল্লিতে এসেছেন? সায়্যিদ

আহমদ (র.) বিনয়ের সহিত নিবেদন করলেন, আপনার অস্তিত্বকে দূর্লভ মনে করে আল্লাহর সন্তুষ্টি লাভের আশা হৃদয়ে নিয়ে দূর বেরেলী থেকে ছুটে এসেছি আপনার দরবারে।

তখন শাহ আব্দুল আযীয (র.) সায়্যিদ সাহেবকে এই বলে বরণ করে নিলেন "খোদার ফজলে পিতামহ ও মাতামহের হাতের আমানত তোমার হাতেই ফিরে আসবে।" তারপর একজন খাদেমকে ডেকে বললেন, এই মেহমানকে ভাই মৌলভী আব্দুল কাদীরের কাছে পৌঁছে দিয়ে বলো, তিনি যেন এই সম্মানিত অতিথির প্রতি বিশেষ লক্ষ্য রাখেন। মেহমানের বিস্তারিত অবস্থা সম্পর্কে জানতে পারবেন।"

যাই হোক সায়্যিদ সাহেব, হযরত মাওলানা শাহ আব্দুল কাদীর সাহেবের সাহচর্যে এক পবিত্র পরিবেশে দিন কাটাতে লাগলেন।

শাহ সাহেবের শিষ্যত্ব গ্রহণ

১২২২ হিজরীতে সায়্যিদ আহমদ (র.) শাহ আব্দুল আযীয (র.) এর হাতে বায়আত গ্রহন করেন। প্রথম দিন কলব লতিফার তালিম আরম্ভ হয়। ২য় দিনে অন্য পাঁচ লতিফা খোলে যায়। তৃতীয় দিনে সুলতানুল আযকার স্তর অতিক্রম করেন।

চতুর্থ বৈঠকে নফি ও ইসবাতের স্তর অতিক্রম করেন। তারপর মুরশিদের হিদায়াত মত বিভিন্ন ধরনের মুরাকাবা আরম্ভ করেন এবং প্রত্যেক স্তরে খোদার মেহেরবানীতে অস্বাভাবিক উন্নতি লাভ করেন।

বেলায়েতে আওলিয়া ও বেলায়েতে আম্বিয়া

কিছুদিন পর সায়্যিদ সাহেবের প্রিয় মুরশিদ শাহ আব্দুল আযীয (র.) তাকে ডেকে বললেন, "খোদার মেহেরবানীতে তুমি বেলায়েতে আম্বিয়া লাভ করেছ।"

যারা বেলায়েতে আওলিয়া লাভ করেন তারা নির্জনতাকে পছন্দ করেন। রাতদিন যিকর, তিলাওয়াত, নফল নামাজ ইত্যাদি কাজে মশগুল থাকেন। ওয়াজ নসীহতের সাথে তাদের কোন সম্পর্ক থাকে না। আর সে সমস্ত সৌভাগ্যবান মানুষ বেলায়েতে আম্বিয়া লাভ করেন তাদের অন্তর আল্লাহর মুহাব্বতে ভরপুর থাকে। নিয়ত মানুষকে সৎপথে আহবান করেন। দুনিয়াদার ও সমালোচকদের বাধা বিপত্তি সত্ত্বেও তাওহীদ ও সুন্নাতের বাণী প্রচার করতে থাকেন। মানুষের হিদায়েতের জন্য ওয়াজ মাহফিলে অংশ গ্রহণ করেন।

বিশ্বের বিস্ময় ছিলেন এই দরবেশ

অতি অল্প সময়ের মধ্যে আফগানিস্তান থেকে আসাম পর্যন্ত সায়্যিদ আহমদ বেরলভী (র.)'র আধ্যাত্মিক রাজত্ব কায়েম হয়েছিল। তিনি শুধু ভারতীয়

মুসলমানদের কাছেই পরিচিতি নন বরং এই দরবেশ বৃটিশ সিংহের টনক নাড়িয়ে দিয়েছিল। অক্সফোর্ড, ক্যাম্বব্রিজেও তার সম্পর্কে গবেষণা করার প্রয়োজন দেখা দিয়েছিল।

WW Hunter মুসলমানদের মনে সায়্যিদ আহমদ (র.) সম্পর্কে কু-ধারণা সৃষ্টির উদ্দেশ্যে 'the Indian Musalmans' পুস্তক প্রণয়ন করার প্রয়োজন অনুভব করেন।

হান্টার সাহেবের এই প্রচেষ্টায় বিস্মিত হওয়ার কিছু নেই; দীর্ঘ চৌদ্দশত বছর ধরে হান্টার সাহেবদের কলমে আমাদের পূর্ববর্তী বুজুর্গদের চিত্র বিকৃত করে আঁকা হয়ে আসছে। এ ধরনের বিকৃত চিত্রপ্রিয় এক শ্রেণীর মুসলমান নামধারী লোক শুধু সায়্যিদ আহমদ (র.) সম্পর্কেই নয় তারিক, সুলতান মোহাম্মদ, আরঙ্গজেবের সম্পর্কেও ধাঁধায় পড়ে কাদা ছুড়েন। দয়াময়! তোমার মকবুল বান্দাগণ সম্পর্কে আমাদের অন্তরে যেন কোন ধারণা সৃষ্টি না হয়। আমীন।

স্বপ্নে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দর্শন লাভ

সায়্যিদ আহমদ এক রামাদ্বান মাসের একুশ তারিখে শাহ আব্দুল আযীয সাহেবের খিদমতে আরজ করলেন, "রামাদান শরীফের তৃতীয়াংশের কোন এক রাত্রে শবে কদরের ফজিলত লাভের আশায় বিশেষ গুরুত্ব সহকারে রাত জেগে ইবাদত করব"। শাহ সাহেব উত্তরে বললেন তোমার রাত্রিজাগরণের অভ্যাসত এই দশদিনে ইবাদত করো কেবল জেগে থাকলে কাজ হয়না। দেখো, কত চৌকিদার ও পুলিশ সারারাত জাগে কিন্তু এই দৌলত থেকে বঞ্চিত থেকে যায়। যদি তোমার অবস্থা আল্লাহ তায়ালার কৃপা দৃষ্টির অনুকূলে থাকে তবেই তিনি তোমাকে মহান রাতের বরকত দানের জন্য যথাসময়ে খবর দিবেন।

মুরশিদের আদেশ মতো সায়্যিদ আহমদ (র.) শবে কদরের অপেক্ষা করতে লাগলেন। ২৭ সে রমাদ্বানের রাত্রিতে বিশেষ গুরুত্ব সহকারে ইবাদত করবেন বলে ঠিক করলেন। কিন্তু সিদ্ধান্তমত বেশিক্ষণ টিকে থাকতে পারল না, ইশার নামাজ শেষ করেই নিদ্রার তারনায় শুয়ে পড়লেন। রাতের তৃতীয়াংশে স্বপ্নে দেখলেন তাঁর ডান পাশে বসে আছেন প্রিয় নবী হযরত মোহাম্মদ মুস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আর বাম পাশে বসে আছে প্রিয় নবীর সুখ দুঃখের সাথী হযরত আবু বকর সিদ্দীক (রাঃ)। প্রিয় নবী আদর করে ডাকলেন হে আহমদ! জাগো। গোসল করো।

সায়্যিদ আহমদ তৎক্ষনাৎ হাউযের ঠান্ডা পানিতে গোসল করে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সামনে উপস্থিত হলেন। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে সম্বোধন করেন, "হে আমার প্রিয় ফরযন্দ! আজ শবে কদর, আল্লাহর ইবাদতে আত্মনিয়োগ করো, আল্লাহর কাছে মুনাজাত কর।"

তারপর রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হযরত আবু বকর (রাঃ) কে সঙ্গে নিয়ে প্রস্থান করেন। সায়্যিদ আহমদ (র.) এই রাত্রির ঘটনা সম্পর্কে প্রায়ই বলতেন -আমি অধমের প্রতি এই মহিমান্বিত রাত্রে খোদার অশেষ করুণা বর্ষিত হয়েছিল। আমি অনুভব করেছিলাম পৃথিবীর সব কিছু খোদার উদ্দেশ্য সিজদারত। সবই খোদার গুনগানে মশগুল। যদিও চর্মচক্ষে সবকিছু স্বস্থানে অবস্থিত মনে হচ্ছিল। আমি এই সময় আত্মিক উন্নতি লাভ করে, পূর্ন বিলীন ও পূর্নমগ্নতার ধ্যানে পরিপক্কতা লাভ করে। সায়্যিদ আহমদ (র.) ঘটনাটি আব্দুল আযীয (র.) কে শুনান। তিনি ঘটনাটি শুনে খুবই আনন্দিত হন এবং আমাকে বলেন, আল্লাহর শোকর; তুমি তোমার আকাংখিত বস্তু লাভ করেছ।

দ্বিতীয়বার স্বপ্নে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দর্শন লাভ

এই ঘটনার কিছুদিন পর তিনি পুনরায় রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে স্বপ্নে দেখেন। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পরম যত্নে তিনটি খুরমা মুখে তুলে দেন। পবিত্র খুরমা ভক্ষণের পর তার হৃদয়ে যে অনুপম মধুর অনুভূতি সৃষ্টি হয় তা স্বপ্ন ভঙ্গের পরও পূর্ণমাত্রায় বিদ্যমান ছিল।

স্বপ্নে হযরত আলী (রাঃ)-এর দর্শন লাভ

সায়্যিদ আহমদ (র.) কিছুদিন পর হযরত আলী (রাঃ) ও হযরত ফাতিমা রাদিয়াল্লাহু আনহাকে স্বপ্নে দেখেন। হযরত আলী (রাঃ) স্বহস্তে তাকে গোসল করান এবং ফাতিমা (রাঃ) তাকে এক প্রস্থ কাপড় দান করেন।

সুখ্যাতি চারিদিকে ছড়িয়ে পড়ল

কিছুদিনের মধ্যে সায়্যিদ সাহেবের সুখ্যাতি চারিদিকে ছড়িয়ে পড়লো। আল্লাহ যেন তার বান্দাদের অন্তরের মোড় সায়্যিদ সাহেবের দিকে ঘুরিয়ে দিয়েছিলেন। নানা স্থান থেকে দাওয়াত আসতে লাগল। সায়্যিদ আহমদ (র.) তার মুর্শিদের অনুমতি নিয়ে মানুষের হেদায়েতের জন্য ভ্রমণ আরম্ভ করলেন। বিদায় বেলায় শাহ আব্দুল আযীয (র.) তার প্রিয় খলিফা সায়্যিদ আহমদ (র.) কে নিজের জামা দান করলেন। সায়্যিদ আহমদ (র.) ১৮১৮ খৃস্টাব্দে দিল্লি থেকে বের হন। তিনি বেরেলী পৌঁছা পর্যন্ত ছ'মাস সময়ের মধ্যে নিম্নলিখিত স্থানসমূহ ভ্রমন করেন। গাজীআবাদ, মুরাদনগর, মিরাঠ কান্দলহ, বুদ্ধনা, মুজাফরনগর, দেওবন্দ, গাংগু, নানুত, থানাবন, রামপুর, সহোরানপুর, শিকারপুর ও শেখপুরা ইত্যাদি।

উল্লেখিত স্থান সমূহের হাজার হাজার লোক সায়্যিদ সাহেবের শিষ্যত্ব গ্রহণ করে। বহু লোক তার হাতে বায়আত করে আবিদ শ্রেণীভূক্ত হয়ে যায়। তিনি যেখানে সামান্য সময় অবস্থান করেন সেখানকার অনাবাদ মসজিদগুলি আবাদ হয়ে যায়, শিরক ও বিদআত দূর হয়ে যায়।

তরিকায়ে মুহাম্মদিয়া

হিন্দুস্তানে তিনটি প্রসিদ্ধ তরিকা প্রচলিত ছিল। চিশতিয়া, কাদেরিয়া ও নকশবন্দিয়া। তাছাড়া নকশবন্দিয়া তরিকার একটি শাখাকে মুজাদ্দিদে আলফেসানী (র.) এর মাধ্যমে প্রাপ্ত বলে মুজাদ্দিদিয়া বলা হত। সায়্যিদ আহমদ উল্লেখিত তরীকাসমূহ ছাড়া মুহাম্মদী তরীকার ও বায়আত নিতেন। এই সফরে রামপুরে অবস্থানকালে সায়্যিদ আহমদ (র.) কে তরিকায়ে মুহাম্মদিয়া সম্পর্কে প্রশ্ন করা হয়। তিনি উত্তরে বলেন, তরীকায়ে মুহাম্মদিয়ার তাৎপর্য এই : প্রত্যেক মানুষের প্রতিটি কাজ যেন একমাত্র আল্লাহর সন্তুষ্টি লাভের জন্য হয়। যেমন পাপ থেকে বিরত থাকার জন্য বিবাহ করা, শরীয়তসিদ্ধ নিয়মে অন্নসংস্থানের জন্য বৈধ সম্পদ সংগ্রহ করে নিজেকে ও পরিবার বর্গকে পরামুখাপেক্ষী হইতে না দেওয়া, রাতের শেষদিকে তাহাজ্জুদ নামাজ ও ইবাদত করার উদ্দেশ্যে প্রথম দিকে নিদ্রা যাওয়া। এভাবে জীবনের প্রতিটি কাজে একমাত্র খোদার সন্তুষ্টি লাভকেই মূল উদ্দেশ্য মনে করা তরীকায়ে মুহাম্মদিয়ার সার। অর্থাৎ চার তরিকা মোতাবিক যিকির, ফিকর ও মোরাকাবা করার সাথে সাথে জীবনের সকল কর্ম হযরত মুহাম্মদ মুস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের তরীকা মুতাবিক খালিস আল্লাহ তা'আলার সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে সম্পন্ন করার উপর প্রতিজ্ঞা গ্রহণ করাই তরীকায়ে মুহাম্মদিয়ার মূল উদ্দেশ্য।

জিহাদের প্রস্তুতি

সায়্যিদ আহমদ (র.) এর সময় ভারতের রাজনৈতিক অবস্থা ছিল এই- ইংরেজরা সমস্ত ভারত গ্রাস করতে চলছে। মোঘল এর ধ্বংসাবশেষের উপর গজিয়ে ওঠা রাজ্যগুলোর পরিচালকদের মধ্যে নৈতিক দুর্বলতা দেখা দিয়েছে। তারা নিজের আরাম-আয়েশকে মুসলমানদের জাতীয় উন্নতির অনেক ঊর্ধ্বে স্থান দিয়েছে। তারা ও ইংরেজ অজগরের গ্রাসে পরিণত হতে চলেছে। শিখরা পাঞ্জাবে মুসলমানদের উপর অকথ্য নির্যাতন চালিয়ে যাচ্ছে হিন্দুদের চক্রান্তে অনেক এলাকার মুসলমানদের প্রাণ ওষ্ঠাগত। মুসলমানদের মধ্যে জাতীয় চেতনা লোপ পেয়েছে। জিহাদের সে উদ্যম আর তাদের হৃদয়ে নেই। টিপু সুলতান ও হায়দার আলীর প্রচেষ্টা ব্যর্থ হয়েছে। এখন সায়্যিদ আহমদ (র.) এর মত একজন সাচ্চা মুজাহিদের নেতৃত্বে জিহাদের প্রয়োজন দেখা দিল। তিনি জিহাদ করবেন কুসংস্কারের বিরুদ্ধে, ইংরেজদের বিরুদ্ধে, শিখের বিরুদ্ধে।

বহুদিন থেকে সায়্যিদ আহমদ (র.) এর কাজটি আরম্ভ করার ইচ্ছা ছিল। এখন তিনি সহস্র সহস্র ভক্তের মুর্শিদ, যারা আল্লাহ ও রাসূলের দিনের জন্য প্রাণ দিতে বিন্দুমাত্র কুণ্ঠাবোধ করবে না। তিনি ভক্তদের যুদ্ধবিদ্যা শিক্ষা দিতে আরম্ভ করলেন।

সায়্যিদ সাহেবের দরবারে মাওলানা কারামত আলী জৌনপুরী (র.)

সায়্যিদ আহমদ (র.) এর বিশিষ্ট খলিফা মাওলানা কারামত আলী জৌনপুরী (র.) বাংলা ও আসামের মুসলমানদের কাছে বিশেষভাবে পরিচিত তিনি মাত্র ১৮ বছর বয়সে বেরেলীতে সায়্যিদ আহমদ এর দরবারে উপস্থিত হন এবং অল্প দিনের মধ্যে কামালিয়াত লাভ করেন।

হজ্জ

সায়্যিদ আহমদ (র.) ঠিক করে ফেলেছিলেন যে তিনি দলবল সহ কোনো নিরাপদ স্থানে হিজরত করে চলে যাবেন এবং সেখান থেকে ভারতে ইসলামী হুকুমত প্রতিষ্ঠাকল্পে জিহাদ আরম্ভ করবেন কিন্তু তিনি হঠাৎ কর্মসূচি পরিবর্তন এর ঘোষণা করলেন, হজ্জে যাবেন। হঠাৎ মত পরিবর্তন করার কারণ ছিল এই অনেক ওলামা নামধারী ব্যক্তি জলপদ নিরাপদ নয় বলে ফতোয়া দিয়েছিলেন যে ভারতবাসীর উপর এখন হজ্জ করা ফরয নয়। সায়্যিদ সাহেবের মুরশিদ আব্দুল আজিজ (র.) এই ফতোয়া কে দৃঢ়ভাবে খণ্ডন করেন।

সায়্যিদ আহমদ (র.) ঠিক করলেন যে তিনি দলবল সহ নিজে হজ্জে গেলে ভারতবাসী মুসলমানদের মন থেকে ফতোয়া দ্বারা সৃষ্ট ধারণাটি সহজে দূর হবে। তাই তিনি জিহাদ আরম্ভ করার আগে এই পবিত্র কাজটি সমাধান করতে বদ্ধ পরিকর হলেন। স্বীয় শিষ্যদের কাছে এই মর্মে পত্র লিখলেন আমি এবারে হজ্জে যাব যথাসময়ে প্রস্তুত হয়ে আসেন। হিন্দুস্তান জুড়ে সাড়া পড়ে গেল, রাসুলের আশিক বান্দারা জমা হতে লাগলেন।

১২৩৬ হিজরীর ১লা শাওয়াল চারশত হজযাত্রীকে নিয়ে সায়্যিদ সাহেব তকিয়া শরীফ থেকে রওয়ানা হন। তার কাছে কয়েকটি টাকা ছিল। তিনি তা গরিব-দুঃখীদের মধ্যে বণ্টন করে দেন। একমাত্র খোদার ভরসা রেখে সমস্ত কাফেলাকে নিজ দায়িত্বে গ্রহণ করেন।

ষোল মাইল পথ অতিক্রম করার পর কাফেলাকে নিয়ে ডলমুর অনতিদূরে এক বাগানে বিশ্রাম গ্রহণ করেন। কিছুক্ষণ পর দেখা গেল দুজন অশ্বারোহী তীব্রবেগে বাগানের দিকে ছুটে আসছে। অশ্বারোহীদ্বয়ের পিছনে পিছনে চল্লিশ পঞ্চাশ জন লোকও আসতেছে। তারা কাছে এসে থেমে গেলেন। সায়্যিদ সাহেবের সাথে সাক্ষাৎ করে তার কাছে বায়আত করলেন। তারপর অশ্বারোহীদের একজন সায়্যিদ সাহেবের কাছে নিবেদন করলেন -আমরা দুই সহোদর আমি জ্যেষ্ঠ। এ পথে আপনার আগমন সংবাদ জানতে পেরে বেশ কয়েকদিন থেকে আপনার সমস্ত কাফেলাকে দাওয়াত করার উদ্দেশ্যে প্রস্তুতি নিচ্ছি। আজ আহার্যদ্রব্য প্রস্তুত আরম্ভ করেছি এমন সময় আমার ছোট ভাই আড়ি পেতে বসলো। সে আমার আগেই আপনার কাফেলাকে দাওয়াত করতে চায়। আমাদের

মধ্যে এ নিয়ে বিরাট ঝগড়ার সৃষ্টি হয়ে গেছে। মীমাংসায় পৌছা সম্ভবপর হচ্ছে না। এখন আপনার আদেশ শিরোধার্য।

সায়্যিদ আহমদ (র.) উভয়ের নিমন্ত্রণ গ্রহণ করে ঝগড়াটার ফয়সালা করে দিলেন। তারা সন্তুষ্ট চিত্তে সায়্যিদ আহমদ সাহেব কে কাফেলা সহ ডলমুতে নিয়ে গেলেন। সায়্যিদ সাহেব এখানে সপ্তাহকাল অবস্থান করলেন।

এক আল্লাহর সন্তুষ্টি লাভের আশায় শত শত ভক্ত প্রবরে আগমনে জান্নাতী পরিবেশ সৃষ্টি হল। সহস্রাধিক নর-নারী সায়্যিদ সাহেবের শিষ্যত্ব গ্রহণ করলো। স্থানে স্থানে ওয়াজ মাহফিলের আয়োজন করা হলো। শহরে উলামেয়ে কিরাম শিরক বিদ'আতের পরিনাম, তাওহীদের মাহাত্ম্য এবং হজের ফজিলত ইত্যাদি বিষয়ে ওয়াজ করলেন।

চতুর্দিকে ঘোষণা করা হলো পরের দিন ফজরের নামাজের পর সায়্যিদ সাহেব ওয়াজ করবেন। সায়্যিদ সাহেবের ওয়াজ ও প্রতিক্রিয়া মাওলানা ওয়াহীদ উদ্দিন সায়্যিদ সাহেবের নিকট নিবেদন করলেন যে, "আজ রুগ্ন ব্যক্তি অভিজ্ঞ চিকিৎসকের সামনে উপস্থিত। এখন চিকিৎসকের শুভদৃষ্টির প্রয়োজন। তখন আহসানুল খালিকীন অর্থাৎ চির সুন্দর আল্লাহ তা'আলার গুণাবলীর বর্ণনা আরম্ভ করলেন। তারপর আল্লাহ তা'আলার কোন নিয়ামতের কিভাবে শুকরিয়া আদায় করতে হয় তা ব্যাখ্যা করলেন। দৈহিক সৌন্দর্য, ধন দৌলত এর কিভাবে শুকরিয়া আদায় করতে হয় তাও উপস্থাপন করলেন। তারপর মৃত্যু, কবর, হাশর ইত্যাদি ভয়াবহতা এমনভাবে বর্ণনা করলেন যে উপস্থিত লোকেরা বেহুশ হয়ে গেলেন। কামরার অভ্যন্তরে থেকে ওয়াজ শুনে মেয়ে লোকটি কান্নায় ভেঙ্গে পড়ল। সে পাগলিনীর মত ছুটে এসে সায়্যিদ সাহেবের সামনে উপস্থিত হয় ও বায়আত করল। তারপর মুন্সী সাহেবও বায়আত করলেন।

মেয়েলোকটি সায়্যিদ সাহেবকে উকিল নিয়োগ করে বলল- হুজুর যেকোনো নগণ্য বা উচ্চ মর্যাদাশীল ব্যক্তির সাথে আমাকে শাদী দিতে পরেন। তখন সায়্যিদ সাহেব ঐ মাহফিলেই মুন্সি সাহেবের সাথে তার শাদী দিলেন। শাদীর পির তিনি খোদাভীরু ও পরহেযগার হিসেবে সারা জীবন অতিবাহিত করেন।

গোলাম হোসেনের পরিণতি

গোলাম হোসেন কলকাতার একজন বিত্তশালী লোক ছিলেন। তাঁর নিকট ৯০ লাখ টাকা নগদ মজুদ ছিল। দিবারাত্রি সে একটি নেশায়ই মশগুল থাকতো যে কিভাবে আরো এক লাখ টাকা নগদ জমা করে কোটিপতি হবে। সে ছিল ব্যভিচারি ও শরাবী। সায়্যিদ সাহেব কে পরম শত্রু মনে করত সে। তিনি মদ, অন্যায় কর্ম নৃত্য, গীত নিষেধ করতেন। সে বলতো সায়্যিদ সাহেব যত বেশি এ সকল কর্ম নিষেধ করেন ততবেশি আমার অন্তরের আকর্ষণ এ সকল কর্মের প্রতি বেড়ে যায়।

সায়্যিদ সাহেব এর অবস্থা সম্পর্কে পূর্ণ অবগত ছিলেন কিন্তু তার সম্পর্কে কোন মন্তব্য করেননি।

একদিন আসরের নামাজ শেষ করে সায়্যিদ সাহেব ময়দানে পায়চারি করছিলেন। হঠাৎ মাথার টুপি খুলে বললেন, "আল্লাহর গযব গোলাম হোসেন দালালের উপর নাযিল হয়ে গেল"। পরে জানা গেল যে গোলাম হোসেন পাগল হয়ে গেছে। সে প্রায় সময়ই পাগল অবস্থায় অতিবাহিত করত। মাঝেমধ্যে হুশ ফিরে আসলে বলতো, সায়্যিদ সাহেবকে নিয়ে আসো অথবা আমাকে সায়্যিদ সাহেবের নিকট নিয়ে যাও। লোকেরা তখন তাকে সায়্যিদ সাহেবের নিকট নিয়ে গেলে কিছুক্ষণ সে আরাম অনুভব করত। সায়্যিদ সাহেবের নিকট থেকে চলে গেলে আবার পাগল হয়ে যেত। এমতাবস্থায় সে তার পার্থিব ধন সম্পদ ত্যাগ করে মৃত্যুবরণ করেন। কোটিপতি হওয়ার স্বপ্ন বাস্তবায়িত হলো না।

গুজারিশ: আর্থিক সম্পদ সংগ্রহ করার নেশায় মশগুল অনেক ব্যক্তি পথিমধ্যে আযরাঈল (আঃ) এর সাক্ষাৎ লাভ করেন। সম্পদ আহরণের নেশাটা অসীম অথচ মানুষের জীবন সসীম। মৃত্যু কোন সময় আসে তার কোন নিশ্চয়তা নেই।

এক মদ্যপায়ীর তাওবাহ

এক সম্পদশালী মুসলমান শরাবের প্রতি এতো অধিক আকৃষ্ট ছিল যে, দিনরাত সে শরাব পান করত। সায়্যিদ সাহেবের খিদমতে উপস্থিত হয়ে একদিন বলল আমি আপনার নিকট তাওবাহ করে সব নিষিদ্ধ কর্ম ত্যাগ করব। তবে আমাকে শরাব পানের অনুমতি প্রদান করতে হবে। কেননা শরাব ছাড়া আমার পক্ষে বাঁচাই মুশকিল। সায়্যিদ সাহেব বললেন, তাই হোক। শুধু আমার সামনে শরাব পান না করলেই হয়। সায়্যিদ সাহেবের কথা শুনে ওই ব্যক্তি আনন্দচিত্তে তাওবাহ ও বায়য়াত করে ঘরে প্রত্যাবর্তন করেন। ঘরে পৌঁছে যখন শরাবের নেশায় অনুভব করল তখন খাদিমকে ডেকে বললেন, শরাবের পেয়ালা টা নিয়ে আয়। খাদিম নির্দেশ মত শরাবের পেয়ালা পূর্ণ করে সামনে রাখলো। লোকটি শরাবের পেয়ালা হাতে নিয়ে চুমুক দিবে এমন সময় দেখলেন দাঁতে অঙ্গুলী চেপে সায়্যিদ আহমদ (র.) দাঁড়িয়ে আছেন তার সামনে। তখনই তিনি দাঁড়ালেন এবং শরাব পান না করার প্রতিজ্ঞা করে পেয়ালা ফেলে দিলেন। তারপর দেখলেন, সায়্যিদ সাহেব ওখানে নেই। মনে মনে ভাবলেন হয়তো তার চোখে ধাঁধা লেগেছে। সায়্যিদ সাহেব তো ওখানে আসেননি।

তারপর আবার খাদেমকে ডেকে বললেন এক পেয়ালা শরাব নিয়ে আয় খাদিম নির্দেশমতো এক পেয়ালা নিয়ে আসে। এবার শরাবের পেয়ালায় চুমুক দিতে উদ্যত হওয়া মাত্র দেখলেন, সায়্যিদ সাহেব পূর্বের মত দাঁড়িয়ে আছেন।

তিনি তৎক্ষণাৎ পেলাটি ফেলে দিলেন। সায়্যিদ সাহেবকে ডাকতে ডাকতে এগিয়ে গেলেন। কিন্তু সায়্যিদ সাহেব লাপাত্তা। অতঃপর এক কামরায় এসে তিনি সব দরজা জানালা বন্ধ করে শরাব তলব করেন। কিন্তু পেয়ালা হাতে তুলতেই দেখলেন, সায়্যিদ সাহেব পূর্বের মতো দাঁড়িয়ে আছেন। তিনি পেয়ালাটা ফেলে দিয়ে সায়্যিদ সাহেবকে ডাকতে ডাকতে অগ্রসর হলেন। কিন্তু সায়্যিদ সাহেব অদৃশ্য হয়ে গেলেন। শেষ পর্যন্ত পায়খানায় প্রবেশ করে শরাব পানের চেষ্টা করলেন। কিন্তু সেখান থেকেও দেখলেন যে সায়্যিদ সাহেব পূর্বের মত দাঁড়িয়ে আছেন। অতঃপর লোকটি শরাব পান ত্যাগ করে তাওবাহ করেন।

সূরা ফাতিহার তাফসীর

সায়্যিদ আহমদ (র.) উন্নতি লাভ করলে শাহ আব্দুল আযীয (র.) স্বীয় মুরিদগণকে বলে দিয়েছিলেন, 'এখন যা কিছু হবার সায়্যিদ সাহেবের দ্বারাই হবে।' ফলে শাহ আব্দুল আযীয (র.)-এর মুরিদগণের মধ্যে বহু বিশিষ্ট উলামায়ে কিরাম সায়্যিদ সাহেবের সঙ্গী হন। তন্মধ্যে একজন বিশিষ্ট আলিম ছিলেন সায়্যিদ নেসার আলী। তিনি সায়্যিদ সাহেবের সাহচর্য অবলম্বন করেন এবং কলকাতায় সায়্যিদ সাহেবের সাথে ছিলেন। তিনি বর্ণনা করেন যে, তখন কলকাতায় তিনজন স্বনামধন্য বিজ্ঞ আলিম ছিলেন। একজনের নাম মৌলভী রশিদ যিনি 'হেদায়া' কিতাব ফার্সি ভাষায় অনুবাদ করেছিলেন। ২য় জনের নাম মৌলভী মোয়াজ্জেম হোসেন। ৩য় জনের নাম বর্ণনাকারী উল্লেখ করেন নি। বর্ণনাকারী বলেন, কোন এক সময়ে সায়্যিদ সাহেবের নিকট কেবলমাত্র আমি উপস্থিত ছিলাম অন্য কেউ ছিলনা। এমন সময়ে বর্ণিত তিন আলিম সায়্যিদ সাহেবের খিদমতে উপস্থিত হয়ে সায়্যিদ সাহেবের বিদ্যা পরখ করার উদ্দেশ্যে সূরা ফাতিহার তাফসির জিজ্ঞাসা করেন। তখন সায়্যিদ সাহেব সূরা ফাতিহার তাফসির এমন সুষ্ঠুভাবে বর্ণনা করলেন যে, উপরোক্তি তিন আলিম তা শ্রবণ করে বিস্মিত হন। তাঁরা তৎক্ষণাৎ সায়্যিদ সাহেবের হাতে বায়আত করেন।

হিন্দু শেঠের ইসলাম গ্রহণ

জাফর থানেশ্বরী তৎপ্রণিত হায়াতে সায়্যিদ আহমদ শহীদ গ্রন্থে লিখেছেন- মখযনে আহমদী প্রণেতা নবাব আজিরুদ্দৌলা উভয়েই নিম্নলিখিত ঘটনা নিজ পুস্তকে উল্লেখ করেছেন।

ঘটনাটি এইঃ বাংলাদেশের সিলেট শহরে বিরাট ঐশ্বর্যশালী এক হিন্দু বসবাস করতেন। তিনি দেখলেন আকাশ থেকে একটি সিঁড়ি নেমেছে। সিঁড়ি বেয়ে প্রথম আসমানে উপস্থিত হয়ে দরজা দিয়ে ভিতরে প্রবেশ করে দেখলেন উত্তম পোষাক পরে সুন্দর চেহারা বিশিষ্ট এক লোক আসনে উপবিষ্ট। তাকে সালাম করে জিজ্ঞেস

করলেন আপনার সম্মানিত নাম কি? তিনি উত্তর দিলেন আমি বনি আদমের পিতা 'আদম'। স্বপ্ন দর্শনকারী ব্যক্তি বলেন আমি বামপাশে একটি দরজা দেখলাম যে দরজার অভ্যন্তরে কান্নাকাটির চিৎকার শুনলাম। দরজা দিয়ে বিশেষভাবে নিরীক্ষণ করে দেখলাম অভ্যন্তর ভাগে আগুনের লেলিহান শিখা ও মেঘমালার মতো ধোঁয়া স্থানটিকে আচ্ছন্ন করে রেখেছে। মানুষের কান্নাকাটি ও আর্তনাদের রোল উঠেছে। অভ্যন্তরভাগে বিকট দুর্গন্ধ যা অসহনীয়। অবস্থা দর্শনে আমি সজ্ঞাহীন হয়ে পড়লাম। আসনে উপবিষ্ট ব্যক্তি অন্য এক ব্যক্তিকে নির্দেশ দিলেন তিনি যেন আমাকে ডান পার্শের দরজার নিকটে নিয়ে যান। নির্দেশ মোতাবেক তিনি আমাকে ডান পাশের দরজার সম্মুখে নিয়ে গেলেন। উক্ত দরজা দিয়ে প্রবাহিত সুগন্ধি বাতাসের প্রভাবে আমি আবার চাঙ্গা হয়ে উঠলাম। চেয়ে দেখলাম অভ্যন্তরভাগে রয়েছে লাল জওহর মুতি নির্মিত দালান সমুহ। ফুলে ফলে সুশোভিত সবুজ বৃক্ষরাজি। স্বচ্ছ জলের নানাবিধ প্রস্রবণ প্রবাহিত। আমি আনন্দ চিত্তে কুর্সীতে উপবিষ্ট ব্যক্তির নিকট গিয়ে উভয় স্থান সম্পর্কে জিজ্ঞেস করলাম। তিনি বললেন ডান দিকে একত্ববাদী মুমিনদের স্থল এবং বামদিকে যারা আল্লাহর ইবাদত ত্যাগ করে মূর্তিপূজা করে সে সকল কাফির ও মুশরিকদের কয়েদখানা। তুমি তাদের দলভুক্ত যদি কাফির অবস্থায় মৃত্যু বরণ করো তবে তোমার ঠিকানা ও দোযখে হবে যে দোযখ তুমি সচক্ষে অবলোকন করলে। যেহেতু এখনো তোমার মৃত্যুর সময় আসেনি তাই ইচ্ছা করলে মুত্যুর পূর্বে মূর্তিপূজা ত্যাগ করে তাওবাহ করে সে বেহেশতটিকে ঠিকানা করে নিতে পার যা তুমি স্বচক্ষে অবলোকন করলে। উভয় স্থানের ব্যাখ্যা প্রদানের পর কুর্সীতে উপবিষ্ট ব্যক্তি (আদম আঃ) বললেন আল্লাহর তরফ থেকে একজন হিদায়াতকারী যিনি বর্তমানে হজ্জের পথে কলিকাতায় অবস্থান করছেন কিছুদিনের মধ্যে তিনি স্থান ত্যাগ করে হজ্জে চলে যাবেন। তুমি তার নিকট পৌছে তাওবাহ করে ইসলাম গ্রহণ করো।

উক্ত হিন্দু শেঠ স্বপ্নভঙ্গের পর মেইল গাড়িতে আরোহন করে সিলেট থেকে কলিকাতায় পৌছে সায়্যিদ সাহেবের নিকট উপস্থিত হন। সায়্যিদ সাহেব তাঁর সমস্ত ঘটনা ও স্বপ্ন বৃত্তান্ত শ্রবণ করে তাকে ইসলাম ধর্মে দীক্ষিত করেন। সায়্যিদ আহমদ সাহেব হিন্দু শেঠকে খতনা দেওয়ার ব্যবস্থা করেন। সুস্থ হয়ে বায়আত করে ঐ ব্যক্তি তাঁর বাড়ীতে ফিরে আসেন।

কলিকাতায় বায়আত গ্রহণ

কলিকাতায় তিন মাস সময় সায়্যিদ আহমদ (র.) অবস্থান করেন। সেখানে বায়আত করার জন্য এত বেশী লোকের ভীড় জমে যে পাঁচশত থেকে হাজার পর্যন্ত লোককে এক স্থানে সমবেত করে সাত আটটি পাগড়ি ছড়িয়ে দিয়ে বলতেন বায়আতকারীগণ যে কোন পাগড়ির কিনার ধরেন। অতঃপর

বায়আতের বাক্যগুলি উচ্চ কণ্ঠে বলতেন। এভাবে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত অব্যাহত ধারায় বায়আত চলত।

শরাবের দোকানগুলি বন্ধ হয়ে গেল

কলিকাতায় শরাব বিক্রয়ের দোকানগুলোতে আকস্মিভাবে শরাব কেনা-বেচা বন্ধ হয়ে যায়। দোকানদাররা ইংরেজ সরকারের নিকট অভিযোগ পেশ করে যে, আমরা বিনা কারণে সরকারী ট্যাক্স যুগিয়ে যাচ্ছি। কেননা একজন বুজুর্গের বিরাট কাফেলাসহ এই শহরের বুকে পদার্পনের ফলে আমাদের দোকানগুলো বন্ধ হয়ে গেছে। শহর ও গ্রাম অঞ্চলের সকল মুসলমান তাঁর নিকট মুরীদ হয়েছে এবং তাদের সংখ্যা ক্রমশ বাড়ছে। তারা সকল প্রকার নেশা জাতীয় মাদকদ্রব্য থেকে তাওবাহ করেছে। এখন কেউ আর আমাদের দোকানের কোলেও ঘেষে না।

অতএব সরকারী হুকুমনামা বের হলো যে, যতদির পর্যন্ত সায়্যিদ সাহেব এবং তার দলবল কলকাতায় অবস্থান করবে ততদিন পর্যন্ত সরকারী ট্যাক্স দেওয়া লাগবে না। তার বিদায় নেওয়ার পর যদি সাবেক অবস্থা পুনর্বহাল হয় এবং শরাবের ক্রয় বিক্রয় স্বাভাবিকভাবে চলতে থাকে তবে কর পুনরায় ধার্য্য করা হবে।

নও মুসলিমদের খৎনা

ইসলামে নব দীক্ষিত এত বেশী বৃদ্ধি পায় যে তাদের খৎনা করার পর যে বিরাট ঘরে তারা অবস্থান করত সেখানে শুশ্রূষার জন্য, দশ পনের জন লোকের সব সময় প্রয়োজন হত। হাজার হাজার মুসলমান এমন ও ছিল যাদের ঘরে বিবাহ ছাড়া অবৈধ অনেক মেয়েলোক ছিল। এমনো অনেক মুসলমান ছিল যারা বাল্যকালে খতনা দেয়নি। যারা বায়আত করতেন তাদেরকে খৎনা ও বিবাহ সম্পর্কে জিজ্ঞাসাবাদ করা হত। যারা খৎনা দেয়নি তাদেরকে খৎনা দেয়ার ব্যবস্থা করা হয় এবং অবৈধভাবে আশ্রিত মেয়েদের সাথে ইসলামি বিধান মত বিবাহের ব্যবস্থা করা হয়।

হান্টারের উক্তি

বৃটিশ শক্তিকে সুপ্রতিষ্ঠিত করার লক্ষে মুসলিম শক্তিকে কিভাবে নির্মূল ও নিস্তেজ করা যায় এ বিষয়ে গবেষণাকারীদের মধ্যে ডব্লিউ ডব্লিউ হান্টারের নাম উল্লেখযোগ্য। যিনি সায়্যিদ আহমদ (র.) কে অন্যায়ভাবে ওয়াহাবী বলে আখ্যায়িত করে ভারতীয় মুসলমানদের সরলমন বিভ্রান্ত করার অপচেষ্টা করেছেন এবং সায়্যিদ আহমদ (র.) কে দস্যু ও শহীদ তিতুমীরকে গুন্ডা বলে আখ্যায়িত করেছেন। তার প্রণিত 'দি ইন্ডিয়ান মুসলমানস' পুস্তক থেকে (তার অভদ্র ভাষায়) প্রয়োজনীয় কিছু উক্তি পেশ করলাম।

'পাঞ্জাব সীমান্তে বিদ্রোহী শিবিরের গোড়াপত্তন করে সায়্যিদ আহমদ। অর্ধ শতাব্দী আগে আমরা পিন্ডারী শক্তিকে নির্মূল করার ফলে যে কয়েক জন তেজস্বি পুরুষ ভারতের বিভিন্ন স্থানে ছড়িয়ে পড়ে ছিল সায়্যিদ আহমদ তাদের মধ্যে অন্যতম.......।'

'দস্যু বৃত্তি ত্যাগ করে ১৮১৬ খ্রিষ্টাব্দ নাগাদ সে দিল্লিতে চলে যায় মুসলমানী আইনের একজন সুবিখ্যাত পন্ডিত ব্যক্তির নিকট পবিত্র শাস্ত্র অধ্যয়নের জন্য। তিন বৎসর সেখানে শিক্ষানবিশীর পর সে নিজেই একজন প্রচারক হিসেবেই কাজ শুরু করে। ১৮২০ খৃষ্টাব্দে এ ধর্মীয় নেতা ধীরে ধীরে দক্ষিণ অভিমুখে অগ্রসর হতে থাকে। আধ্যাত্মিক মর্যাদার স্বীকৃতি স্বরূপ শিষ্যরা এই ভ্রমণকালে তার সেবা যত্ন করতে থাকে। সম্ভ্রান্ত এবং বিদ্বান লোকেরা পর্যন্ত সাধারণ ভৃত্যের মত নগ্নপদে তার পালকীর পাশে পাশে দৌড়ে অগ্রসর হয়। পাঠনার দীর্ঘ যাত্রা বিরতিকালে তাঁর অনুগামীর সংখ্যা এত বেড়ে যায় যে, তাদের নিয়ন্ত্রণের রীতিমত একটা সরকার গঠন প্রয়োজন পড়ে। যাত্রাপথে অবস্থিত বড় বড় শহরে ব্যবসায়ীদের মুনাফার উপর কর আদায়ের জন্য সে প্রতিনিধি নিয়োগ করে কাফেলার আগে তাদের পাঠিয়ে দেয়। তদুপরি সে মুসলমান সম্রাটদের মতো প্রাদেশিক গভর্নর নিয়োগ করে। এভাবে পাঠনায় একটি স্থায়ী আস্তানা স্থাপনের পর সে কলকাতা অভিমুখে অগ্রসর হতে থাকে। গঙ্গার গতিপথ অনুসরণ করে অগ্রসর হওয়ার সময় সে বহু লোককে ইসলাম ধর্মে দিক্ষীত করে এবং পথিপার্শের সমস্ত বড় বড় শহরে তার প্রতিনিধি নিয়োগ করে। কলকাতায় এত অধিক সংখ্যক লোক তার কাছে সমবেত হয় যে, প্রত্যেকের সংঙ্গে আলাদাভাবে মুসাফাহা করা তার পক্ষে অসম্ভব হয়ে পড়ে। ফলে মাথার পাগড়ি খুলে লম্বাভাবে ছড়িয়ে দিয়ে সে ঘোষণা করে যে, পাগড়ীর যে কোন অংশ স্পর্শ করলেই সে ব্যক্তি তার শিষ্যত্ব লাভ করবে। ১৮২২ খ্রিষ্টাব্দে সে হজ্জ করতে মক্কা গমন করে। এইভাবে হজ্জের পবিত্র আবরণে সে তার দস্যু চরিত্রকে সম্পূর্নরূপে আচ্ছাদিত করে পরবর্তী বৎসর অক্টোবর মাসে বোম্বাই ফিরে আসে। বোম্বাই শহরেও ধর্ম প্রচারক হিসেবে সে কলকাতার মত বিরাট সাফল্য অর্জন করে।' (দি ইন্ডিয়ান মুসলমানস পৃষ্ঠা-৫)

কলিকাতায় অবস্থান

পূর্ণ তিন মাস কাল সায়্যিদ সাহেব কলকাতায় অবস্থান করেন। হজ্জের উদ্দেশ্যে এগারটি জাহাজ ভাড়া করেন। প্রত্যেক জাহাজে একজন প্রতিনিধি নিয়োগ করেন। দরিয়া বাক্কা জাহাজের নাবিক ছিলেন হাদারাউমাত নিবাসী সায়্যিদ আব্দুর রহমান। জাহাজের সর্বাধিনায়ক ছিলেন সুরত নিবাসী শেখ দাউদ। উক্ত জাহাজে সায়্যিদ আহমদ (র.) এর নিকট সম্পর্কিত লোকসহ আরোহন করেন।

জাহাজে মিলাদ শরীফ

জাহাজ সমুদ্রে পৌঁছলে অস্বাভাবিক উত্তাল তরঙ্গ মালায় দুলতে লাগল। সায়্যিদ আহমদ (র.) সকলকে এক স্থানে সমবেত করে নিরাপত্তার জন্য আল্লাহর দরবারে দু'আ আরম্ভ করলেন। সকলে 'আমীন' বলতে লাগলেন। দু'আর ফলে সকলে এমনি আবিভূত হলেন যে, দু'আ গ্রহণযোগ্য বলে অন্তরে সাড়া পেলেন। কিছুক্ষণের মধ্যে জাহাজে অনুকূল বাতাশ প্রবাহিত হতে আরম্ভ করলো। উত্তাল তরঙ্গমালা শান্ত ভাব ধারণ করল। জাহাজ অস্বাভাবিক দ্রুত গতিতে এগিয়ে চললো। রাত্রিকালে শ্রীলংকার নিকট জাহাজ পৌঁছলে সায়্যিদ সাহেব সমস্ত রাত্রি পাহাদারের মতো কখনো উপরে কখনো নিচে আনাগোনা করতে লাগলেন। তাহার কারণ সম্পর্কে পরে তিনি বলেন ভয়ংকর দৈত্য ও শয়তানের দল (ইফরিত) আমাদের ছোট্ট কাফেলার উপর আক্রমণ করতে উদ্যত হয়েছিল। কিন্তু আল্লাহ্ তা'আলা তাঁদের লাঞ্ছিত করে ফিরিয়ে দেন। প্রভাতে জাহাজ বিপদজনক ঘাটি অতিক্রম করল। জাহাজের নাবিক শিরনির আয়োজন করলেন। সায়্যিদ আহমদ (র.) মীলাদ মাহফিলের আয়োজন করলেন। মীলাদ শরীফে আরবী কাছিদা আবৃত্তি করা হলো। অতঃপর শিরনি বিতরণ করা হলো।

প্রাসঙ্গিক কিছু কথা

সায়্যিদ আহমদ (র.) রাসূলুল্লাহ সাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাচ্চা আশিক ছিলেন। তিনি বালাকোট প্রান্তরে শাহাদাত বরণ পর্যন্ত বারে বারে রাহমাতুল্লিল আলামীন হযরত মুহাম্মদ মুস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দিদার স্বপ্নযোগে লাভ করেছিলেন। তাই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আলোচনায় সদা-সর্বদা পঞ্চমুখ থাকতেন। দুরূদ ও সালাম পাঠ করতেন এবং মীলাদ শরীফ পড়তেন। সায়্যিদ আহমদ (র.) এর অন্যতম খলিফা মাওলানা কারামত আলী জৌনপুরী (র.) স্বীয় মুরিদগণকে মীলাদ পাঠে উৎসাহিত করার উদ্দেশ্যে 'আল-মুলাখখাস' কিতাব প্রণয়ন করেন।

উক্ত কিতাবে মীলাদ ও কিয়াম সম্পর্কে সুদৃঢ় দালীলিক প্রমাণ পেশ করেছেন। সৌদি হুকুমতের পূর্বে যারা হারামাইন শরীফের ইমাম ছিলেন তাহাদের মধ্যে বিশিষ্ট ইমামগণ মীলাদ কিয়ামের সপক্ষে যে ফতওয়া দিয়েছেন, তা ও উদ্ধৃত করেছেন।

কুদরতী মিষ্ট পানি

সমুদ্র পথে কোন এক স্থানে পৌঁছলে জাহাজের নাবিক সংবাদ দেন যে মিষ্ট পানি শেষ হয়ে গেছে। সায়্যিদ আহমদ (র.) তৎক্ষনাৎ আল্লাহ তা'আলার দরবারে দু'আ আরম্ভ করলেন। দু'আরত অবস্থায় তার নিকট ইলহাম হয় যে, এখানকার

লোনা পানি মিষ্টি পানিতে রূপান্তরিত করে দেওয়া হয়েছে। যতটুকু প্রয়োজন উঠিয়ে নাও। উক্ত শুভ সংবাদ শোনা মাত্র জাহাজ কর্তৃপক্ষ প্রয়োজন অনুযায়ী পানি সংগ্রহ করেন। সেই পানি ছিল মিষ্ট ও সুস্বাদু।

গায়বী সাহায্য

এডেন বন্দরে পৌঁছলে সায়্যিদ আহমদ (র.) কয়েকজন সঙ্গীসহ জাহাজ থেকে অবতরণ করে নৌকায় আরোহন করেন। সমুদ্র তীরে পৌঁছে অবগত হন যে, বন্দর থেকে শহর অনেক দূরে। অত্যাধিক গরমের মধ্যে পথ অতিক্রম করা ছিল দুরূহ ব্যাপার অথচ সেখানে কোন যানবাহন বা সওয়ারী ছিলনা। অধিকন্তু অনেকের পায়ে জুতাও ছিলনা। সওয়ারীর অনুসন্ধান নিয়ে জানতে পারলেন যে, সামনের পাহাড়ে ভাড়াটে উট পাওয়া যেতে পারে। এদিকে এক অধিক গরমে পাহাড় গিয়ে উট নিয়ে আসাটা ছিল অসম্ভব ব্যাপার। তখন সকলেই অপারগ অবস্থায় সায়্যিদ আহমদ সাহেবের সুদৃষ্টি আকর্ষণ করলেন। তিনি বললেন আল্লাহ তা'আলা তোমাদের নিকট প্রয়োজনীয় সব কিছু পৌছিয়ে দিবেন। চিন্তা করার কোন প্রয়োজন নেই। তবে প্রত্যেককে সাতবার করে সূরা ফাতিহা পাঠ করতে হবে। নির্দেশ মোতাবিক সকলেই সূরা ফাতিহা পাঠ করতে লাগলেন। সাতবার পাঠ করার পূর্বেই দেখা গেল পাহাড়ের দিক থেকে কয়েকটি উট ছুটে আসছে তারা কাফেলার নিকট এসে থামল। সোজা সায়্যিদ সাহেবের নিকট পৌছল। তারা উট গুলিতে আরোহন করে এডেন শহরে পৌছালেন। আশ্চর্যের ব্যাপার গন্তব্যস্থলে পৌঁছার পর দেখলেন উট চালকসহ উটগুলি গায়েব হয়ে গেল। তাদের পারিশ্রমিক দেওয়ার জন্য অনেক অনুসন্ধান করেও সন্ধান পাওয়া গেল না।

পরিশেষে তারা উক্ত শহরের কাজির নিকট পারিশ্রমিকের টাকা জমা রাখতে চাইলেন। কাজী উত্তর দিলেন আপনারা উট ও উষ্ট্র চালকের যে বর্ণনা দিলেন এমন কোন উট ও উষ্ট্র চালক এ শহরে নেই। এখন টাকা নিয়ে আমরা কার হাতে দিব, এ ছিল গায়বী সাহায্য।

তথ্যসূত্র : [হযরত আল্লামা ইমাদ উদ্দিন চৌধুরী বড় সাহেব কিবলাহ ফুলতলী রচিত জীবনীগ্রন্থ 'হযরত সৈয়দ আহমদ শহীদ বেরলভী (র.)' থেকে সংকলিত]

হযরত সাইয়্যেদ আহমদ শহীদ রহ.

আবুল হাসান আলী নদভী

শাহ আব্দুল আযীয মুহাদ্দিস দেহলভী (রহ.) এর মাধ্যমে আল্লাহ তায়ালা এমন কতিপয় উচ্চ যোগ্যতা, সাহসিকতা ও বিস্ময়কর ইচ্ছাশক্তির অধিকারী আধ্যাত্মিক ক্ষমতাসম্পন্ন ব্যক্তিত্বের পৃষ্ঠপোষকতার কাজ নিয়েছেন, যারা হাজার হাজার মানুষের জীবনে বৈপ্লবিক পরিবর্তন সৃষ্টি করে দিয়েছেন এবং এক পূর্ণ শতক সামলে রেখেছেন। শাহ সাহেব রহ.-এর জ্ঞান-প্রজ্ঞা ও জীবন-সমুদ্রে ছিল পরম স্থিতিশীলতা।

এই দাবীর সত্যতার জন্য কেবল তার একান্ত খলিফা সাইয়্যেদ আহমদ শহীদ রহ. (১২০১-১২৪৬ হিজরি)-এর নাম নেওয়াই যথেষ্ট, যিনি এই উপমহাদেশের এই মহান ইসলামী আন্দোলনের নেতৃত্ব দিয়েছেন, যার স্বয়ংসম্পূর্ণতা, প্রভাব শক্তি এবং ইসলামের সুমহান দাওয়াত, নববী আদর্শের নৈকট্য ও সাদৃশ্য না কেবল কেবল এই তেরো হিজরি শতকের দৃষ্টিগোচর হয়, বরং বিগত কয়েক শতকেও এ ধরনের ঈমানী চেতনা সৃষ্টিকারী আন্দোলন এবং নেককার বুযুর্গদের এমন সুবিন্যস্ত ও সুশৃঙ্খল জামাতের কোনো খোঁজ পাওয়া যায় না। তিনি আকায়েদ ও আমলের সংশোধন, মানুষের তরবিয়ত, ওয়াজ-নসিহত, তাবলিগে দীন, জিহাদ ও নির্ভীকতার বিশাল বিস্তৃত রণাঙ্গনে যেভাবে কর্মতৎপর ছিলেন, এর প্রভাব কেবল তার কর্মময় স্থান ও সমসাময়িক বংশধর পর্যন্ত সীমাবদ্ধ থাকেনি, বরং তা ভবিষ্যৎ প্রজন্ম, তৎপরবর্তীকালে আগত আহলে হক, দীনের দাঈ, ঝান্ডাবাহী ও খাদেমের উপর গভীর ও দীর্ঘস্থায়ী ছাপ ফেলে, ক্রমবর্ধমান ইংরেজ শক্তির মোকাবেলায় ভারতবর্ষ ও তার প্রতিবেশী মুসলিম রাষ্ট্রগুলোর হিফাজত, খুলাফায়ে রাশেদার আদর্শে ইসলামী শাসন ব্যবস্থা প্রতিষ্ঠার চেষ্টা-সংগ্রামের সূচনাও তিনিই করেছেন। এই আন্দোলন ও চেষ্টা-সংগ্রামের নেতৃত্বের লাগাম ভারতে প্রথম এই শ্রেণির উলামায়ে কেরাম ও নেতৃত্বের হাতে থাকে, ভারতের বিভিন্ন অঞ্চলে ধর্মীয় কিতাবাদির রচনা ও সংকলন, অনুবাদ ও প্রচার-প্রসারের আধুনিক আন্দোলন (যা সাধারণ মুসলমান এবং সঠিক ইসলামী শিক্ষাদীক্ষা ও কুরআন-সুন্নাহর মাঝে বিদ্যমান প্রশস্ত-গভীর ঘাটতি পূরণ করেছে)

তারই চেষ্টা-সংগ্রামের অবদান, মুসলমানদের ধর্মীয় ও রাজনৈতিক জাগরণ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এই দাওয়াত ও আন্দোলনেরই ফল ও সাফল্য। এই আন্দোলনের প্রতিক্রিয়া, শিক্ষা-সাহিত্য, ইসলামী চিন্তাধারা, ভাষা ও বচনভঙ্গি বর্ণনায়ও পড়েছিল। এ আন্দোলন সমাজ সংস্কার, জাহেলী রীতি নীতির ভ্রান্তি-প্রমাণ হিন্দুধর্মের প্রভাব দূরীভূতকরণ এবং সঠিক ইসলামী জীবনের প্রতি প্রত্যাবর্তনের মহান কাজ আনজাম দিয়েছে। সাইয়েদ আহমদ রহ. এবং তার দাওয়াত ও তরবিয়তের প্রভাবে ব্যাপকতা, শক্তি, গভীরতা ও কার্যকরিতা আনুমান কারার জন্য এখানে আমরা কতিপয় চিন্তাবিদের রচনাবলি থেকে কিছু উদ্ধৃতি পেশ করছি।

ভারতবর্ষের বিখ্যাত লেখক ও ঐতিহাসিক নবাব সিদ্দিক হাসান খান, গভর্নর: ভুপাল (মৃত্যু: ১৩০৭ হিজরি)- যিনি সাইয়্যেদ রহ. এর শিক্ষাদীক্ষার প্রভাব স্বয়ং প্রত্যক্ষ করেছিলেন এবং তাকে প্রত্যক্ষকারীদের এক বিরাট দলের যুগ পেয়েছিলেন, তিনি تقصار جيود الاحرار গ্রন্থে লিখেছেন, 'সৃষ্টিজীবের পথপ্রদর্শক এবং আল্লাহর পথে ফিরিয়ে আনা ও প্রত্যর্পণে তিনি ছিলেন আল্লাহর একটি নিদর্শন। এক বিরাট মানবগোষ্ঠী ও এক পৃথিবী তার আত্মিক ও শারীরিক তাওয়াজ্জুহে বেলায়েতের মর্যাদায় পৌছে গেছে। তার খলিফাগণ ওয়াজ-নসিহতের মাধ্যমে ভারতের মাটিকে শিরক-বিদআত ও কুসংস্কারের খড়কুটা থেকে পবিত্র করে দিয়েছে, কুরআন-সুন্নাহর রাজপথে এনে দাঁড় করিয়েছে। আজও তাদের ওয়াজ-নসিহতের বরকত যথারীতি চালু আছে।

আরেকটু সামনে এগিয়ে লিখেছেন, 'মোটকথা এ যুগে পৃথিবীর কোনো রাষ্ট্রে এমন সুযোগ্য ব্যক্তিত্বের কথা শোনা যায়নি। যে ফয়েয-বরকত এই হকপন্থী দলের মাধ্যমে সৃষ্টিজীবের হয়েছে, তার দশ ভাগের একভাগও এ যুগের উলামা-মাশায়েখের দ্বারা হয়নি।'[১৮৬]

যুগশ্রেষ্ঠ আলেম উসতাযুল আসাতিযা হযরত শাহ আবদুল আযিয দেহলবী রহ.-এর শাগরিদ হযরত মাওলানা হায়দার আলী রামপুরী টঙ্কী (মৃত্যু: ১২৭৩ হিজরি), صيانة الناس গ্রন্থে লিখেছেন, 'তার হিদায়েতের নূর সূর্যের মতো পূর্ণ ক্ষিপ্রতার সাথে বিভিন্ন শহর-নগর ও মানুষের অন্তরে উদ্ভাসিত হয়। চতুর্দিক থেকে ভাগ্যবান লোকজন পরকালের প্রতি মনোযোগী হয়ে শিরক-বিদআত ইত্যাদির নিষিদ্ধ কাজগুলো থেকে (রীতিমতো যুগ যাতে অভ্যস্ত ছিল) তাওবা করে তাওহিদ ও সুন্নতের শাশ্বত পথ অবলম্বন করতে থাকে। আর প্রায়ই হযরতের পুণ্যাত্মা খলিফাগণ নানা স্থান সফর করে লাখ লাখ মানুষকে দীনে মুহাম্মদীর সরল

---

[১৮৬] تقصار جيود الاحرار من تذكار جنود الابرار (ফারসি) পৃষ্ঠাঃ ১০৯-১১১, মাতবুআ ভুপাল, ১২৯৮ হিজরি।

সঠিক পথ দেন। যাদের জ্ঞান-বুদ্ধি ছিল এবং আল্লাহর অনুগ্রহ যাদের সাহায্য করেছে, তারা এই পুণ্যের পথে চলেন।'

ভারতের এক বিজ্ঞ ও নির্ভরযোগ্য আলেমে দীন মাওলানা আবদুল আহাদ, যিনি এই মুবারক জামাতের অনেক সদস্যের সঙ্গে সাক্ষাত করেছিলেন, যার সময়কাল সাইয়্যেদ রহ.-এর নিকটতর ছিল, তিনি লিখেছেন, হযরত সাইয়্যেদ সাহেব রহ.-এর হাতে ৪০ হাজারের অধিক হিন্দু প্রমুখ কাফের মুসলমান হয়েছে। ৩০ লাখ মুসলমান তার হাতে বায়াত গ্রহণ করেছে। আর বায়আতের যে ক্রমধারা তার খলিফাগণের খলিফাদের মাধ্যমে গোটা বিশ্বে চালু রয়েছে, এই সিলসিলায় তো কোটি কোটি মানুষ তার বায়আতে অন্তর্ভুক্ত হয়েছে।'

এই বিশাল সংস্কার ও সংশোধনমূলক কৃতিত্বের কারণে প্রায় সকল চিন্তাবিদ ও ইনসাফপ্রিয় লোক তাকে তেরো শতকের মুজাদ্দিদ বলে স্বীকার করেন।

•

তথ্যসূত্র: সংগ্রামী সাধকদের ইতিহাস, আবুল হাসান আলী নদভী, আবুল হাসান হুসাইনী অনূদিত, ৫ম খন্ড, -.২৮০-২৮

আহ'মদ শাহীদ, সায়্যিদ বেরীলবী

(سید احمد شہید بریلوی)

গুলাম রাসূল মিহর (দা.মা.ই)/এ. এন. এম. মাহবুব রহমান ভুঞা

সায়্যিদ আহ'মাদ শাহীদ ইবন সায়্যিদ মুহাম্মাদ ইরফান, জ. ৬ সাফার, ১২০১/২৮ নভেম্বর, ১৭৮৬ সালে (অযোধ্যায়) রায়বেরেলী-তে (সায়্যিদ মুহাম্মাদ য়া'কূব সায়্যিদ সাহিবের ভ্রাতা, ওয়াকাই আহ'মাদী) ম" ২৪ যু'ল-কা'দাঃ ১২৪৬/৬ মে. ১৮৩১ বালাকোট ও মিট্রী কোটের মধ্যবর্তী ময়দানে শাহাদাত লাভ করেন। তাঁহার বংশানুক্রম ছত্রিশ পুরুষ উর্ধ্বে আমীরুল-মু'মিনীন 'আলী (রা)-র সহিত মিলিত হয়। (হ'সানী) সায়্যিদগনের এ বংশসুলতান শামসু'দ-দীন ইলতুতমিশের শাসন আমলে ভারতে আসেন এবং কড়া মানিকপুরে বসতি স্থাপন করেন। তাক'ওয়া ও শিক্ষা-দীক্ষায় তারা প্রতি যুগেই বিশেষ মর্যাদার অধিকারী ছিলেন। ফলে তাঁহাদের বাসস্থান পরিবর্তিত হইতে থাকে। রাহ'মান 'আলী (তায'কিরা-ই 'উলামা-ই হিন্দ, পৃ. ৮১) তাঁহার বংশকে রায়বেরেলী-র নেতৃস্থানীয় পরিবার বলিয়া বর্ণনা করিয়াছেন। শাহ 'আলামুল্লাহ (মৃ. ১৯০৬ হি.) সম্রাট শাহজাহান ও 'আলমগীরের শাসনামলে একজন বিশিষ্ট ব্যক্তিরূপে গণ্য হইতেন। তিনি ছিলেন সায়্যিদ আহ'মদের পিতৃ ও মাতৃ বংশের উর্ধ্বতন ৪র্থ পুরুষ (সীরাত 'আলিয়্যাঃ ও তায'কিরাতুল-আব্রার)।

সায়্যিদ আহ'মাদ স্বীয় গৃহে প্রাথমিক শিক্ষা লাভ করেন। বিদ্যার্জনে তাহার তেমন মনোযোগ ছিলনা। শক্তি ও নেতৃত্বব্যঞ্জক খেলাধুলার প্রতি তাঁহার বিশেষ আগ্রহ ছিলো (মাখ্যান আহ'মাদী)। তিনি সমবয়স্ক বালকদের স্বমন্বয়ে সৈন্যদল গঠন করিতেন এবং জিহাদের অনুরূপ তাক্বীর দিয়া কল্পিত সৈন্যদলের উপর আক্রমন করিতেন (তাওয়ারীখ আজীবা)। এই সময় হইতেই তাঁহার মধ্যে জিহাদের আগ্রহ প্রবল ছিলো (মানজূরাঃ)। তাঁহার দৈহিক শক্তি ছিলো অসাধারণ। তিনি নিয়মিত শারীরিক ব্যায়াম করতেন। প্রতিবেশীদের সেবায় অধিকাংশ সময় সম্পৃক্ত থাকতেন। তাহাদের জন্য পানি বন-জঙ্গল হইতে ইন্ধন আনয়ন করিয়া দিতেন। কেহ আপত্তি করিলে তিনি অভাবী ও মিস্কীনদের সেবার ব্যাপারে এমন হৃদয়গ্রাহী বক্তব্য রাখিতেন যে শ্রোতাগণ অবিভূত হইয়া পড়িতেন (মাখ্যান আহ'মাদী)।

যৌবনের প্রারম্ভে চাকুরীর প্রত্যাশী কয়েকজন বন্ধু ও দেশবাসীসহ তিনি গমন করেন এবং তথায় সাত মাস অবস্থান করেন। অতঃপর যতগুলি চাকুরী পাওয়া গেল উহাতে তাঁহার বন্ধু-বান্ধবদের নিয়োগের ব্যাবস্থা করেন এবং নিজে কিতাবি আধ্যাত্মিক জ্ঞানার্জনের উদ্দ্যেশ্যে শাহ 'আব্দু'ল-আযীযের নিকট দিল্লী গমন করেন। শাহ আব্দু'ল-আযীয তাঁহাকে স্বীয় ভ্রাতা শাহ আবদু'ল করি'ম মুহাদ্দিছের আকবার অবাদী মসজিদে প্রেরণ করেন (মাখযান আহ'মাদী)। একটি বর্ণনায় মীযান, কাফিয়া ও মীশকাত অধ্যয়নের কথা উল্লেখ আছে (আরওয়াহ' ছা'লাছা)। সেই সময় তিনি 'ইবাদাত বন্দেগীর জন্য বিশেষ খ্যাতি অর্জন করিয়াছিলেন (আছা'রুস সা'নাদীদ, প্রথম সংস্করণ)। সাধনার শুরু হইতেই বৎসরের পর বৎসর 'ইশা ও ফজরের সালাত এক উযুতে পড়তেন (ওয়াসায়া'ল -ওয়াযীর)। ১২২২/১৮০৭ তিনি শাহ আবদু'ল আযীযের হস্তে বায়'আত গ্রহন করেন। শাহ সাহেব বর্ণনা করেন, আল্লাহ তা'য়ালা তাঁহাকে আধ্যাত্মিক শিক্ষা ও হিদয়াতের জন্য কোনো মাধ্যমের মুখাপেক্ষী রাখেন নাই (আছা'রুস-সানাদীদ)। তিনি আধ্যাত্মিক শিক্ষায় এইরূপ মেধাসম্পন্ন ছিলেন যে, সামান্য ইঙ্গিতেই অতি উচ্চ স্থানের উপলব্ধি করিতে পারিতেন (মান্‌জূ'রা)। ১২২৩/১৮০৮ সালে তিনি দেশে ফিরিয়া আসেন। এই সময়ই তাঁহার বিবাহ হয়।

ভারতে ইসলামী শাসন ও শরী'আতের আইনকানুন প্রবর্তন ছিল তাঁহার জীবনের প্রধান ও সর্বাপেক্ষা প্রিয় লক্ষ্য। ইহার জন্য তিনি তাঁহার জীবনকে উৎসর্গ করিয়াছিলেন। সমসাময়িক কালের বিশিষ্ট ব্যাক্তি ও সামরিক নেতৃবৃন্দের মধ্যে কেবল নওয়াব আমীর খানই তাঁহার এই মহৎ উদ্দেশ্যে সাধনে সাহায্যকারী হইতে পারিতেন। তাঁহার নিকট বিরাট সেনাবাহিনী ও বৃহৎ অস্ত্রাগার ছিল। অন্যদের প্রভাব হইতে মুক্ত হওয়া ছাড়াও তিনি মধ্যরাতে সেনানিবাস স্থাপন করিয়াছিলেন। সেখান হইতে বিভিন্ন অঞ্চলে সফল আক্রমন করিয়া পার্শ্ববর্তী মুসলিম শাসকগনের সাথে যোগাযোগ স্থাপন করিতে পারিতেন। বস্তুত সায়্যিদ আহ'মাদ ১২২৪/১৮০৯ নওয়াব আমীর খানের নিকট রাজপুরানায় গমন করেন (মাখযান আহ'মাদী, মানজূ'রা, ওয়াকা'ই আহ'মাদী ইত্যাদি)। এই উদ্দেশে তিনি সাত বৎসর নওয়াবের স্বীয় পূর্ন শক্তি জাতীয় ও ধর্মীয় স্বার্থে নিয়োজিত রাখিতে পারেন। এই সময় সংঘটিত বিভিন্ন যুদ্ধেও তিনি অংশগ্রহন করেন সৈন্যবাহিনীতে ধর্মীয় চেতনা উজ্জীবনের কাজ অব্যাহত রাখেন।

ইংরেজদের জোর তৎপরতায় ১৮১৭ খৃ. হঠাৎ করিয়া নওয়াবের অবস্থা শোচনীয় হইয়া পরে। তিনি ইংরেজদের সংগে সন্ধি করিয়া টুঙ্ক (Tonk) এর কর্তৃত্ব লাভ এবং সেনাবাহিনীকে বিচ্ছিন্ন করিয়া দিতে রাজি হন। সায়্যিদ আহ'মাদ তাঁহাকে এই চুক্তি হইতে বিরত রাখিতে একান্ত চেষ্টা করেন। তিনি বারবার বলেন ইংরেজদের সাথে বীরত্বের সহিত যুদ্ধ করুন (ওয়াকা'ই-মানজুর)। কিন্তু ইহা

নওয়াবের সাহসে কুলাইল না। অতএব সায়্যিদ আহ'মাদ ১৮১৮ খ্রিস্টাব্দে তাঁহার সঙ্গ ত্যাগ করিয়া দিল্লী চলিয়া যান। উদ্দেশ্য, তথায় তিনি মুসলমানদের ধর্মীয় সংস্কারের সাথে সাথে জিহাদের জন্য একটি স্বয়ংসম্পূর্ণ বাহিনী গঠন করার এবং তাঁহার স্বপ্নকে বাস্তবে পরিণত করার চেষ্টা করিবেন। সেই ব্যাপারে আমীর খান তাঁহাকে সাহায্য করিতে স্থিরপ্রতিজ্ঞ ছিলেন না।

দিল্লীতে তাঁহার অনেক বন্ধুবান্ধব জুটিয়া যায়, যাঁহাদের মধ্যে শাহ ওয়ালীউল্লাহর পরিবারের দুইজন খ্যাতনামা 'আলিম শাহ ঈসমাই'ল ও মাওলানা 'আবদু'ল-হায়্যির নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। প্রথমজন শাহ আবদু'ল আযীযের ভ্রাতৃষ্পুত্র এবং দ্বিতীয়জন তাঁহার জামাতা। প্রায় দুই বৎসর পর্যন্ত তিনি রোহিলাখন্ড, আগ্রা ও অযোধার বিভিন্ন শহরে ভ্রমণ করিতে থাকেন। যথা মীরাট, মুজাফফর নগর, সাহারানপুর, মুরাদাবাদ, রামপুর, কানপুর, লখনৌ, বেনারস ইত্যাদি (ওয়াকা'ই মানজু'রা)। ধর্মীয় সংস্কার ও জিহাদের সংগঠন উভয় কাজ একই সাথে চলতে থাকে। শাহ ঈসমাইল ও মাওলানা আবদু'ল হায়্যি ক্রমাগত জিহাদ ও শাহদাতের মর্যাদা সম্পর্কে ওয়াজ করিতে থাকেন। মুসলমানদের মন-মগজে জিহাদ ও শাহদাতের আগ্রহ এতো গভীরভাবে প্রতিষ্ঠিত করেন যে, মুসলমানগন স্বেচ্ছায় আল্লাহর রাস্তায় নিজেদের জান-মাল উৎসর্গ করাকে সৌভাগ্যের বিষয়রূপে ভাবিতে থাকেন (আছাররু'স-সানদীদ)। আধ্যাত্মিক সাধনা ব্যাতীত ও যুদ্ধবিদ্যা অনুশীলন তাঁহার মুরিদদের বিশেষ কর্তব্যে পরিণত হইয়াছিলো (ওয়াকা'ই আহ'মাদী, মানজূ'রা)। তিনি বিধবা বিবাহে অনুপ্রেরিত করেন। কেননা সম্ভ্রান্ত মুসলমানগন বিধবা বিবাহকে অসম্মানজনক মনে করিতেন। অতএব তিনি স্বীয় বিধবা ভ্রাতৃবধুকে বিবাহ করেন (মাখ্‌যা'ন, আহ'মাদী, মানজূরা, ওয়াকা'ই আহ'মাদী ইত্যাদি)।

সমুদ্রের উপর ফিরিঙ্গিদের উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হইয়া পড়ে, সমুদ্রের উপর বিপদ বৃদ্ধিপ্রাপ্ত হয় এবং হজ্জে যাওয়া কষ্টকর হইয়া পরে-ইহার ভিত্তিতে কোনো কোনো আলিম এমন অবস্থায় হজ্জ ফরয থাকেনা বলিয়া ফাতওয়া দেন। কেননা রাস্তার নিরাপত্তা হজ্জ ফরয হওয়ার অন্যতম শর্ত (ওয়াকাই' আহ'মাদী)। লখনৌ-তে এরূপ একটি ফাতওয়া হইয়াছে। শাহ ঈসমাইল ও মাওলানা আবদুল হায়্যি অকাট্য প্রমাণ সহকারে ইহা খন্ডন করেন। হাদীছ'বিদ শাহ আবদু'ল আযীয ইহাদের অভিমত সমর্থন করেন (মানজূ'রা)। 'গড়' (উত্তর প্রদেশের kunti এর নিকটে) নামক স্থানের মাওলাবী য়ার'আলী আরো একধাপ অগ্রসর হইয়া এমন অবস্থায় হজ্জে যাওয়াকে হারাম বলিয়া ফাতওয়া দেন। তাঁহার মতে এমন অবস্থায় হজ্জে যাওয়ার অর্থ জানিয়া বুজিয়া নিজেকে ধ্বংসের মধ্যে ঠেলিয়া দেওয়া, যাহা কুর আনের নির্দেশ (لَا تُلْقُوا بِأَيْدِيكُمْ إِلَى التَّهْلُكَةِ) (তোমরা নিজের হাতে নিজেদেরকে ধ্বংসের মধ্যে নিক্ষেপ করিও না (২ঃ১৯৫) পরিপ্রেক্ষিত নিষিদ্ধ

(ওয়াকা'ই-আহ'মাদী)। এই ভ্রান্ত ধারণা প্রতিরোধের জন্য সায়্যিদ আহ'মদ (র) স্বয়ং হজ্জে যাওয়ার মনস্থ করেন এবং সাধারণভাবে ঘোষনা দেন, মুসলমানগণ হজ্জে যাওয়ার ইচ্ছা থাকিলে প্রস্তুত হইতে পারেন, আমার সঙ্গে তাঁহারা হজ্জ করিবেন– খরচের অর্থ থাকুক বা না-ই থাকুক (মানজূ'রা, ওয়াকা'ই ইত্যাদি)।

শাওয়াল মাসের শেষ তারিখ, ১২৩৬/৩০ জুলাই ১৮২১ সালে সায়্যিদ আহ'মদ প্রায় চারি শত সঙ্গীসহ রায়বেরেলী হইতে হ'জ্জের উদ্দেশ্যে যাত্রা করেন। মনযিলের পর মনযিল অতিক্রম করিয়া কলিকাতায় পৌঁছেন। ৩ মাস তথায় অবস্থান করেন। এই সময় ধর্মীয় অনুভূতির পুনরুজ্জীবন ও সংস্কার কাজ অব্যাহত ছিল। লক্ষ লক্ষ মুসলমান হিদায়াতপ্রাপ্ত হন। অনেক অমুসলমান ইসলাম গ্রহন করেন (মাখযান আহ'মদী, ওয়াকাই আহ'মদী ইত্যাদি)। তিনি হি. ১২৩৭ সালে বায়তুল্লাহ যিয়ারত করেন (তায'কিরা-ই 'উলামা-ই হিন্দ)।

হি'জায যাত্রার পূর্ব পর্যন্ত ৭৫৩ জন মুসলমান হ'জ্জের উদ্দেশ্যে একত্র হইয়াছিলেন। তেরো হাজার আট শত ষাট টাকার বিনিময়ে দশটি জাহাজ ভারা করিয়া তাঁহাদেরকে উঠানো হয়। তাহাদের জন্য প্রায় তেত্রিশ হাজার টাকার খাদ্যসামগ্রী ক্রয় করা হয়। হি'জাযে অবস্থান ও ফিরিয়া আসার যাবতীয় খরচ তিনি নিজেই বহন করেন, অথচ যাত্রার সময় একটি কড়িও ছিলো না তাঁহার সাথে। দুই বৎসর দশ দিন পর ২৯ শা'বান, ১২৩৯/২৯ এপ্রিল, ১৮২৪ সালে তিনি দেশে ফিরিয়া আসেন (মাখযান আহ'মাদী, ওয়া'কাই, মানজু'রা)। অতঃপর সম্পূর্ণভাবে জিহাদের প্রস্তুতির জন্য ব্যাপৃত হন।

জিহাদের উদ্দেশ্য এই ছিলোঃ ইসলামি শাসন প্রতিষ্ঠিত হউক, খৃষ্টানগণ ও মুশরিকদের প্রাধান্যের মূল উৎপাদিত হউক। রাজত্ব পদমর্যাদা বা ক্ষমতা লাভ ইহার উদ্দেশ্য ছিলো না, শুধু আল্লাহর বানীকে সমুচ্চ করাই ছিলো মূখ্য উদ্দেশ্য (মাকাতিব ওয়া 'আলাম নামাহজাত)। জিহাদের প্রস্তুতির প্রাথমিক ধাপ উত্তীর্ণ হওয়ার পর সঙ্গী সাথীদের পরামর্শ ক্রমে সিদ্ধান্ত হয় যে, উত্তর-পশ্চিম সীমান্ত এলাকায় কেন্দ্র স্থাপন করা হইবে। সেই অঞ্চলের জনসাধারণ ছিলো মুসলমান। তাহাদের স্বাধীনতা শিখদের আক্রমণে বিপন্ন হইয়া পড়িয়াছিলো। উক্ত অঞ্চলের আশেপাশে কয়েকটি মুসলিম রাজ্য ছিলো যাহাদের শুভেচ্ছার আশা করা গিয়াছিলো। আশা ছিলো, পাঞ্জাব অভিযানে সিন্ধু ও ভাওয়ালপুরের মুসলমান রাজ্যদ্বয় সাহায্যকারী হইতে পারে।

৭ জুমাদা'ল-আখিরা, ১২৪১/১৭, জানুয়ারী ১৮২৬ সালে সায়্যিদ আহ'মাদ দারু'ল হারব ভারত হইতে হিযরত করেন, যেখানে তিনি জীবনের চল্লিশটি বৎসর অতিবাহিত করিয়াছেন। হিজরতের উদ্দেশ্যে তিনি রায়বেরেলী হইতে বাহির হন। প্রথম দখলের গাযীদের সংখ্যা পাঁচ-ছয় শতের মাঝামাঝি ছিলো এবং মাত্র পাঁচ

হাজার টাকা তার হাতে ছিলো। রায়বেরেলী হইতে কালপি, গোয়ালিয়ার, টুংক, আজমীর, পালী, অমরকোট, হায়দরাবাদ (সিন্ধু), পীরকোট, মাদহাজী, শিকারপুর, ঢাঢার বুলান, কোয়েটা, কান্দাহার, গজনী, কাবুল এবং জালালাবাদ হইয়া পেশাওয়ার পৌঁছেন। রাস্তায় সাধারণ মুসলমান ছাড়াও সিন্ধু, ভাওয়ালপুর, বেলুচিস্তান, কান্দাহার এবং কাবুলের শাসক, প্রধান নেতৃবৃন্দ ও বিশিষ্ট ব্যক্তিদেরকে জিহাদের দাওয়াত দেন (মানজু'রা ওয়া'কাই)। আমীর দোস্ত মু'হাম্মদ ও তাহার ভ্রাতৃবৃন্দের পারস্পরিক বিরোধ নিরসনে উদ্দেশ্যে পয়তাল্লিশ দিন তিনি কাবুলে অবস্থান করেন।

সায়্যিদ আহ'মাদের জিহাদের সংকল্পের কথা শুনিয়া শিখ প্রশাসন বুধ সিংহের নেতৃত্বে দশ হাজার সৈন্যের একটি বাহিনীকে সীমান্ত প্রদেশের আকূড়ায় প্রেরণ করিয়াছিল। ২০ জুমাদা'ল-উলা, ১২৪২/২০ ডিসেম্বর, ১৮২৬ সালে নয়শত গাযী, যাহাদের মধ্যে ১৩৬ জন ছিলেন ভারতীয়, শিখ সেনাবাহিনীর উপর নৈশ আক্রমন চালাইয়া শত শত শিখ সৈন্যকে হত্যা করেন। ভারতীয় শহীদদের সংখ্যা ছিলো মাত্র ৩৬। শিখ সৈন্যবাহিনী আকূড়া হইতে কয়েক মাইল পিছনে হাটিয়া 'শায়দু' নামক স্থানে অবস্থান করে (মানজূ'রা, ওয়াকাই 'আহ'মাদী, মাকাতীব, ইত্যাদি)

আকূড়া যুদ্ধে জয়ের ফলে মুসলমানদের অন্তরে আশার আলো দেখা যায়। ১২ জুমাদা'ল আখিরা, ১২৪২/১১ জানুয়ারী, ১৮২৭ রোজ বৃহস্পতিবার সীমান্ত অঞ্চলের 'হুন্ড' নামক স্থানে এক বিরাট সমাবেশে 'আলিম ও খাঁনগন সায়্যিদ আহ'মাদের নেতৃত্বে জিহাদ করায় বায়'য়াত গ্রহণ করেন এবং মুহা'ম্মাদ সুলতান মুহা'ম্মাদ প্রমুখ পেশাওয়ারের অন্যান্য দুরবানী সরদারও বায়'আত গ্রহণ করেন এবং তাহার সঙ্গে থাকার প্রতিশ্রুতি দেন। সায়্যিদ আহমদের প্রচেষ্টায় শায়দূ-তে শিখদের সংগে যুদ্ধের নিমিত্তে প্রায় এক লক্ষ্য মুজাহিদ সমবেত হয়। শিখগণ গোপনে গোপনে ভীতিপ্রদ বার্তা প্রেরণ করিয়া যায় মুহাম্মাদকে নিজের দলে টানিয়া লয়। যুদ্ধের এক রাত্রি পূর্বেই সায়্যিদ আহমদকে সে বিষ প্রয়োগ করিতে প্রয়াস পায়। শিখগণ পিছু হটিতে থাকিলে গোপন সিদ্ধান্ত অনুযায়ী মুহা'ম্মাদ ও তার ভ্রাতা মুসলমানদের পরাজয়ের সংবাদ রটাইতে রটাইতে যুদ্ধক্ষেত্র হইতে পলাইয়া যায়। এইভাবে গা'যীদের বিজয় পরাজয়ে রূপান্তরিত হয়। (ওয়া'কাই, মানজূ'রা, মাকাতীব ইত্যাদি)

সায়্যিদ আহ'মাদ পাঞ্জাতার (খাদ্দ ওয়া খায়াল)-এ কেন্দ্র স্থাপন করেন। দলে দলে ভারতীয় মুজাহিদগনের আগমনে তাহাদের যথেষ্ট শক্তি বৃদ্ধি পায়। পেশাওয়ার ও মারদান সমতল ও পাহাড়ী অঞ্চলের বহু লোক তার সাহায্যার্থে আগাইয়া আসে। হাযারার বনাঞ্চলে গা'যীগন তাম্‌গালা ও শাংকিয়ারী নামক স্থানে শিখদের পরাজিত করেন। এই সময়ে মুসলমানদের অবস্থা ছিল সন্তোষজনক।

কিছু দুররানী নেতৃবৃন্দের বিশ্বাসঘাতকতার ফলে নানা প্রতিবন্ধকতা সৃষ্টি হইতে থাকে। তাহাদের প্ররোচনায় অন্য খানরাও বিশ্বাসঘাতকতার পথ অবলম্বন করে। (মানজূরা, ওয়াকা'ই ইত্যাদি)

শা'বান ১২৪৪/ফ্রেবুয়ারী ১৮২৯ সালে সায়্যিদ আহমদ আড়াই হাজার আলিম ও খানদের পঞ্চতার কেন্দ্রে একত্র করিয়া তাহাদের নিকট হইতে শারী'য়াত আইন জারী করার জন্য প্রতিশ্রুতি গ্রহন করেন। ইহাই তাহাদের দাবি ছিল যে, সীমান্ত অঞ্চলে ধর্মীয় আইন প্রতিষ্ঠিত হইবে এবং বিশিষ্ট ও সাধারণ শ্রেনির লোক সকলেই এই পবিত্র আইনের অধীনে একতাবদ্ধ হইয়া একটি জামা'আতে পরিগণিত হইবে; ইহাকে তাহার দুনিয়া ও আখিরাতে সফলতার উৎস বলিয়া মনে করতেন। হুন্ড-এর প্রধান খাদে খান শিখদের সহিত মিলিত হইয়া পাঞ্জতার আক্রমণ করে। কিছু শিখ সৈন্যদলের সেনাপতি যুদ্ধ করার সাহস করে নাই। সায়্যিদ সাহিব প্রথমে হুন্ড জয় করেন, অতঃপর যায়দা-র যুদ্ধে দুর্‌রানীদের বিরাট বাহিনীকে পরাজিত করেন। এই যুদ্ধে যার মুহাম্মাদ নিহত হন। পূর্বদিকে আম্‌ব দখল করেন। ইহার পর (মারদান-এর নিকট মায়া-এ-সুলতান মুহা'ম্মাদ ও তাহাদের ভ্রাতাদের বাহিনীর উপর প্রবল আক্রমণ করিয়া মারদানই পেশাওয়ার জয় করেন। সুলতা'ন মুহাম্মাদ সন্ধির জন্য আবেদন জানায়। সায়্যিদ আহ'মাদ শারী'আতের আইন প্রতিষ্ঠা ও মুজাহিদ বাহিনীতে সাহায্যের প্রতিশ্রুতির পরিপ্রেক্ষিতে তাহাকে পেশাওয়ার ফিরাইয়া দেন। এইভাবে পেশাওয়ার হইতে আটক এবং আটক হইতে আমৃব পর্যন্ত সমগ্র সীমান্ত অঞ্চল এক আইনের ভিত্তিতে ঐক্যবদ্ধ হয় এবং সায়্যিদ আহ'মাদ নিশ্চিতে পাঞ্জাবে অভিযান পরিচালনা করার প্রস্তুতি গ্রহন করিতে থাকেন। (মানজূরা, ওয়াকা'ই ইত্যাদি)

শিখদের মনে এমন ভীতির সঞ্চার হইয়াছিল যে, তাহার মুসলিম বাহিনীর সহিত সন্ধি করিবেন এবং এই শর্তে আটকের সমগ্র অঞ্চল সায়্যিদ আহ'মাদের অধীনে ছাড়িয়া দিতে প্রস্তুত হয়। তিনি এই প্রস্তাব এইজন্য গ্রহন করেন নাই যে, তাঁহার উদ্দেশ্য কোন অঞ্চল দখল অথবা জায়গীর লাভ করা ছিল না, বরং ভারতে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা ও শারী'আতের বিধান জারী করাই ছিল তাহার প্রধান উদ্দেশ্য (মানজূ'রা, ওয়াকা'ই আছারুস-সানাদীদ ইত্যাদি)। ১৮৩০ খৃষ্টাব্দের শীতকালে সুলতান মুহাম্মাদ দুর্‌রানী সন্ধি ভঙ্গ করিয়া গোপন ষড়যন্ত্রের মাধ্যমে দেড় শত হইতে দুই শত গা'যীকে শহীদ করেন- যাঁহারা বিভিন্ন গ্রামে বিচ্ছিন্ন অবস্থায় ছিলেন। সায়্যিদ আহ'মাদের বর্ণনা মুতাবিক ভারতে যাঁহারা ইসলামী শাসন প্রতিষ্ঠার চেষ্টা করিতেছিলেন তাঁহাদের মধ্যে এই গা'যীগনই ছিলেন অন্য সকলের তুলনায় অধিক খাঁটি ও প্রকৃত মুজাহিদ। মাএ সেই সকল গা'যীই বাঁচিয়া যান, যাঁহারা আম্‌ব ও পাঞ্জতার-এ অবস্থান করিতেছিলেন অথবা যাঁহারা সংবাদ পাওয়া মাএ নিরাপদ স্থাঁনে পৌঁছিয়া গিয়াছিলেন। অগত্যা সায়্যিদ আহ'মাদ

দুররানী নেতৃবৃন্দ ও কোন কোন খান-এর ক্রমাগত সন্ধির শর্ত ভঙ্গের ফলে চিন্তান্বিত হইয়া পড়েন এবং যেই কেন্দ্রে তিনি চারি বৎসর ছিলেন উহা ছড়িয়া দেওয়া সংগত মনে করেন এবং কাশ্মীরে চলিয়া যাওয়ার সংকল্প করেন, যেখানে মুসলমানদের পক্ষ হইতে ইতিপূর্বে বার বার আহবান আসিয়াছিল। হাযারা মুজাফ'ফারাবাদ ইত্যাদি অঞ্চলের খানগণ, যাঁহাদের এলাকা কাশ্মীরের রাস্তার উপর অবস্থিত ছিল, সহযোগিতা করিতে সর্বদা প্রস্তুত ছিল। অতএব তিনি দূর্গম পাহাড়ী রাস্তা অতিক্রম করিয়া আবাসীন নদী পার হইলেন এবং রাজদাওয়ারী (হাযারার উওরাঞ্চল)- এ গিয়া উপনীত হইলেন। তথা হইতে তিনি গাযী ভূগাঢ় মাঙ্গ, গোন্‌শ এবং বালাকোটে কেন্দ্র স্থাপন করিয়া মুজাফ-ফারাবাদ (কাশ্মীর) পযন্ত গিয়া পৌঁছিলেন (মানজু'রা, ওয়াক'ই ইত্যাদি)। সাহায্যকারী খানগণকে শিখদের অত্যাচার হইতে বাঁচাইবার জন্য একটি চুড়ান্ত যুদ্ধ জরুরী বলিয়া মনে করা হইত। এই উদ্দেশ্য তিনি কিছু দিনের জন্য বালাকোট (মানসাহ্‌রাহ তাহ'সীল) অবস্থান করেন (মানজু'রা, ওয়াআ'ই' ইত্যাদি)।

এই সময় রঞ্জিত সিংহের পুত্র শের সিংহ দশ হাজার সৈন্যসহ মানসাহ্‌রাহ ও মুজাফফারাবাদের মধ্যবর্তী স্থানে ঘোরাফেরা করিতেছিল। হঠাৎ সে গিরিপথ দিয়া দীর্ঘ পথ অতিক্রম করত শিখ বাহিনীর এক বড় অংশকে এক সময় মিট্রিকোটের টিলায় লইয়া আসিতে সফল হয়, যাহা বালাকোটের ঠিক সম্মুখে পশ্চিম দিকে অবস্থিত। ২৪ যিল-ক্বদ ১২৪৬/৬ মে, ১৮৩১ সালে শুক্রবার চাশতের সময় মিট্রিকোট ও বালাকোটের মধ্যবর্তী ময়দানে রক্তক্ষয়ী যুদ্ধ শুরু হয়। এই যুদ্ধ প্রায় দুই ঘন্টা পযন্ত স্থায়ী হয়। শিখদের সৈন্য সংখ্যা গা'যীদের তুলনায় কয়েক গুন বেশি ছিল। বহু শিখ সেন্য নিহত হয়। প্রায় তিনশত গা'যী শাহাদাত বরন করেন। সায়্যিদ আহ'মাদ ও মাওলানা ঈসমা'ঈল এই শাহীদগনের অন্তর্ভুক্ত ছিলেন। সায়্যিদ আহ'মাদকে গুজররা বন্দী করিয়া পাশের পাহাড়ে লইয়া যাওয়ার কথা শ্রবণ করিয়া অবশিষ্ট গা'যীগন যুদ্ধক্ষেএ ত্যাগ করেন। তাঁহার শাহাদাতের সংবাদ পরে জানা যায় (মানজু'রা, ওয়াক'ই ইত্যাদি)।

এইভাবে হাযারা জেলার উওর-পূর্ব কোণে এই বীর মুজাহিদ শাহাদাত বরন করেন, অথচ তিনি সহায়- সম্বলহীন হওয়া সত্ত্বেও ভারতকে বিধর্মীদের প্রভাব হইতে মুক্ত করিয়া সেখানে ইসলামী শাসন প্রতিষ্ঠা করার বিরাট দায়িত্ব গ্রহণ করিয়াছিলেন। মুসলিমদের মধ্যে তিনি বিশুদ্ধ ইসলামী জীবনাদর্শের প্রেরণা জাগ্রত করেন এবং প্রশিক্ষনের মাধ্যমে একটি জামা'আত প্রস্তুত করেন যাহার নমুনা প্রাথমিকযুগের মুসলমানদের পরে খুবই কম পাওয়া যায়।

শিখগণ সায়্যিদ আহ'মাদের মৃতদেহ তালাশ করিল। তখন মস্তক শরীর হইতে খন্ডিত অবস্থায় পাওয়া গেল। তাঁহারা উভয় অংশ একত্রে করিয়া সসম্মানে মৃতদেহটি দাফন করে (সৌহান লাল সুরী'উমদাতু'ত-তাওয়ারীখ, ৩খ, ১, ৩৫)।

দ্বিতীয় অথবা তৃতীয় দিনে একদল শিখ (নাহাঙ্গ) মৃতদেহটি কবর হইতে তুলিয়া নদীতে ফেলিয়া দেয়। মস্তক ও দেহ পুনরায় পৃথক হইয়া যায়। দেহটি তালহাট্টা (গাঢ়হী, হাবীবুল্লাহ খান হইতে তিন মাইল উওরে কানহা নদীর পূর্ব তীরে)-এর কৃষকেরা নদী হইতে তুলিয়া একটি অজ্ঞাত স্থানে দাফন করে (Hazara Gazetter)। আজকাল সেখানে তাঁহার কবর আছে বলিয়া দাবি করা হইয়া থাকে, যাহা মূলত নির্ভরযোগ্য নহে। মস্তকটি স্রোতের টানে গাঢ়হী হাবীবুল্লাহ নামক স্থানে গিয়া পৌঁছে। সেখানে স্থানীয় খান নদী হইতে উহা উত্তোলন করাইয়া নদীর তীরে উহা দাফন করেন। মানসাহ্‌রাহ হইতে মুজাফ'ফারাবাদ যাওয়ার পথে পুলের অপর পার্শ্বে বামদিকে কবরটি দৃষ্ট হয়। ১৯৪৮ খৃ. পযন্ত কবরটি অতি ছোট ছিল। পরে ইহাকে বাড়াইয়া একটি পূর্ণ কবরের রূপ দান করা হয়। সায়্যিদ আহ'মাদের শাহাদাতের পর তাঁহার একটি ছবি শের সিংহ একটি অভিজ্ঞ চিএকার দ্বারা অঙ্কিত করাইয়া লাহোরে রঞ্জিত সিংহের নিকট পাঠাইয়া দেয় (জা'ফার নামা-ই দীওয়ান-ই অমরনাথ)। ইহার কোন হদিস পাওয়া যায় নাই। সায়্যিদ আহ'মাদ নিম্নোক্ত কয়েকটি পুস্তিকাও রচনা করেনঃ

(১) তানবীহু'ল গাফিলীন (ফারসী), দিল্লী ১২৮৫/১৮৬৮, মাতবা মুহাম্মদী, লাহোর হইতে প্রকাশিত হইয়াছে। দুইবার ইহার উর্দূ অনুবাদ প্রকাশিত হইয়াছে;
(২) রিসালা-ই-নামায (ফারসী), ইহারও উর্দূ অনুবাদ দুইবার প্রকাশিত হইয়াছে;
(৩) রিসালা দার নিকাহ বীওয়াগান (ফারসী), এখন পর্যন্ত প্রকাশিত হয় নাই;
(৪) সিরাত মুস্তাকীম (ফারসী), ইহার বিষয়বস্থ তিনি নিজেই বর্ণনা করিতেন। প্রথম অধ্যায়টি মাওলানা শাহ ইসমাঈল এবং দ্বিতীয় অধ্যায়টি মাওলানা 'আব্দুল হায়্যি কর্তৃক লিপিবদ্ধ হয়। উভয়ই কিছু অংশ লিখিয়া সায়্যিদ সাহেবকে পড়িয়া শুনাইতেন। কোন কোন সময় তাঁহার নির্দেশ মোতাবিক দুই-তিনবার করিয়া পাঠের পরিবর্তন করা হইত (মানজূরা ওয়াকাই), কলিকাতা ১২৩৮/১৮২৩)। মক্কায় অবস্থানকালে মাওলানা আব্দুল হায়্যি 'আরবীতে ইহার অনুবাদ করিয়াছিলেন। ইহার উর্দূ অনুবাদ ও প্রকাশিত হইয়াছে;
(৫) মুলহিমাত আহমাদিয়া ফিত-তারীকিল মুহাম্মাদিয়া, আগ্রা ১২৯৯/১৮৮২. কলিকাতা ১২৩৮/১৮২৩;

গ্রন্থপঞ্জীঃ (১) সায়্যিদ মুহাম্মদ আলী মাখযান আহমাদী (ফারসী), আগ্রা ১২৯৯ হিজরী, হস্তলিখিত পাণ্ডুলিপি, পাঞ্জাব বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার; (২) সায়্যিদ জাফার আলী নাকবী, মানজূরাতুস সু'আদা ফী আহওয়ালি'ল গুযাত ওয়াশ শুহাদা, তারীখ আহামাদী নামে পরিচিত (ফারসী), পাণ্ডুলিপি, নওয়াব ওয়াযীরুদ-দাওলার ইঙ্গিতে

রচিত হয়। গ্রন্থটি প্রায় ১২০০ পৃষ্ঠাসম্বলিত। মুল হস্তলিখিত পাণ্ডুলিপি টুংক-এ সংরক্ষিত আছে। শেষোক্ত পান্ডুলিপি কিছুটা অসম্পূর্ণ; (৩) ওয়াকাই আহমাদী (উর্দূ)। ইহা তারীখ কাবীর নামেও পরিচিত টুংক এর গভর্ণর নওয়াব ওয়াযীরু'দ দাওলা সায়্যিদ আহমদের অবশিষ্ট সঙ্গী-সাথীগণকে একত্র করিয়া তাঁহাদের বর্ণনা অনুয়ায়ী সমগ্র অবস্থা লিপিবদ্ধ করান। ইহা কয়েকটি খন্ডে রচিত হয়। পুরা গ্রন্থটি প্রায় ২৫০০ পৃষ্ঠাসম্মলিত, ইহার পান্ডুলিপি টুংক ও নাদওয়া (লখনৌ) তে সংরক্ষিত রহিয়াছে; (৪) মাওলাবী জাফার থানেশ্বরী তাওয়ারীখ আজীবা অথবা সাওয়ানিহ আহমাদী (উর্দূ), গ্রন্থটি দিল্লী (১৮৯১ খৃ.) সাঢুরা (১৯১৪ খৃ) এবং লাহোর (তা.বি.) প্রকাশিত হইয়াছে; (৫) হায়াত তায়্যিবা (উর্দূ), মিরযা হাযরাত দিহলাবী কর্তৃক লিখিত, ইহা মূলত শাহ ইসমা'ঈল-এর জীবনীগ্রন্থ, শেষের দিকে সায়্যিদ আহমাদের আলোচনা সংযোজন করা হইয়াছে। দিল্লী ১৮৯৫ খ্রি. ; (৬) স্যার সায়্যিদ আহমাদ খান, আছারুস সানাদীদ (উর্দূ), প্রথম সংস্করণ, দিল্লী ১৮৪৭ খৃ. অধ্যায় ৪ পৃ. ২৬ প. ৫৫ (তাযকিরা-ই আহল-ই দিল্লী নামে এই অধ্যায়টি কাদী আহমাদ মিয়া আখতার জুনাগঢ়ী কর্তৃক সংকলিত হয়, সম্পা. আমান-ই তারাক্কী উর্দূ, পাকিস্তান, ১৯৫৫ খ্রি. [পৃ. ৩৪ প., ৬৭]; (৭) নওয়াব সিদ্দীক হাসান খান, তাকসারু জয়ুদিল আহরার (ফারসী), ভুপাল ১২৯৮ হি. ; (৮) দীওয়ান অমর নাথ, জাফর নামাহ (ফারসী), পাঞ্জাব বিশ্ববিদ্যায় কর্তৃক প্রকাশিত, লাহোর ১৯২৮ খৃ.; (৯) নাওয়াব ওয়াযীরুদ-দাওলা ওয়ালী টুংক ১২৮৬ হি. ইহাতে কাহিনীর পরিপ্রেক্ষিতে সায়্যিদ আহমাদ ও তাঁহার সঙ্গী সাথীদের অবস্থার বর্ণনা রহিয়াছে; (১০) মাকাতীব (ফারসী), সায়্যিদ আহমাদের 'মাকাতীব' এবং 'আলাম-নামাহ জাতের' কয়েকটি সংকলন প্রস্তুত করা হইয়াছে; (১১) সীরাত 'আলামিয়্যা (ফারসী), শাহ 'আলামুল্লাহ এর অবস্থা তাঁহার বংশের একজন ব্যক্তি লিপিবদ্ধ করিয়াছেন পরে অপর একজন তাযকিরাতুল আবরার (পান্ডুলিপি), বংশীয় অবস্থা বর্ণনায় ইহা একটি উত্তম গ্রস্থ; (১২) মাওলাবী রাহীম বাখশ তারীখু লুবুব লুবাব (উর্দূ), লাহোর ১৩৩৪ হি. ; (১৩) আরওয়াহ ছালাছা (উর্দূ), সাহারানপুন ১৩৭০ হি., ইহা আমির শাহ খানের বর্ণনার একটি সংকলন, যাহা মাওলানা আশরাফ আলী থানবী, মাওলানা তায়্যিব সাহিব এবং আরও কিছু সুধী ব্যক্তির চেষ্টায় প্রকাশিত হইয়াছে; (১৮) জাফার নামাহ-ই রঞ্জিত সিংহ (ফারসী পদ্য), কানাইলাল হিন্দী, লাহোর ১৮৭৬ খৃ. ; (১৫) Hazara Gazetter, লাহোর ১৮৮৩-১৮৮৪ খৃ. ; (১৬) সায়্যিদ আবুল হাসান আলী নদবী, সীরাত সায়্যিদ আহমাদ শহীদ (উর্দূ), লখনৌ ১৯৩৯ খৃ. ; (১৭) সায়্যিদ আহমাদ শহীদ (উর্দূ) দুই খন্ডে, লাহোর ১৯৫৫ খৃ.; (১৮) রাহমান আলী, তাযকিরা-ই উলামা-ই-হিন্দ, পৃ. ৮১-৮২ ; (১৯) নিজামী বাদায়ুনী, কামুসুল-মাশাহীর (উর্দূ), ১ম খন্ড, পৃ. ৩১৪-৩১৫; (২০) Storey, Persian Literature, ১/২, ১০৪১, খন্ড ৩ ;

(২১) Beale oriental Biographical Dictionary, লন্ডন ১৮৯৪ খৃ., পৃ. ৩৫৪ প.; (২২) W. W. Hunter, The indian Musalmans, লন্ডন ১৮৭১ খৃ., পৃ. ১৪-১৮, ৩৫৪-৩৫৫ পৃ. । (২৩) Buckland, Dictionary of Indian Biography. পৃ. ৮, ১৮৮৮ খৃ., বিশেষত ২য় খন্ড, ৩৫০; (২৪) সৌহান লাল, 'উমদাতুত-তাওয়ারীখ, লাহোর, ১/৩, ১৬, ১৯, ৩০ পৃ. , ৮৫ প., ৫৬ স্থা.; (২৫) মুহাম্মদ ইকরাম, মাওজ-ই-কাওছার, বোম্বাই, পৃ. ৭-৪৮; (২৬) M. T. Titus, Indian Islam, লন্ডন ১৯৩০ খৃ., পৃ. ১৮১-১৮৬; (২৭) W. C. Smith. Modern Islam in India, লাহোর ১৯৪৩ খৃ. ।

তথ্যসূত্র: ইসলামী বিশ্বকোষ

Life Sketch of Syed Ahmed Shahid

Maulana Syed Abul Hasan Alj Nadwi

Abridged By (Late) Maulana Muhammed Sani Hasani

Translated By Qazi Abdul Hameed

The Pitiable Conditions off Muslims in thirteenth Century India

The political, religious and moral condition of Muslims in India in the thirteenth century Hijri (the end of eighteenth and beginning of nineteenth century C.E.) had come down to rock bottom. The Mughal Empire had disintegrated and East India Company and its allies swayed over various parts of India. The remaining parts were held by petty rulers and ^sardars. The Mughal King, Shah 'Alam, was a figure-head. The whole of South India was at the mercy of Marathas. The Punjab and part of Afghanistan were ruled by the Sikhs. The capital, Delhi and adjoining areas were *the* target of Maratha and Sikh forays. The political credibility of the Muslims was at a low ebb. They had no leader who could unite them. They were weak and anybodz could harass them at will.

The moral fabric of the Muslim society was shattered and many sinful and heretic practices had become a fashion and people used to pride over them. The use of alcohol was not uncommon, the high and low revelled in wild orgies. The morality and sense of shame had lost their importance with some people; many Muslim women had entered the European households.

The polytheistic and heretic rites had infiltrated in the "millat". The Muslims had acquired such beliefs for which the Jews, Christians and infidel Arabs had earned the wrath of Allah. Many un-Islamic and Shiite rituals had entered the 'sunni' society and most of its members had lost sight of 'shariat'. The Islamic traditions were being forsaken. The injunctions of Glorious Qur'an and 'traditions' were not observed even in literate and respectable Muslim families. The widow re-marriage, daughter's share in property and traditional greetings were under taboo by social conventions. The same way the obligatory duty of Hajj was dropped on the pretext of anarchic and disorderly

conditions. The Glorious Quran was thought to be a riddle not to be understood or impossible to be explained by the uninitiated and it was considered a 'forbidden tree'.

But it would not be correct to presume that the thirteenth century was all unenlightened or devoid of learning, religious activity, spiritual life or there was no pursuit of knowledge. The earlier part of thirteenth century is historic for Islam and Muslims in India. There were such erudite scholars that it would not be easy to find their equals anywhere else, scholars who were unique for their profound knowledge and understanding of Traditions of the Prophet (peace be on him) and geniuses in the fields of literature and poetry, tutors with encyclopaedic knowledge and sufis and mystics of high order were all there. There was a net-work of schools and monasteries (khanqah) and 'ulama[1] who were busy in teaching and preaching, writing and compiling, the schools and 'khanqah' were full of students and disciples (murid) in those days.

It cannot, however, be denied that the store of knowledge, which their predecessors had built up was being depleted for want of replenishment. There was no further addition and no progress. There were geniuses in different branches of learning but their energies were being frittered away for want of purpose in life. The noble qualities of fortitude and bravery, sense of shame and ambition were being wasted for contemptible ends and epicurism was the order of the day. There were scattered sages and geniuses but no organised bodz as such. The life had lost its moorings and there was no trace of any useful and popular movement.

There was an urgent need for such a person or bodz of persons who would utilise the talents of these persons and give them a direction, who would popularise the ecstasy of 'khanqah' and the light of learning of the schools. The 'ulama' who would ride the chargers and the 'mujahid' who would enkindle the flame of love of Allah, provide warmth to the low-spirited and enliven the spirit of religion from one end of the country to the other, who would put to good use the inherent talent of the Muslims; who would have foresight; who would not consider anything useless; who would have the healing-touch of a christ; who would be the epitome of all such qualities which go to make one an 'imam' of his time. This was the singular honour for which Syed Ahmed was the most suitable person in the galaxy of 'ulama' and sages. We are narrating in this book the selected facts and tales of his tenacity of purpose, impact on Muslim society and revolutionary changes which he brought about during his life time.

The Family

দ্বিতীয়ত, ওয়াহাবীরা সবখানে ওলীআল্লাহ, নবী-রাসুল এমন কি হযরত রাসূলে আকরাম (সাঃ) কেও মৃত মনে করে, সেখানে তিনি প্রিয়তম রাসূল (সা.) কে জিন্দা নবী হিসেবে বিশ্বাস করেন। অসংখ্য বার তিনি স্বপ্নে রাসূল (সা.) এর দীদার লাভ করেন ও তাঁর কাছ থেকে নির্দেশ ও হিদায়াত লাভ করেন।

তৃতীয়ত, অবিভক্ত বাংলা ও আসামে যে সব সূফী তরীকা তথা দরবার প্রধান যথা- ফুরফুরা, জৌনপুর, শর্ষিনা, ধামতী, ফুলতলী ইত্যাদি এগুলোর সিলসিলা এক পর্যায়ে সাইয়্যিদ আহমদ বেরলভীতে যেয়ে মিলিত হয়েছে। সুতরাং তাকে ওয়াহাবী বলা মানে এমন সূফী তরীকাকেও ওয়াহাবী বলে সাব্যস্ত করার শামিল।

সুতরাং যেসব বক্তা ও লেখক সাইয়্যিদ আহমদ শহীদ বেরলভীকে ওয়াহাবী বলে চিহ্নিত করেন তাঁরা তথ্য সংকটের শিকার। তবে তাঁকে যে ওয়াহাবী বলে অপবাদ দেওয়া হয় তার একটি কারণ আছে। আর তা হচ্ছে ইংরেজরা ভারতের স্বাধীনতা সংগ্রামী আলিমদের আরবের মুহাম্মদ ইবনে আবদুল ওয়াহাব নজদীর অনুসারী বলে চিত্রিত করার অপচেষ্টা করেছিল। উইলিয়াম হান্টারসহ অনেক লেখকই এ ধারার অপতৎপরতার সাথে যুক্ত। ইতিহাস স্বাক্ষী দেয় যে, ভারতে বিশেষ করে উত্তর ও পূর্ব ভারতে ইসলাম প্রচারিত হয়েছিল সূফীগণের মাধ্যমে। তাই এখানে যে ইসলাম জনগণের হৃদয়ের গভীরে শেকড় গেড়েছে সেটি সূফী আদলের ইসলাম। তাই যদি কোনভাবে স্বাধীনতার নেতৃত্ব দানকারী আলিমদের সূফীবাদ বিরোধী তথা ওয়াহাবী বলে চিত্রিত করা সম্ভব হয়, তাহলে জনমনে তাঁদের যে উচ্চ স্থান আছে সেটা চলে যাবে এবং জনসাধারণ তাঁদের অনুবর্তী হবে না।

এই গভীর মনোসামাজিক ধর্মীয় কারণে সায়্যিদ আহমদ সহ সেইসব সর্বত্যাগী সাহসী আলিমদের বিরুদ্ধে ওয়াহাবিয়াতের অভিযোগ উত্থাপন করার অপচেষ্টা করা হয়। দ্বিতীয় অভিযোগ যে, সাইয়্যিদ আহমদ বেরলভী পরিচালিত সংগ্রাম সাম্প্রদায়িক ছিলো। এ কথাটিও কোনভাবে গ্রহণযোগ্য নয়। ধর্মীয় বিবেচনা ছাড়াও সাধারণ নৈতিকতা ও ঐতিহাসিক দৃষ্টিভঙ্গি এ অভিযোগ সমর্থন করে না। প্রথমে আমরা এ অভিযোগটি সাধারণ নৈতিক যুক্তি আলোকে বিচার করবো। অন্যায়ের বিরুদ্ধে বিদ্রোহ ন্যায়সঙ্গত। এটি সাধারণ্যে গৃহীত একটি কর্মনীতি। জাতিসংঘ স্বীকৃত সার্বজনীন মানবাধিকারের প্রথম প্রস্তাবটিই হলো মানুষের বেঁচে থাকার অধিকার। প্রতিটি মানুষের সম্মান ও মর্যাদার সাথে বেঁচে থাকার অধিকার আছে। জাতিসংঘ স্বীকৃত সার্বজনীন মানবাধিকারের অপর একটি অনুচ্ছেদের মর্মকথা হলো মানুষের স্বাধীনভাবে ধর্ম পালন ও প্রচার করার অধিকার আছে। তাছাড়া যুদ্ধ সংক্রান্ত নৈতিকতায় বলা হয়েছে যে, সব যুদ্ধ এক পর্যায়ের

নয়। কিছু যুদ্ধ আছে অন্যায় যুদ্ধ, কিছু যুদ্ধ আছে ন্যায় যুদ্ধ, অন্য কথায় সব যুদ্ধই অন্যায় নয়। তা যদি হতো তাহলে দেশের মুক্তিযুদ্ধ বা স্বাধীনতার আন্দোলন অনৈতিক হতো। তা তো নয়ই বরং মুক্তিযুদ্ধ একটি ন্যায় যুদ্ধ, জাতির অস্তিত্বের লড়াই। সাইয়িদ আহমাদ বেরলভী (র.) কর্তৃক শিখদের বিরুদ্ধে পরিচালিত যুদ্ধ সম্বন্ধেও একই কথা প্রযোজ্য। এরই ক্রমধারায় ইংরেজদের বিরুদ্ধে পরিচালিত সব সংগ্রামই ন্যায়সঙ্গত। স্বদেশ, স্বজাতি ও স্বধর্মের অস্তিত্ব সংরক্ষণ ও বিকাশের লক্ষ্যে পরিচালিত লড়াই তাই নৈতিক লড়াই। এই ন্যায় যুদ্ধের একজন নির্ভীক সেনাপতি ছিলেন হযরত সাইয়িদ আহমদ বেরলভী (র.)। অবশ্য ন্যায় যুদ্ধ ততক্ষণ পর্যন্ত বৈধ যতক্ষণ এর প্রয়োজন থাকে এবং সে ক্ষেত্রেও কতগুলো নৈতিক সীমা ও শর্ত মেনে চলতে হয়। তা না হলে যুদ্ধ তো ন্যায় যুদ্ধ হবে কিন্তু সীমা অতিক্রমকারীর আচরণ নৈতিক হবে না। আমরা যদি সায়্যিদ আহমদ বেরলভীর সময়ের পশ্চিম ভারতের দিকে তাকাই তাহলে দেখবো যে, সত্যিই সেখানে মুসলমানগণ ছিল চরমভাবে নির্যাতিত। যুদ্ধাংদেহী শিখ নেতারা নির্বিচারে মুসলমানদের উপর সীমাহীন নির্যাতন করে যাচ্ছিল। এসব নির্যাতিত মুসলমানদের জানমাল ও সম্মান রক্ষা করার সংগ্রাম সাম্প্রদায়িক হতে পারে না বরং এটি শক্তিমান সাহসী মানুষের জন্য অবশ্য পালনীয় একটি মানবিক কর্ম এবং অবশ্যই নৈতিকও বটে। এবার আমরা দেখবো এ ব্যাপারে ইসলাম কী নির্দেশনা দেয়। পবিত্র কুরআন ও হাদীসে নিপীড়িত মানবতার সাহায্যে এগিয়ে যাওয়ার জন্য অসংখ্য নির্দেশনা রয়েছে। কিছু সংখ্যক মানুষ মুসলমান বলে তারা সাধারণ মানবসুলভ আচরণও পাবে না এমন মনোভাব তো চরম জাতিগত বিদ্বেষ ছড়ানোর নামান্তর। এখন আমরা পবিত্র কুরআন থেকে একটি আয়াত ও রাসূল (সা.) এর অসংখ্য হাদীস থেকে একটি প্রাসঙ্গিক হাদীস উদ্ধৃত করবো। পবিত্র কুরআনে বলা হয়েছে- "তোমাদের কী হয়েছে যে তোমরা আল্লাহর পথে সে সব অসহায় নর-নারী ও শিশুদের জন্য লড়াই কর না যারা ফরিয়াদ করছে, হে আমাদের প্রতিপালক! যালিমদের এ জনপদ থেকে বের করে আমাদের অন্য কোথাও নিয়ে যাও, তুমি আমাদের জন্য তোমার কাছ থেকে একজন অভিভাবক নিযুক্ত কর এবং আমাদের জন্য একজন সাহায্যকারী পাঠাও" (৪:৭৫)। পবিত্র হাদীসে বলা হয়েছে যে, যে ব্যক্তি কোন নাজায়িয কাজ দেখে ক্ষমতা থাকলে সে যেন তা হাত দ্বারা তথা শক্তি প্রয়োগে বন্ধ করে দেয়। যদি তার ততটা ক্ষমতা না থাকে তাহলে সে যেন জবান দ্বারা খারাপ কাজের প্রতিবাদ করে। যদি এতটা ক্ষমতাও তার না থাকে তাহলে যেন সে অন্তর দ্বারা এ ধরনের কাজকে ঘৃণা করে, আর এটাই ঈমানের সর্বনিম্ন স্তর।" (মুসলিম)

সাইয়্যিদ আহমদ বেরলভী (র.) এর জীবনী আলোচনা করলে দেখা যায় তিনি প্রথম জীবনে গতানুগতিক কিতাবী লেখাপড়ায় তেমন মনোযোগী ছিলেন

না। জন্মগতভাবে তিনি সুঠাম ও শক্ত গঠনের অধিকারী ছিলেন। বিভিন্ন ধরনের শরীর গঠনমূলক খেলাধুলা ও ব্যায়ামে তিনি ব্যস্ত থাকতেন। তিনি পরোপকারী ও সেবাপরায়ণ ছিলেন। বিপদগ্রস্থ মানুষের সাহায্যে তিনি ছুটে যেতেন। সামরিক শিক্ষা গ্রহণের জন্য তিনি যৌবনে মধ্য ভারতের টংক-এর নবাবের সেনাবাহিনীতে যোগদান করেন এবং একজন দক্ষ সৈনিক ও পরবর্তী সময়ে কৌশলী সেনাপতি হিসেবে নিজেকে গড়ে তোলেন। বলা বাহুল্য, এমন একজন মানুষের পক্ষে স্বজাতি ও স্বদেশের দুংখের দিনে নীরব দর্শকের ভূমিকায় বা কেবল ওয়াজ নসীহত করে সন্তুষ্ট হওয়া সম্ভব ছিল না। তাই কুদরতই অলক্ষ্যে তাঁকে গড়ে তুলেছিল আগামী দিনে অধঃপতিত ও নির্যাতিত মুসলিম জাতি ও ভারতবাসীকে মুক্ত করার জন্য, স্বদেশীয় অত্যাচারী শিখ ও বিদেশী ইংরেজ সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে সশস্ত্র সংগ্রাম গড়ে তোলা, এ সংগ্রামকে সংহত করা ও নেতৃত্ব দানের জন্য। একজন লেখক অবশ্য অন্য কথা বলেছেন। তিনি লিখেছেন যে, সায়্যিদ আহমদ বেরলভী (র.) পরিচালিত আন্দোলন নবুওয়াতের অনুসরণে পরিচালিত ইসলামী খিলাফত প্রতিষ্ঠার আন্দোলনই ছিল এবং তা সফল হতো যদি তিনি সূফীবাদের দিকে ঝুঁকে না পড়তেন। তাঁর মতে সূফীবাদ থেকে সত্যিকার সফলতাকামী ইসলামী প্রচেষ্টাকে নিরাপদ দূরত্ব বজায় রেখে চলতে হবে। উল্টোভাবে এ কথা থেকে প্রমাণিত হয়,

এক- তিনি ওয়াহাবী ছিলেন না; দুই- সূফীবাদ অংশটুকু বাদ দিলে তার আন্দোলন সঠিক ইসলামী আন্দোলন ছিল।

এবার আমরা সাইয়্যিদ আহমদ বেরলভী (র.) এর একটি চিঠি থেকে কিছুটা উদ্ধৃতি দেব যে চিঠিতে তিনি স্পষ্ট উল্লেখ করেছেন যে কোন পার্থিব বা জাগতিক কারণে তিনি সংগ্রাম করছেন না। কোনরূপ উচ্চাভিলাষ পূরণ বা সুনাম অর্জন করাও তাঁর লক্ষ্য নয় বরং সত্য ও ন্যায় প্রতিষ্ঠা, অন্যায়ের প্রতিরোধ এবং মানবাধিকার রক্ষা করাই তাঁর সব কর্মপ্রচেষ্টার মূল উদ্দেশ্য।"...কেউ কেউ ধনৈশ্বর্য ও রাজ্য দখলের জন্য, আবার কেউ কেউ নিজের বীরত্ব ও বাহাদুরী প্রদর্শনের জন্য, আবার কেউ কেউ শাহাদাতের গৌরব অর্জনের জন্য যুদ্ধ করে থাকে। কিন্তু এ যুদ্ধে আমার উদ্দেশ্য ভিন্নতর। আমার একমাত্র উদ্দেশ্য হচ্ছে মহান রবের নির্দেশ পালন করা, যিনি একমাত্র মালিক ও নিরঙ্কুশ ক্ষমতার অধিকারী। মহা গৌরবান্বিত ও মহিমান্বিত আল্লাহ এ কথার সাক্ষী যে, এ যুদ্ধ বিগ্রহ দ্বারা তাঁর হুকুম পালন করা ব্যতীত আমার অন্য কোন উদ্দেশ্য নেই। এতে ব্যক্তি স্বার্থ হাসিলের কোন স্পৃহা না আমার মুখে কখনও উচ্চারিত হয়েছে, আর না কখনো অন্তরে উদিত হয়েছে। ... সারকথা, আমার না আছে বীরত্ব প্রদর্শনের কোন হীন উদ্দেশ্য, আর না আছে রাজত্ব হাসিলের কোন স্বার্থ। এর জ্বলন্ত প্রমাণ এই যে, যদি কোন সম্মানিত শাসক ও শীর্ষস্থানীয় সরদার ইসলাম কবুল করেন তাহলে

আমি তাঁর বীরত্ব শতমুখে অকপটে স্বীকার করে নেব, হাজার প্রাণের বিনিময়ে হলেও তার সাম্রাজ্যের উন্নতি করবো এবং তাঁর সরকারের শ্রীবৃদ্ধির জন্য সীমাহীন প্রচেষ্টাও চালিয়ে যাব।" (সীরাতে সাইয়্যিদ আহমদ শহীদ, পৃ. ৪৫৪-৪৫৫)।

কেবল আল্লাহপাকের সন্তুষ্টির লক্ষ্যে তিনি সত্য ন্যায় বিচার প্রতিষ্ঠার জন্য সবকিছু ত্যাগ করেছিলেন। এটি মানুষের মাঝে বৈপ্লবিক পরিবর্তনের সূচনা করেছিল। সুদূর বাংলাদেশ থেকে শুরু করে ভারতবর্ষের বিভিন্ন স্থান থেকে লক্ষ লক্ষ মুসলমান তাঁর সংগ্রামী কাফেলায় যোগদান করে। ভারতের সীমা অতিক্রম করে আফগানিস্তান থেকেও অনেক লোক তাঁর সাথে শরীক হয়। অনেক হিন্দু ও শিখ মুসলমান হয়ে তাঁর সাথী হয়। কিন্তু গোত্রবাদের সংকীর্ণতা, কিছু সীমান্ত সরদারদের ক্ষুদ্র স্বার্থ চিন্তা ও কঠোর হৃদয়ের কিছু সংখ্যক শিখদের নিষ্ঠুরতা (নির্বিচারে নারী ও শিশুদের হত্যা, ঘরবাড়ী, ফসলের ক্ষেত জ্বালিয়ে দেওয়া ইত্যাদি) মুক্তিকামী মানুষের এ অগ্রযাত্রাকে মাঝপথে থামিয়ে দেয়। এক অসম সম্মুখ সমরে সিংহ পুরুষ ও মর্দে মু'মিন ও সাচ্চা মুজাহিদ শাহাদাত বরণ করেন। আর সে সাথে রাসূলের আদর্শে একটি ন্যায় বিচারপূর্ণ মানবিক সমাজ নির্মাণের আকাঙ্ক্ষা অপূর্ণ থেকে যায়।

এখন আমরা অতি সংক্ষেপে বর্তমান সময়ে সাইয়্যিদ আহমদ বেরলভী (র.) এর আদর্শের প্রাসঙ্গিকতা নিয়ে মাত্র দু'টি কথা বলবো। প্রথম কথা হলো ঃ তাঁর আদর্শ হলো সূফীবাদী ইসলাম, তবে তাঁর সূফীবাদ নিষ্ক্রিয়, বিদআত মিশ্রিত সূফীবাদ নয়। এটি জীবনমুখী, সাহসী, অন্যায়ের প্রতিবাদকারী, সত্য ও ন্যায় প্রতিষ্ঠার জন্য জীবন বাজী রাখা সূফীবাদ। সূফীবাদ হলো ইসলামের প্রাণ। প্রাণহীন দেহ দুর্গন্ধ ছড়ায়। মহান আল্লাহর সঠিক পরিচয় ও প্রিয়নবী (সাঃ) এর প্রতি সীমাহীন ভালবাসা ও তাঁর আদর্শের পূর্ণ অনুকরন ব্যতীত সত্যিকার ইসলাম প্রতিষ্ঠা করা সম্ভব নয়। প্রকৃত সূফী চেতনাহীন ইসলাম পরিশেষে জাগতিক সুবিধাবাদিতা বা ভেদবুদ্ধির রাজনৈতিক ফায়দা লুটার কৌশলে পরিণতি লাভ করে। মুসলমানদের দীর্ঘদিনের রাজনৈতিক ইতিহাস এ কথার সত্যতা বহন করে। অপরদিকে পবিত্র কুরআন, হাদিস, সাহাবায়ে কিরাম ও আহলে বায়তের অনুসরণ ও অনুবর্তিতাহীন সূফী সাধনা নাফসানিয়াতের কানাগলিতে পথ হারিয়ে ফেলে। স্বার্থবাদী নফস পূজারী ভন্ড সূফীদের জীবন কর্ম দেখলে যে কোন চোখ-কান খোলা মানুষের কাছে এ ধারার সূফী পথের বিভ্রান্তি ধরা পড়বে। আজকের মুসলিম দুনিয়ার দিকে তাকালেও আমরা প্রকৃত সূফী চেতনাহীন ইসলামী প্রয়াস ও ভন্ড সূফী নামধারীদের ধর্মের নামে ব্যবসা পরিচালনা লক্ষ্য করলে জাগতিক প্রয়াসের মধ্যে প্রকৃত সূফী জীবনবোধ যুক্ত করার অপরিহার্যতা স্বীকার করতে বাধ্য। সায়্যিদ আহমদ বেরলভী (র.) এর জীবনাদর্শ আমাদের পূর্ণ ইসলাম প্রতিষ্ঠার এ সঠিক রাজপথের দিকে নিরন্তর আহ্বান জানায়।

সায়্যিদ আহমদ বেরলভী (র.) এর দ্বিতীয় আদর্শ হলো অন্যায় ও অসত্যের বিরুদ্ধে, মানবিক অধিকার ও ন্যায়বিচার প্রতিষ্ঠার উদ্দেশ্যে নিঃস্বার্থভাবে লড়াই করে যাওয়া। ইসলাম সাম্প্রদায়িক কোন ধর্ম নয়। ইসলাম হলো একটি সর্বমানবিক, সর্বকল্যাণ সমৃদ্ধ জীবনমুখী আদর্শ। ইসলামে আল্লাহর যে পরিচয় দেওয়া হয়েছে তাতে তিনি সমস্ত বিশ্বের কেবল স্রষ্টা নন, তিনি করুণাময় প্রতিপালক, পরম ন্যায় বিচারক ও সব শুভ ও কল্যাণের সংরক্ষক। ঠিক একইভাবে রাসূল (সাঃ) কেবল আরববাসী বা মুসলমানদের জন্য পথ প্রদর্শক নন। তিনি সব সৃষ্টির জন্য মহান আল্লাহর করুণার মূর্ত প্রতীক। ইসলামী জীবন পদ্ধতি জন্মগত নয়, সত্য-উপলব্ধি-জাত। সেজন্য ইসলামে কেবল জন্মগত কোন শ্রেষ্ঠত্ব নেই। শ্রেষ্ঠত্ব সঠিক বিশ্বাস ও সৎকর্ম নির্ভর। পবিত্র কুরআনে বলা হয়েছে; 'তোমাদের মধ্যে ঐ ব্যক্তি সবচেয়ে সম্মানিত, যে সর্বাধিক মুত্তাকী'।

রাসুল (সা.) বলেছেন, যার কর্ম তাকে পিছনে টানে, তার বংশ পরিচয় তাকে আগে বাড়াতে পারে না।

আমরা যদি এখন বিশ্ব পরিস্থিতির প্রতি দৃষ্টি নিবদ্ধ করি তাহলে দেখবো নয়া উপনিশাসক বিশ্বায়নের নামে ক্ষুদ্র ও দুর্বল জাতিসত্তাকে গ্রাস করতে সর্বশক্তি নিয়োজিত করছে, শক্তিশালী প্রচার মাধ্যমের সাহায্যে তারা আংশিক তথ্য দিয়ে বিশ্ব জনমতকে প্রভাবিত করছে, একটা কৃত্রিম সংস্কৃতি নির্মাণ করতে প্রয়াসী হচ্ছে, অপ্রয়োজনীয় ও বিলাসবহুল জিনিসপত্র তৈরী করে সেগুলো বিশ্বব্যাপী ছড়িয়ে দিচ্ছে। বিজ্ঞান ও প্রযুক্তির অশুভ ব্যবহার করে যুব সমাজকে বিপথে পরিচালিত করছে। অর্থ ও বিভিন্ন অনৈতিক পদ্ধতি দ্বারা প্রলুব্ধ করে মেধাবীদের নিজ স্বার্থ সিদ্ধির জন্য ব্যবহার করছে অথবা নিষ্ক্রিয় করে রাখছে অথবা ভোগবাদী করে তুলছে। এসব কারণে ধনী আরও ধনী হচ্ছে। গরীব আরও গরীব হচ্ছে এবং গরীবের সংখ্যা বাড়ছেই। এভাবে এক অশুভ কর্মতৎপরতায় অনেক মানুষের জীবন বাধা পড়ছে। এর বিরুদ্ধে কি শুভ বুদ্ধির অধিকারী বিবেকবান মানুষের কিছুই করণীয় নেই? সায়্যিদ আহমদ বেরলভী (র.)-এর মহৎ ও সাহসী, ত্যাগী ও তৎপর জীবন এ দুর্যোগময় পরিস্থিতিতে আলোর দিশা হিসেবে কাজ করে। তাঁর আহবান মানবতার কল্যাণকামী সব মানুষের জন্য, এখানে কোন ধর্ম ও জাতির প্রশ্ন নেই। তাঁর এ ডাক পরিবর্তনকামী তথা শোষণমুক্ত সমাজ নির্মাণের সব কর্মীদের জন্য। সে কারণে তাঁর আদর্শ সমকালীন দেশীয় ও বিশ্ব পরিস্থিতিতে খুবই প্রাসঙ্গিক। মহান আল্লাহ আমাদের সঠিক পথে চলার তাওফীক দিন, আমীন।

উপাচার্য-গ্লোবাল ইউনিভার্সিটি
প্রাক্তন চেয়ারম্যান - দর্শন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

সংগ্রহ : বালাকোট-চেতনা উজ্জীবন পরিষদ, সম্মেলন স্মারক ২০১৬

মুসলিম চেতনায় বালাকোট
ও সৈয়দ আহমদ শহীদ (রহঃ)
কাযী মুহাম্মদ আবুল বয়ান এম. আর. রহমান হাশেমী

হযরত সৈয়দ আহমদ শহীদ (রঃ) যিনি তেরোশ' হিজরীর মোজাদ্দেদ হিসেবে তরীকায়ে মোহাম্মদীয়া প্রতিষ্ঠার মাধ্যমে চারটি তাওয়াজ্জুহ বিশিষ্ট নির্ভেজাল সিলসিলার ইমাম ছিলেন। তাঁর প্রায় শ'খানেক খোলাফা দ্বারা উপমহাদেশে ও বহির্বিশ্বে এখনও তাঁর সিলসিলাগুলো জারী রয়েছে। যা আমলের মাধ্যমে সাধারণ মুসলমান মোমেনে কামেল ও অলীয়ে কামেল হিসেবে কবুল হচ্ছেন। এ পন্থায় আজকের মুসলমান সমাজে এবং দেশে ইসলাম প্রতিষ্ঠা ও প্রচারের এক অনন্য তাজদিদী বিপ্লব পরিচালিত হয়েছে ও হচ্ছে। সিলিসলা গ্রহণের মাধ্যমে এ শতাব্দীতে বিশ্বের মুসলমান অশান্তির কালো মেঘের নীচে খুঁজে পাচ্ছেন শান্তির আবেশ ও পরশ। মুসলমান জনসমাজে প্রতিষ্ঠিত ও পালিত হচ্ছে প্রকৃত ইসলামী জিন্দেগী। বলার অপেক্ষা রাখেনা যে, মুসলমানদের অসহযোগী মনোভাব আর হিন্দুদের অনুগত সমর্থন-এ দুই নিয়েই শুরু হয়েছিল ভারতীয় উপমহাদেশে বৃটিশ শাসন। মুসলমানরা এ পরিবেশকে 'দারুল হারব' বা শত্রু কবলিত এলাকা বলে ঘোষণা করলো। ইসলামী শরীয়ত অনুযায়ী 'দারুল হারব' এমন এলাকাকে বুঝায়, যেখানে ইসলামী জীবন ব্যবস্থা বাস্তবায়নের জন্য আন্দোলন চালিয়ে যাওয়া অথবা সেখান থেকে হিজরত করা মুসলমানদের জন্য ফরজ-অবশ্য কর্তব্য হয়ে পড়ে। বিদেশী ইংরেজ বেনিয়াদের সাথে ষড়যন্ত্র করে অনুগত হিন্দুরা মুসলমানদেরকে শুধু রাষ্ট্রীয় ক্ষমতা থেকেই বিচ্যুত করেনি, বরং তাদেরকে অর্থনৈতিক, সামাজিক, ধর্মীয়, শিক্ষা এবং সাংস্কৃতিক দিক থেকেও চরম দেউলিয়াপনার দিকে ঠেলে দিয়েছে। উপমহাদেশে 'দারুল হারব'-এ উপলব্ধির ফলেই এই অঞ্চলের মুসলমানেরা ইংরেজ শক্তির উপর বার বার বিক্ষোভে ফেটে পড়েছে। সতেরশ সাতান্নর পর থেকে শুরু করে পুরো একশতকেরও অধিককাল মুসলমানেরা দেশটিকে প্রজ্বলিত রেখেছিল বিদ্রোহের অনলে, এবং এরই চরম বিস্ফোরিত রূপ দেখা দিয়েছিল আঠারোশত সাতান্ন'র সারাদেশ ব্যাপী গণ আন্দোলন তথা সিপাহী বিদ্রোহ, এর পরে ছিল আঠারোশত চৌষট্টির সীমান্ত অভিযান। সতেরশত

পঁয়ষট্টির ফকির বিদ্রোহ দিয়ে এ সংগ্রামের অধ্যায়ের সূচনা। মাঝখানে তিতুমীরের বিদ্রোহ, হাজী শরীয়তুল্লাহ ও দুদুমিয়ার আন্দোলনে সৈয়দ আহমদ ব্রেলভী (রহঃ) এর অভ্যুদয় সর্বশেষ পাটনা, আম্বলার ষড়যন্ত্র মামলার মাধ্যমে সে সশস্ত্র সংগ্রাম অধ্যায়ের ঘটে পরিসমাপ্তি। একদিকে মুসলমানদের রাষ্ট্রীয় ক্ষমতার অবসান, অপরদিকে বর্বর মারাঠাদের উপুর্যপরি আক্রমণ, পলাশীর প্রান্তরে ইংরেজদের বিজয়, পাঞ্জাবে শিখদের রাজনৈতিক উচ্চাভিলাষ, এসব পরিবেশ পরিস্থিতির সমন্বয়ে উপমহাদেশের অধিবাসীদের ঘাড়ে তাদের ভাগ্য নিয়ন্ত্রা হিসেবে জগদ্দল পাথরের মত চেপে বসলো ইংরেজ আধিপত্যবাদ। নিজেদের চরম অবহেলার ফলে সবকিছু হারিয়ে ফেলার পর মুসলমানরা তাদের শেষ সম্বল 'ঈমান' টুকু হারাতে রাজী হলনা। চারিদিকের প্রতিবন্ধকতা আর চাপের মুখে এবং অনুশোচনার তীব্র কষাঘাতে তাদের মধ্যে ঈমানী চেতনার বাণ ডাকলো। দেশে প্রতিকূল পরিবেশ থাকায় কৌশলগত কারণে সরাসরি রাজনৈতিক আন্দোলনের পথে অগ্রসর না হয়ে মুসলিম নেতৃবৃন্দ উপমহাদেশের বিভিন্ন অঞ্চলে ধর্মীয় সংস্কার আন্দোলন শুরু করেন। প্রথম থেকেই আন্দোলনের ব্যাপারে তাদের একটা বিশেষ দৃষ্টিভঙ্গি ছিল, তা হচ্ছে এই যে, ইসলামের সত্যিকার আদর্শ থেকে বিচ্যুতিই হচ্ছে মুসলমানদের পতনের মূল কারণ। তাই কুরআন ও হাদীসের প্রতি কঠোর আনুগত্যকে ভিত্তি করেই তৎকালীন মুসলমানদের সংগঠনগুলো গড়ে উঠেছিল। এ ধরনের একটি আন্দোলনের নেতৃত্ব দিয়েছিলেন শহীদ সৈয়দ আহমদ বেরলভী রহ্‌মতুল্লাহি তায়ালা আলায়হি।

ত্বরীকায়ে মুহাম্মদী (দঃ) আন্দোলন ঃ- আমীর খান পিন্ডারীর বাহিনীতে যোগদানের পর প্রাথমিক পর্যায়ে কেউ তাঁকে চিনতো না, উন্নত ব্যক্তিত্ব এবং চারিত্রিক মাধূর্যের কারণে মাত্র কিছুদিনের মধ্যেই তিনি সকলের প্রিয় পাত্র হয়ে উঠলেন। তাঁর ব্যক্তিত্ব এবং বুদ্ধিমত্তার ফলে নবাব সাহেব তাঁকে খুব সম্মান করতেন। এমনকি সব ব্যাপারে সৈয়দ সাহেবের পরামর্শ গ্রহন এবং তা বাস্তবায়ন করতেন। সেনাবাহিনীতে চাকুরী করার পরও সৈয়দ সাহেব সুযোগ পেলেই নফল নামাজ পড়তেন। আশেপাশে দাওয়াতী কাজ করার মত লোক না পেলেও তিনি চাদর মুড়ি দিয়ে নিরিবিলিতে প্রভুর মোরাকাবা মোশাহাদায় সময় অতিবাহিত করতেন। নবাব আমীর খান ইংরেজদের সাথে সন্ধি করতে চাইলে তাঁর মন্ত্রী পরিষদের প্রায় সকলেই ঐক্যমত প্রকাশ করলেন। কিন্তু সৈয়দ সাহেব এই সন্ধির প্রবল বিরোধিতা করলেন। তিনি বললেন, 'ইংরেজদের বিরুদ্ধে অস্ত্র ধরুন, আল্লাহর সাহায্য আসবে, জয়লাভ করলে গাজী হবো, মরলে শহীদ হবো। কোন মতেই তাদের সাথে সন্ধি করা ঠিক হবে না। আর যদি আপনি ইংরেজদের সাথে সন্ধি করেন, তাহলে আমি আপনার সঙ্গে থাকবোনা'। সন্ধির পর নবাব সাহেবের

বহু অনুরোধ সত্ত্বেও সৈয়দ সাহেব তাঁর কয়েকজন সাথীসহ বাহিনী ত্যাগ করে জয়পুর চলে যান। অতঃপর দিল্লী গিয়ে শিক্ষাগুরু শাহ আবদুল আজীজ দেহলবী (রহঃ) এর সাথে সাক্ষাৎ করে পুরো পরিস্থিতি ব্যাখ্যা করেন। শাহ সাহেব দোয়া করলেন। এবার সৈয়দ আহমদ মুসলিম সমাজ থেকে কুসংস্কার বিদূরীত করার কাজ শুরু করেন এবং এ উদ্দেশ্যে ব্যাপক কর্মী সংগ্রহ অভিযান পরিচালনা করেন। কুসংস্কারচ্ছন্ন মুসলিম সমাজকে হযরত মুহাম্মদ (দঃ) এর মূল শিক্ষার দিকে ফিরে আসার আহবান জানাতেন বিধায় সৈয়দ সাহেবের নীতিসমূহ ত্বরীকায়ে মুহাম্মদী (দঃ) হিসাবে ইতিহাসে খ্যাতি অর্জন করে। সর্ব প্রথম সৈয়দ সাহেব উত্তর ভারতের রোহিলা সম্প্রদায়কে আন্দোলনের দাওয়াত দেন এবং তাদেরকে কর্মী হিসেবে গ্রহণ করেন। সেখান থেকে দিল্লী পৌঁছার কিছু দিন পর অর্থাৎ তাঁর সাংগঠনিক তৎপরতার প্রথম দিকেই কয়েকজন প্রখ্যাত ব্যক্তি এ আন্দোলনে শরীক হন এবং সৈয়দ আহমদের নিকট বাইয়াত গ্রহণ করেন। এঁদের মধ্যে সর্ব প্রথম আনুগত্য গ্রহণ করেন শাহ ওয়ালিউল্লাহ দেহলবীর বড় ভাই শাহ আবদুল্লাহর পৌত্র মৌলবী ইউসুফ। তিনি জীবনের শেষদিন পর্যন্ত সৈয়দ সাহেবের বন্ধু এবং নির্ভরযোগ্য পরমর্শদাতা হিসাবে কাজ করেন। সৈয়দ সাহেবের সাথে দেহলবী বংশের নেতৃস্থানীয় লোকদের যোগদানের ফলে উপমহাদেশের মুসলমানদের মধ্যে ব্যাপক সাড়া পড়ে গেল। দেহলবী বংশের প্রভাব ও ব্যক্তিত্বের কারনে অসংখ্য মুসলমান সৈয়দ আহমদের ত্বরীকায়ে মুহাম্মদী আন্দোলনে যোগদান করেন। এতে করে ইসলামের একজন মহান শিক্ষক হিসাবে সৈয়দ আহমদ প্রসিদ্ধি লাভ করেন। লক্ষ্মৌ সফরের সময় যে সমস্ত বিখ্যাত ব্যক্তি সৈয়দ সাহেবের নিকট বাইয়াত গ্রহণ করেন তাঁদের তালিকায় মাওলানা ঈমাম উদ্দীন বাঙ্গালীর নাম বিশেষ ভাবে উল্লেখযোগ্য। বাংলাদেশের নোয়াখালী জেলার অধিবাসী ছিলেন তিনি। সৈয়দ সাহেবের খুবই অনুরক্ত ছিলেন। বাইয়াত গ্রহনের পর থেকে জীবনের শেষ পর্যন্ত সৈয়দ সাহেবের সাথী ছিলেন। আন্দোলনের নেতৃস্থানীয়দের মধ্যে আরেকজন বাংলাভাষী মুসলমানদের নাম পাওয়া যায় তিনি হচ্ছেন শেখ বুরহানউদ্দিন বাঙ্গালী। ইনিও জীবনের শেষ দিন পর্যন্ত সৈয়দ সাহেবের সাথী ছিলেন। হজ্জে যাওয়ার সময় সৈয়দ সাহেব বহুস্থান সফর করেন এবং দাওয়াতের কাজ চালাতে থাকেন। সৈয়দ সাহেবের এই সফরের সময় কোলকাতায় অবস্থানরত টিপু সুলতানের পুত্রগণ এবং তাদের স্ত্রীগণ তাঁর নিকট বাইয়াত গ্রহণ করেন। বার্মার জনৈক ব্যবসায়ী প্রায়ই বাণিজ্যিক উদ্দেশ্যে কোলকাতা সফর করতেন। সৈয়দ সাহেবের কোলকাতা অবস্থানের সময় সৈয়দ হামযা নামক এক স্বর্ণ ব্যবসায়ী বাইয়াত গ্রহণ করেন। সাধারনতঃ বার্মার লোকদের দাঁড়ি খুব কম হয়, কিন্তু সৈয়দ হামযার দাঁড়ি ছিল ঘন এবং দীর্ঘ। তাই বার্মার শাসকগোষ্ঠীর নিকট তিনি খুব সম্মানিত ব্যক্তি ছিলেন। সৈয়দ হামযা দেশে ফিরে মুসলমান জনসাধারন এবং

প্রশাসনের বিভিন্ন মুসলিম কর্মকর্তার নিকট আন্দোলনের দাওয়াত দিলে বহু লোক তা গ্রহণ করেন। এভাবে ত্বরীকায়ে মুহাম্মদী আন্দোলনের দাওয়াত বার্মায়ও প্রসার লাভ করে। ১২২৪ খ্রীষ্টাব্দের মধ্যেই উপমহাদেশের সর্বত্র এ আন্দোলন সম্প্রসারিত হয়ে পড়ে। সৈয়দ আহমদ এ বিস্তৃত ভূখণ্ডে সর্বস্তরের মানুষের আশা-আকাংখার মূর্ত প্রতীক হিসাবে আবির্ভূত হন।

জিহাদের প্রস্তুতি ঘোষণা ঃ হজ্জ থেকে প্রত্যাবর্তনের পর একদিন সৈয়দ সাহেব রায়বেরেলীতে তাঁর সহকর্মীদের সাথে যিকির-আযকারে মশগুল ছিলেন। এক পর্যায়ে তিনি সকলকে ডেকে বললেন, 'যিকির বন্ধ করুন, এখন থেকে জিহাদের জন্য প্রশিক্ষণের ব্যাপারে অধিকাংশ সময় ব্যয় করত হবে'। অনেকেই বিস্মিত হলেন। প্রশ্ন উঠলো, যিকিরের মত নেকীর কাজ বাদ দিয়ে সামরিক প্রশিক্ষণের প্রয়োজন কি ? উত্তরে সৈয়দ সাহেব বললেন, বর্তমান পরিস্থিতিতে যিকির আযকারের চেয়েও গুরুত্বপূর্ণ কাজ আমাদের সামনে উপস্থিত। আল্লাহর নামে জিহাদের জন্য প্রস্তুত হতে হবে। জিহাদের সামনে অন্যসব নফল ইবাদত মূল্যহীন। জিকির-আযকার হচ্ছে জিহাদের পরবর্তী কাজ।

আন্দোলনের বিরুদ্ধে মিথ্যা প্রচার ঃ ইংরেজগণ আন্দোলনের ব্যাপকতা দেখে ক্রমেই ভীত হত লাগল এবং উপমহাদেশের মুসলমানদের বিরুদ্ধে গোপনে ষড়যন্ত্র আরম্ভ করে দেয়। যেখানে সৈয়দ আহমদ সরাসরি বৃটিশ শক্তির বিরুদ্ধে সংগ্রাম করার প্রস্তুতি নিচ্ছেন, সেখানে কর্মীদের মধ্যে জিহাদের উদ্দীপনাকে নিস্তেজ করে দেওয়ার জন্য ইংরেজগণ প্রচার করলো যে, সৈয়দ সাহেব ইংরেজদের শুভাকাংখী এবং বন্ধু।

দ্বিতীয়তঃ সৈয়দ সাহেবের ধর্ম বিশ্বাস সর্ম্পকেও বিভিন্ন ধরনের বিভ্রান্তি প্রচার করা হতো। বিশেষভাবে এই আন্দোলনকে 'ওয়াহাবী আন্দোলন' বলে প্রচার চলতো। সুন্নী মুসলমানদের মধ্যে ইংরেজরা সৈয়দ সাহেবকে সুন্নী বিরোধী একজন ওয়াহাবী বলে চিহ্নিত করার চেষ্টা করেছে।

তৃতীয়তঃ শিয়া মতবাদের মধ্যে বেশ কিছু বিদ'য়াতী আনুষ্ঠানিকতা থাকায় সৈয়দ সাহেব ও তাঁর সাথীরা বিভিন্নভাবে এর বিরোধিতা করতেন। ইংরেজগণ এটাকে সুযোগ হিসাবে গ্রহণ করে শিয়া মতবলম্বীদের মধ্যে সৈয়দ সাহেবের বিরুদ্ধে বিষোদগার করতো। যেহেতু নবি পরিবার সমূহে শিয়া মতবাদ বিস্তার লাভ করছিল।

চতুর্থতঃ ইংরেজগণ বিপুল পরিমাণ অর্থের বিনিময়ে সৈয়দ সাহেবের কয়েকজন সহচরকে ক্রয় করতে চেয়েছিল, কিন্তু সফল হয়নি। পঞ্চমতঃ ইংরেজগণ নিরক্ষর, অশিক্ষিত, অজ্ঞ, ধর্মান্ধ বলেও সৈয়দ সাহেবের বিরুদ্ধে প্রচার করতো।

জিহাদের উদ্দেশ্যে হিজরত ঃ একাধারে দশ মাস সকল দিকের প্রচার, জনসংযোগ এবং প্রস্তুতি গ্রহণের পর ১৮২৬ খ্রীষ্টাব্দের ১৭ই জানুয়ারী সোমবার সৈয়দ সাহেব হিজরতের উদ্দেশ্যে রওয়ানা হলেন। জীবনের চল্লিশটি বছর যে অঞ্চলে কাটিয়েছেন, সেখানকার প্রতিটি অলিগলির সাথে স্থাপিত ছিল অন্তরের সম্পর্ক, সকল আত্মীয় স্বজনের মায়া মমতা পরিত্যাগ করে ফরজ জিহাদ আদায়ের উদ্দেশ্যে সৈয়দ সাহেব পা বাড়ালেন। সীমান্ত অঞ্চল ছাড়া উপমহাদেশের আর কোন এলাকা সৈয়দ সাহেবের পছন্দ হলো না। কারণ সীমান্ত অঞ্চলের সম্পূর্ণ এলাকা মুসলিম অধ্যুষিত ছিল। এলাকার জনসাধারণ যুদ্ধ বিদ্যায় ছিল পারদর্শী। তাদের একাগ্র সহযোগিতার আশায় সেখানে কেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত হয়। এ সময় সীমান্তবাসীরা শিখদের অত্যাচার নিপীড়নের লক্ষ্যস্থলে পরিণত হয়েছিল। তাই অতি সহজে তাদেরকে জিহাদে উদ্বুদ্ধ করা যাবে বলে চিন্তা করা হয়েছে। সীমান্তের উত্তর-পশ্চিঞ্চলে দূর-দূরান্ত পর্যন্ত মুসলমান অধিবাসী ছিল, প্রয়োজনে তাদের সাহায্য পাওয়ার আশা ছিল। সাহায্য না করলেও বিরোধিতার কোন আশঙ্কা ছিল না। এসব অনুকূল পরিবেশের প্রতি লক্ষ্য রেখে সীমান্তকে আন্দোলন এবং জিহাদের কেন্দ্র হিসেবে মনোনীত করা হয়েছিল। কিন্তু সীমান্তবাসীদের শেষ পর্যায়ের মোনাফেকীর কারণে সমস্ত সাধনা ব্যর্থতায় পর্যবসিত হয়। এরপরও সাধারণ জ্ঞানে সৈয়দ সাহেবের সিদ্ধান্ত সর্বোতভাবে যুক্তিসংগত, মজবুত এবং সঠিক ছিল। সৈয়দ সাহেব রায়বেরেলী থেকে জিহাদের জন্যে রওয়ানা হওয়ার দশমাসের মধ্যে প্রায় তিন হাজার মাইল পথ অতিক্রম করেন। রায়বেরেলী থেকে বুন্দেলখন্ড, গোয়ালিয়র, টোঙ্ক, রাজপুতনা, সিন্ধু, বেলুচিস্তানের মরুভূমি, বিপদ সঙ্কুল পাহাড়-পর্বত এবং পানাহারের ভীষণ কষ্ট অতিক্রম করে পেশওয়ার হয়ে চরসাদ্দায় পৌঁছান। উপমহাদেশের ইতিহাসে দ্বীনকে বিজয়ী করার জন্য এমন ত্যাগ আর কষ্ট স্বীকার করার দ্বিতীয় উদাহরণ বিরল। যেমন ছিলেন ধৈর্যশীল নেতা, তেমনি কর্মী বাহিনী। সৈয়দ সাহেব এমনি একটি বজ্রকঠিন, ঐক্যবদ্ধ, সুশৃংখল, স্বার্থত্যাগী দল তৈরী করতে সক্ষম হয়েছিলেন। সীমান্তে পৌঁছার পর শিখদের সাথে ছোট ছোট কয়েকটি যুদ্ধ সংগঠিত হয়। অতঃপর জিহাদের আমীর নির্বাচনের প্রশ্ন উঠলে হান্ডের পুকুর পাড়ে আন্দোলনের উচ্চপর্যায়ের দায়িত্বশীল এবং স্থানীয় নেতৃবৃন্দের এক যৌথ সভায় ১৮২৭ খ্রীষ্টাব্দের ১১ই জানুয়ারী সৈয়দ সাহেবকে আমীর নির্বাচিত করা হয়। পরদিন জুমার খোতবায় সৈয়দ সাহেবের নাম সংযোজন করা হয়।

শিখ নির্যাতনের বিরুদ্ধে সশস্ত্র সংগ্রাম ঃ সীমান্ত মুসলিম জনবসতির উপর শিখদের অত্যাচার বৃদ্ধি পাওয়ায় সৈয়দ সাহেব সর্বপ্রথম ১৮১৪ খ্রীষ্টাব্দে শিখদের বিরুদ্ধে সশস্ত্র সংগ্রাম শুরু করেন। শিখদের জুলুমবাজী যখন সহ্যের সীমা

অতিক্রম করে, এমনকি তারা যখন মসজিদে আজান দেয়া বন্ধ করে দেয়, গরু জবাইকে করে বেআইনী। ১৮২৬ খ্রীষ্টাব্দে সৈয়দ আহমদ কয়েক হাজার ঈমানদার মুসলমান মুজাহিদ নিয়ে শিখদের আক্রমণ করেন। জালিম শিখ শক্তির বিরুদ্ধে এই জিহাদে মুজাহিদ বাহিনীর ব্যাপক উৎসাহ পরিলক্ষিত হয়। এই জিহাদে কেবল বাংলাদেশ থেকেই ১২ হাজার মুজাহিদ অংশ গ্রহণ করে। মুসলমানদের শিবির ছিল পাহাড়ী এলাকায়। আর শিখরা ছিল সমতল অঞ্চলে। মাঝে মধ্যে আক্রমণ পরিচালনা করে মুজাহিদরা শিবিরে ফিরে আসতো নিরাপদে। উইলিয়াম হান্টারের বর্ণনা অনুযায়ী "শিখরা সমতল ভূমি ছেড়ে পাহাড়ী এলাকায় মুসলমানদের শিবির আক্রমণ করার সাহস পেতনা।" ১৮২৯ খ্রীষ্টাব্দে সৈয়দ আহমদ এক প্রবল আক্রমণের মাধ্যমে শিখদের উপর বিজয় লাভ করেন। ১৮৩০ সালের জুন মাসে জেনারেল অলার্ড ও হরি সিং নালওয়ার শিখ বাহিনীর নিকট একবার পরাজিত হয়েও মুজাহিদ সৈন্যরা অকুতোভয়ে পূণরায় সমতল ভূমি দখল করে এবং সে বছরেই পেশওয়ার তাদের হস্তগত হয়।

সীমান্ত মুজাহিদ প্রেরণের ব্যবস্থাপনা ঃ- বৃটিশ, শিখ, হিন্দু, একই সাথে এ তিন শক্তির মোকাবেলায় জেহাদী বাহিনী সংগঠিত হতে লাগলো। অঞ্চলিক প্রতিনিধিরা উপমহাদেশের প্রতিটি শহরে আন্দোলনের সর্বশেষ খবরাখবর কর্মী, সমর্থক ও শুভাকাংখীদের ঘরে ঘরে পৌছে দিতেন।

ইসলামী রাষ্ট্রের গোড়াপত্তন ঃ- পেশওয়ার থেকে পাঞ্জতার আসার পর স্থানীয় সর্দারগণ সৈয়দ সাহেবকে অভ্যর্থনা জানান এবং তাঁর নিকট বাইয়াত গ্রহণ করার আগ্রহ প্রকাশ করেন। পাঞ্জতার ও তার নিকট পার্শ্ববর্তী বিরাট এলাকায় মুসলিম জনবসতি ছিল। সৈয়দ সাহেব বিভিন্ন দিক বিবেচনা করে সর্দারদেরকে সাধারণ বাইয়াত না করিয়ে শরীয়তের বাইয়াত করালেন এবং বললেন, এ এলাকার সব অধিবাসী মুসলমান। এখানে নির্বিঘ্নে শরীয়তের হুকুম চালু করা যায়। আপনারা যদি এ এলাকায় শরীয়তের আইন চালু করেন, তাহলে আমি এখানে থাকবো। আর না হয় অন্যত্র চলে যাবো। সৈয়দ সাহেবের এই শর্তের পরিপ্রেক্ষিতে ১২৪৪ হিজরীর পহেলা শা'বান পাঞ্জতারে আলেম ও স্থানীয় নেতৃবৃন্দের এক সভা আহ্বান করা হয়। সভায় সীমান্ত খান ও আমীরগণ ছাড়াও প্রায় দু'হাজার আলেম উপস্থিত হন। যীদার আশরাফ খান এবং হান্ডের খাবে খাঁনও এ সভায় উপস্থিত ছিলেন। অত্র এলাকায় শরীয়াতের আইন চালু করার ব্যাপারে এ সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। জুমার নামাজের পর সকল খান, আমীর ও আলেমগণ সৈয়দ সাহেবের নিকট শরীয়তের বাইয়াত গ্রহণ করেন। বাইয়াত গ্রহণের সময় লিখিত শপথ নামা পাঠ করানো হয়।

শপথ নামায় ছিলঃ ১) শরীয়তের বিধি-বিধান মেনে চলার প্রতিশ্রুতিতে স্বেচ্ছায় সৈয়দ সাহেবকে ইমাম মনোনিত করে তাঁর হাতে বাইয়াত গ্রহণ করলাম।

২) এ এলাকার শরীয়ত বিরোধী কাজ বন্ধ করে শরীয়তের হুকুম প্রতিষ্ঠা করবো।

৩) ইমাম মনোনিত করার পর তার বিরোধিতা করা সাংঘাতিক অপরাধ। বিরোধিতার সীমা অতিক্রম করলে তার মোকাবেলায় অস্ত্র ধারণ সকল মুসলমানের উপর ফরজ।

৪) ইতোপূর্বেও আমরা বাইয়াত গ্রহণ করেছি। আজ আলেমদের সম্মুখে নতুন করে বাইয়াত গ্রহণ করলাম। সৈয়দ সাহেব আমাদের জন্য দোয়া করবেন, যেন আমাদের মরা-বাঁচা শুধুমাত্র ইসলামের জন্য হয়।

এই ঐতিহাসিক বাইয়াতের পর সীমান্তের বিরাট এলাকায় ইসলামী শরীয়াত চালু হয়। ক্ষুদ্র একটি ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা লাভ করে, যার নেতৃত্বে ছিলেন সৈয়দ আহমদ বেরেলভী (রহঃ)। শরীয়াতের বিধান চালু হবার পর পুরো এলাকায় শান্তি স্থাপিত হলো। একের উপর অপরের জুলুম বন্ধ হলো। জুলুম করে পলায়নের পথ বন্ধ হলো। কাজী নিযুক্ত করে বিচার ফায়সালা শুরু হলো। উৎপাদিত ফসলের একদশমাংশ (ওশর) আদায়ের ব্যবস্থা করা হলো। খারায ও যাকাত আদায় এবং বন্টনের জন্য ব্যবস্থা গৃহীত হলো। এই ভাবে সংক্ষিপ্ত সময়ের জন্য হলেও এই উপমহাদেশের এক কোনে একটি ক্ষুদ্র ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়েছিল।

আন্দোলনের বিরুদ্ধে ষড়যন্ত্র ঃ এবার একটা বিরাট বাহিনী গঠন করে প্রথমে শিখদের বিরুদ্ধে প্রত্যক্ষ এবং সশস্ত্র জিহাদ ঘোষণার পরিবেশ সৃষ্টি হয়েছিল। কিন্তু পরিতাপের বিষয় যে স্থানীয় সর্দার-মোল্লাদের সন্দেহ প্রবনতা, স্বার্থপরতা এবং অন্যায় পক্ষপাতিত্বের ফলে এই আশার আলো দেখতে দেখতেই নিভে গেল। তিন চার বছরের কঠোর পরিশ্রমের পর যে ইঙ্গিত চরম লক্ষ্যে পৌঁছার পথ উন্মুক্ত হয়ে এসেছিল, তা বরবাদ হয়ে গেল। অত্র এলাকায় সৈয়দ সাহেবের আগমনের পূর্বে স্থানীয় মোল্লাগণ জনসাধারনের নিকট থেকে চাঁদা সংগ্রহ করে সেটাকেই নিজেদের আয়ের উৎস হিসাবে ব্যবহার করতো। সৈয়দ সাহেবের আগমনের পর 'ওশর' ব্যবস্থা প্রবর্তনের ফলে মোল্লাদেরকে চাঁদা দেয়ার নিয়ম বাতিল হয়ে গেল। এ কারণে তারা ভিতরে ভিতরে নিজেদের স্বার্থে সৈয়দ সাহেবের বিরুদ্ধে ষড়যন্ত্র শুরু করে। ইসলামী বিধান প্রতিষ্ঠিত হবার পর স্থানীয় সরদারদেরও বেশ অসুবিধায় পড়তে হয়েছে। পাঠানদের শ্রেষ্ঠ অধিপতি মুজাহিদ বাহিনী বিরোধী চক্রান্তের প্রধান হোতা ইয়ার মোহাম্মদ খাঁন ১২৪৫ হিজরীর ১৫ই রবিউল আউয়াল ১৮২৯ সালের ৪ঠা সেপ্টেম্বর জায়েদার যুদ্ধে নিহত হয়। সৈয়দ আহমদ শহীদ (রঃ) কে বিষ প্রয়োগকারী এ দূররানী নেতা বারো হাজার সম্মিলিত

বাহিনী নিয়ে অগ্রসর হয়ে শোচনীয় পরাজয় বরণ করেন। হাজার খানেক ঘোড়া ও কিছু গণীমতের মাল ফেলে যায়। গণীমতের মালের মধ্যে কিছু কাগজ পাওয়া যায় যা পাঠে শিখ রাজা রণজিৎ সিং ও ফরাসী জেনারেল ওয়ানতুরা কর্তৃক সৈয়দ সাহেব (রঃ) এর পক্ষ থেকে পেশওয়ার ছিনিয়ে নেয়ার গভীর ষড়যন্ত্র ফাঁস হয়ে পড়ে। এখানে উল্লেখ্য যে, এ জেনারেল ওয়াতুনরা বা ভেন্তরা ছিলেন তৎকালীন ক্ষমতাসীন ইংরেজ সরকারের একজন সামরিক কর্মকর্তা। মোল্লা এবং সর্দারদের ষড়যন্ত্র শেষ পর্যন্ত একই সূত্রে মিলিত হয়ে সম্মিলিতভাবে যোগাযোগ করে এবং চিঠিপত্র দিয়ে ক্রমে ক্রমে ষড়যন্ত্রের জাল বিস্তার করা হলো। বিভিন্ন এলাকায় বিভিন্নভাবে অবস্থানরত গাজীদেরকে একই সাথে হত্যা করার চক্রান্ত হলো। ইংরেজ ও শিখদের সাথে গোপনে যোগাযোগ রক্ষা করা হলো। সৈয়দ সাহেবকে ইংরেজদের 'চর' হিসাবে কাজ কারার জন্য সীমান্ত এলাকায় পাঠানো হয়েছে বলে প্রচার করা হলো। প্রমাণ স্বরূপ ইংরেজদরে পক্ষ থেকে একটি ভুয়া চিঠি সীমান্তের সর্দারদের হাতে পৌঁছানো হলো। এই চিঠির ভিত্তিতে মোল্লারা জনসাধারনের নিকট প্রচার করলো যে, সৈয়দ সাহেবের সমর্থন করাতো দূরের কথা, তাঁর বিরোধিতা করাই হচ্ছে ইসলামের বড় খেদমত। এরকম একটি চিঠি সৈয়দ সাহেব (রাঃ) এর হস্তগত হলে তিনি অন্যতম পাঠান সর্দার সুলতান মোহাম্মদ খাঁনের সাথে সাক্ষাৎ করেন। সুলতান মোহাম্মদ খাঁন এই চিঠির প্রেক্ষিতে নিজের দোষ স্বীকার করেন ও ক্ষমা প্রার্থনা চান। এ সময়ে সৈয়দ সাহেব (রাঃ) সুলতান মোহাম্মদ খাঁনকে ক্ষমা করে পেশওয়ারের কর্তৃত্ব অর্পণ করেন। যদিওবা বিশ্বাসঘাতক এই দুররানী নেতাকে পেশওয়ারের শাসনভার প্রদান অনেক পাঠান সরদার এবং সৈয়দ সাহেব (রাঃ)'র ভক্তদের অনেকে সহজ ভাবে গ্রহণ করতে পারেননি। কিন্তু সুলতান মোহাম্মদ খাঁনের ক্ষমা প্রার্থনা যে শুধু প্রহসন মূলক ছিল তা পরের ঘটনাপঞ্জিতে সহজে ভেসে উঠে। সৈয়দ সাহেব পাঠান সর্দার ও কায়েমী স্বার্থবাদী মোল্লাদের বিভৎস বেঈমানীর ও নিষ্ঠুর কান্ডে বিশেষভাবে মর্মাহত হন। শিখ ও ইংরেজগণ এই সুযোগের পূর্ণ সদ্ব্যবহার করে ইসলামী আন্দোলনের পৃষ্টে কুঠারাঘাত করার সিদ্ধান্ত নিল। সৈয়দ সাহেব ও তাঁর সাথীগণ এ ব্যাপারে পূর্বাভাষ পেয়েও পরিস্থিতির বাস্তবতার আঁচ করতে পারেননি। ফলশ্রুতিতে বিভিন্ন স্থানে বিচ্ছিন্নভাবে অবস্থানরত গাজীদেরকে এই বিশ্বাসঘাতকের দল নির্মমভাবে হত্যা করে। কাউকে ঘুমের মধ্যে, কাউকে নামায পড়া অবস্থায়, কাউকে পথ চলতে, কাউকে গল্পের আসরে হত্যা করা হয়। লুট করা হয় বিভিন্ন স্থানে রক্ষিত ইসলামী রাষ্ট্রের খাদ্য গুদাম সমূহ। তিনি পেশওয়ারের সমস্ত খাঁন, সরদার, ওলামাদের ডেকে মহাষড়যন্ত্রমূলক ভাবে এসব গাজী- মোজাহিদদের শহীদ করার ব্যাখ্যা চান। তখন এসব বিদ্রোহী ও বেঈমানদের পক্ষ থেকে উত্তর আসে যে, সুলতান মোহাম্মদ খাঁন কর্তৃক প্রদর্শিত ভারত থেকে প্রেরিত উস্কানীমূলক চিঠির

হুবহু নকলই এ হত্যা কান্ডের জন্য দায়ী। তখন সৈয়দ সাহেব (রহঃ) অত্যন্ত আক্ষেপের সাথে শুক্রবার বাদে জুমা ওয়াজের মাধ্যমে উনার সংস্কারমূলক ত্বরীকায়ে মোহাম্মদীয়া ও মোহাম্মদী আন্দোলনের ব্যাখ্যা প্রদান করেন এবং চিরতরে পেশওয়ারের ত্যাগের সংকল্প ব্যক্ত করেন। তখন বিশ্বাসী আলেম ওলামা ও খাঁনদের চোখ অশ্রুসজল ছিল। উনি অবশিষ্ট গাজী ও মোজাহীদ নিয়ে আল্লাহর রাহে বের হয়ে পড়েন। রেখে আসেন চার বছরের জেহাদী স্মৃতি ও প্রতিষ্ঠিত ইসলামী রাষ্ট্রের অবশিষ্ট রেশ, তাঁর সংস্কার ও সিলসিলার প্রবাহমান আবহ। এই করুণ পরিস্থিতির জিহাদের কেন্দ্র স্থানান্তরের সিদ্ধান্ত হলো এবং সৈয়দ সাহেব ঘোষণা করলেন, 'যারা নিহত হয়েছেন তাঁরা সবাই শহীদ। আমি আমার জীবন আল্লাহর পথে উৎসর্গ করে রেখেছি। সামনে আরো অধিক বিপদ মুসিবত আমাদের জন্য অপেক্ষা করছে। আমি সেদিকেই অগ্রসর হতে যাচ্ছি। যাঁরা এই অনাগত বিপদ মুসিবতকে ভয় পান, তারা যেন নিজ নিজ বাড়ীতে ফিরে যান' গাজীগণ একথা শুনে সকলেই কাঁদতে লাগলেন। প্রিয় ইমামকে জিহাদের ময়দানে একা ছেড়ে যেতে কেউ রাজী হলেন না। এরপর সৈয়দ সাহেব নিজের স্ত্রীদ্বয়কে অছিয়ত করেন, 'আমার জীবন যদি এই এবাদতেই শেষ হয়ে যায়, তবে তোমরা অন্য কোথাও বসতি স্থাপন না করে মক্কা অথবা মদীনা শরীফে চলে যাবে। কেননা এই ফেতনা-ফাসাদের যুগে এ ছাড়া অন্য কোথাও ঈমান বাঁচিয়ে রাখা দায়। কষ্ট হলেও সেখানে বসত করা শ্রেয়। ' দ্বিতীয় হিজরতের পূর্বে শেষবারের মত সৈয়দ আহমদ ব্রেলভী (রহঃ) পাঞ্জতারের লোকদের ডেকে কয়েকটি উপদেশ দিলেন। 'ফতেহ খান তোমাদের নেতা, তাঁকে ওশর দিবে। শরীয়তের নির্দেশ মেনে চলবে। ভারত থেকে আগত মুজাহিদদেরকে যত্ন করবে এবং নিরাপদে আমার নিকট পৌঁছে দেয়ার ব্যবস্থা করবে'। এরপর সৈয়দ আহমদ জিহাদের নতুন কেন্দ্রের সন্ধানে চার বছরের ক্ষুদ্র ইসলামী রাষ্ট্র পরিত্যাগ করে হিজরত পর কাফেলা নদী অতিক্রম করে। রাউজদেউরী পৌঁছলে চারিদিকে প্রচার হয়ে যায় যে, সৈয়দ সাহেব কাশ্মীর আক্রমণ করার জন্য আগ্রসর হচ্ছেন। অবশ্য এর পিছনে কারণও ছিল। সৈয়দ সাহেব রাজদেউরী পৌঁছতে পৌঁছতে মুজহিদদের আগ্রগামী দল ভোগরমঙ্গল এবং বালাকোট ছাড়া কাশ্মীরের নিকটবর্তী শহর মুযাফফরাবাদে গিয়ে পৌঁছেছিলেন। পরিস্কার মনে হচ্ছে যে, তারা কাশ্মীরে প্রবেশ করেবেন। এই সংবাদ পেয়ে রনজিৎ সিংহ তার পুত্র হরি সিংহকে সেনাপতি করে বিরাট বাহিনী সাথে নিয়ে হাযারা প্রেরণ করে। শ্যামা সিংহ এবং জাওয়াল সিংহকেও সাথে পাঠানো হলো। এরা সকলেই ছিল শিখ দরবারের অন্যতম সদস্য। যে কোনভাবেই হোক, সৈয়দ সাহেবকে কাশ্মীর প্রবেশে বাধা দেয়াই ছিল এদের প্রধান দায়িত্ব। শের সিংহ তার বাহিনী নিয়ে শানাকিয়ারী পৌঁছালো। মুজাহিদ বাহিনীর সুদৃঢ় অবস্থানের কারণে অপেক্ষাকৃত নিকটবর্তী শানাকিয়ার দূর্গ থেকে শিখ সৈন্যরা বের হবার সাহস পায়নি।

বালাকোট যুদ্ধ ও ইমাম সাহেবের শাহাদাত ঃ ১৮৩১ খ্রীষ্টাব্দে কাগান ও কাশ্মীরের কয়েকজন মুসলমান সর্দার শিখদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য প্রাথমিক ভাবে সিদ্ধান্ত গ্রহণ করেন। পরে এ ব্যাপারে সাহায্যের জন্য তাঁরা সৈয়দ আহমদ বেরলভীর নিকট আবেদন জানান। মুসলমান ভাইদের সাহায্যের ডাকে সাড়া দিয়ে সৈয়দ সাহেব মুজাহিদ বাহিনীকে তৈরী হবার নির্দেশ দেন। সোজা পথে প্রতিবন্ধকতা থাকায় সৈয়দ সাহেব তাঁর বাহিনী নিয়ে এক দুর্গম পথে কাশ্মীর রওনা হন। এদিকে মুজাহিদ বাহিনীর অগ্রসর হবার সংবাদ পূর্বেই শিখ ছাউনীতে পৌঁছে গিয়েছিল। এতদঞ্চলের শিখ বাহিনীর সেনাপতি ছিল শের সিংহ। শিখ শিবিরে শিখ সৈন্যদের সংখ্যা মুজাহিদ বাহিনীর চেয়ে বহুগুণে বেশী ছিল। ১৮৩১ খ্রীষ্টাব্দে মে মাসের ৬ তারিখে সূর্যোদয় হলো। মাটিকোটের উত্তর দিকে শিখ সৈন্যদের অগ্রযাত্রা দেখা দিল। তাদের গতি বালাকোটের দিকে। ক্রমেই শিখদের সংখ্যা বৃদ্ধিপেতে থাকে। লক্ষাধিক মুজাহিদ বাহিনী থেকে খসে যেতে যেতে এ ক্ষুদ্র আল্লাহর পথে প্রাণদানকারী গাজী ও মুজাহিদ বাহিনীকে ঠেলে দিল ইংরেজ বেনিয়া শক্তি ও বিশ্বাসঘাতক পাঠান সরদার, খাঁন, অর্থলোভী স্থানীয় মোল্লারা ভারতের সবচেয়ে মুসলিম বিদ্বেষী শিখ জাতির এক বিরাট বাহিনীর মুখে। বালাকোট থেকে শহীদ হওয়ার মাত্র এগারদিন পূর্বে প্রেরিত একটি চিঠিতে নওয়াব ওয়াজিরুদ্দৌল্লাকে লিখিত তথ্যে এসব চক্রান্তের কথা ফাঁস হয়ে যায়। অথচ পেশওয়ার গমনের সময়ে উক্ত আদি জাতির শ্রদ্ধা এতই নিরঙ্কুশ ছিল যে, তারা তাঁর ঘোড়ার পায়ে চুমু খায়। মুজাহিদ শিবিরে এবং পার্শ্ববর্তী মুসলিম জনবসতিতে শিখদের বন্দুকের গুলি এসে পৌঁছাতে লাগলো। এ পরিস্থিতিতে খুব ভোরে ভোরে খাওয়া-দাওয়া সেরে নিয়ে যুদ্ধের জন্য প্রস্তুত হবার নির্দেশ এলো। তাছাড়া শত্রুর ভয়ে সরে যাওয়া ইসলাম কখনো অনুমোদন করে না। আল্লাহর ইচ্ছা এই বালাকোটেই বাস্তবে পরিনত হবে। সৈয়দ আহমদ ব্রেলভী নিজেই আজকের যুদ্ধে সেনাপতির দায়িত্ব পালন করছেন। ছোট ছোট গ্রুপ কমান্ডারদের প্রতিও নির্দেশ এলো- সমবেত আক্রমন করা হবে। সকলেই নিজ নিজ ব্যূহের মধ্যে থেকেই গুলি চালাবে। যেহেতু শত্রু সংখ্যা বেশী। সেহেতু বিভিন্ন দলে বিভক্ত হয়ে নয়, সম্মিলিত ভাবেই আক্রমণ করলেই সুবিধা হবে। শিখ সৈন্যরা ক্রমে ক্রমে মুজাহিদ বাহিনীর দিকে স্রোতধারার মত অগ্রসর হতে থাকে। শিখ সৈন্যরা খুব কাছাকাছি পৌঁছালে ইমাম সাহেব তকবীর ধ্বনি করে আক্রমণ করলেন এবং সকলকে আক্রমণের নির্দেশ দিলেন। মুজাহিদ বাহিনীর প্রথম আক্রমণ সহ্য করতে না পেরে শিখ বাহিনী পশ্চাদপসরণ করতঃ পাহাড়ের উপর আরোহন করতে থাকে। মুজাহিদ বাহিনীর তাদের পিছু ধাওয়া করতে করতে পাহাড়ের পাদদেশে গিয়ে উপস্থিত হয়। শিখ সেনাপতির উৎসাহে শিখ বাহিনী আবার সামনে অগ্রসর হতে শুরু করে। ইমাম সাহেব পুনরায় বিদ্যুতবেগে শত্রু'র উপর ঝাঁপিয়ে পড়েন।

শত্রুদের কেউ অস্ত্র ধারণ করলো, কেউ পলায়ন করলো। কিন্তু কোথায় পালাবে? তারা পাহাড় থেকে স্রোতের বেগে নামছিল, অথচ দৌঁড়ে পাহাড়ে উঠতে পারছিল না। যারা নিচে নেমে গিয়েছিল, তাদের প্রায় সকলেই নিহত হল। উপর থেকে শিখ সৈন্যরা গুলি করছিল, বৃষ্টির মত গুলি। উভয় পক্ষে পাথর বিনিময়ও চলছে। অবশেষে অসংখ্য শিখ সৈন্য স্রোতের মত মুজাহিদ বাহিনীর উপর ঝাঁপিয়ে পড়লে প্রচন্ড যুদ্ধ, হাতাহাতি এবং মল যুদ্ধ শুরু হয়। এক একজন মুজাহিদ কোন কোন বর্ণনা মতে ১০০ জন শিখ সৈন্যের সাথে মোকাবেলা করতে করতে শাহাদত বরণ করেন। এক পর্যায়ে দুপুর ১১টা কি ১২টা দিকে গুলির আঘাতে মারাত্মকভাবে আহত হয়ে মটিকোটের খালের তীরে সৈয়দ সাহেব মানে সকলের ইমাম শাহাদাত বরণ করেন। দিনটি ছিল ১৮৩১ খ্রীষ্টাব্দের ৬ই মে, রোজ জুমাবার, ১২৪৬ হিজরীর ২০শে জিলকদ। এই যুদ্ধের পরও প্রায় তিনশত মুজাহিদ জীবিত ছিলেন। শিখ সৈন্যরা যুদ্ধক্ষেত্র পরিত্যাগ করলে মুসলিম অধিবাসীগণ মুজাহিদদের লাশ দাফন করেন। বালাকোটে দুনিয়া কাঁপানো এ সংস্কারক তথা মোজাদ্দেদ একশ ছত্রিশ থেকে একশ চুয়াল্লিশ জন মোজাহিদ নিয়ে শাহাদত বরণ করেন। তিনি বালাকোটে'র পরে রেখে গেলেন উনার প্রচারিত মোহাম্মদীয়া আন্দোলনের কিছু গাজীকে ও উনার সংস্কারের সংবিধানকে। তাঁর হাতে গড়া চল্লিশ লাখের অধিক বিধর্মী মুসলমান ও ত্রিশ লাখের অধিক সিলসিলাপন্থী মুসলমানকে। বলা প্রয়োজন যে, এ বালাকোটের ময়দানেই বাংলার বীর গাজী সূফী নুর মোহাম্মদ নেজামপুরীকে খেলাফত প্রদান করেন। এতদ সত্ত্বেও এক শ্রেণীর আলেম নামধারী হযরত সৈয়দ আহমদ শহীদ (রহঃ) এবং তাঁর মোহম্মদী আন্দোলন সম্পর্কে এমন সব কথা বলে বেড়ান যা ইংরেজদের তল্পিবাহক লেখকদেরও হার মানায়।

এ প্রসঙ্গে প্রথমে হযরত সৈয়দ আহমদ শহীদ (রহঃ) ও তাঁর আন্দোলন সম্পর্কে উইলিয়াম হান্টারের অভিমত সমূহ সুপ্রিয় পাঠকদের সামনে পেশ করতে চাই, যাতে করে সচেতন পাঠকমহল উইলিয়াম হান্টারের সাথে তথাকথিত ফতোয়াবাজ ও আত্মভোলা মোল্লাদের সাযুজ্যতা সহজে খোঁজে নিতে পারেন। এক সময়ের কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ইংরেজ সিভিলিয়ান উইলিয়াম উইলসন হান্টার তাঁর রচিত 'দি ইন্ডিয়ান মুসলমান' গ্রন্থে তৎকালীন সর্বভারতীয় মুসলমানদের জেহাদ, চেতনাকে নানাভাবে চিত্রিত করে থাকলেও হযরত সৈয়দ আহমদ শহীদের (রঃ) ও তাঁর অনুসারীদের কর্মকান্ডকেই বেশ কটাক্ষ ও বক্র দৃষ্টিতে নীচু স্থানে নিয়ে আসার চেষ্টা করেছেন। উচ্চ শিক্ষিত এই আমলা নিতান্ত মুন্সিয়ানা ভাষায় তার ভাব ও প্রতিপাদ্য বিষয়ের উপস্থাপনা করেন। ফাঁকে ফাঁকে তৎকালীন মুসলমানদের অধিকার ও দাবী বৃটিশ রাজের কাছে উপস্থাপনার ভঙ্গিতে সাফাই গাওয়ার মাধ্যমে তার দায়িত্ব পালন করার চেষ্টা করেছেন, যা সহজে প্রণিধানযোগ্য। এসব বর্ণনার মধ্যে তার অজান্তেই তৎকালীন বৃটিশরাজের প্রতি ভারতীয় মুসলমানদের

মানসিকতা, ধর্মভীরুতা, হযরত সৈয়দ সাহেব (রঃ) ত্বরীকত, জেহাদ ইত্যাদির আসলত্ব ফুটে উঠেছে। এই গ্রন্থের প্রথম দিকে এক স্থানে হযরত সৈয়দ সাহেব (রঃ) ও শিখদের সাথে বালাকোটে জিহাদ ছিল তৎকালীন ভারতীয় উলামাদের ফতোয়ারার মাধ্যমে বৈধ জিহাদ তা বর্ণনা করেছেন এবং ঐ জিহাদের জন্য তদানীন্তন ভারতীয় একজন আলেম কর্তৃক প্রচারিত জিহাদের ফতোয়ামূলক প্রচার পুস্তিকাকে কটাক্ষ করে যে বর্ণনা করেছেন তাও প্রণিধানযোগ্য। তিনি ঐ প্রচার পুস্তিকাকে তার বইতে ফতোয়া বলে উপস্থাপন করেছেন।

এই ফতোয়ার সারমর্ম ছিল নিম্নরূপ ঃ শিখেরা লাহোরে ও অন্যান্য স্থানে বহুদিন ধরে হুকুমত চালাচ্ছে। তাদের সহ্যের সীমা অতিক্রম করেছে। হাজার হাজার মুসলমানদের ললাটে লাঞ্চনা পুঞ্জিভূত হয়েছে। তাঁদের মসজিদে আযান দিতে দেয়া হচ্ছে না, গো- জবেহ একেবারে বন্ধ করে দিয়েছে যখন তাদের অত্যাচার ও অপমান সহ্যের সীমা অতিক্রম করলো তখন সৈয়দ আহমদ (তাঁর সৌভাগ্য ও প্রশংসা অক্ষয় হোক) একমাত্র দ্বীনের হেফাজত করতে কয়েকজন মাত্র সঙ্গী নিয়ে কাবুল ও পেশয়ারের দিকে রওয়ানা হলেন, মুসলমানদেরকে গোমরাহীর নিদ্রা থেকে জাগাতে সমর্থ হলেন। তিনি তাঁদেরকে তাদের কর্মক্ষেত্রে বীরের মত অগ্রসর হতে উদ্বুদ্ধ করলেন কয়েক হাজার ঈমানদার মুসলমান তাঁর আহ্বানে আল্লাহর রাহে জান দিতে প্রস্তুত হলেন সবই আল্লাহর মহিমা ইত্যাদি। এ বর্ণনার দ্বারা যে হান্টার নিতান্ত ফাঁক ফোকের কটাক্ষের মাধ্যমে তার বইয়ের আলোচনার মধ্যপথে বিরতী দিয়ে ঐ ফতোয়ার উপস্থাপন করলেও হযরত সৈয়দ সাহেব (রঃ) এর বালাকোটের জেহাদ যে, তৎকালীন আলেমগণ কর্তৃক ফতোয়ার মাধ্যমে বৈধ জেহাদ ছিল তা সহজেই ভেসে উঠে।

ঐ গ্রন্থের প্রথমার্ধে তিনি হযরত সৈয়দ সাহেব (রঃ) কে দস্যু ইত্যাদি বলে কঠোরভাবে আক্রমন করেছেন। কিন্তু হযরত সৈয়দ সাহেব (রঃ) এর চরিত্র বর্ণনা দিতে গিয়ে বলেছেন যে, তিনি বেশীরভাগ সময়ে মৌনতা অবলম্বন করতেন ও ধ্যানমগ্ন থাকতেন। ধ্যানে তিনি এতই মগ্ন হয়ে যেতেন যে, চিকিৎসা বিজ্ঞানের পরিভাষায় থাকে মৃগীরোগী বলে অভিহিত করা হয়। যদিও ইসলাম বিদ্বেষী, অবিশ্বাসী ও ধর্মের হাকিকত সম্পর্কে অনবহিত এই হান্টারের ভাষায় ধ্যানের এই উচ্চপর্যায়ের এই অবস্থাকে মৃগীরোগী হিসাবে অবহিত করা হয় কিন্তু ইসলামী তাছাউফ তথা হযরত সৈয়দ সাহেব (রঃ) এর ত্বরীকতের পরিভাষায় এই ধ্যানকে মোরাকাবা ও এই মৃগীরোগ যে, তাছাউফের ভাষায় 'অজদ' বা নুর ও তাজাল্লীর বেঁহুশী তথা জিকিরে জলি তা দিবালোকের মত সহজে পরিস্কার হয়ে যায়।

এ ছাড়া হান্টার তার গ্রন্থে পূর্বাপর বোঝাতে চেয়েছেন যে, হযরত সৈয়দ সাহেব (রঃ) ও তাঁর অনুসারীদের এই জিহাদ নিতান্ত ভাবে তাদের বিরুদ্ধে তথা

ইংরেজ কর্তৃপক্ষের বিরুদ্ধে। তার লেখার ছত্রে ছত্রে তা এমনিতেই ফুটে উঠেছে। যেমন এক জায়গায় তিনি লিখেছেন ভারতীয় এই মুসলিম জাতি তাদের একটি অংশকে সর্বদা তাদের বিরুদ্ধে নিয়োজিত রেখেছে যারা প্রথমে লাহোরে রনজিৎ সিংয়ের বিরুদ্ধে ও পরে তাদের পিছনে লেগে থাকে। যার জন্য তাদের চরম মূল্য দিতে হয়েছে এবং বেশ কয়েকটি ব্যয়বহুল যুদ্ধে লিপ্ত হতে হয়েছে।

এখানে প্রসঙ্গত বলতে হয় যে, ১৮৫৭ সালের পূর্বে মোহাম্মদী মোজাহিদগণ ইংরেজ সরকারের বিরুদ্ধে যে সব ইশতেহার প্রচার করে তার মধ্যে দু'টি বিষয় ছিল বেশী উল্লেখযোগ্য। একটি ছিল ধর্মীয় হস্তক্ষেপ ও দ্বিতীয় ছিল লাখেরাজের বাজেয়াপ্তি। এই ধর্মীয় হস্তক্ষেপ কয়েক প্রকারের ছিল। তাই এত কিছুর পরও এই ইংরেজ জাতির দৃষ্টি ছিল এখানে নয় অন্য জায়গায় অন্যখানে। এখানে একটি ব্যাপার এসে যায় যে, আমাদের বর্ণনায় প্রথমদিকে হযরত সৈয়দ সাহেব (রঃ) এর পবিত্র হজ্ব পালন বর্ণনা প্রসঙ্গে হান্টার প্রমুখের তথ্যে উনি যে পবিত্র হজ্ব পালন কালে আব্দুল ওহাব নজদীর অনুসারীদের সংস্পর্শে আসেন এবং ভারতে এসে ওহাবী মতবাদ প্রচার করেন তা সম্পূর্ণ মিথ্যা। এর প্রেক্ষিতে হান্টার প্রমুখের অনুসরণে অনেক মুসলিম ঐতিহাসিক ও লেখক উর্দু-ফার্সী কিছু পুস্তক-পুস্তিকায় ও কলেজ বিশ্ববিদ্যালয়ের কিছু পাঠ্য পুস্তকে যে সব উক্তি পাওয়া যায় তার আলোচনার আগে আমাদেরকে তৎকালীন হেজাজ নজদ প্রবেশ সন্নিবেশিত আরব দেশের রাজনৈতিক প্রেক্ষাপটের ও আব্দুল ওহাব নজদী এবং তার কর্মকান্ডের রাজনৈতিক পরিধি সন্ধানে যেতে হবে। যেমন তথাকথিত ওহাবী আন্দোলনের নেতা মোহাম্মদ ইবনে আবদুল ওহাব নজদী জন্ম গ্রহণ করেন ১৭০৩ খ্রীষ্টাব্দে। নজদের উয়াইনা এলাকার তামিম গোত্রে। ১৭২০ খৃঃ হজ্ব পালন করতে গিয়ে তুর্কী সুলতান কর্তৃক হজ্ব কার্যের কিছু অংশে তার দৃষ্টিতে অনৈসলামিক প্রতিপাদ্য হওয়ায় সুলতানের বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলেন। ফলে তিনি তুর্কী সুলতান কর্তৃক বিতাড়িত হন। আদ্দরিয়ার শাসক মোহাম্মদ ইবনে সউদের আশ্রয় গ্রহণ করেন। মোহাম্মদ ইবনে সাউদের কন্যাকে বিবাহ করেন। তারা উভয়ে তুর্কী সালতানাতের কর্মকান্ডের বিরুদ্ধে আন্দোলন ও প্রতিরোধ গড়ে তোলেন। ১৭৪৭ সালে রিয়াদের শেখের সাথে তাদের সংঘর্ষ বাধে। ১৭৮৭ সালে আবদুল ওহাব নজদীর মৃত্যু হয়। তার মৃত্যুর পর তার ও মোহাম্মদ ইবনে সউদের সংগঠিত বাহিনী ১৭৯১ সালের মধ্যে পূর্বে ভারত মহাসাগর পারস্য মহাসাগর ও উত্তরে লোহিত সাগর পর্যন্ত তাদের ক্ষমতার পরিধিকে বিস্তার করে। এই সময়ে ১৮১১ সালে মিশরের সর্বশেষ তুর্কী সুলতান মোহাম্মদ আলী পাশা তাদের এই শক্তিকে ধ্বংস করেন। ১৮১১ সালে মদীনাও ১৮১২ সালে মক্কা পুনরায় দখল করে নেন। এর মধ্যে সময়ে ১৮১৮ সালে মোহাম্মদ ইবনে সউদের মৃত্যু হয়। এই শক্তি ও মতবাদ আবার অনেক দিন পরে ১৯০৪ সালে প্রথমে নজদে ক্ষমতাকে পূর্ণ প্রতিষ্ঠা করে। ১৯২৪ ও ২৫ খৃঃ

মক্কা ও মদীনা দখল করে। ১৮১২ থেকে ১৯২৪-২৫খৃঃ পর্যন্ত এই প্রায় এক শতাব্দী আরবে তথা মক্কা মদীনাতে আবদুল ওহাব নজদীর মতবাদের অনুসারীগণ ছিল একটি পরাজিত, বিধ্বস্ত ও পলাতক সম্প্রদায়। তাদের এসময়ে মক্কা মদীনা তথা আরবের কোন অঞ্চলে প্রকাশ্যে মতবাদ প্রচার করার কোন সুযোগ ছিল না।

হযরত সৈয়দ আহমদ শহীদ (রঃ) এই সময়ে ১৮২২ সালে পবিত্র মক্কা ও মদীনা হজ্ব পালন করতে গমন করেছিলেন। কমবেশী দেড়বছর অবস্থান করেছিলেন। উপমহাদেশের হযরত সৈয়দ সাহেব (রাঃ) এর নির্ভরযোগ্য ও প্রামান্য জীবনী গ্রন্থের মধ্যে "ওয়াকেয়ায়ে আহমদী" "মাখজানে আহমদী" "সীরাতে সৈয়দ আহমদ শহীদ" "মুনজুরাতুস সয়াদ" "ওয়াসায়া" ইত্যাদি গ্রন্থ সমূহে সৈয়দ সাহেব (রাঃ) পবিত্র হজ্ব পালন ও মক্কা মদীনায় অবস্থান সম্পর্কিত যে সব বর্ণনা পাওয়া তা এ ব্যাপারে প্রনিধানযোগ্য। এ সম্পর্কে বর্ণনা যে, হযরত সৈয়দ সাহেব (রাঃ) হজ্ব পালনকালে প্রথমে মক্কার বিখ্যাত হানাফী মোহাদ্দেছ বুজুর্গ আলেম শেখ ওমর বিন আবদেরাসুল (রঃ)'র সাথে মোলাকাত করেন। এই শেখ ওমর (রঃ) এতই উচ্চ মর্যাদার আলী ও জাহেদ ছিলেন যে, তিনি তৎকালীন তুর্কী সুলতান প্রদত্ত হাদিয়াও কোনদিন গ্রহণ করেননি। কিন্তু সে সময়ে তিন হযরত সৈয়দ আহমদ শহীদ (রঃ) এর দেয়া পাঁচ রিয়াল হাদিয়া গ্রহণ করেছিলেন। এই ঘটনা দেখে উপস্থিত মক্কাবাসী হাজীরাও আশ্চর্য হয়ে যায়। এ সময় সেখানে তিনি তার ত্বরীকতের প্রচারে ব্যস্ত থাকেন বিভিন্ন হাজীদের কাছ থেকে বায়াত গ্রহণ করেন। এছাড়া উনার হাতে তৎকালীন খানায়ে কাবার হানাফী মুছাল্লার ইমাম শেখ মোস্তফা, খাজা আগা আলমাছ হিন্দী, খাজা ছেরা সামগুদ্দিন আতাও সে সময়ের ক্ষমতাসীন মিশরীয় ছুন্নী তুর্কী সুলতানের প্রতিনিধি (নায়েব) শেখ হাসান আপেন্ধী প্রমুখ মজহাবের বড় বড় ইমাম ওলামা, বুজুর্গ ও সুধীবৃন্দ বায়াত হন। এই সময়টুকুতে যে সব মজহাবের ইমাম, মোহাদ্দেছ, মুফতি, বুজুর্গ ও ওলামাদের কাছ থেকে বায়াত গ্রহণ করেন ও মোলাকাত করেছিলেন তারা সকলে ছিল নিঃসন্দেহে হানাফী ছুন্নী আক্বিদার অনুসারী।

এছাড়া সে সময়ে ক্ষমতাসীন সরকার ছিল তুর্কীর ছুন্নী মুসলমান ও আবদুল ওহাব নজদী তার অনুসারীদের মক্কা ও মদীনা শরীফ থেকে উৎখাতকারী। যেখানে সে সময়ে প্রতিষ্ঠিত সরকার ছিল তুর্কী-ছুন্নী ও নজদী মতবাদের ঘোর বিরোধী ও নিপাতকারী, সুতরাং সে সময়ে কোন নজদী মতবাদের অনুসারীদের জনসমক্ষে তাদের মতবাদ প্রচার করা ও অপরজনকে দীক্ষিত করার কোন অবকাশ ছিল না, পক্ষান্তরে হযরত সৈয়দ সাহেব (রাঃ) তখন নজদী বিরোধী তুর্কী সরকারের সহযোগিতা লাভ করেন।

হান্টারের তথ্যে উনাকে তৎকালীন সরকার কর্তৃক মক্কা শরীফ থেকে বহিস্কার করা ইত্যাদি এসব কথার কোন ভিত্তি নেই। এখানে বুঝা যায় যে, হান্টার প্রমুখের

অনুসরণে কিছু মুসলমান ঐতিহাসিকের প্রচলিত পাঠ্য পুস্তক ভিত্তিক তথ্যে হযরত সৈয়দ সাহেব (রঃ) এর হজ্বে থাকাকালে ওহাবী মতবাদের সংস্পর্শে আসা ও ভারতে ফিরে এসে ঐ মতবাদ প্রচার করা সম্পর্কিত লেখাগুলো বাস্তবতা বিরোধী, ভিত্তিহীন ও মিথ্যা।

ত্বরীকায়ে মোহাম্মদীয়া ও মোহাম্মদী আন্দোলনকে ওহাবী ইজম তথা ওহাবী মতবাদ, ওহাবী আন্দোলন বলে প্রচার এবং এসব বর্ণনা বা তথ্যে "ওহাবী" শব্দ প্রয়োগ ছিল সে সময়ে ভারতীয় বৃটিশ কর্তৃপক্ষ ও তার দোসর হিন্দু, শিয়া ও শিখ শক্তির দ্বারা নিছক বিবাদের উদ্দেশ্যে, ঈর্ষাকৃতভাবে ও স্বেচ্ছাচারী হিসেবে। সে সময়ে এ দেশের সাধারণ সুন্নী আক্বিদায় বিশ্বাসী ও ত্বরীকত পন্থী মুসলমানগণ কথিত আবদুল ওহাব নজদী ও তার মতবাদ আক্বিদাকে সহজে গ্রহণ করত না ও নিতান্ত হেয় চোখে দেখত। এ সুযোগে ইংরেজ কর্তৃপক্ষের বুদ্ধিজীবী ও আমলারা হযরত সৈয়দ আহমদ শহীদ (রঃ) এর পরিচালিত মোহাম্মদী আন্দোলনকে ওহাবী আন্দোলন বলে প্রচার ও এদেশের সাধারণ মুসলমানদের কাছে অপ্রিয় করা ও ক্ষেপিয়ে তোলা এবং সে সুযোগে তাদের স্বার্থ হাসিলের জন্য "ওহাবী" শব্দকে উপযুক্ত অস্ত্র হিসেবে ব্যবহার করে।

হযরত সৈয়দ আহমদ শহীদ (রঃ) এর জিহাদ ইত্যাদি ছিল নিতান্তভাবে ইংরেজ ও শিখ শক্তির বিরুদ্ধে। এর আড়ালে ত্বরীকতের প্রচার ও শরীয়তের সংস্কার ও একান্তভাবে জিহাদ ফি ছাবিলিল্লাহর মাধ্যমে ভারতীয় জনজীবনে খাঁটি দ্বীন ইসলাম প্রতিষ্ঠা। উনার সে জিহাদ নিছক ক্ষমতার মোহে কোন মুসলমানের রক্তে তলোয়ার রঞ্জিত করার জন্য ছিলনা। যেমন হযরত সৈয়দ আহমদ শহীদ (রঃ) জেহাদের জন্য দিল্লী থেকে বের হয়ে বালাকোটে শহীদ হওয়া পর্যন্ত মধ্য পথে কতগুলি মুসলিম পাঠান উপশক্তি যেমনঃ ইয়াব মোহাম্মদ খান, খাদী খান ইত্যাদির সাথে যুদ্ধ ও রক্ত পাত করাতে প্রশ্ন জাগতে পারে তারা তো ছিল মুসলমান? উত্তর অতি সহজ। এরা মুসলিম হলেও তাদের বিরুদ্ধে যুদ্ধ বৈধ ও অপরিহার্য ছিল, কারণ ওরা ইসলামী রাষ্ট্রের সরকার ও বৈধ ইমামের সাথে বিদ্রোহকারী মোরতাদ ও মুসলিম বিরোধী শিখ শক্তির ও ইংরেজ শক্তির সাথে আঁতাতকারী মোনাফেক।

পরিশেষে আমি আ'লা হযরত ইমাম আহমদ রেজা খান বেরলভী (রহঃ) এর নগণ্য অনুসারী হওয়ার সুবাদে সুন্নি ভাইদের উদ্দেশ্যে একটি মাসআলার ঘটনা উল্লেখ করতে চাই। ইমাম আহমদ রেজা খানের সংকলন 'মালফুজাত' এর প্রথম খন্ডের একশ'দশ পৃষ্ঠাতে এক প্রশ্নোত্তরে তেরোশ হিজরীর মুজাদ্দিদ ও মোহাম্মদী আন্দোলনের সার্থক পরিচালক হযরত সৈয়দ আহমদ শহীদ (রঃ) কে কাফের হিসেবে মন্তব্য করা হয়েছে এবং আরো বলা হয়েছে যে হযরত সৈয়দ আহমদ শহীদ (রঃ) কে যাঁরা কাফের হিসাবে মেনে নিতে সন্দেহ করেন তাঁরাও কাফের।

এই মালফুজাতটি কতটুকু সঠিক তা অনুধাবনের জন্য কুতুবুল এরশাদ হযরত সৈয়দ হাফেজ মুনির উদ্দিন (রহঃ) ৫-১২-১৯৩২ ইং সনে চট্টগ্রামের দারুল উলুম আলীয়া মাদ্রাসার মুহাদ্দিস হযরত মাওলানা আবদুল আউয়াল ছাহেব (রাহঃ) কে দিয়ে নিজস্ব তত্ত্বাবধানে বিশেষ কয়েকটি গুরুত্বপূর্ণ মাসয়ালার উপর আলোকপাত করে একটি উর্দূ পুস্তিকা লিখিয়েছিলেন, পাঠকদেরকে সেই উর্দূ পুস্তিকাটি পাঠ করার অনুরোধ জানাই। উক্ত পুস্তিকাটির নাম ছিল আ'জামুল ফতোয়া'। ঐ পুস্তিকাটির একটি জায়গায় বড়পীর হযরত শাহ আবদুল কাদের জিলানী (রাঃ) পর্যন্ত বেলায়েত সমাপ্ত কিনা এক প্রশ্নোত্তরের জওয়াবে হযরত সৈয়দ আহমদ শহীদ (রঃ) কে অলি হিসাবে বর্ণনা করা হয়। তাঁর বেলায়েতে কোন সন্দেহ নেই বলে ফতোয়া প্রদান করা হয়। ঐ পুস্তিকাটিতে ঐ মতামতের স্বপক্ষে সে সময়ের চট্টগ্রামের আহলে ছুন্নাত ওয়াল জামাতের যে সমস্ত বুজুর্গ ওলামা, পীরে ত্বরীকত ও মোহাদ্দেছিনে কেরাম দস্তখত করেছিলেন তাঁরা হলেন যথাক্রমে ঃ

১) পীরে ত্বরীকত সুলতানুল কামেলীন হযরত মাওলানা আবদুল হামিদ বাগদাদী (রহঃ)
২) চট্টগ্রাম দারুল উলুম আলীয়ার মুহাদ্দিছ পীরে কামেল হযরত মাওলানা ছফিরুর রহমান হাশেমী (রহঃ)
৩) কলিকাতা আলীয়া ও চট্টগ্রাম মোহসেনীয়া মাদ্রাসার মুহাদ্দিস হযরত মাওলানা আবদুল হামিদ ফখরে বাংলা (রহঃ)
৪) আল্লামা গাজী শেরে বাংলা হযরত আজিজুল হক আলকাদেরী (রহঃ)
৫) পীরে তরিকত গারাঙ্গীয়ার হযরত শাহ মওলানা আবদুল মজিদ (রহঃ)
৬) চট্টগ্রাম দারুল উলুম আলীয়া মাদ্রাসার মুহাদ্দীস হযরত মাওলানা মীর মাছউদ আলী (রহঃ)
৭) হযরত মাওলানা সূফী আহসান উল্লাহ সাহেব (রহঃ)
৮) পীরে তরীকত হযরত মাওলানা সৈয়দ আবদুল করিম মাদানী (রহঃ)
৯) হযরত মাওলানা তকি সাহেব (রহঃ)
১০) হযরত মাওলানা এরশাদ আলী সাহেব (রহঃ)
১১) হযরত মাওলানা বদিউর রহমান সাহেব (রহঃ)
১২) হযরত হাফেজ সৈয়দ মুনির উদ্দিন সাহেব (রহঃ)
১৩) হযরত মাওলানা ফয়েজুল করিম (রহঃ)
১৪) চট্টগ্রাম দারুল উলুম আলীয়া মাদ্রাসার মোহাদ্দীস মাওলানা আফাজ উল্লাহ (রহঃ)
১৫) চট্টগ্রাম দারুল উলুম আলীয়া মাদ্রাসার মুহাদ্দীস চুনতি নিবাসী হযরত শাহ মাওলানা নজীর আহমদ (রহঃ) এবং হযরত মাওলানা আবদুল আওয়াল সাহেব (রহঃ) যিনি এই ফতোয়া ও পুস্তিকা 'আজামুল

ফতোয়ার লেখক'। আরব, আজম, হিন্দুস্তান ও বাংলায় জাহেরী বাতেনী কামালতে পূর্ণ বড় বড় আলেমগণ যাঁদের দ্বারা শিরক, বিদয়াত দূরীভূত হয়েছে। তাঁরা উক্ত সাইয়িদ সাহেবের মুরিদ ছিলেন। তাঁরা সকলেই মাজহাব অবলম্বনকারী ছিলেন। হযরত সৈয়দ সাহেব (রঃ) হযরত মাওলানা আবদুল আজিজ মোহাদ্দেদ দেহলভী (রহঃ)'র খাছ মুরিদ ছিলেন। যে ব্যক্তি এইরূপ তরিকত ও শরীয়াতের হাদী, হুজুর পাক ছল্লাল্লাহু আলাইহে ওয়াছাল্লামের বংশধর ও কামেল মোর্শেদের উপর অযথা অপবাদ প্রয়োগ করে সে ব্যক্তি গুনাগার, বদকার, মিথ্যাবাদী ও অপবাদকারী ব্যতীত আর কিছুই নয়। যে ব্যক্তি এই ধ্রুব সত্যকে অস্বীকার করে সে ব্যক্তি ভ্রান্ত, সত্য পথ ভ্রষ্ট।

লেখক ঃ কাযী মুহাম্মদ আবুল বয়ান এম. আর. রহমান হাশেমী
অধ্যক্ষ - আহছানুল উলুম জামিয়া গাউছিয়া কামিল (বিশ্ববিদ্যালয়) মাদরাসা কুলগাঁও, জালালাবাদ, বায়েজিদ বোস্তামী, চট্টগ্রাম।

সংগ্রহঃ বালাকোট-চেতনা উজ্জীবন পরিষদ, সম্মেলন স্মারক ২০১০

সায়্যিদ আহমদ শহীদ বেরলভী (র.)
উপমহাদেশের ইসলামী চেতনার বাতিঘর
মারজান আহমদ চৌধুরী

উপমহাদেশে ইসলাম

ভারতীয় উপমহাদেশে ইসলামের প্রথম আগমন ঘটেছিল ৮ম শতাব্দীর একেবারে শুরুর দিকে। উমাইয়া শাসনামলে সেনাপতি মুহাম্মদ ইবনে কাসিমের হাত ধরে ইসলামের বিজয় মশাল সাগর পারের সিন্ধু ভূমিতে এক ঝলক আলো ফেলেছিল। কিন্তু প্রথম আগমনটি স্থায়ী হতে পারেনি। পাহাড়ি জলধারার মতো দ্রুতবেগে এসে, সেটি আবার মিলিয়ে গিয়েছিল সময়ের প্রতিকূল স্রোতে। তবে ক্ষণিকের এ আগমন পরবর্তীদের স্থায়ী আগমনের পথকে সুগম করে দিয়েছিল। ইরান, আফগানিস্তানের পাহাড় মাড়িয়ে, কখনো আবার ভারত মহাসাগর পাড়ি দিয়ে উপমহাদেশের মাটিতে পা রেখেছিলেন মহান সব সুফি, শায়খ ও মুসলিম ব্যবসায়ীগণ। তাদের দ্বীনদারী, একনিষ্ঠ পরিশ্রম ও উত্তম চরিত্র হিন্দুস্তানের পৌত্তলিক-গৌড়ে কালিমা তায়্যিবার ধ্বনিকে বজ্রকণ্ঠে প্রতিধ্বনিত করেছিল। এ উপমহাদেশের মুসলমানদের মুসলিম স্বত্তার আষ্টেপৃষ্ঠে জড়িয়ে আছে প্রখ্যাত সব ওলী-আউলিয়ার নাম। সায়্যিদ আবুল হাসান আলী নদভী বলেছেন, "ভারতবর্ষে যত মানুষ ইসলাম গ্রহণ করবে ও ইসলামেল উপর চলবে, তার একটি সাওয়াব খাজা মুঈনুদ্দীন চিশতি (র.) এর আমলনামায় যাবে"।

ত্রয়োদশ শতাব্দীর সূচনালগ্নে সুলতান মুহাম্মদ ঘুরীর হাত ধরে উপমহাদেশের বুকে দ্বিতীয়বার ইসলামী শক্তির আগমণ ঘটেছিল। সেবার আর পাহাড়ি জলধারা নয়; বহমান নদীর মতো স্থায়ীভাবে হিন্দুস্তানের মাটিতে পদচিহ্ন ফেলেছিল মুসলমানরা। তবে শক্তিশালী মামলুক, খিলজি, সায়্যিদ মোঘল প্রমুখ মুসলিম রাজবংশ এ মাটিতে মাটিতে শাসন করলেও ইসলাম প্রচারে তাদের ভূমিকা খুবই নগণ্য। সে কাজটি তখনও সুফি শায়খরাই করে গেছেন।

তাজদীদের পথ পরিক্রমা

প্রথমদিকের মুত্তাকী সুফি শায়খরা দুনিয়া থেকে বিদায় নেওয়ার পর ধীরে ধীরে তাসাউফের নামে অনেক বাতিল আক্বীদা এসে উপমহাদেশের মুসলমানদের

ভেতর প্রবেশ করেছিল। একইসাথে রাষ্ট্রীয় পর্যায়ে শুরু হয়েছিল দ্বীনকে ধ্বংস করার এক অভিনব ষড়যন্ত্র। দীনে ইলাহী নামক কুফরি আকীদা প্রচার করা হচ্ছিল খোদ মোঘল সম্রাট আকবর ও জাহাঙ্গীরের রাজ দরবার থেকে। আল্লাহ তখন তাঁর প্রিয় বান্দা ইমাম আহমদ সিরহিন্দী (র.) (১৫৬৪-১৬২৪) এর মাধ্যমে উভয় দিক থেকে সমাগত ষড়যন্ত্র থেকে তাঁর দীনের পবিত্রতাকে রক্ষা করেছিলেন। ইমাম সিরহিন্দী একদিকে তাসাউফের নামে প্রবিষ্ট বাতিল আকীদাকে দফারফা করে তাসাউফকে সুন্নাতের সুদৃঢ় ভিত্তির উপর ফিরিয়ে এনেছিলেন। অপরদিকে তার ইলমি ও তাজদীদি কর্মসূচি 'দীনে ইলাহী' নামক কুফরি মতবাদকে দুনিয়া থেকে চিরতরে বিদায় করে দিয়েছিল।

আজ অবদি তিনি মুসলমানদের কাছে মুজাদ্দিদে আলফে সানী বা হিজরী দ্বিতীয় সহস্রাব্দের সংস্কারক হিসেবে অমর হয়ে আছেন।

ইমাম সিরহিন্দীর সমসাময়িক ছিলেন প্রখ্যাত মুহাদ্দিস শায়খ আব্দুল হক দেহলভী (র.)। ইমাম সিরহিন্দী যখন কুফরের কালিমা ঝেড়ে ইসলামকে এবং বিদ'আত সরিয়ে সুন্নাতকে পুনর্জীবিত করার প্রচেষ্টা চালাচ্ছিলেন, শায়খ আবদুল হক তখন উপমহাদেশের উর্বর মাটিতে হাদীসে নববী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বীজ বপন করেছিলেন। ইমাম সিরহিন্দীর তাজদীদ (সংস্কার) ও শায়খ আবদুল হকের ইলমি খিদমাত পরবর্তী শতাব্দীতে এসে এক বিন্দুতে মিলিত হয়েছিল। সিন্ধুসদৃশ সেই বিন্দুর নাম ইমামুল হিন্দ শাহ ওয়ালিউল্লাহ দেহলভী (র.) (১৭০৩-১৭৬২)।

উপমহাদেশে তো বটেই, সেই যুগে পুরো মুসলিম দুনিয়ায় শাহ ওয়ালিউল্লাহ'র তুলনার বহুবিদ্যাজ্ঞ (Polymath) দ্বিতীয়জন ছিলেন না। খ্যাতিমান আলিমে দ্বীন ও দার্শনিক ড. ইসরার আহমদ বলেছেন, 'ইমাম গাযালী (র.) ও ইমাম ইবনু তাইমিয়াকে একত্রিত করে যে ব্যক্তিত্ব তৈরি হতে, আমার নিকট শাহ ওয়ালিউল্লাহ তার চেয়েও বড়। সাহাবায়ে কিরামের পর মুসলিম দুনিয়ায় এরকম বহুমুখী প্রতিভার অধিকারী দ্বিতীয় জন আসেননি'। সামনে এগুনোর পূর্বে উপমহাদেশের এ সর্বশ্রেষ্ঠ মুজাদ্দিদকে সংক্ষিপ্তভাবে পরিচয় করিয়ে দেওয়া প্রয়োজন মনে করছি।

শাহ ওয়ালিউল্লাহ (র.) এর প্রধান কৃতিত্ব ছিল, তিনি ভারতীয় মুসলমানদের মধ্যে আল্লাহর কিতাব ব্যাপকভাবে প্রচার ও প্রসার করেছিলেন। তিনি সর্বপ্রথম পবিত্র কুরআনের ফার্সি অনুবাদ করে কালামে ইলাহিকে জনসাধারণের উপলব্ধির দ্বারপ্রান্তে নিয়ে আসেন। পরবর্তীতে তার পুত্রদের দ্বারা কৃত উর্দূ অনুবাদ উপমহাদেশের কোণায় কোণায় কুরআনের দাওয়াত ছড়িয়ে দিয়েছিল। একই সাথে তিনি শায়খ আবদুল হক দেহলভী (র.) এর হাতে প্রোথিত ইলমে হাদীসের বীজকে সযত্নে লালন করে সুবিশাল মহীরুহে পরিণত করেছিলেন। মুয়াত্তা ও

মিশকাতের মতো বিশ্বখ্যাত হাদিসের কিতাবের ব্যাখ্যা রচনা করার মাধ্যমে উপমহাদেশে ইলমুল হাদীস অধ্যয়নকে তিনি স্থায়িত্ব এনে দিয়েছিলেন। শাহ ওয়ালিউল্লাহ (র.) তুলনামূলক ফিকহের মধ্যে সমন্বয় সাধন করেছিলেন। তিনি হানাফি ও শাফিঈ মাযহাবের মধ্যাকার দূরত্বকে সুশৃঙ্খলভাবে নিরসনের প্রচেষ্টা চালিয়েছেন এবং মুজতাহিদ ইমামদের মতপার্থক্যের কারণসমূহ ব্যাখ্যা করেছেন। যুগের প্রয়োজনে ইমামদের ইমামদের উসূলের উপর ভিত্তি করে ইজতিহাদের তথা গবেষণার রুদ্ধ দ্বারকে তিনি পুনরায় উন্মুক্ত করেছেন।

শাহ ওয়ালিউল্লাহ (র.) বুঝতে পেরেছিলেন যে, ইসলাম প্রতিষ্ঠা ও বাতিলের মুকাবিলা করার জন্য জ্ঞানভিত্তিক প্রজ্ঞাপূর্ণ ঈমানের বিকল্প নেই। এজন্য তিনি তার লেখনিতে ঈমানের শাখা প্রশাখা এবং ইসলামী শরীআতের হিকমত (Perpose and Objectives) খুলে খুলে বর্ণনা করেছেন। তার 'হুজ্জাতুল্লাহিল বালিগাহ' এমন এক অদ্বিতীয় রচনা, যার উদাহরণ পুরো ইসলামের ইতিহারে খুজে পাওয়া যাবে না। তাসাউফের জাগতেও শাহ ওয়ালিউল্লাহ এক বিস্ময়কর নাম। পিতার কাছেই তিনি তাসাউফের দীক্ষা পেয়েছিলেন। তাসাউফের তাত্ত্বিক জটিলতাকে তিনি সহজবোধ্য করেছেন, মুসলিম মননে আল্লাহর মারিফাতের নীর সিঞ্চন করেছেন, আত্মিক পরিশুদ্ধতাকে মুসলিম পরিচয় গঠনের পাথেয় বানিয়ে হাজির করেছেন। সর্বোপরি ইমাম গাযালি ও ইমাম আহমদ সিরহিন্দীর পথ ধরে কুরআন সুন্নাহর আলোকে তাসাউফকে দ্বীনের অবিচ্ছেদ্য অংশ হিসেবে উপস্থাপন করার সমুদয় কৃতিত্ব শাহ ওয়ালিউল্লাহ (র.) এর অন্তত উপমহাদেশের বুকে। এছাড়াও তিনি একটি তথা সম্বলিত 'মুসলিম মানস' (Comprehensive Muslim Mindset) গঠন করার লক্ষ্যে ইসলামের সামাজিক, রাজনৈতিক এবং অর্থনৈতিক দিকসমূহ সূচারুরূপে ফুটিয়ে তুলেছিলেন। কালের গহ্বরে হারিয়ে যাওয়া ইসলামী খিলাফতের স্বপ্নকে যুগের উপযোগী সংস্করণে পুনরায় হাজির করে শাহ ওয়ালিউল্লাহ (র.) পরবর্তীদের জন্য দ্বীনী খিদমতের পথকে সুগম করে গেছেন।

বালাকোট যুদ্ধের ভূমিকায় শাহ ওয়ালিউল্লাহ দেহলভী (র.) এর কৃতিত্ব

আলোচনা করার উদ্দেশ্য ছিল এই যে, বালাকোট থেকে শুরু করে আজকের যুগ পর্যন্ত এ উপমহাদেশের প্রকৃতপক্ষে ইসলামের যত খিদমাত হয়েছে সবই শাহ ওয়ালিউল্লাহ (র.) এর সাদকাহ জারিয়াহ। বালাকোটের মহাবীর, ইসলামী আন্দোলনের সিপাহসালার, আমিরুল মুমিনীন সায়্যিদ আহমদ (র.) সরাসরি শাহ ওয়ালিউল্লাহ (র.) এর রূহানী সন্তান বললে অত্যুক্তি হবেনা। সায়্যিদ আহমদ (র.) কখনো আমিরুল মুমিনীন হতে পারতেন না, যদি তার পেছনে ইমামুল হিন্দ শাহ ওয়ালিউল্লাহ (র.) এর ইলমি ও তাজদীদি খিদমাতের ভর না থাকত।

নব উদ্যমের সূচনা

শাহ ওয়ালিউল্লাহ (র.) এর সন্তানরা একনিষ্ঠভাবে পিতার খিদমাত সামনে এগিয়ে নিয়ে চলছিলেন। একই সময়ে ভারতের বিভিন্ন কোণায় মাথা তুলে দাঁড়াচ্ছিল ইসলাম-বিধ্বসী সর্পকূল। সম্রাট জাহাঙ্গীরের অনুমতি নিয়ে বহু আগে থেকে উপমহাদেশের সমুদ্রতটে ব্যবসা করছিল ইংরেজ বেনিয়ারা। কিন্তু কেবল ব্যবসার নিয়ত তাদের কখনো ছিলনা। তাদের চোখ ছিল ভারতের সিংহাসনে। সম্রাট আওরঙ্গজেবের মৃত্যুর পর ক্ষয়িঞ্চু মোঘল রাজদরবার চলছিল এক প্রকার দান-দক্ষিণা নিয়ে। ইংরেজদের বাড়ন্ত শক্তিকে মুকাবিলা করার সামর্থ মোঘলদের ছিল না। ওদিকে মহারাষ্ট্রের কট্টরপন্থী হিন্দু রাজা ছত্রপতি শিবাজী মুসলমানদের হাত থেকে ভারতের ক্ষমতা দখল করার চেষ্টায় বহুবার ব্যর্থ হয়েছিল। তার বংশধররাও মোঘলদের ক্ষয়িষ্ণু শক্তিবলয়ে বারবার আঘাত হানছিল। এমনকি আঠারো শতকের মাঝামাঝি সময়ে মারাঠা সেনাপতি সদাশিব রাও- এর বিশাল বাহিনী ক্ষণিকের জন্য দিল্লি দখল করে ফেলেছিল। ভারতের কোন মুসলিম রাজা বা নবাবের শক্তি ছিলনা মারাঠাদেরকে আটকানোর। তখন শাহ ওয়ালিউল্লাহ পত্র লিখে আফগান শাসক আহমেদ শাহ আবদালিকে ভারত আক্রমণ করার আহবান জানিয়েছিলেন। ১৭৬১ সালে পানিপথের ৩য় যুদ্ধে আবদালিন মুসলিম বাহিনীর হাতে মারাঠা বাহিনী পরাজিত না হলে তখনই ভারতের বুকে মুসলমানদের গণকবর রচিত হয়ে যেত। এছাড়াও উত্তর পশ্চিম ভারতের পাঞ্জাব ছিল শিখদের হাতে, যারা ছিল কট্টর মুসলিম বিদ্বেষী এবং মারাঠাদের সহায়ক। ত্রিমুখী শত্রুর সামনে দাঁড়িয়ে ইসলাম প্রতিষ্ঠা করা তো দূরের কথা; ভারতের মাটিতে মুসলমানদের অস্তিত্ব রক্ষা করাও বড় হুমকি হয়ে দাঁড়িয়ে ছিল। ঠিক এরকম একটি টালমাটাল সময়ে, ১৮০৬ সালে উত্তর প্রদেশের রায় বেরেলি থেকে দুর্গম পথ পাড়ি দিয়ে দিল্লিতে পা রাখেন এক সাহসী তরুণ। ২০ বছর বয়সী সে তরুণের নাম ছিল সায়্যিদ আহমদ (র.)। পিতার নাম সায়্যিদ ইরফান। রায় বেরেলিতে প্রাথমিক দ্বীনি শিক্ষা অর্জন করার পর ইলমে মারিফাত অর্জনের তৃষ্ণা মেটাতে সায়্যিদ আহমদ (র.) বেছে নিয়েছিলেন ইমামুল হিন্দ শাহ ওয়ালিউল্লাহ (র.) এর আঙিনা। দিল্লিতে এসে তিনি বায়আত করেন শাহ ওয়ালিউল্লাহ (র.) এর বড় পুত্র ও খলীফা শাহ আবদুল আযীয দেহলভী (র.) এর হাতে। পাঁচ বছর দিল্লিতে অবস্থান কালে ইমামুল হিন্দ ও তার সন্তানদের বিপ্লবী ও প্রজ্ঞাপূর্ণ চিন্তাধারা সায়্যিদ আহমদ (র.) কে ব্যাপকভাবে প্রভাবিত করেছিল। একদিকে মুসলমানদের অস্তিত্ব রক্ষা, আরেকদিকে সমাজে ছড়িয়ে থাকা শিরক-বিদআতকে অপনোদন করে ইসলামী খিলাফত প্রতিষ্ঠা করার তীব্র স্পৃহা জেগেছিল ২৫ বছর বয়সী এ মুজাদ্দিদে জামানের মনে।

প্রস্তুতিমূলক কর্মসূচি

আলতাফ কাদির তার Sayyid Ahmad Barailvi গ্রন্থে লিখেছেন, দীর্ঘ সাত বছর সায়্যিদ আহমদ (র.) আমির খান নামক এক যোদ্ধার সাথে বিভিন্ন অভিযানে যোগদান করেন। সাত বছর পর সায়্যিদ আহমদ (র.) বুঝতে পারেন তিনি ভুল মানুষের সাথে পথ চলছেন। আমির খানের একমাত্র উদ্দেশ্য বিভিন্ন জায়গায় হামলা করে সম্পদ আহরণ করা এবং নিজেকে নবাবদের কাতারে শামিল করা। ওদিকে মারাঠা সাম্রাজ্য ততদিনে বুঝতে পেরেছিল যে, ভারতের ক্ষমতা দখল করার পথে মুসলমানরা বাধা নয়; বাধা বাড়ন্ত ইংরেজ বেনিয়া শক্তি। ফলাফলস্বরূপ মুসলমানদের পিছু ছেড়ে মারাঠারা একের পর এক ইংরেজ কোম্পানির সাথে যুদ্ধে জড়াচ্ছিল। ১৮১৮ সালে ৩য় ইঙ্গ-মারাঠা যুদ্ধে ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানি বিজয়ী হয়। আমির খান তখন ইংরেজদের সাথে চুক্তিতে আবদ্ধ হয়ে নবাব খেতাব পাওয়ার স্বাদ পূর্ণ করে। প্রসঙ্গত, বেশিরভাগ মুসলিম নবাবদের মূল লক্ষ্যই ছিল ইংরেজদের খুশি করা।

আমির খানের সাথে সম্পর্ক ত্যাগ করে সায়্যিদ আহমদ (র.) মনোনিবেশ করেন ভারতের মুসলিম সমাজের দিকে। কারণ মারাঠাদেরকে ঘায়েল করে ইংরেজরা তখন ভারতের সবচেয়ে বড় শক্তি। হাতে যেটুকু শক্তি আছে, তা নিয়ে ইংরেজ কোম্পানির মোকাবিলা করা সম্ভব নয়। প্রস্তুতি ও লোকবল বৃদ্ধির আশায় মুসলিম সমাজে হাত দিয়ে সায়্যিদ আহমদ (র.) প্রচন্ড হতাশ হন। তিনি উপলব্ধি করেন, বেশিরভাগ মানুষ কেবল নামেই মুসলমান। ইসলামের মূল শিক্ষা ভুলে এরা ডুবে আছে নিজেদের বানানো রসম-রেওয়াজের মধ্যে। বারবারা যেটক্যাফ তার Islamic revival in British India গ্রন্থে লিখেছেন, সে সময়টি ছিল সায়্যিদ আহমদ (র.) এর পরিপক্কতা অর্জনের সময়। অর্থাৎ তিনি অমুসলিমদের সাথে জিহাদের পণ করে মাঠে নামলেও এটি খেয়ালই করেননি যে, তার ঘরেই হাজার সমস্যা। ইতিহাসবিদ অলিবিয়ার রয় লিখেছেন, সায়্যিদ আহমদ (র.) তখন মুসলিম সমাজের সাথে প্রচলিত শিরক-বিদআত অপনোদনে মনোনিবেশ করেন। তিনি এ আন্দোলনের নাম দের 'তরিকায়ে মুহাম্মাদিয়া'। দুনিয়ালোভী মৌলভীদের কাছে না গিয়ে সাধারণ জনগণের দ্বারে দ্বারে তিরি ইসলামের মূল শিক্ষা পৌঁছে দিতে শুরু করেন। এর ফল আসে আশার চেয়েও বেশি। সাধারণ মুসলমানরা দলে দলে তার দিকে হাত বাড়ায়। সায়্যিদ আহমদ (র.) উপমহাদেশের মুসলমানদের অঘোষিত আমির হয়ে দাঁড়ান।

তার এ আকাশচুম্বী জনপ্রিয়তা ইংরেজদের মাথায় চিন্তার ভাঁজ ফেলে দিয়েছিল। ফলাফল স্বরূপ তাকে 'ওয়াহাবি' বলে আখ্যায়িত করতে শুরু করে। সুচতুর ইংরেজরা বুঝতে পেরেছিল এই খেতাব সায়্যিদ আহমদের উত্তাল ঢেউকে থামিয়ে দেবে। কিন্তু তাদের কূটকৌশল সফল হয়নি। বারবারা যেটক্যাফ

লিখেছেন, সায়্যিদ আহমদ (র.) তিনটি জিনিসকে ইসলামের বিশুদ্ধ আকীদার সাথে সাংঘর্ষিক মনে করতেন। একটি হচ্ছে সুফিবাদের নামে ভ্রান্ত মতবাদ, আরেকটি হিন্দুদের রসম রেওয়াজ। শিয়া ও ভ্রান্ত সুফিদের বিরুদ্ধে লাগাতার তিন বছর তিনি হাজার হাজার মুরিদীন সহ উত্তর ভারতের বিভিন্ন স্থানে দাওয়াতি কার্যক্রম পরিচালনা করেছিলেন।

১৮২১ সালে সায়্যিদ আহমদ (র.) হজ্ব করতে যান। দুই বছর পর ফিরে এসে তিনি আবার দ্বীন কায়িমের স্বপ্নে মাঠে নেমে পড়েন। মারাঠা শক্তি তখন হিসাবের ভেতরেই ছিল না। অপরদিকে ইংরেজরা ছিল ধারণার চেয়েও বড় শক্তি। সায়্যিদ আহমদ (র.) তৎকালীন ভারতের অভ্যন্তরে যুদ্ধ পরিচালনার কেন্দ্র স্থাপন করেন নি। এটি তার রাজনৈতিক দূরদর্শিতা ও বিচক্ষণতার পরিচায়ক। তিনি তাঁর কৌশলকে খানিকটা পরিবর্তন পাঞ্জাব কে তাহার লক্ষ্যবস্তু নির্ধারণ করেন! কারণ ভৌগলিক দিক থেকে হিসাব করলে, পশ্চিমে মরক্কো থেকে শুরু হয়ে মুসলিম বিশ্বের মানচিত্র পূর্ব দিকে একবারে আফগানিস্তান পর্যন্ত ছেয়ে আছে. এরপর পূর্ব দিকে এগুলে সামনে এক বিশাল বাধা, বৃহত্তর পাঞ্জাব। কিন্তু সীমান্ত এলাকা ব্যতীত সমগ্র পাঞ্জাবে শিখদের আধিপত্য ছিল। এরপর আবার শুরু হয় মুসলমানদের আবাসভূমি (বর্তমান পাকিস্তান ও ভারতের উত্তর-পশ্চিম দিক)। এদিক থেকে চিন্তা করে সায়্যিদ আহমদ (র.) পাঞ্জাব বিজয়ের স্বপ্ন দেখেন। তার উদ্দেশ্য ছিলো পাঞ্জাব বিজয় করতে পারলে একদিকে যেমন ভারতের মুসলমানরা বিশ্বের মুসলমানদের সাথে অবিচ্ছিন্নভাবে সংযুক্ত হয়ে যাবে, অপরদিকে পাঞ্জাবকে দূর্গ বানিয়ে পূর্ব থেকে ধেয়ে আসা (বাঙাল এলাকা) ইংরেজ শক্তির সাথেও মুকাবিলা সম্ভব হবে। নির্দ্বিধায় বলা যায় পরিকল্পনাটি যুগোপযোগী ছিলো।

ইসলামী খিলাফত প্রতিষ্ঠা

আলতাফ কাদির লিখেছেন সায়্যিদ আহমদ (র.) আট হাজার মুজাহিদ নিয়ে পাঞ্জবের উদ্দ্যেশ্যে রওনা হন। তবে তিনি সরাসরি পাঞ্জাব যাননি। বর্তমান ভারত ও পাকিস্তান পুরোটা ঘুরে লোকবল সংগ্রহ করে এবং জিহাদের লক্ষ্য ও উদ্দেশ্যে প্রচার করে আফগানিস্তানে পৌঁছান। কান্দাহার কাবুল অতিক্রম করে নওশহরে অবস্থান নেন। সেখানে শিখ রাজা বুখ্য সিং-এর বিরুদ্ধে যুদ্ধের সিদ্ধান্ত নেন। সে যুদ্ধ জয়ের মধ্য দিয়ে মুসুলমানদের সাহস উদ্দীপনা বহুগুণে বেড়ে যায়। ১৮২৬ সালে তিনি পাখতুন জাতিগোষ্ঠীর বাসস্থান পেশওয়ারে পৌছান। পাখতুনদের নেতৃত্ব ছিলো পাঠানদের হাতে। সায়্যিদ আহমদ (র.) সেখানে গিয়েই ইসলামি অনুশাসন বাস্তবায়ন করেন। পাঠানদেরকে সরিয়ে তার সাথে আগত আলিমদের তিনি নেতৃত্ব তুলে দেন। এরপর পাঞ্জাবের রাজা রনজিত সিংয়ের কাছে পত্র

পাঠান। পত্রে লেখা ছিলো হয় ইসলাম কবুল করো নয় জিযিয়া দাও নয়তো যুদ্ধের জন্য প্রস্তুত হও।

রাজনৈতিক দিক থেকে বিবেচনা করলে, এ পদক্ষেপ সঠিক ছিলো বলে অনুমিত হয় না। সীমান্ত এলাকার মানুষ যে ইসলামি অনুশাসনে অভ্যস্ত নয় এ বিষয়টি হয়তো তিনি বিবেচনায় আনেন নি। বংশ পরম্পরায় মুসলমান হলেও এদের কাছে ইসলাম ছিলো নিজেদের বানানো কিছু রসম- রেওয়াজ। তিনি উত্তর-পশ্চিম ভারতে যেভাবে দাওয়াতি কার্যক্রম চালিয়েছিলেন, পেশওয়ারেও সেরকম কার্যক্রম চালালে অবস্থা ভিন্ন হতে পারতো। সেটি না করেই তিনি তাদেরকে ইসলামি অনুশাসন মানতে বাধ্য করেছেন, যা তার জন্য হিতে বিপরীত হয়েছে। তাছাড়া সীমান্ত অঞ্চলের ক্ষমতাধর পাঠানরা তাদের ক্ষমতা বেদখল হওয়া মেনে নিতে পারেননি। তাই এদের পক্ষ থেকে বারবার বিদ্রোহ হয়েছে। এতে সায়্যিদ আহমদ এর সময় ও শক্তি দুটিই নষ্ট হয়েছে।

১৮৩০ সাল পর্যন্ত সায়্যিদ আহমদ (র.) পুরো পেশওয়ারের নিয়ন্ত্রণ নিতে সক্ষম হয়েছিলেন। তখন মুসলমানরা তাকে 'আমীরুল মুমেনীন' খেতাবে ভূষিত করে। তবে পাঠানদের বিরোধিতাকে তিনি কাবু করতে পারেননি। সেই বছর পাখতুনদের অতর্কিত হামলায় সায়্যিদ আহমদ এর বাহিনীতে বিপুল পরিমান ক্ষয়ক্ষতি সাধিত হয়। বাধ্য হয়ে বরফ ঢাকা শীতকালে তিনি পেশওয়ার ত্যাগ করে কাশ্মীরের দিকে পা বাড়ান। কিন্তু কাশ্মীরে তিনি পৌছাতে পারেননি।

বালাকোট যুদ্ধ

১৮৩১ সালের ৬ ই মে জুম্মার দিন সায়্যিদ আহমদ শহীদ বেরলভী (র.) এর সৈন্যরা শিখ রাজা রনজিত সিংয়ের পুত্র শের সিংয়ের নেতৃত্বাধীন ১০ হাজার সৈন্যের বিশাল বাহিনীর মুখোমুখি হয়। ততদিনে সায়্যিদ আহমদ এর হাতে বাকী ছিলো মাত্র ছয় থেকে সাতশ সৈন্য। যতসামান্য এই রসদ নিয়ে তিনি কাশ্মীরের মানসেহরা জেলার পাহাড় ঘেরা বালাকোট প্রান্তে যুদ্ধ শুরু করেন। স্থানীয় মুসলমানরা বিশ্বাসঘাতকতা করে কে সেখানে নিয়ে গিয়েছিল। সেসব সামন্ত পাঠানেরা সিকদার অত্যাচার থেকে রক্ষা পাওয়ার জন্য সায়্যিদ আহমদ (র.) কে আহ্বান করেছিলো, তারাই পরবর্তীতে মুসলমানদেরকে সাহায্য না করে গোপনে শিখদের সাথে হাত মিলিয়েছিলো। দুই ঘন্টা স্থায়ী বালাকোটের সেই যুদ্ধ ছিলো কারবালার ২য় অধ্যায়। মুসলিম বাহিনী চূড়ান্ত বীরত্বের পরিচয় দিয়ে ছোট ছোট দল বানিয়ে শিখদের আক্রমণ করতে থাকে। রক্তক্ষয়ী যুদ্ধের এক পর্যায়ে শিখদের অতর্কিত আক্রমণে শাহাদাৎবরণ করেন আমীরুল মুমেনিন সায়্যিদ আহমদ (র.)। মেটিকোট ঝর্ণার পাশে পরে থাকা দেহটি প্রথমে কারো নজরে আসেনি। সৈন্যরা তার খোঁজে সবটুকু সৈন্য নিয়ে তখনো লড়াই করে যাচ্ছিলো। একপর্যায়ে শিখদের

দ্বারা প্ররোচিত হয়ে কিছু স্থানীয় মুসলমান কৌশলে সায়্যিদ আহমদ এর সৈন্যদেরকে পাহাড়ের চূড়ায় উঠে আসার আহ্বান যানান। দিশেহারা সৈন্যরা সেনাপতির খুজে পাহড়ের চূড়ায় উঠা মাত্র আগে থেকে সেখানে লুকিয়ে থাকা শিখ সৈন্যরা তাদের উপর মুহুর্মুহু আক্রমণ চালায়। এতেই মুসলিম বাহিনীর পরাজয়বরণ করতে হয়। ভারতে উত্তর-পশ্চিম অন্ধপ্রদেশ থেকে মর্দান পর্যন্ত বিস্তৃত এলাকা জুড়ে ইসলামী খেলাফত প্রতিষ্ঠা করা এক বীর মুজাহিদ যেনো অভিমান নিয়েই চলে যান মালিক মাওলার স্মরণে।

মাত্র ৪৫ বছরের জীবনে সায়্যিদ আহমদ শহীদ বেরলভী (র.) যে তুলনাহীন কাজ করে দেখিয়েছেন, তার প্রভাব কল্পনার চেয়েও সুদূর প্রসারী। সায়্যিদ আহমদ র. এর তাজদীদ, তার জিহাদ, তার ত্বরীকায়ে মুহাম্মদীয়া যুগযুগ ধরে উপমহাদেশের মুসলিম সমাজে ইসলামের প্রচার-প্রসার, শিরক-বিদয়াতের অপসারণ আত্মশুদ্ধির মূল অনুপ্রেরণা হয়ে আসছে। সায়্যিদ আহমদ র. এর প্রধান দুই খলিফা হযরত মাওলানা কারামত আলী জৈনপুরী (র.) ও হযরত মাওলানা নূর মুহাম্মদ নিযামপুরী (র.) এর সিলসিলা বৃহত্তর বাংলা, বিহার, উড়িষ্যা ও আসাম এলাকা ইংরেজদের প্রতিরোধ, স্বাধীনতা আন্দোলন, ইসলাম প্রচার, হিন্দুয়ানী রসম-রেওয়াজ অপসারণ, মুসলমানদের আত্মশুদ্ধি, ইলমে দ্বীন চর্চা, বাতীলের বিরুদ্ধে প্রতিবাদসহ সর্বোপরি ইসলামের যে পরিমাণ খিদমাত আঞ্জাম দিয়েছে, অন্যরা কেউ এর সিকিভাগও করতে পারেননি। এক্ষেত্রে মাওলানা কারামত আলী (র.) এর নামটি সর্বাগ্রে উল্লেখযোগ্য। ১৮৩১ সালে বালাকোট যুদ্ধে সায়্যিদ আহমেদ শহীদ বেলরভী (র.) শাহাদাত বরণ করলেও তার আদর্শ মরেনি, তার চেতনা লুপ্ত হয়নি। বরং সেদিন থেকে আজ অবদি এ উপমহাদেশের বুকে যতগুলো ইসলামি আন্দোলন হয়েছে, হচ্ছে আর হবে, সবগুলোই মহান বালাকোট আন্দোলনের প্রতিধ্বনি। সহস্রাব্দের ঘুণে ধরা মুসলিম সমাজে ইসলামি দাওয়াত, খিলাফত, জিহাদ ইত্যাদি শব্দগুলোকে নতুন করে চিনিয়েছেন সয়্যিদ আহমদ (র.)। খনিকের জন্য হলেও দ্বীন কায়িমের স্বপ্নকে স্বার্থক করেছেন সায়্যিদ আহমদ (র.)। আল্লাহর জন্য শাহাদাতের অর্থ কি সেটি দেখিয়েছেন সায়্যিদ আহমদ (র.)। এ উপমহাদেশের মুসলমানদের জন্য ইসলামি চেতনার বাতিঘর হয়ে আছেন হযরত সয়্যিদ আহমদ শহীদ বেরলভী (র.)।

সংগ্রহ : মাসিক পরওয়ানা, মে ২০২১ সংখ্যা

শতাব্দীর রেনেসার নায়কের ডাক

মাওলানা এ. এস. এম. আতহার উদ্দীন মোল্লা

মুর্শিদানা হযরত মাওলানা শাহ সৈয়দ আহমদ বেরেলভী (রঃ) তদানীন্তন হিন্দুস্তান উপমহাদেশের মুসলমান সমাজকে অন্তর্নিহিত, ঈমান, আক্বীদা, কর্ম ও সংগঠন শক্তিকে নতুনত্বের পথে পরিচালিত করে পুনরুদ্দীপিত, পুনরুজ্জীবিত করে উনবিংশ শতাব্দীর উপযোগী করে তুলেছিলেন বলে তিনি কথিত হতেন 'মোজাদ্দেদ অর্থাৎ রেনেসা নায়ক বা নূতনতর পথে পুনরুজ্জীবনকারী হিসেবে। তিন তিন বার স্বপরিষদ হজব্রত পালন করে তিনি সংগঠনের মাধ্যমে মন্ত্রশিষ্য, শিষ্য, প্রশিষ্যদেয় দিলেন জেহাদের ডাক, এ জেহাদ অন্যায়, অত্যাচার, অবিচার, অনাচারের বিরুদ্ধে, তা ধর্মীয়, সামাজিক, রাষ্ট্রীয় অর্থনৈতিক যেই পর্যায়েরই হোক না কেন? ভারতের পশ্চিমাংশে মধ্যবিত্ত শ্রেণী না থাকায় এবং নিম্নতম শ্রেণীর মধ্যে শিক্ষা দীক্ষার অভাব ও জমিদার জায়গীরদার শ্রেণীর উপর তাদের অর্থনৈতিক নির্ভরশীলতা প্রভৃতি কারণবশতঃ আঞ্চলিক পর্যায়ে মোজাহেদ বাহিনীতে ঐ অংশের লোক সংখ্যা হলো সীমিত, অন্যদিকে পূর্ব বাংলা থেকে মাওলানা ইমামুদ্দীনের প্রচার ও সংগঠন শক্তির কারণে এবং শাহ সূফী নূর মুহাম্মদ সাহেবের প্রচেষ্টায় মোজাহিদের বিশাল অংশ হলো সংগৃহীত। আর জেহাদের জন্য চাঁদাও সংগৃহীত হলো পূর্ববঙ্গ থেকেই সর্বাধিক।

যেহেতু, বৈরী কোম্পানী প্রশাসনের ভাড়াটিয়া সৈন্য, জায়গীরদার, জমিদারদের যুলুমের কারণেই মুসলমান সমাজকে ভোগান্তির চরমে পৌঁছাতে হচ্ছিল। সেহেতু তিনি প্রতিটি অঞ্চলের বিক্ষিপ্ত ঘটনার মুখে যুলুমের হোতাকে আক্রমণ করে পর্যুদস্ত করার মানসে তাঁর মোজাহিন বাহিনীকে বহুসংখ্যক দলে বিভক্ত করে সংশ্লিষ্ট এলাকাসমূহে ছড়িয়ে পড়ে পাহাড় পর্বত বনজঙ্গলে লুকিয়ে থাকতে নির্দেশ দিলেন রক্ষিত সিংহের শিখ রাজ্যে মুসলিমরা পর্যন্ত যুলুমের শিকার হয়ে স্থানীয় শক্তিমদমত্ত শিখদের দাসীবৃত্তিতে নিয়োজিত হতো। তাই তিনি প্রথমে শিখ রাজ্যের এ বিক্ষিপ্ত ঘটনাবলীর মুখে ত্বরিত ব্যবস্থা গ্রহণের আদেশ জারী করেন। শিখ জায়গীরদারদের গুণ্ডাবাহিনী অত্যাচার মুহূর্তে এইরূপ অতর্কিত

প্রতিরোধের সম্মুখীন হয়ে সম্পূর্ণ ধ্বংস হয়ে চলছিল। এ সকল অতর্কিত আক্রমণকে রীতিমত গেরিলা যুদ্ধ বলে আখ্যায়িত করেছিলেন উইলিয়াম হান্টার। তাঁর মতে একমাত্র উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশেই একশত ষাটটি গেরিলা যুদ্ধ সংঘটিত হয়েছিল। অন্যান্য অঞ্চলে মিলে সংঘর্ষ স্থল ছিল অসংখ্য, কোনো কোনো ঐতিহাসিকের মতে অন্তত তিনশত। সব কয়টি যুদ্ধেই মোজাহিদ বাহিনী বিজয় লাভ করে চলছিল। জুলুমবাজি বন্ধ হয়ে বিরোধী শিবিরে ত্রাসের সঞ্চার হয়েছিল। এ ছিল মহান জননায়ক ধর্মনায়ক মোজাদ্দেদ (রহঃ) এর অনুপম যুদ্ধ কৌশলের ফলশ্রুতি। তিনি স্থানীয় মোজাহিদদের দূর-দূরাঞ্চলে পাঠিয়ে দূরাঞ্চলের মোজাহিদদের রেখেছিলেন অকুস্থলে। এতে জেহাদে সংশ্লিষ্ট মোজাহিদদের সনাক্তকরণ হয়ে পড়েছিল দুরূহ ব্যাপার। বিশেষ করে বাঙ্গালী মোজাহিদগ দূর অঞ্চলের লোক হওয়ার কারণে পশ্চিমাংশের জেহাদগুলিতে অপরিচিতই রয়ে গেল।

১৮৩০ খ্রীস্টাব্দে মোজাহিদ বাহিনীর হস্তে পেশোয়ার পতনের পর শত্রু শিবিরে সাংঘাতিক ত্রাসের সঞ্চার হয় এবং তারা এবার সম্মিলিতভাবে মোজাহিদদের মোকাবেলা করতে হলো বদ্ধপরিকর। ফলতঃ বিক্ষিপ্তভাবে মুসলমান গেরিলাদের মোকাবেলার জন্যই তাদের পরাজয় ও ধ্বংস সংঘটিত হয়ে চলছিল ত্বড়িৎ। এ জেহাদ বিক্ষিপ্তভাবে আরম্ভ হয়েছিল, তাকে সম্মিলিতভাবে মোকাবেলার জন্য সকল প্রস্তুতিই শত্রুরা গ্রহণ করেছিল। এই সম্মিলিত প্রস্তুতির জন্যই বালাকোটের যুদ্ধে ৬ই মে, ১৮৩১ খ্রিস্টাব্দে মোজাহিদ বাহিনীর পরাজয় ঘটে, যদিও পূর্ববর্তী কয়টি জেহাদের তাঁরা জয়লাভ করেছিল। এ পরাজয় ঘটার আর একটি কারণ হচ্ছে কতিপয় বিশ্বাসঘাতক মুসলমান সর্দার কর্তৃক মোজাহিদ বাহিনীর অবস্থানের খবর ফাঁস করা। এই বালাকোটেই উনবিংশ শতাব্দীর মুসলিম রেনেসাঁর জন্মদাতা মুর্শিদানা হযরত মাওলানা শাহ সৈয়দ আহমদ বেরেলভী (রঃ) শাহাদাত বরণ করেন, শাহাদাত বরণ করেন মাওলানা ইমামুদ্দীন (রঃ) এর দুইটি দাঁত আল্লাহর রাহে শহীদ হয়। কোনো এক মাওলানা সাহেবের স্বপ্ন বৃত্তান্ত অনুযায়ী ঐ দুটি দাঁত শহীদ হওয়ার কারণে হযরত মাওলানা ইমামুদ্দীনের (রঃ) তাঁর জীবনে রাসূলুল্লাহ (সাঃ) এর জীবনের প্রতিফলন দান্দান শহীদ হবার ব্যাপারটিও প্রতিফলিত হবার জন্যে। স্পষ্টতই বালাকোটের যুদ্ধের সঙ্গে ওহোদের যুদ্ধের সাদৃশ্য রয়েছে। ওহোদের যুদ্ধে পাহারায় থাকার অসামর্থ্য ও লুটের কাজে আত্মনিয়োগ যেমন হয়েছিল ঐ যুদ্ধে পরাজয়ের কারণ, বালাকোটেও তেমনি অর্থলোভে কতিপয় সীমান্তবাসী উচ্চ বিত্ত মুসলমানের তরফ থেকে মোজাহিদদের গোপন অবস্থান ফাঁস করে দেয়াই ঐ যুদ্ধে পরাজয় ঘটার কারণ। অবশ্য দুইটি যুদ্ধেই খোদাতায়ালা দিয়ে গেলেন ভবিষ্যৎ বিজয়ের চাবি কাঠির ইঙ্গিত : মুনাফিকদের সম্পর্কে সতর্কতা এবং বালাকোটের যুদ্ধে খোদাতায়ালা তাঁর অশেষ

দয়ায় এতিম মাওলানা ইমামুদ্দীনকে এতিম নবী (সাঃ) এর অপর সুন্নাহ দান্দান শহীদের গৌরব দান করে করেছেন গৌরবান্বিত। যুদ্ধশেষ হলে মাওলানা রায়বেরেলীতে স্বীয় মুর্শিদের জন্মভূমি যেয়ারত করে দেশে ফিরেন।

রায় রায়বেরেলী- যে স্থানের মাটিতে মুর্শিদের জন্ম, যে প্রাকৃতিক জলবায়ু ঊনবিংশ শতকের শ্রেষ্ঠ মুজাহিদ আল্লামা ও পথ প্রদর্শকের দেহকে চরিত্রকে সংগঠিত করেছে মহত্তম চারিত্রিক মাধুর্যে তাকে কি মুর্শিদের প্রিয়তম এতিম মন্ত্রশিষ্য, মানস সন্তান ইমামুদ্দীন ভুলতে পারে? পরম দুখ ভারাক্রান্ত হৃদয়ে মুর্শিদের দেয়া আধ্যাত্মিক জ্ঞানের সাগর ও কর্মপ্রেরণার মহান সঞ্চয় নিয়ে ইমামুদ্দীন ফিরে এলেন বাংলায় ধর্মীয় শিক্ষা, হেদায়াত, বিপ্লবী চেতনা, ছড়িয়ে দিতে শুধু হিন্দুস্তানে নয় সমগ্র এশিয়া খণ্ডে, চীন, জাপান, ব্রহ্মদেশ, ইন্দোচীন, মালয়, ফিলিপাইন, সিঙ্গাপুর, ইন্দোনেশিয়া, ইত্যাদি দেশে। পাথেয় তাঁর কুরআন সুন্নাহর অসীম জ্ঞান আর খোদাতায়ালার উপর অসীম বিশ্বাস আর নির্ভরশীলতা। হিন্দুস্তানের পশ্চিম সীমান্ত প্রদেশ থেকে পূর্ব সীমান্তের বঙ্গদেশ। দ্রুত নদনদী বন উপবন, গ্রাম গল্প পেরিয়ে তবে আসা। সুদীর্ঘ ত্রিশটি বছর পদব্রজে এ বিরাট ভূখণ্ডে নিজ মুর্শিদের সঙ্গে তবলিগের কাজে, নিজের ব্যবহারিক শিক্ষা ব্যাপদেশে ঘুরে বেড়িয়েছেন। কোথায় আশ্রয় নিবেন, কারা তাঁর কদর বুঝবে তা তাঁর জানা। সাধারণ মুসলমানগুলো নিম্ন শ্রেণীর নিম্নবিত্ত ঈমানদার লোকগুলো হিন্দুস্তানের পূর্ব, পশ্চিমাংশে কেন পৃথিবীর সর্বত্রই এক। ইসলামিক ইখওয়ানিয়াত ওদের মধ্যে এবং মুসলমান মধ্যবিত্ত সত্যিকার আলেমদের মধ্যে তখনও ছিল, চিরদিন থাকবে। মোজাহিদ বাহিনীকে তো ধরিয়ে দিয়েছে মুসলমান উচ্চবিত্ত, মধ্যবিত্ত শ্রেণীর কতিপয় মুনাফেক মুসলিমরা চেয়েছিলেন মদীনার মোহাজের আনসারদের আদর্শে মোজাহিদ মোহাজেরদের সঙ্গে স্থানীয় মুসলমান আনসার পরিবারের বিবাহ যোগ্য মেয়েদের বিবাহ বন্ধন দ্বারা মোজাহিদগণ স্থানীয় মুসলমানদের

আপন জ্ঞাতি কুটম্ব হয়ে থাক। তখন নিজেদের স্বার্থেই মোহাজেরদের তথা দামাম মোজাহিদদের পরিচয় আর ফাঁস হবার আশঙ্কা থাকবে না। কিন্তু সীমান্তের জাত্যাভিমানী স্বার্থান্ধ সর্দারদের কেউ কেউ ভুলে গেল যে, মোজাহিদ বাহিনী মুসলমান সমাজের তথা তাদেরই ইজ্জত আবরু রক্ষার জন্য তাদের উপর যুলুম বন্ধ করার জন্যই ওখানে অবস্থান করছে। তা ভুলে গিয়ে বিপুল ইনাম অর্থাৎ পুরস্কারের লোভে তারা করলেন বিশ্বাসঘাতকতা। এ মুনাফিকদের সম্পর্কে সতর্ক থাকতে হবে। অনেক কষ্টে ইমাম বিস্তর অভিজ্ঞতা লাভ করে বহুদিন পথশ্রমের পর বাড়ি ফিরলেন। খোদাকে জানালেন অশেষ শুকরিয়া।

তথ্যসূত্র: গাজী মাওলানা ইমামুদ্দীন বাঙ্গালী (রহ.)

চিন্তাবিদগণের চোখে বেরলভী রহঃ

মুহাম্মাদ জালালুদ্দীন ওয়াইসী
(স্নাতক, আল হাদিস বিভাগ)

হযরত আহমদ শহীদ বেরলভী (রহঃ) সম্পর্কে বিশিষ্ট চিন্তাবিদগণের অভিমত নিম্নরূপঃ

(ক) হাদীয়ে বাঙ্গাল, মুহিউস সুন্নাহ হযরত কারামত আলী জৈনপুরী (রহঃ) বলেন-

"খোদা তায়ালার অনুকম্পা প্রাপ্ত এই উম্মতের ভিতর কুতুবুল আকতাব, আমীরুল মু'মিনিন (রহঃ) ত্রয়োদশ শতাব্দীর মুজাদ্দিদ রূপে আবির্ভূত হয়েছেন।" দলীল- মুকাশিফাতে রহমত ১৫ পৃষ্ঠা।

(খ) বিখ্যাত আলেম, হাফিজে হাদীস, মুফতিয়ে আযম, পীরে কামেল হযরত রহুল আমীন বশীরহাটি (রহঃ) বলেন-

"হযরত সাইয়্যিদ আহমদ শহীদ বেরেলভী (রহঃ) হানাফী ছিলেন ও তাঁর ত্রিশ লক্ষ মুরীদ ছিল। তিনি তরীক্বতে হযরত নবী করিম ছল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কদম মোবারকের উপর ছিলেন। এজন্য নিজ তরীক্বাকে মুহম্মদীয়া তরীক্বা বলতেন। এটা কাদেরীয়া, চিশতিয়া, নকশবন্দীয়া, সোহরাওয়ার্দীয়া ইত্যাদি তরীক্বা গুলোর অন্তর্ভুক্ত।" দলীল- বিজ্ঞাপন রদ

(গ) পীর প্রফেসর আবদুল খালেক (রহঃ) বলেন

"হযরত সৈয়দ আহমদ শহীদ বেরলবী (রাঃ) অতি উঁচু দরজার অলী ছিলেন এবং তরিকার প্রবর্তক ছিলেন। তাঁহার ও অন্যান্য বড় দরজার অলীগণের রীতিনীতি কার্যকলাপ তন্ন তন্ন করিয়া আলোচনা করিয়া দেখিলে কোথায়ও শরীয়ত বা রাসূলুল্লাহ (সাঃ)-এর ছুন্নতের বিপরীত এক বিন্দুবিসর্গও দৃষ্টিগোচর হয় না।"

দলীল- সিরাজুস্-সালিকীন ২০৬ পৃষ্ঠা।

(ঘ) মাওলানা হায়দার আলী রামপুরী বলেন-

"হযরত আহমদ শহীদ বেরেলবী (রহঃ) হেদায়েতের নূর অত্যুজ্জ্বল জ্যোতিষ্কের ন্যায় দেশ দেশান্তরের মানুষের হৃদয় রাজ্যে উদ্ভাসিত করে তুলেছে।" দলীল- সিয়ানাতুন্নস ৫-৬ পৃষ্ঠা।

(ঙ) হযরত মাওলানা বেলায়েত আলী আযিমাবাদী (রহঃ) বলেন-

"হযরত সাইয়্যিদ আহমদ শহীদ বেরলভী (রহঃ) এর ব্যক্তিত্ব খোদায়ী সাহায্যে পুষ্ট ছিলো এবং তিনি আল্লাহ পাক এর নিকট অত্যন্ত মকবুল ছিলেন। অনিচ্ছা সত্ত্বেও মানুষের অন্তর তাঁর প্রতি আকৃষ্ট হতো, ফলে তাঁর মুরীদ হতে বাধ্য হতো।"

দলীল- রিসালত দাওয়াত ৬৫ পৃষ্ঠা

(চ) আল্লামা জাফর থানেশ্বরী (রহঃ) আমীরুল মু'মিনিন হযরত সাইয়্যিদ আহমদ শহীদ বেরেলভী (রহঃ) সম্পর্কে বলেন-

"তিনি জাগ্রত অবস্থায় হযরত নবী করীম ছল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাক্ষাত লাভ করতে পারতেন। এবং কাশফের শক্তি বলে হযরত ইমাম আবু হানীফা (রহঃ) এর সাথে সাক্ষাত করতেন। এতে শরীয়তের জটিল মাসায়ালা অবগত হওয়া তাঁর নিকট সহজ ছিলো।" দলীল- তাওয়ারিখে আযীবা ৪০-৪১ পৃষ্ঠা।

(ছ) হযরত মাওলানা ওয়াজীর উদ দৌলা বলেন-

"হযরত সাইয়্যিদ আহমদ শহীদ বেরেলভী (রহঃ) এর তিনটি বৈশিষ্ট্য। (১) বিনয় নম্রতা নিয়ে নামায আদায় করা। (২) কুরআনের ইলিম ও তৎপতি আমল। এবং (৩) মকবুল দোয়া।" দলীল- ওয়াসীলে ওয়াজীর।

(জ) মাওলানা আব্দুল মওদুদ ছাহেব বলেন-

"বালাকোটের বিপর্যয় আকস্মিক নয়, অভাবনীয় নয়। সম্প্রতিকালের যেসব প্রামাণ্য ঐতিহাসিক তথ্য প্রকাশিত হয়েছে, সেসব থেকে নিঃসন্দেহে প্রমানিত হয় যে, ১৮৩১ সালের ৬ই মে (২৪ জিলকদ, ১২৪৬ হিজরী) তারিখে বালাকোটে হযরত আহমদ শহীদ বেরেলভী (রহঃ) ও হযরত শাহ ইসমাঈল শহীদ (রহঃ) কয়েকশত মুজাহিদ নিয়ে যে মৃত্যু যজ্ঞের সম্মুখীন হয়েছিলেন, তা ছিলো কারবালার মর্মন্তুদ ঘটনার মতোই পূর্বনির্দিষ্ট অবশ্যম্ভাবী ঘটনা।" দলীল- ওহাবী আন্দোলন ১৪৯ পৃষ্ঠা।

(ঝ) মাওলানা আব্দুল আহাদ (রহঃ) বলেন-

"হিন্দুসহ অন্যান্য ধর্মাবলম্বী চল্লিশ হাজার মুশরিক হযরত আহমদ শহীদ বেরেলভী (রহঃ) এর নিকট এসে ইসলাম গ্রহণ করে ও ত্রিশ লক্ষ মুসলমান তার নিকট বাইয়াত হয়।" দলীল- সিয়ানাতুন্নস

(ঞ) মাওলানা হযরত সিদ্দীক আহমদ (রহঃ) বলেন-

"বিদয়াত ধ্বংসকারী, গোমরাহী মিটানেওয়ালা, হযরত সাইয়্যিদ আহমদ শহীদ বেরেলভী (রহঃ) একজন আলিম, কাশফ শক্তি সম্পন্ন উচ্চ দরজার ওলী ছিলেন।" দলীল- কারামতে আহম্মদী।

(ট) আল্লামা গোলাম রসূল মিহির তার বিখ্যাত কিতাবে বলেন-

"হযরত শাহ আব্দুল আযীয মুহাদ্দিস দেহলবী (রহঃ) বলেন, আমার নিকট বার বৎসরে যা লাভ হবে, হযরত সাইয়্যিদ আহমদ শহীদ বেরেলভী (রহঃ)'র নিকট তা বার দিনে হবে।" দলীল- সৈয়দ আহমদ শহীদ ৯২ পৃষ্ঠা।

(ঠ) বাংলা একাডেমী থেকে প্রনীত "মুসলিম সংস্কারক ও সাধক" পুস্তকে হুমায়ুন আব্দুল হাই বলেন-

"সৈয়দ আহমদ শহীদ বেরেলভী (রহঃ) ১৭৮৬ খ্রিস্টাব্দে (১২০১ হিজরী) ভারতের অন্তর্গত উত্তর প্রদেশের রায় বেরেলীতে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম ছিলো সৈয়দ মোহাম্মদ নূর তিনি যে বংশে জন্মগ্রহণ করেন তা বিখ্যাত হাসানী সৈয়দ বংশ নামে খ্যাত এবং তিনি ছিলেন এ বংশের পয়ত্রিশতম পুরুষ। এসময় সৈয়দ আহমদ শহীদ বেরেলভী (রহঃ) এর বিদ্যা ও পান্ডিত্যে মুগ্ধ হয়ে শাহ আব্দুল আযীয (রহঃ) ও জামাতা শাহ আব্দুল হাই (রহঃ) তাঁর শিষ্যত্ব গ্রহণ করেন। ক্রমান্বয়ে ধর্মীয় নেতা ও সমাজ সংস্কারক হিসেবে তাঁর সুনাম দিল্লী ও ভারতের বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে পড়ে। ফলে দেশদেশান্তর থেকে তাঁর ডাক আসতে থাকে। (মুসলিম সংস্কারক ও সাধক)

(ড) এ প্রসঙ্গে ডঃ সৈয়দ মাহমুদুল হাসান বলেন- "হযরত সাইয়্যিদ আহমদ শহীদ বেরেলভী (রহঃ) কে ওহাবী আন্দোলনের প্রবক্তা হিসাবে চিহ্নিত করা হয়েছে কিন্তু প্রকৃতপক্ষে তিনি ওহাবী ছিলেন না। কারন তার মতবাদ বহুলাংশে আব্দুল ওহাবের চিন্তাধারা হতে পৃথক ছিলো।

প্রথমতঃ তিনি আব্দুল ওহাব অথবা তার শিষ্যের সংস্পর্শে আসেননি। কারণ আব্দুল ওহাব পূর্বেই মৃত্যু বরণ করে এবং তার শিষ্যরা হেজাজ হতে বিতাড়িত হয়।

দ্বিতীয়তঃ আব্দুল ওহাব গোঁড়াপন্থী মুসলমান ছিল এবং কুরআন হাদীস (গোঁড়ামীভাবে) অনুসরণ করতো। অপরদিকে হযরত সাইয়্যিদ আহমদ শহীদ বেরেলভী (রহঃ) আব্দুল ওহাব নয় বরং হযরত শাহ ওয়ালীউল্লাহ মুহাদ্দিস দেহলবী (রহঃ) এর পুত্র হযরত শাহ আব্দুল আযীয মুহাদ্দিস দেহলবী (রহঃ) এর শিষ্য ছিলেন এবং তার মতবাদে প্রভাবান্বিত হন।"

(ভারত বর্ষের ইতিহাস, পৃ. ৫৭২-৫৭৩, প্রকাশনা- গ্লোব লাইব্রেরী)

(ঢ) অধ্যাপক এম.এ খান বলেন-

"Muslim of Bengal played a pioneering role in this revolution just keeping with the dedicated part in the famous zihad movement of syed Ahmad shahid."

(The Great Revolt of 1857.)

(ণ) এছাড়া wahabism in India, encyclopedia of Islam, history of nationalism in east, what actually wahabism, civil disturbance during the British rule in India, a fascinating chapter of the history of Islam in east Pakistan ...প্রভৃতি গ্রন্থে হযরত আহমদ শহীদ বেরেলবী (রহঃ) ও তাঁর মুজাহিদ বাহীনির আন্দোলনকে জিহাদী আন্দোলন হিসাবে চিহ্নিত করা হয়েছে এবং তার সংস্কার আন্দোলনকে যারা ইংরেজদের সাথে সম্পর্ক যুক্ত করে এবং আরবের ইবনে আব্দুল ওহাব নজদীর সাথে একত্রিত করেছে তাদের দাঁতভাঙ্গা জবাব দেয়া হয়েছে।

(ত) বিখ্যাত ঐতিহাসিক রতন লাহিড়ী বলেন-"যার জীবনস্মৃতি প্রেরণা জুগিয়েছিল যুগে যুগে এদেশের মহাবিপ্লবিদের। যার জীবনাদর্শ, ব্রিটিশ সাম্রাজ্যদের আওতার বাইরে থেকে ব্রিটিশ সাম্রাজ্যবাদকে আক্রমণ করা, স্বাধীন সরকার গঠন করা, আবার সেই সাথে সাথে দেশের মধ্যে থেকেও সাম্রাজ্যবাদকে আঘাতে আঘাতে জর্জরিত করা, পথ দেখিয়েছিল পরবর্তীকালে মহেন্দ্রতাপ, বরকতুল্লা, এম এন রায়, রাসবিহারী এমনকি নেতাজিকেও। কে এই মহাবিপ্লবী, যাঁর আদর্শে উদ্বোধিত হয়ে সহস্র সহস্র মানুষ প্রাণ দিয়েছিল, ১৮৫৭ সালের মহাবিদ্রোহে শত সহস্র মানুষ বরণ করেছিল দ্বীপান্তর, সশ্রম কারাদণ্ড, কঠোর যন্ত্রণাময় মৃত্যু। কে ইনি?.....ব্রিটিশ সাম্রাজ্যবাদ আর তার দালালদের লেখা ইতিহাসে এর নামোল্লেখ থাকলেও এর সম্বন্ধে বিশেষ কিছু লেখা থাকা স্বাভাবিকও নয়। আর আজও স্কুল কলেজে যে ইতিহাস পড়ানো হয় সেসব সাম্রাজ্যবাদিদের প্রাচীন গলিত বিকৃত ইতিহাসের আধুনিক সংস্করণ মাত্র। তাই কি করে জানবে এ মহাপুরুষের নাম? এ মহান মহাবিপ্লবি মহাবিদ্রোহীর নাম হযরত মাওলানা সৈয়দ আহমদ বেরলভী।"

রতন লাহিড়ী আরো বলেন, "বিপ্লবিরা না পিছিয়ে মরণপণ সংগ্রাম করতে লাগল। তারপর যুদ্ধ হল শেষ। বিপ্লবী বাহিনী হল ধবংস। ...... তাকে সকলে দেখেছিল বীরের মত লড়াই করতে একটার পর একটা শত্রুসৈন্য কচুকাটা করতে। যদিও নিজেরা একে মৃত বলে কবর দেবার ব্যবস্থা করল কিন্তু কেউ এর শেষ পরিণতি দেখেনি।"

রতন লাহিড়ী, ভারত পাকিস্তান ও বাংলাদেশের সত্যিকারের ইতিহাস, পৃ. ৭-৮; গোলাম আহমদ মোর্তজা, চেপে রাখা ইতিহাস, মদীনা পাবলিকেশন্স, ঢাকা-২০০৭, পৃ. ২৩১-২৩২।

পরিসমাপ্তিঃ

অবশেষে ১৮৩১ সনের ৬ মে নিভে যায় ইসলামী আন্দোলনের উজ্জ্বলতম প্রদীপ। কিছু শিখ ও ইংরেজদের গুপ্তচর মুনাফিক সাইয়্যেদ বেরলভী (রহঃ) এর বাহিনীর সাথে বিশ্বাসঘাতকতা করলো। সেই ঐতিহাসিক বালাকোটের ময়দানে শিখদের বিরুদ্ধে (মূলত; ইংরেজদের বিরুদ্ধে) যুদ্ধরত অবস্থায় শাহাদাত বরণ করেন। মহান আল্লাহ পাক! তাঁর মর্যাদাকে উচ্চ থেকে আরো উচ্চতর করে দিন।

তৃতীয় অধ্যায়

আক্বীদা ও অপবাদ খন্ডন

তরীকায়ে মুহাম্মদিয়া ও ওয়াহাবী মতবাদ

মাওলানা মোঃ নূরুল ইসলাম

আমীরুল মু'মিনীন হযরত সায়্যিদ আহমদ শহীদ বেরেলভী (র.)-এর তরীকায়ে মুহাম্মদিয়া এবং মুহাম্মদ ইবনে আবদুল ওহাব নজদীর ওয়াহাবী মতবাদ সম্পর্কে তুলনামূলক আলোচনা ও মূল্যায়নের পূর্বে উভয়ের জীবনী ও কর্মধারা সম্পর্কে অবহিত হওয়া দরকার, তাই সংক্ষিপ্ত পরিসরে তাঁদের জীবন ও কর্মধারা প্রথমে আলোচনা করা হল।

মুহাম্মদ বিন আব্দুল ওয়াহাব নজদী

মুহাম্মদ বিন আব্দুল ওয়াহাব ১১১৫ হিজরী মুতাবেক ১৭০৩ খৃ. আরবের নজদ প্রদেশের উয়াইনা শহরে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম আব্দুল ওয়াহাব। তিনি একজন বিখ্যাত আলেম ও উয়াইনা শহরের কাজী ছিলেন। ইবনে আব্দুল ওয়াহাব তার পিতার নিকট প্রাথমিক স্তরের শিক্ষা লাভ করেন, অতঃপর শায়খ আব্দুল্লাহ ইবনে ইবরাহীম ইবনে সাইফ, সোলায়মান কুর্দী, মুহাম্মদ হায়াত সিন্দি প্রমুখের নিকট হতে জ্ঞান লাভ করেন। তার মেধাশক্তি ভালোই ছিল। তাই গতানুগতিক লেখাপড়া না করে নিজে নিজে অধ্যয়ন করে অতি অল্প দিনের মধ্যেই শিক্ষা জীবনের সমাপ্তি ঘটান। তিনি অধিকাংশই স্ব-শিক্ষায় শিক্ষিত। অধ্যয়নরত থাকা অবস্থায়-ই তাঁর উস্তাদ সোলায়মান কুর্দী ও মুহাম্মদ হায়াত সিন্দি তাঁর আচরণ উপলব্ধি করে পরবর্তী সময়ে গোমরাহ হওয়ার আশঙ্কা ব্যক্ত করেন। অধিকাংশ সময়ে তিনি দেশভ্রমণে রত থাকেন। প্রথমে বসরায় চার বছর অতিবাহিত করেন, তারপর বাগদাদে ৫ বছর, কুর্দিস্তানে এক বছর, হামদানে দুই

বছর ও ইস্তাম্বুলে অবস্থানের পর স্পেন চলে যান। সেখানে চার বছর অবস্থান করে এরিস্টটলের দর্শনে উচ্চ শিক্ষা লাভ করেন। অতঃপর কোন বুযুর্গের সংস্পর্শ ছাড়া গতানুগতিকভাবে সুফীতত্ত্বে পারদর্শী হন। তখন পর্যন্ত তিনি হাম্বলী মাযহাবের অনুসারী ছিলেন। এরপর তিনি জন্মভূমি উয়াইনাহ প্রত্যাবর্তন করে পূর্ববর্তী বুযুর্গদের ও স্বীয় ইমাম হযরত আহমদ ইবনে হাম্বল (র.)-এর রীতিনীতি উপেক্ষা করে চার শ' বছর পূর্বের বিতর্কিত ব্যক্তি আবুল আব্বাছ তক্বী উদ্দীন আহমদ ইবনে আবুল হালিম ইবনে আব্দুছ ছালাম ইবনে আব্দুল্লাহ ইবনে আবুল ক্বাছিম ইবনে তাইমিয়ার থেকে সংক্ষেপে বলা হয় ইবনে তাইমিয়াহ) অনুসরণে জমহুরের পরিপন্থী নতুন নতুন মাসআলাহ বর্ণনা করা আরম্ভ করেন। তাঁর পিতা আব্দুল ওয়াহাব, ভাই সোলায়মান ইবনে আব্দুল ওয়াহাব ও অন্যান্য উস্তাদগণ এতে অসন্তুষ্ট হয়ে তাঁর বিরোধিতা আরম্ভ করেন। সোলায়মান ইবনে আব্দুল ওয়াহাব তাঁর বিরুদ্ধে একটি কিতাব রচনা করেন। মুশরিকদেরকে লক্ষ্য করে আল্লাহতায়ালা যে আয়াত নাযিল করেছেন ইবনে ওয়াহাব সে আয়াতসমূহকে মুমিনদের উপর প্রয়োগের চেষ্টা করেন। তার অনুসারী ছাড়া সকল মুমিনগণকে কাফির ফতওয়াদানে আত্মনিয়োগ করেন। যেমনঃ ওয়াসিলাকে শিরক প্রমাণ করতে-গিয়ে দলিল হিসেবে মুশরিকগণের উক্তি উপস্থাপন করেন। তাকলীদকে শিরক সাবিত করতে অপপ্রয়াস চালান।

অনুরূপভাবে মুসলমানদের উপর শিরকী ও কুফরী ফতওয়া লাগামহীনভাবে আরম্ভ করায় ইবনে তাইমিয়ার মত তারও বিরোধিতা আরম্ভ হয়। তখন তিনি তদানীন্তন নজদের মাশায়িখ গোত্রের সরদার মুহাম্মদ ইবনে সউদ যিনি আব্দুল আজিজ ইবনে সউদের পূর্বপুরুষ ছিলেন, তার আশ্রয় গ্রহণ করেন এবং ইবনে সউদের সাথে নিজ কন্যাকে বিয়ে দিয়ে ক্ষমতা অর্জন করেন। তৎকালীন তুর্কী সরকার ইবনে আব্দুল ওয়াহাবের ইসলামবিরোধী ফতওয়া ও অন্যান্য কাজের দায়ে তাকে দেশ থেকে বিতাড়িত করেছিলেন। সউদ পরিবারের সাথে আত্মীয়তা করে তিনি এর প্রতিশোধ গ্রহণের প্রস্তুতি আরম্ভ করেন এবং বেদুঈনদেরকে একত্রিত করে একটি বাহিনী সৃষ্টি করেন। তখন থেকেই ইবনে ওয়াহাবের তথাকথিত ধর্মীয় সংস্কারের সাথে সাথে রাজনৈতিক আন্দোলনও আরম্ভ হল এবং তদানীন্তন তুর্কী সরকারের সাথে বিভিন্ন যুদ্ধ হল। তার মৃত্যুর পরও এ আন্দোলন চলতে থাকলে এ আন্দোলনকে ওয়াহাবী আন্দোলন নামে অভিহিত করা হয়। ইবনে ওয়াহাব যদিও মূলতঃ নতুন কোন ধর্মীয় মত আবিষ্কার করেননি বরং চার শ' বছর আগেও ইবনে তাইমিয়ার মতবাদকে প্রচার করেছেন তদুপরি তার আন্দোলন রাজনীতিতে রূপান্তরিত হওয়ার দরুন তার দিকে সম্বোধিত হয়ে ওয়াহাবী আন্দোলন নামে পরিচিত লাভ করেছে। ইবনে ওয়াহাব ১২০৬ হিজরী সনে মৃত্যুবরণ করেন।

শহীদ সায়্যিদ আহমদ বেরেলভী (র.)

জন্ম ও বংশ পরিচয়ঃ শহীদ সায়্যিদ আহমদ বেরেলভী (র.) ১২০১ হিজরীর সফর মাসের ৬ তারিখ মুতাবেক ১৭৯৬ খৃ. ২৯ শে নভেম্বর রোজ সোমবার এলাহাবাদ জেলার রায়বেরেলীর দুই নদীর তীরে "দায়রায়ে ইলমুল্লাহ" নামক মহল্লায় জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম সায়্যিদ মুহাম্মদ ইরফান এবং চৌত্রিশতম পিতামহের নাম আমিরুল মুমিনীন সায়্যিদুনা হযরত ইমাম হাসান শহীদ (রা.) ইবনে আমীরুল মুমিনীন সায়্যিদুনা হযরত আলী শহীদ (রা.)।

ওয়াহাবী মতবাদ ও মুহাম্মদী আন্দোলন ঃ

মুহাম্মদ ইবনে আব্দুল ওয়াহাব নজদী ও আমীরুল মুমিনীন সায়্যিদ আহমদ শহীদ (র.)-এর জীবনী আলোচনা থেকে আমরা উভয় সম্পর্কে সংক্ষিপ্তভাবে জানতে সক্ষম হয়েছি। এরই সাথে ওয়াহাবী মতবাদ ও তরীকায়ে মুহাম্মদিয়া আন্দোলনের উদ্ভব সম্পর্কেও জ্ঞাত হয়েছি। যেহেতু ওয়াহাবী আন্দোলনের প্রবর্তক ১১১৫-১২০৬ হিজরী পর্যন্ত এবং তরীকায়ে মুহাম্মদী আন্দোলনের প্রবর্তক ১২০১-১২৪৬ হিজরী পর্যন্ত জীবিত ছিলেন, একজনের ছয় বৎসর বয়সের সময় অপর জনের মৃত্যু বিধায় উভয়ের মধ্যে দেখা বা সাক্ষাত হওয়ার কোন যুক্তিই নেই এবং হযরত সায়্যিদ আহমদ শহীদ (র.) মুহাম্মদ ইবনে আব্দুল ওয়াহাব নজদীর কোন ছাত্র বা শিষ্যের নিকট দীক্ষাও গ্রহণ করেননি বরং তিনি হযরত শাহ ওয়ালিউল্লাহ মুহাদ্দিস দেহলভী (র.)-এর যোগ্য সন্তান ও খলীফা হযরত শাহ আব্দুল আযীয মুহাদ্দিসে দেহলভী (র.)-এর খলীফা ও ছাত্র। বিশেষভাবে তিনি জিহাদের প্রেরণা হাসিল করেন উস্তাদ ওপীর হযরত শাহ আব্দুল আযীয (র.)-এর নিকট থেকে এবং শাহ আব্দুল আযীয তাঁর পিতা ও পীর শাহ ওয়ালীউল্লাহ মুহাদ্দিসে দেহলভী (র.)-এর নিকট থেকে। শাহ ওয়ালীউল্লাহ সাহেবের জন্ম ও ইবনে আব্দুল ওয়াহাবের জন্ম একই বছর হলেও শাহ সাহেবের ইন্তেকাল ইবনে ওয়াহাবের ইন্তেকালের প্রায় ৩০ বছর আগে ১৭৬৩ ইং সনে হয়েছে। তাঁর জীবনকালে ইবনে ওয়াহাব নজদে পলাতক, আশ্রিত ও আত্মগোপনরত অবস্থায় ছিলেন। শাহ ওয়ালীউল্লাহ মুহাদ্দিসে দেহলভী (র.) পবিত্র হজ্জ পালনে মক্কা শরীফ ও মদীনা শরীফ তশরীফ নিলেও ইবনে ওয়াহাবের সাথে তাঁর সাক্ষাৎ হওয়ার কোন ঐতিহাসিক প্রমাণ নেই। সর্বোপরি সায়্যিদ আহমদ শহীদ (র.) এর আকীদা-বিশ্বাস ও আন্দোলন নীতি ইবনে ওয়াহাব বা তাঁর অনুসারীদের আন্দোলন নীতি ও আকীদা বিশ্বাসের পরিপন্থী ছিল। নিম্নে কয়েকটি তুলনামূলক পার্থক্য আলোচিত হলঃ

(১) মুহাম্মদ ইবনে আব্দুল ওয়াহাব নজদীর বিভিন্ন লেখায় পীর মুরিদীকে শিরক সমতুল্য বলে উল্লেখ করা হয়েছে। অথচ সায়্যিদ সাহেবের আন্দোলনের উৎপত্তি-ই পীর মুরীদীর মাধ্যমে। এমন কি তিনি তাঁর বিরাট বাহিনীকে আত্মসংশোধন করে ছিলেন পীর মুরিদীর মাধ্যমে।

(২) সায়্যিদ আহমদ শহীদ (র.)-এর যুগে ভারতে ওয়াহাবী আন্দোলন ফরায়েযী আন্দোলন নামে চলছিল। তাঁর জীবনী লেখকরা উল্লেখ করেছেন যে, সায়্যিদ সাহেব ফরায়েজি আন্দোলনের চরম বিরোধিতা করেছেন। এতে ওয়াহাবী আন্দোলনের প্রতিদ্বন্দ্বী হিসেবে তাঁকে গণ্য করা হয়েছে।

(৩) যিয়ারতের নিয়তে সফর করাকে ইবনে ওয়াহাব হারাম ও কুফরী বিশ্বাস করেন। পক্ষান্তরে সায়্যিদ সাহেব মুস্তাহাব ও সওয়াবের কাজ মনে করতেন। রাসূল (সা.)-এর যিয়ারতের উদ্দেশ্যে তিনি মদীনা শরীফ তাশরীফ নিয়ে যিয়ারত করেছেন।

(৪) ইবনে ওয়াহাব তাঁর সময় কালের মুমিনগণ শিরকী কাজে লিপ্ত মনে করে তাদেরকে মুমিন বানানোর উদ্দেশ্যে বিভিন্ন স্মৃতি জড়িত ইসলামী চিহ্ন ভেঙ্গে ফেলতেন। কবরসমূহ নিশ্চিহ্ন করে কবরস্থানের বেহুরমতি করাকে জিহাদ মনে করতেন, এমন কি গম্বুদে খাদ্বরাকেও ভেঙ্গে ফেলার অপচেষ্টা করেছেন। এতে বাধাদানকারীকে মুশরিক এবং সহযোগিতা না করাকে শিরকী মনে করতেন। পক্ষান্তরে সায়্যিদ আহমদ শহীদ (র.) কোন মুসলমানকে মুশরিক মনে করতেন না। আধ্যাত্মিকতার মাধ্যমে মানুষের আমল আকীদাহ সংশোধন করার চেষ্টা করতেন।

(৫) ইবনে ওয়াহাব ওয়াসিলাকে শিরক মনে করতেন, কিন্তু সায়্যিদ আহমদ শহীদ (র.) জায়িয ও বরকতের কাজ মনে করতেন।

(৬) কোন বুযুর্গের কবরের নিকট মসজিদ নির্মাণ বা বরকত মনে করে আল্লাহর ওয়াস্তে নামায আদায় করাকে ইবনে ওয়াহাব শিরক মনে করতেন। পক্ষান্তরে সায়্যিদ আহমদ শহীদ (র.) বৈধ মনে করতেন।

(৭) ইমাম বুসিরীর কাসীদা বুরদাহ বা এ রকম কাসীদাহকে ইবনে ওয়াহাব শিরক ফতওয়া দিয়েছেন; অথচ সায়্যিদ সাহেব এটি তবররক মনে করতেন।

(৮) মুহাম্মদ ইবনে আব্দুল ওয়াহাব স্বীয় মতবাদ প্রচারে তুর্কী হুকুমত কর্তৃক বাধাপ্রাপ্ত হওয়ায় মাশালিখ গোত্রের সউদ পরিবারের সঙ্গে আত্মীয়তা করে তাদের সহযোগিতায় এক সন্ত্রাস বাহিনী গঠন করে লুঠতরাজ ও সন্ত্রাস সৃষ্টি করেন এবং ইসলাম গর্হিত রাজতন্ত্র ও বাদশাহাত কায়েম করার অপচেষ্টায় লিপ্ত হন। স্বীয় স্বার্থের পক্ষে না হওয়ার দরুন ইসলামী হুকুমত কায়েম করার চেষ্টা নিজেও করেননি এবং সমর্থিত সউদ পরিবারকেও ইসলামী হুকুমত কায়েমের পরামর্শ কখনও দেননি। ইবনে ওয়াহাবের মৃত্যুর পরও তার সন্ত্রাসী কর্মধারা চলমান থাকে। এমন কি ১৮০৩-১৮০৬ পর্যন্ত বাইরের দেশ থেকে এসে নিরাপদে হজ্ব পালন মুসলমানদের পক্ষে সম্ভব হয়নি। পক্ষান্তরে সায়্যিদুল মুজাহিদীন হযরত সায়্যিদ আহমদ শহীদ (র.) 'খিলাফত আলা মিনহাজিন নবুয়্যাত' কায়েম হবার উদ্দেশ্যে আন্দোলন করে স্বল্পকালের জন্য হলেও তা বাস্তবায়িত করেন এবং

ইসলামের স্বার্থে জিহাদ করে সদলবলে শহীদ হন। কিন্তু অন্যায়ের সামনে মাথা নত করেননি, অনৈসলামী কোন দল বা শক্তির আশ্রয় নেননি। এতে পরিষ্কার অনুমিত হয় যে ইবনে ওয়াহাবের আন্দোলন ও সায়্যিদ সাহেবের আন্দোলনের উদ্দেশ্য এক ছিল না। একটি ছিল ক্ষমতা অর্জনের জন্য, অপরটি ছিল আল্লাহর দ্বীন কায়েমের জন্য।

(৯) মুহাম্মদ ইবনে আব্দুল ওয়াহাব তাকলীদকে শিরক মনে করতেন অপরদিকে সায়্যিদ আহমদ শহীদ (র.) তাকলীদকে ফরয মনে করতেন এবং তিনি নিজে সম্পূর্ণ রূপে হানাফী মাযহাবের মুকাল্লিদ ছিলেন।

(১০) মুহাম্মদ ইবনে আব্দুল ওয়াহাব নজদীর সুযোগ্য পিতা, বড় ভাই ও উস্তাদগণ তাকে অভিশাপ দিয়েছেন এবং তার মূলনীতিকে ইসলাম বহির্ভূত বলেছেন। পক্ষান্তরে সায়্যিদ সাহেবের উস্তাদ তাঁর উপর খুশী হয়ে দোয়া করেছেন আল্লাহ যেন তাঁকে বেলায়েত আউলিয়া দান করেন। এ দৃষ্টিকোণ থেকে সায়্যিদ সাহেবের মুকাবিলায় ইবনে ওয়াহাবের গুমরাহী ও ধর্মদ্রোহীতা প্রকাশ পায়। মুহাম্মদ ইবনে আব্দুল ওয়াহাব ও হযরত সায়্যিদ আহমদ শহীদ (র.)-এর মধ্যে মূলনীতি হিসেবে আরও অনেক পার্থক্য রয়েছে যা উভয়ের ধর্মীয় বিশ্বাস ও দৃষ্টিভঙ্গি থেকেই প্রকাশ পায়। ইবনে ওয়াহাবের মতবাদ অনুসারে সায়্যিদ সাহেব সম্পূর্ণ মুশরিক।

এমতাবস্থায় দু'জনের এক আন্দোলনে বিশ্বাসী হওয়ার যৌক্তিকতা নেই। উদ্দেশ্য প্রণোদিতভাবে কতিপয় ভাড়াটিয়া লোক এ ধরনের প্রলাপ বকে থাকে।

নবাব সিদ্দীক হাসান সায়্যিদ সাহেবের মুহাম্মদী আন্দোলন ইবনে ওয়াহাবের আন্দোলন থেকে পৃথক হওয়ার বর্ণনা নিম্নরূপ করেন ঃ

"আফগান সীমান্তে সায়্যিদ সাহেবের যুদ্ধ পরিচালনা দেখে কতিপয় লোকেরা তাঁর জিহাদী পদ্ধতিকে মুহাম্মদ বিন আব্দুল ওয়াহাব নজদীর আন্দোলনের সাথে সম্পৃক্ত বলে লাগামহীন বক্তব্য ও ভিত্তিহীন লেখালেখি করেছেন। কিন্তু বাস্তবে তাঁর আন্দোলনের ধারা ইবনে আব্দুল ওয়াহাবের আন্দোলনের সাথে মোটেই সাদৃশ্যপূর্ণ ছিল না। জিহাদ দেখেই এরূপ ধারণা অত্যন্ত মূর্খতার পরিচায়ক, কারণ জিহাদ সব নবীদের সুন্নত, মুহাম্মদ বিন আব্দুল ওয়াহাব জিহাদের প্রবর্তক নয়।"

কেন এই অপবাদ?

শাহ ওয়ালীউল্লাহ মুহাদ্দিসে দেহলভী (র.) এর সুতীক্ষ্ণ ইনকিলাব, শাহ আব্দুল আযীয (র.)-এর সতর্কতামূলক ফতওয়া ও দিকনির্দেশনা এবং সায়্যিদ আহমদ শহীদ (র.)-এর সশস্ত্র জিহাদ-ছিল এদেশ থেকে ইংরেজ বিতাড়নের সূচনা। তাই সুচতুর ইংরেজরা তা বুঝতে পেরে সায়্যিদ সাহেবের বিরুদ্ধে মুসলমানগণকে

ক্ষেপিয়ে তোলার উদ্দেশ্যে তারা তাঁকে ওয়াহাবী বলে প্রচার করেছিল। কারণ মুহাম্মদ ইবনে আব্দুল ওয়াহাব তাঁর অনুসারীরা মুসলমানদের উপর এমন যুলুম চালিয়েছিল এবং তাদের ঈমান আকীদা নষ্ট করার অপচেষ্টায় আধাজল খেয়ে লেগেছিল যে, যার দরুন খাঁটি সুন্নী মুসলমানগণ ওয়াহাবীদের নাম শুনলেই তা প্রত্যাখ্যান করতেন। সায়্যিদ সাহেবও যাতে মুসলমানদের কাছে পরিত্যক্ত হন- এ কুমতলব হাসিলের উদ্দেশ্যে তারা তাঁকে ওয়াহাবী নামে জনসমক্ষে পরিচিত করার অপচেষ্টা করেছিল এবং ইংরেজদের দ্বারা প্রভাবিত কেউ কেউ এক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করেছিল।

ইবনে ওয়াহাব ছিলেন ভ্রষ্ট ও বিভ্রান্ত

ওয়াহাবী আন্দোলনের প্রবর্তক মুহাম্মদ ইবনে আব্দুল ওয়াহাব নজদী সম্পর্কে মুসলমানদের মধ্যে দারুণ মতভেদ রয়েছে। কোন কোন আলিম তাঁকে ধর্মদ্রোহী মুলহিদ, যিন্দিক হিসেবে মূল্যায়ন করেছেন। হানাফী ফিকহের বিখ্যাত গ্রন্থ রদ্দুল মুহতারের প্রণেতা আল্লামা শামী (র.) ইবনে ওয়াহাব সম্পর্কে উল্লেখ করেছেনঃ "আমাদের সময়ে ইবনে আবদুল ওয়াহাবের অনুসারীদের উদ্ভব ঘটেছিল, নজদ থেকে এসেছিল এরা, এরা মক্কা ও মদীনার উপর প্রাধান্য বিস্তার করেছিল। আপাতদৃষ্টিতে তারা হাম্বলী মাযহাবকে সমর্থন করেছিল, কিন্তু তারা দাবী করত যে, তারাই মুসলমান, তাদের বিরোধিতা যারা করবে তারা মুশরিক। এজন্য তারা আহলে সুন্নাত (সুন্নী) দেরকে হত্যা করা বৈধ মনে করেছিল। অনেক আলেমদেরকেও হত্যা করেছিল। পরিশেষে আল্লাহ তাদের বিষঁদাত ভেঙে দিয়েছেন। ছিন্নভিন্ন হয়েছিল তাদের আবাস। সাধারণ মুসলমান মুজাহিদরা তাদের উপর সফলতা লাভ করেছিল। ইহা ছিল ১২৩৩ খৃস্টাব্দের ঘটনা।"

ওয়াহাবী মতাদর্শী ছাড়া অন্য কাউকে তারা মুসলমান মনে করত না বিধায় কেবল তাদের অনুসারীদের জন্যই দোয়া করত। কিতাবুত তাওহীদ-এর শরাহ ফতহুল মজীদ শরহে কিতাবুত তাওহীদ এর ভূমিকায় বলা হয়েছে ঃ "অতঃপর বস্তুত তাওহীদের কিতাব যা ইমাম শায়খুল ইসলাম (শেখ নজদী) লিখেছেন।

আল্লাহ তাকে বিনিময় ও সওয়াব দান করুন এবং তাকে আল্লাহ ক্ষমা করুন যিনি তার দাওয়াত বা মিশনকে সমর্থন জানিয়েছেন, এভাবে কিয়ামত পর্যন্ত যারা সমর্থন করবে তাদের জন্য এ দোয়া রইল।"

আল্লামা শামী (র.)-এর কথা কে ওয়াহাবীরা অতিরঞ্জন করে ব্যক্ত করলেও ফতহুল মজীদের লেখক আব্দুর রহমান ইবনে হাছানের দোয়া থেকে ইমাম শামীর কথার সত্যতা প্রমাণ হচ্ছে। তাই শামীর উক্তিকে অতিরঞ্জন বলে ফেলে দেওয়া যাবে না। তাছাড়া তৎকালীন বৃটিশ গোয়েন্দা কর্মকর্তা মিস্টার হেম্পার-এর

ডায়েরীতে ইংরেজদের পক্ষ হতে মুহাম্মদ ইবনে আব্দুল ওয়াহাবকে ছয়টি কর্মসূচী দেওয়ার উল্লেখ আছে। তন্মধ্যে দুইটি বাস্তবায়িত করতে ইবনে ওয়াহাব দুঃসাহস না দেখালেও বাকী চারটি বাস্তবায়নে প্রাণপণে চেষ্টা করেন। সে চারটি কর্মসূচি হল :

১) ইবনে ওয়াহাবের মাযহাবে যারা শামীল হবে না তাদেরকে কাফির মুশরিক বলা এবং তাদের সম্পদ ও মান-ইজ্জত বিনষ্ট বৈধ বলে মনে করা।

২) আরব উপজাতীয়দেরকে ওসমানিয়া খলীফার আদেশাবলী পালন থেকে বিরত রাখা।

৩) রাসূল (সা.) ও তাঁর খলীফাদের এবং বিশেষ করে মহৎ ব্যক্তিদের সম্মান ক্ষুন্ন করা এবং শিরক ও মূর্তি পূজার দোহাই দিয়ে ইসলামের স্মৃতি বিজড়িত চিহ্নসমূহ বিশেষভাবে মক্কা শরীফ, মদীনা শরীফ এ অন্যান্য শহরে যতটুকু সম্ভব মাযার ও কবরগুলো ধ্বংস করা।

৪) যতটুকু সম্ভব বিভিন্ন মুসলিম রাষ্ট্রগুলোতে ফিতনা-ফাসাদ ছড়ানোর চেষ্টা করা। উপরোল্লেখিত কর্মসূচীগুলো ইবনে ওয়াহাব যথাসাধ্য বাস্তবায়িত করেছেন। তাঁর জীবনের তথাকথিত সংস্কারসমূহ এ চার মূলনীতির বহিঃপ্রকাশ বলে সর্বত্র দেখা যায়। যে দুটি কর্মসূচী তিনি বাস্তবায়িত করতে সাহস করেননি সেগুলি হল ঃ

১) আধুনিকতার নামে নতুন ব্যাখ্যার মাধ্যমে কুরআনে পরিবর্তন সাধিত করা।

২) মূর্তি পূজার প্রহসনে পবিত্র কাবা ঘর ধ্বংস করা।

এ দুটি কর্মসূচী পূর্ণ বাস্তবায়িত না হলেও হজ্জ থেকে বিভিন্ন দেশের মুসলমানদেরকে বিরত রাখার চেষ্টা করা হয়েছে এবং কুরআন শরীফেরও অপব্যাখ্যা করার অপচেষ্টা চলেছে। যেহেতু ইবনে ওয়াহাবের জীবনের কার্যাবলীর মাধ্যমে উপরোল্লিখিত কর্মসূচীর প্রতিফলন ঘটেছে তাই তাকে সন্দেহমুক্ত ও বিতর্কের উর্ধ্বে বলা যায় না।

ইবনে ওয়াহাবের ভ্রষ্টতার অন্যতম প্রমাণ তিনি নজদের বনী তমীম গোত্রের লোক। নজদ প্রদেশ ও বনী তমীম গোত্র সম্পর্কে রাসূল (সা.)-এর ভবিষ্যৎবাণী নিম্নরূপঃ

হুনাইনের যুদ্ধের পর রাসূল (সা.) গনীমতের মাল বন্টন করেছিলেন, সে সময় জুল খোইসারাহ তামীমী নজদী যার নাম হারকুস বিন জুহাইরা, দাঁড়িয়ে বলল ঃ 'হে মুহাম্মদ! তুমি ইনছাফ কর। আমি জানি তুমি ইনছাফ করতে পারবে না।' রাসূল (সা.) একথা শুনে বললেন ঃ আমি যদি ইনসাফ না করতে পারি কে ইনসাফ করবে? এরপর রাসূল (সা.) ফরমালেন ঃ আমার মেহমান এ লোক থেকে এক কওম অচিরেই বের হবে; যারা দ্বীন থেকে বের হয়ে যাবে যেমন ধনুক থেকে তীর বের হয়। আমি যদি পেতাম তবে অবশ্যই তাদেরকে হত্যা করতাম যেমন সামুদ জাতিকে হত্যা করা হয়েছে।

এ হাদীস থেকে স্পষ্ট বুঝা যায় নজদের বনী তামীম গোত্র থেকে ইসলামের নামে ধোঁকাবাজ লোক বের হবে যাদেরকে প্রতিহত করা অত্যাবশ্যকীয়। অপর হাদীস দ্বারা বুঝা যায় নজদ প্রদেশের মানুষের মধ্যে ইসলামের স্থিতিশীলতা থাকবে না এবং শয়তানের স্ব-পক্ষে ও ইসলামের বিরুদ্ধে আন্দোলন গড়ে উঠবে। আর বাস্তবিক তাই হল। কারণ মিথ্যা নবুওতীর দাবীদার মুছাইলামাতুল কাজ্জাব নজদের বনী তমীম গোত্রের লোক, মুহাম্মদ ইবনে আব্দুল ওয়াহাবও বনী তমীম গোত্রের লোক এবং তার দ্বারা যে আন্দোলন শুরু হয়েছে তা সর্বযুগের জমহুর মুসলমানের আকীদাহ বিশ্বাসের পরিপন্থী এবং তার নেতৃত্বে অগণিত সুন্নী মুসলমানকে হত্যা করা হয়েছে যার প্রমাণ তার আন্দোলনের ইতিহাসে বিদ্যমান।

আজও তার আকীদা বিশ্বাস প্রচার করে তার অনুগামীরা বিশ্বের মুসলিম দেশসমূহে বিভিন্ন ধরনের দল উপদল সৃষ্টি করছে, ফিতনা ফাসাদের প্রসার ঘটাচ্ছে।

ইমাম আবুল ফাত্তাহ মুহাম্মদ ইবনে আব্দুল করীম শাহরিস্তানী তাঁর গ্রন্থে উল্লেখ করেছেন ঃ নিশ্চয় পন্ডিতগণ মাযহাবের ক্ষেত্রে দিয়ানত (দ্বীন) ও প্রবৃত্তির অনুসারীগণের দিক থেকে বিভক্ত হয়েছেন, বস্তুত মানুষ যখন কোন আকীদার অনুসারী হয়, অথবা কোন কথা বলে তখন তার দুটি দিক থাকে-হয় তার থেকে অন্য কেউ উপকার পাবে, অথবা তার সিদ্ধান্তে নতুনত্ব বা মনগড়া কিছু পাওয়া যায়। যে উপকার পায় সে মু'মিন দ্বীনের অনুসারী। এটা ইতায়াত (অনুসরণ)। আর নতুনত্বের অনুসারী সে-ই বিদআতের অনুসারী।

ইবনে ওয়াহাবের ফতওয়াসমূহ এবং আকীদা বিশ্বাস সম্পূর্ণ সলফ ও খলক-এর পরিপন্থী। তাই সে অনুপাতে ইবনে ওয়াহাব ভ্রষ্ট ও বিভ্রান্তের অন্তর্ভুক্ত। সর্বোপরি মুহাম্মদ ইবনে আব্দুল ওয়াহাব সম্পর্কে তার সময় থেকে এখন পর্যন্ত যারা দ্বিমত পোষণ করেছেন তাঁদের দলীল প্রমাণাদি অকাট্য। অধিকন্তু তার সকল কার্যকলাপও ইলহাদ ও যিন্দিকিয়তের দিকে ধাবিত। বিশেষ ভাবে লাগামহীন ভাষায় দুনিয়ার মুসলিমদেরকে কাফির ও মুশরিক সাব্যস্ত করে তিনি বিশ্ব মুসলিম ঐক্য ও ভ্রাতৃত্বের মধ্যে ফাটল সৃষ্টি করেছেন যা পূর্বেকার খারিজী, মুতাজিলা প্রকৃতি ভ্রান্ত দলসমূহের পক্ষেও সম্ভব হয়নি। তাই কোন ক্রমেই তাকে ইসলাম ও মুসলমানের মিত্র বলা যায় না।

উপসংহারে বলা যায়, যেহেতু নবী (সা.) ফরমায়েছেন ঃ 'বস্তুত আমি গুমরাহ পথভ্রষ্ট জাতি থেকে ভয় করি'। অন্য বর্ণনায় আছে- 'তোমরা বক্র হাকীমের সংশ্রব থেকে দূরে থাক কেননা শয়তান বিজ্ঞ হাকীমের ভাষায় কথা বলে।'

অতএব মুহাম্মদ ইবনে আব্দুল ওয়াহাব বা তার অনুসারীদের প্ররোচনা থেকে দূরে থাকা এবং তাদেরকে প্রতিহত করা সকল মুসলমানের জন্য অত্যাবশ্যকীয়

এবং সায়্যিদুল মুজাহিদীন আমীরুল মুমিনীন সায়্যিদ আহমদ শহীদ বেরেলভী (র.)-এর আদর্শে বায়আত হয়ে ইসলামী হুকুমত কায়েম তথা-ই'লায়ে কালিমাতুল্লাহ-এর জিহাদে অবতীর্ণ হওয়া প্রত্যেক মুসলমানের অবশ্য করণীয়। (সংক্ষেপিত)

তথ্যসূত্রঃ

১. সায়্যিদ আহমদ শহীদ (র.) - মাওলানা গোলাম রসূল মেহের
২. তারিখে দাওয়াত ও আজিমত- মাওলানা সায়্যিদ আবুল হাসান আলী নদভী
৩. কিতাবুত তাওহীদ- মোহাম্মদ বিন আব্দুল ওয়াহাব নজদী
৪. ফতহুল মজীদ শরহে কিতাবুত তাওহীদ-আবদুর রহমান
৫. বুখারী ও মিশকাত শরীফ
৬. মিরকাতুল মাতাফীহ শরহে মিশকাতুল মাসাবীহ- আল্লামা মোল্লা আলী কারী (র.)
৭. ওয়াহাবী আন্দোলন -আব্দুল মওদুদ
৮. মজমুওয়াতুত্তাওহীদ

সংগ্রহ : বালাকোট-চেতনা উজ্জীবন পরিষদ, সম্মেলন স্মারক ২০১৬

হযরত সায়্যিদ আহমদ বেরেলভী (র.) ও উপমহাদেশের সুন্নিয়াত

ড. মাওলানা এ. কে. এম মাহবুবুর রহমান

ভারত উপমহাদেশের ইলমী মারকায বা জ্ঞান-বিজ্ঞান চর্চার কেন্দ্র দিল্লী এক সময় সমগ্র বিশ্বের জ্ঞান চর্চার কেন্দ্র হিসেবে প্রসিদ্ধ ছিল। আরব-আজম-ইরান-তুরানসহ বিশ্বের সকল দেশের ছাত্ররা ছুটে আসত দিল্লীতে। এ কেন্দ্রের প্রতিষ্ঠাতা ছিলেন বিশ্ববরেণ্য দার্শনিক, মুজতাহিদ, মুহাদ্দিস, মুফাসসির, তরীকতের মহান মুর্শিদ হযরত শাহ ওয়ালী উল্লাহ মুহাদ্দিস দেহলভী (র.)। এই মারকায যাঁর অবদানে বিশ্ব জোড়া খ্যাতি অর্জন করেছে তিনি ছিলেন ইমামে আহলে সুন্নত, ইমামুল মুহাদ্দিসীন হযরত শাহ আবদুল আযীয মুহাদ্দিসে দেহলভী (র.)। প্রিয় নবীর প্রেমের ফলগুধারা যার জীবনে ছিল সদা প্রবাহমান। শরীআত ও তরীকতে তাঁরই সুউচ্চ মাকামের ফয়েয ও বরকতে ধন্য হয়ে যে সকল ছাত্র, খলীফা, মুরীদ, মুজাহিদ শরীআত, তরীকত, হাকীকত ও মারিফাতের উজ্জ্বল নক্ষত্র হিসেবে সমগ্র দুনিয়ায় খ্যাতি অর্জন করেছেন হযরত সায়্যিদ আহমদ বেরেলভী (র.) ছিলেন তাঁদের অন্যতম। বৃটিশ খেদাও আন্দোলনের মাধ্যমে দ্বীন প্রতিষ্ঠার জেহাদে যারা সিপাহসালারের ভূমিকায় অবতীর্ণ হয়েছেন সায়্যিদ ছাহেব (র.) ছিলেন তাদের রাহবার ও সেনাপতি। হযরত সায়্যিদ আহমদ বেরেলভী (র.) ছিলেন আল্লাহ তা'আলার বিশেষ রহমত ও নূরনবীর নূরের ফয়েযে ইলমে লাদুন্নীর অধিকারী এক বিরল ব্যক্তিত্ব। যেমনিভাবে বিশ্ব বিখ্যাত ওলী হযরত আবুল হাসান খিরকানী (র.) কোনরূপ কিতাবের ইলমের সনদধারী না হয়েও ইলমে লাদুন্নীর ধারক বাহক হয়ে কুতুবে যামান ছিলেন। যার জুতা মুবারক কাঁধে নিয়ে ধন্য হয়েছেন দুনিয়ার সর্ব প্রথম শাইখুল ইসলাম লকবপ্রাপ্ত হযরত খাজা আবদুল্লাহ আনসারী (র.)-এর মত মহান ব্যক্তিত্ব।

হযরত সায়্যিদ আহমদ বেরেলভী (র.) ছিলেন হযরত শাহ আবদুল আযীয মুহাদ্দিসে দেহলভী (র.)-এর অন্যতম খলীফা। শরীআত, তরীকত, হাকীকত ও মারিফাতে সুউচ্চ মাকামে আরোহন করিয়ে বেলায়েতের মুর্শিদ হওয়ার জন্যই শাহ ছাহেব (র.) তাকে খিলাফত দান করেছেন। সায়্যিদ ছাহেব (র.)-এর সবচেয়ে

বিস্ময়কর দিক হল তার মুর্শিদের আত্মীয় স্বজনকে বায়আত করার অনুমতি লাভ করেন তিনি। হযরত শাহ আহলুল্লাহ (হযরত শাহ ওয়ালী উল্লাহ (র.)-এর ভাই) দৌহিত্র মাওলানা মুহাম্মদ ইউসুফ (র.), হাকীম মুগীসুদ্দীন, কান্দালার মুফতী এলাহী বখশ, বিশ্ববিখ্যাত আলিম হযরত মাওলানা আবদুল হাই (র.) এর মত ব্যক্তিত্ব সায়্যিদ (র.) ছাহেবের মুরীদ হয়ে নিজেদের ধন্য করেছেন।

আবদুল ওহাব নজদীর নতুন ইসলামের তথা ওহাবী আন্দোলনের সাথে সায়্যিদ আহমদ বেরলভী (র.)-এর জিহাদ আন্দোলনের কোন সম্পর্ক নেই। তাঁর সামগ্রিক কর্মকান্ডের কোথাও ওহাবী আকীদা বাস্তবায়নের নজীর খুজে পাওয়া যায় না। বালাকোটের ময়দানে শাহাদত বরণের পর তাঁরই সুযোগ্য খলীফা হযরত নূর মুহাম্মদ নেজামপুরী (র.) ও হযরত কারামত আলী জৌনপুরী (র.)-এর বিশ্বব্যাপী জিহাদ ও দাওয়াতেরও কোথাও ওহাবী আকীদার সামান্যতম সাজুয্য দেখা যায় না। সুফী নিজামপুরী (র.) এর সুযোগ্য খলীফা রাসূলেনোমা হযরত সুফী ফতেহ আলী ওয়াইসী (র.) এবং ফুরফুরা শরীফের হযরত আবু বকর ছিদ্দিকী (র.) সহ ৩৫ জন খলীফা, পরবর্তীতে ছারছিনার হযরত নেছার উদ্দিন (র.) এবং তার সিলসিলাভূক্ত লক্ষ লক্ষ আলিম ওয়াহাবী নজদী আকীদার বিরুদ্ধে বলিষ্ঠ ভূমিকা রেখেছেন এবং বর্তমানেও অনন্য ভূমিকা রেখে যাচ্ছেন। অপরদিকে হযরত কারামত আলী জৈনপুরী (র.)-এর সিলসিলার হযরত বদরপুরী (র.) ও ছাহেব কিবলা ফুলতলী হযরত মাওলানা আবদুল লতীফ চৌধুরী (র.) সহ হাজার হাজার আলিম পীর, মাশায়িখ ওহাবী নজদী আকীদার বিরুদ্ধে আজীবন সংগ্রাম চালিয়ে এসেছেন এবং উভয় সিলসিলার প্রতিষ্ঠিত ৮ হাজারেরও অধিক মাদরাসার লক্ষ লক্ষ শিক্ষক পীর মাশায়িখ ওহাবী নজদীদের বিরুদ্ধে সদা সোচ্চার ভূমিকা পালন করে যাচ্ছেন। বাংলাদেশের বাস্তব চিত্রের প্রতি দৃষ্টিপাত করলে প্রতীয়মান হবে যে, ফুরফুরা, ছারছীনা ও জৌনপুরী খান্দানের অবদানে এখনো এদেশে রাসূল-প্রেম এবং তরীকতের কর্মতৎপরতা টিকে আছে।

এখন প্রশ্ন হল যারা সায়্যিদ আহমদ বেরলভী (র.)-এর বিরোধিতা করছেন তাঁকে ওহাবী বলে অপপ্রচারে লিপ্ত রয়েছেন তাদের উদ্দেশ্য আর যাই হোক না কেন, তারা বাংলাদেশে বিরাজমান সুন্নীয়তের স্বপক্ষে যারা কাজ করছেন, যারা তরীকতকে বিশ্বাস করছেন, মাযহাব মানছেন, মীলাদ কিয়াম করছেন, পীর বুযুর্গগণের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করছেন, তাদের মধ্যে ফাটল সৃষ্টি করছেন। ইতিহাসের আয়নায় যদি আমরা বাস্তব অবস্থা অবলোকন করি তাহলে দেখতে পাই ইসমাঈল শহীদের লেখা তাকভীয়াতুল ঈমান গ্রন্থের বক্তব্যকে তার সমসাময়িক গুটি কতক লোক ছাড়া কেউ সমর্থন করেনি। পরবর্তীতে ওহাবী আকীদা ধারক-বাহকরাই উদোর পিন্ডি বুদোর ঘারে চাপিয়ে দেয়ার জন্য একজন মুরীদের লেখার উপর ভিত্তি করে পীরের উপর সব দোষ চাপানোর চেষ্টা

করেছেন। এর ঐতিহাসিক কারণ আছে। এ প্রসঙ্গে ইসলামী বিশ্বকোষ ৬ষ্ঠ খন্ড, পৃষ্ঠা ৩০৭ এ বর্ণিত ভাষ্য নিম্নরূপঃ-"বৃটিশ ভারতের রায়বেরলী জিলার অধিবাসী সায়্যিদ আহমদ (র.) কর্তৃক ভারতে ইসলামী সরকার আন্দোলন পরিচালিত হয়। আরব দেশীয় ওয়াহাবী আন্দোলনের সহিত ভারতীয় সংস্কার ও আযাদী আন্দোলনের কোন সম্পর্ক নেই। কিন্তু আযাদী আন্দোলনকে হেয় প্রতিপন্ন করার উদ্দেশ্যে বৃটিশ সরকার আরব দেশীয় সংস্কার আন্দোলনের সহিত যুক্ত করিয়া ইহাকে ওয়াহাবী আন্দোলন নামে অভিহিত করে। কারণ ওয়াহাবীগণ তখন ইসলামী দুনিয়ার খলীফা তুরস্কের সুলতানের সঙ্গে সংঘর্ষে লিপ্ত হইয়াছিল। দিল্লীর বিখ্যাত মুহাদ্দিস মাওলানা শাহ ওয়ালী উল্লাহ (র.) ও তাহার পুত্র- পৌত্র বংশের সংস্কারমূলক প্রচারে উদ্বুদ্ধ হইয়া সায়্যিদ আহমদ বেরলভী (র.) এই আন্দোলন শুরু করেন।"

ইসলামী বিশ্বকোষের এ গবেষণামূলক বক্তব্যে একথা দিবালোকের ন্যায় স্পষ্ট হয়ে গিয়েছে যে, ওয়াহাবী আন্দোলনের সাথে সায়্যিদ আহমদ বেরলভী (র.)-এর আন্দোলনের কোন সম্পর্ক নেই। বরং হযরত শাহ ওয়ালী উল্লাহ দেহলবী (র.) শাহ আবদুল আযীয দেহলবী (র.) ঘোষিত বৃটিশ বিরোধী আন্দোলনকে শাণিত করেছেন হযরত সায়্যিদ আহমদ বেরলভী (র.)। সায়্যিদ আহমদ (র.) সে সময় যখন "তারগীবুল জিহাদ" নামীয় ঘোষণাপত্র জাতির সামনে উপস্থাপন করেন তখনই ইংরেজরা এ আন্দোলনকে প্রতিহত করার জন্য নানামুখী ষড়যন্ত্রের জাল বিস্তার করে, অপর দিকে শিখ সম্প্রদায় মুসলমানদের উপর অত্যাচারের মাত্রা চরম সীমায় পৌঁছায়। এ সময় প্রথমে শিখদের শক্তি খর্ব করার জন্য শিখদের প্রবল প্রতিরোধ পর্যুদস্ত করে সায়্যিদ আহমদ (র.) ১৮৩০ খ্রী: এর শেষভাগে পেশওয়ার দখল করতে সমর্থ হন। বৃটিশ বেনিয়া গোষ্ঠীর কুটকৌশলে মুজাহিদ বাহিনীর মাঝে সুন্নী ওয়াহাবীর মানসিক দ্বন্দ্ব ও এক শ্রেণীর মুনাফীকের ষড়যন্ত্রের ফলে ১৮৩১ খ্রী. ৬ ই মে বালাকোটের ময়দানে সায়্যিদ ছাহেব (র.) শাহাদাত বরণ করেন।

সায়্যিদ আহমদ বেরলভী (র.)-এর খলীফা মুরীদ ভক্তদের মধ্যে বিশেষ করে হযরত সুফী নেজামপুরী (র.) ও হযরত কারামত আলী জৈনপুরী (র.) এর সিলসিলার কেউই ওয়াহাবী আকীদা পোষণ করেন না। শুধু তাই নয় বরং তাদের সমগ্র জীবন এ সকল বাতিল আকীদার বিরুদ্ধে সংগ্রামে অতিবাহিত হয়েছে এবং বর্তমানেও হচ্ছে। পরিশেষে বলতে চাই, যারা শানে রিসালাতের আওয়াজকে বুলন্দ করছেন, মীলাদ কিয়াম করছেন, তরীকতের প্রচার কাজ চালিয়ে যাচ্ছেন, যারা প্রিয়নবী নূর নবী (সা.) কে হায়াতুন্নবী, শাফাতের কান্ডারী মনে করেন তাদেরকে ঢালাওভাবে ওয়াহাবীদের কাতারে ফেলে গুটি কতেক লোককে খাঁটি সুন্নী দাবী করার অর্থই হল সুন্নিয়্যাতের শক্তিকে দুর্বল করা আর ওয়াহাবীদের

বাতিল আকীদা প্রচারের সুযোগ করে দেয়া। তাই আসুন, বাস্তবতার আলোকে আমরা সুন্নী জগৎ ঐক্যবদ্ধ হয়ে ঈমান ও আকীদাকে সংরক্ষণ করি। আল্লাহ আমাদেরকে ঐক্যবদ্ধ হওয়ার তাওফীক দিন। আমীন।

[লেখক : অধ্যক্ষ, ফরিদগঞ্জ কামিল মাদরাসা, চাঁদপুর]
সংগ্রহ : বালাকোট-চেতনা উজ্জীবন পরিষদ, সম্মেলন স্মারক ২০১৬

হযরত সৈয়দ আহমদ শহীদ (রহ.)

আহমদুল ইসলাম চৌধুরী

হযরত সৈয়দ আহমদ শহীদ (রহ.) ২৯ নভেম্বর ১৭৮৬ সালে ভারতের উত্তর প্রদেশের রায়বেরেলীতে জন্ম গ্রহণ করেন। তাঁর জন্মস্থান এলাকায় একজন নবীর কবর রয়েছে বলে জানা যায়। তাঁর বংশ তালিকা আমিরুল মোমেনীন হযরত আলী (রহ.)'র সাথে মিলিত। ভারতবর্ষের মুসলমানগণের চরম প্রতিকূল অবস্থায় বর্তমান পাকিস্তান নিয়ন্ত্রিত আজাদ-কাশ্মীর বালাকোটে ধর্মীয় যুদ্ধে তিনি শহীদ হন ১৮৩১ সালে। মোঘল বাদশাহ আওরঙ্গজেবের ইন্তেকালের সাথে সাথে দুর্বল শাসনের সূত্রপাত হয়। ইস্ট ইন্ডিয়া কোম্পানীর উত্থান। তারা সমস্ত অমুসলিমদের অধিকাংশ ক্ষেত্রে পৃষ্ঠপোষকতা করত। যত দিন গড়ায় মুসলমানরা ধর্মপালনসহ নানান দিক দিয়ে প্রতিকূলতার সম্মুখীন হতে থাকে। যা সৈয়দ আহমদ শহীদকে দাহ করছিল। ফলে তিনি হজ্ব থেকে এসে ধর্মীয় যুদ্ধের দিকে ধাবিত হন।

তিনি ছিলেন হযরত শাহ আবদুল আজিজ দেহলভী (রহ.)'র খলিফা। তাঁর পীর ও আব্বা হচ্ছেন হযরত শাহ ওয়ালি উল্লাহ মুহাদ্দেস দেহলভী (রহ.); তাঁর পীর ও আব্বা হযরত শাহ আবদুর রহিম মুহাদ্দেস দেহলভী (রহ.)। দিল্লির প্রানকেন্দ্রে জামে মসজিদ থেকে মাত্র ২ কি.মি দূরত্বে মেহেদীয়ানে রহিমিয়া মাদ্রাসা কমপ্লেক্স। এখনকার মসজিদ সংলগ্ন কবরস্থানে এ মহান তিন দরবেশ, সংস্কারক এবং তাঁদের পরিবার পরিজন শায়িত।

হযরত সৈয়দ আহমদ শহীদ (রহ.) কে কেউ কেউ ওহ্হাবী বলে নানা প্রচারণা চলতে থাকে।

বস্তুতঃ হযরত সৈয়দ আহমদ শহীদ (রহ.) আমাদের এ উপমহাদেশের ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে। তিনি আধ্যাত্মিক দিক দিয়ে হযরত শাহ আবদুল আজিজ মুহাদ্দেস দেহলভীর অন্যতম খলিফা। এক শ্রেণীর লোক ইংরেজ লেখক হান্টারের সুরে সুর মিলিয়ে হযরত সৈয়দ আহমদ শহীদ (রহ.)'র আন্দোলনকে মুহাম্মদ ইবন আবদুল ওহ্হাব নাজদী কর্তৃক পরিচালিত ওহ্হাবী আন্দোলনের সাথে সম্পৃক্ত করে তাঁর আন্দোলনকে কলুষিত করার ধৃষ্টতা প্রদর্শন করে থাকেন। প্রফেসর ড. মঈন উদ্দিন আহমদ খান চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে

ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, ইসলামিক ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা মহাপরিচালক। তিনি ২৮ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ ৯৫ বছর বয়সে চট্টগ্রামের ইন্তেকাল করেন। তাঁর পি, এইচ, ডি থীসিসে (History of the Faraidi Movement) ঐতিহাসিক তত্ত্ব ও তথ্যের আলোকে বিচার বিশ্লেষণ করে যুক্তির কষ্টি পাথরে হান্টার ও তাঁর শিষ্যদের দাবীর মূলোৎপাটন করেছেন।

মূলতঃ মুহাম্মদ ইবনে আবদুল ওহ্হাব (১৭০৩-১৭৯২) মরমীবাদ (Mysticism) এর ঘোর বিরোধী ছিলেন এবং হাম্বলী মাজহাবের ছদ্মাবরণে তাঁর আন্দোলন পরিচালনা করে গেছেন। অপরদিকে হযরত সৈয়দ আহমদ শহীদ (রহ.) ছিলেন ইসলামী তাসাউফের ইমাম। শরীয়ত ও তরীক্বতের মাঝে সামঞ্জস্য বিধান করেছেন। তিনি তরীকতের জন্য 'রাহ-ই বিলায়াত' এবং শরীয়তের জন্য 'রাহ-ই নুবুয়াত' পরিভাষাদ্বয় ব্যবহার করেছেন। তিনি তাঁর সংস্কার আন্দোলনকে 'তরিকা-ই মুহাম্মদিয়া' নাম প্রদান করে শাহ ওয়ালী উল্লাহ মুহাদ্দেস দেহলভী (রহ.) (১৭০৩-১৭৬৩) এর আন্দোলনের আদলে পরিচালনা করেছেন। ১৮৫৭ সালে সিপাহী বিদ্রোহের পর ভারতবর্ষে ইংরেজদের দমন নিপীড়ন বহুগুণ বৃদ্ধি পায়। সে সুযোগে কড়া সুন্নিরা হযরত সৈয়দ আহমদ শহীদ (রহ.) আন্দোলনে তথা যুদ্ধে অংশগ্রহণকারীগণের মধ্যে যারা জীবিত আছেন তাদের প্রতি অত্যাধিক তাচ্ছিল্য আচরণ শুরু করে।

১৮৭০ সালে কলকাতা হাইকোর্টে "গ্রেট ওহ্হাবী মামলা" পরিচালিত হয়। অভিযুক্ত ব্যক্তিবর্গ যারা সৈয়দ আহমদ শহীদ (রহ.) এর সংস্কার আন্দোলনের অনুসারী ছিলেন, তাদের বিরুদ্ধে 'ওহ্হাবী পরিভাষার বিরুদ্ধে প্রতিবাদ করেন এবং আদালতে নিবেদন করেন যে, তারা মুহাম্মদ ইবনে আবদুল ওহ্হাবকে তাদের নেতা হিসেবে সম্মান প্রদর্শন করেন না। তারা আদালতের কাছে তাদেরকে সুন্নি হিসেবে আখ্যায়িত করার আবেদন রাখেন।

In the 'great Wahhabi case' of A.D 1870 In the calcutta high Court, the accused persons who were the follower's of the Sayyid's reform movement, protested against the term Wahhabi applied to them and submitted that they did not regard mohammad Ibn Abdul-Whhab as their leader. They appealed to the judge to refer to them as sunni, i.e. the followers of the tradition of the prophet, as distinguished from bid'ati or the follower of sinful innovation. (History of Fara'idi Movement, Dr. M. A. Khan-xxxix)

উল্লেখ্যযোগ্য, মুমতাযুল-ফুকাহা হযরত মাওলানা আবদুল আউওয়াল (রহ.) মাদ্‌রাসা-ই-আলিয়া দারুল উলুম চট্টগ্রাম এবং মাদ্‌রাসা দারুস সুন্নাহ শর্ষিনা ১৯৩২ সালের ৫ ডিসেম্বর ১০টি বিষয়ের উপর একটি যুক্তিপূর্ণ ফতোয়া প্রদান করেন। এতে প্রথম প্রশ্নের উত্তর প্রদান করতে গিয়ে হযরত আল্লামা আবদুল

আউয়াল (রহ.), হযরত ইমামে রব্বানী মুজাদ্দেদে আল ফেসানী (রহ.), হযরত শাহ ওয়ালী উল্লাহ মুহাদ্দেস দেহলভী (রহ.), শাহ আবদুল আজিজ মুহাদ্দেস দেহলভী (রহ.), হযরত সৈয়দ আহমদ শহীদ (রহ.), হযরত হাজী শাহ ইমদাদুল্লাহ মুহাজির মক্কী (রহ.) প্রমুখের বেলায়াতে সন্দেহ নেই বলে উল্লেখ করেন।

উক্ত ফতোয়ায় চট্টগ্রাম অঞ্চলের সেই সময়কার প্রখ্যাত সর্বজনবিদিত ব্যক্তিগণ স্বাক্ষর রেখে গেছেন। যথা-হযরত সৈয়দ আবদুল হামিদ বাগদাদী (রহ.), হযরত মাওলানা আবদুল হামিদ ফখরে বাংলা (রহ.), হযরত শাহ মাওলানা নজির আহমদ (রহ.), হযরত মাওলানা সৈয়দ আজিজুল হক আল কাদেরী শেরে বাংলা (রহ.), মুফতিয়ে বাংলা হযরত মাওলানা সুফি আহসান উল্লাহ (রহ.), হযরত মাওলানা মীর মাসউদ আলী (রহ.), হযরত মাওলানা আবুল ফজল মুহাম্মদ ইদ্রিস প্রমুখ উল্লেখযোগ্য।

উল্লেখিত চট্টগ্রাম অঞ্চলে মহান আরিফ ও অভিজ্ঞ ওলামায়েকেরাম হযরত সৈয়দ শহীদ আহমদ শহীদ (রহ.)'র বেলায়েতে ইতস্ততা নেই বলে আস্থা জ্ঞাপন করেন।

বস্তুতঃ প্রথম বিশ্বযুদ্ধে তুরস্কের পরাজয়ে ব্রিটিশ ফ্রান্সের সহযোগিতায় উপসাগরীয় আরব রাষ্ট্রগুলো নিজেরা রাজতন্ত্র লাভ করে। ১৯৩০ এর দশকে তেল প্রাপ্তি হয়: এতে অঢেল ধন সম্পদের মালিক হয়। তাদের হারানো ওহাবী আন্দোলন চাঙ্গা করতে সচেষ্ট। সে লক্ষ্যে তারা বিশ্বের বিভিন্ন ভাষায় বই পুস্তক চাপিয়ে বিনামূল্যে বিলি বন্টন করতেছে। আমাদের দেশের উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গ এবং ভারত থেকে শত শত আহলে হাদীসপন্থিরা সৌদি আরবসহ আরব রাষ্ট্রে গিয়ে সম্মানজনক পদে অসীন। ফলে আমাদের বাংলাদেশসহ ভারতবর্ষে ১৯৮০ এর দশক থেকে আহলে হাদীসপন্থিরা দ্রুত বিস্তার লাভ করতেছে। এতে আমরা যারা সুন্নি, সুফি, তরিকত, মাজহাব নিয়ে আছি আমাদেরকে সচেতন জীবন পরিচালিত করতে হবে। পরিচালিত করতে হবে কুরআন সুন্নাহর আলোকে জীবন। আমাদের উঠতি বয়সী সন্তানেরা আমাদের সুফিজম, তরিকত মাজহাবকে ইসলামের পরবর্তী আর্বিভাব বলে মনে করতেছে। এর জন্য আমরা কতটুকু তা, দায়মুক্ত ভাবতে হবে। যে হারে বাংলাদেশে ওহ্হাবী বা আহলে হাদীস বা সালাফীর দ্রুত বিস্তার করছে, জানি না আমাদের অবর্তমানে এদেশের অবস্থা কোথায় গিয়ে দাঁড়ায়।

হযরত সৈয়দ আহমদ শহীদ (রহ.) একজন তরিকতের শাইখ, মুহাম্মদীয়া তরিকার ইমাম, তার উদার মতাদর্শের সুযোগে এক শ্রেণীর লোকেরা তাকে ও তাঁর অনুসারীগণকে ওহ্হাবী বলে মন্দ বলা তাদের জন্য দুর্ভাগ্যের বিষয়।

হযরত সৈয়দ আহমদ শহীদ (রহ.) ও তাঁর সাথে বালাকোট যুদ্ধে অংশগ্রহণকারী মহান শহীদগণকে মহান আল্লাহ পাক জান্নাতুল ফেরদৌস দান করুক। আমিন।

মোজাদ্দেদ সাহেব প্রসঙ্গে

মুহাঃ মুবারক আলী রহমানী

অপবাদ খন্ডন আজ থেকে ৮৫/৯০ বছর আগের কথা। পাক-ভারতের অদ্বিতীয় পীর ও মুর্শিদ মোযাহেদে আযম, মোজাদ্দেদ হযরত সৈয়দ আহমাদ বেরেলী শহীদ রহমাতুল্লাহ সম্বন্ধে রংপুরের মৌলভী শেহাবুদ্দীন সাহেব (রাঃ) তাহকিকাতে শেহাবিয়া নামে কেতাব লিখে মুসলিম জনমানসে অপপ্রচার করেছিল সে সময় ফুরফুরা শরীফের আলা হযরত মোজাদ্দেদে যামান পীর আবু বকর সিদ্দিকী রহমাতুল্লাহির অন্যতম বিশিষ্ট খলিফা ফকিহ, মোহাদ্দেস, আল্লামা পীর মাওলানা রূহল আমীন (রাঃ) তার দাঁত ভাঙ্গা জওয়াবে 'রদ্দে-হাফায়াতে শেহাবিয়া (রদ্দে বেদয়াত ৪র্থ ভাগ) কিতাব প্রকাশ (১৩৩৭ সন) করেন এবং কারামতে আহমদীয়া লেখেন। অদ্যবধি মৌলভী শেহাবুদ্দীন প্রমুখেরা টুশব্দটি আর করেননি।

ইদানিং কতিপয় ব্যক্তি 'মোজাদ্দেদ' সৈয়দ আহমদ শহীদ রহমাতুল্লাহ সম্বন্ধে অতি নিম্নমানের পরিচয় দিয়ে মুসলিম জন মানসে বিভ্রান্তি সৃষ্টির অপকৌশলে লিপ্ত হচ্ছে।

"তিনি 'নিরক্ষর' যোদ্ধা ছিলেন, তার কাছে মানুষ জিহাদের বায়াআত গ্রহণ করেছিল প্রভৃতি। তারা মনে করেন, হাজীউল হারামাঈন হযরত মাওলানা শাহ সূফী নূর মুহাম্মদ নিজামপুরী (রাঃ) -এর পীর ছিলেন না, বরং তিনি ছিলেন যুদ্ধের সহচর বা সেনানী। তিনি হযরত সাইয়্যেদ আহমদ বেরেলভী (রাঃ) এর খলিফা ছিলেন না। বেরেলভী (রাঃ) পীরের উপযুক্ত ছিলেন না, তিনি ছিলেন মূর্খ।"

গত ২০১৬ সালের ২৮শে অক্টোবর (১৩ই কার্ত্তিক ১৪২৩) নিজামপুরে হযরত শাহ সুফী নূর মুহাম্মদ নিজামপুরী (রাঃ) এর বার্ষিক মাহফিলে হযরতের মাজার সংলগ্ন মসজিদে বাদ জুমআ অনুষ্ঠান শুরুতে সভা পরিচালক সুফীয়া মদ্রাসার প্রতিষ্ঠাতা যিনি ফুরফুরা শরীফের পীর, মোজাদ্দেদে যামান (রাঃ) এর বিশিষ্ট খলিফা। প্রখ্যাত আলেমে দ্বীন হযরত মাওলানা আব্দুল গণি (রাঃ) এর পৌত্র মাহফিল পরিচালক (মাওলানা রেজাউল করিম সাহেব) সরাসরি ঘোষণা করেন, "সূফী নূর মহাম্মদ নিজামপুরী (রাঃ) হযরত সৈয়দ আহমদ বেরেলী (রাঃ)'র খলীফা ছিলেন না। তাঁর কাছে জেহাদের বায়াত নিয়েছিলেন। তিনি

নিরক্ষর ছিলেন ইত্যাদি। সঙ্গে সঙ্গে সভায় গুঞ্জন শুরু হয়ে যায়। এমনকি প্রতিবাদ ওঠে। মাগুরার কাজলা নিবাসী জনাব গোলাম রসুল সাহেব তীব্র প্রতিবাদ করেন। সভা পরিচালকের ভ্রান্ত ধারণার প্রতিবাদ কল্পে আমি রহমানী মসজিদের ভিতর প্রবেশ করি। ইতি মধ্যে ২-১ জন মৃদু প্রতিবাদ করেছেন। অন্যান্য বছরের ন্যায় ঐ সময় আমাকে আর বলার জন্য সময় দিলেন না। সে সময় আমি বলেছিলাম। আজ কিছু বলার সুযোগ দিলেন না, খোদা চাহে তো আগামী মাহফিলে বই আকারে ইনশাআল্লাহ জওয়াব দেশবাসীদের খেদমতে পেশ করব। আল্লাহ পাকের শাহী দরবারে লাখো শুকরিয়া যে, সংক্ষেপ আকারে হলেও সুফী হযরত ওয়সী (রা:) এর পীর ও মুর্শিদ হযরত শাহ সুফী নূর মুহাম্মদ নিযামপুরী (রা:) এর পীর হযরত সাইয়্যেদ আহমদ শহীদ (রা:) এর চারিত্রিক বৈশিষ্ট্য আলোচনা করলাম। আফসোস 'ঘর মে আগ লাগগ্যায়ী আপনা চেরাগ ছে।"

বঙ্গের হাদী, হযরত মাওলানা কারামত আলী জৌনপুরী (রা:) সাহেব 'মোকাশফাতে-রহমত' কেতাবের ২৫/২৬ পৃষ্ঠায় লিখেছেন-

"এই সময় সুন্নত জারি করিতে ও বেদায়াত লোপ করিতে সময়ের উপযোগিতা ইহা হচ্ছে যে, হযরত সাইয়্যেদ আহমদ (রা:) এর তরিকায় দাখিল হয়। কেননা উক্ত জনাব সাইয়্যেদ সাহেব উচ্চ বংশধর হানাফী মজহাবালম্বী মোজাহেদ, শহীদ, আলেমে রাব্বানী। এই জামানার মোজাদ্দেদ ও অতি সাহেবে তাছির। তার হাদিস, তফসির ও তরিকতের সিলসিলা সাইয়্যেদোল ওলামা, সুলতানুল আওলিয়া হুজ্জাতোল্লাহিল আলাল-আলামিন, ওয়ারেসোল আম্বিয়ায়েল মোরসালীন, হযরত মাওলানা শাহ আব্দুল আযীয (রা:) মোহাদ্দেস দেহলবী (রা:) এর সহিত মিলিত হয়। আর এই সিলসিলা অতি প্রসিদ্ধ ও বিশ্বাসযোগ্য। এই দেশের সমস্ত মোহাদ্দেস ও মোফাচ্ছেরের সিলসিলা তার সাথে মিলিত হয় আর প্রশংসিত মোহাদ্দেস, হযরত সাইয়্যেদ আহমাদ (রা:) সাহেবকে নিজের সমস্ত জাহেরী ও বাতেনী নিয়ামত দান করে তাঁকে নিজের খাস খলিফা করেছিলেন। আরও সাধারণ লোকদিগের মধ্যে প্রসিদ্ধ আছে যে, সাইয়্যেদ সাহেব ইলম জানতেন না, ইহা ভ্রান্তিমূলক কথা।

এর মূল বৃত্তান্ত এই যে, সাইয়্যেদ সাহেব নিজ মোর্শেদ প্রশংসিত মোহাদ্দেস সাহেবের মাদ্রাসায় জাহেরী ইলম শিক্ষা করিতে আরম্ভ করেছিলেন, এক দিবস উক্ত মোহাদ্দেস সাহেব হযরত সাইয়্যেদ সাহেবের ইলমে-লাদুন্নির যোগত্য দর্শন করে তাকে কেতাব পড়া বন্ধ করে দিলেন এবং বাতেনী ইলম শিক্ষা দিতে মনোনিবেশ করিলেন। ইহা প্রশংসিত হযরতের শিক্ষা প্রদানের বরকতে উল্লিখিত হযরত মোজাদ্দেদ সাহেব অবশিষ্ট সমস্ত জাহেরী ইলম শিক্ষা প্রাপ্ত হন।

রদ্দে হাফাওয়াতে সেহারিয়া বা রদ্দে-বেদয়াত ৪/১১২-১১৩ পৃষ্ঠা। সওয়ানেহে আহমদীর ৮ পৃষ্ঠায় আছে।

তিনি (সাইয়্যেদ আহমদ বেরেলভী সাহেব (রাঃ)) কোরআন ও হাদিসের অর্থ বুঝার উদ্দেশ্যে কিছু নাহু সরফ শিক্ষা করলেন এবং মেসবাহ কেতাব পর্যন্ত তিনি অধ্যয়ন করেছিলেন, এক রাতে যখন তিনি উক্ত কেতাব পড়তে ছিলেন, উহার একটি অক্ষরও দৃষ্টিগোচর হচ্ছিল না। কেবল কেতাবের কাল পৃষ্ঠা দৃষ্টিগোচর হচ্ছিল। তখন তিনি ধারণা করলেন যে দর্শন শক্তির হ্রাস হওয়া সংক্রান্ত কোন পীড়া সৃষ্টি হয়েছে। তখন তিনি প্রভাতে মাওলানা শাহ আবদুল আযীয সাহেবের (রাঃ) খেদমতে এ সমস্ত ব্যাপার বর্ণনা করলেন। তখন তিনি সাইয়্যেদ সাহেবকে জিজ্ঞাসা করলেন যে, কেবল কেতাব এরূপ দৃষ্টিগোচর হচ্ছে, কিম্বা সমস্ত বস্তু এরূপ অনুভূত হচ্ছে? তদুত্তরে তিনি বলিলেন, কেবল কেতাব সম্বন্ধে এরূপ অবস্থা হচ্ছে। এছাড়া অন্যান্য সমস্ত বস্তু যেরূপ আছে, সেরূপ দৃষ্টিগোচর হয়। তখন মাওলানা বললেন, কেতাব রেখে দাও, খোদাতায়ালা তোমাকে অন্যান্য কাজের জন্য সৃষ্টি করেছেন। এখন তোমার লেখাপড়ার আবশ্যক নেই। খোদাতায়ালা নিজেই কোন জাহেরী শিক্ষকের শিক্ষা প্রদান ব্যতীত তোমাকে সমস্ত ইলম ও হিকমত শিক্ষা প্রদান করবেন। তিনি সমস্ত লোকের পূর্বে কোরআন মজিদের উর্দু তরজমা শিক্ষা করেছিলেন, তিনি আদর্শ স্বরূপ তোতা পাখির ন্যায় কোরআন মজিদ পড়া যেরূপ হিন্দুস্তানে প্রচলিত আছে (তাহা) ছাড়াতে চাইয়াছিলেন। "তাওয়ারিখে আজিবা" কেতাবের ৮ পৃষ্ঠায় অনুরূপ বর্ণনা আছে।

ইতিহাসে এ সাক্ষ্যই হযরত মাওলানা কারামত আলী জৌনপুরী সাহেবের কথার অনুমোদন করছে। এতৎ সত্ত্বেও হযরত সাইয়্যেদ আহমদ সাহেবকে নিরক্ষর বলা হিংসার প্রমাণ নয় কি?

এরূপ ঘটনার প্রমাণ পীরগণের জীবন চরিতে বিরল নহে। মোল্লা হোসাইন কাশেফী 'রশহত কেতাবের ২২৮-২২৯ পৃষ্ঠায় লিখেছেন-

"হযরত ওবায়দুল্লাহ আহরার ২২ বছর বয়সে উপনীত হলে, তার মামু খাজা ইব্রাহিম তাকে তাশকান্দ হতে সামারকান্দে ইলম শিক্ষা প্রদানের জন্য নিয়ে যান, কিন্তু শোগলে বাতেনীর প্রবণতা তাঁর জাহেরী ইলম শিক্ষার প্রতিবন্ধক হয়েছিল, এই হেতু পীরগণের সঙ্গ ও সাক্ষাৎ লাভে আগ্রহান্বিত হয়েছিলেন।

২৩২-২৩৩ পৃষ্ঠা।

"হযরত পীর ওবায়দুল্লাহ বলেন, আমার মামু খাজা ইব্রাহিম ইলম শিক্ষা দেওয়ার জন্য আমাকে তাশকান্দ থেকে সামারকান্দে নিয়ে গিয়েছিলেন, এবং বহু চেষ্টা চরিত্র করলেন। কিন্তু যতবার আমি ইলম শিক্ষাতে মনোনিবেশ করলাম, ততবার কোন না কোন পীড়া শিক্ষার প্রতিবন্ধক হয়, অবশেষে নিসবতে-বাতেনী প্রদান হল। আমি মামুকে বললাম, আমার একপ্রকার ভাব হচ্ছে যে, সেজন্য ইলম শিক্ষা করতে অক্ষম হচ্ছি। আপনি ছাড়েন না, যদি অধিক পীড়াপীড়ি করেন, তবে আমি নিজেই বিনষ্ট হওয়ার সন্দেহ করি। আমার এই কথায় বিস্ময়ান্বিত হয়ে

তিনি বললেন, আমি তোমার অবস্থা উত্তমরূপে জানতাম না, এরপর তোমাকে ছেড়েই দিলাম যে পথে তোমার অন্তর ধাবিত হয় তুমি তাতেই মনোনিবেশ কর। দ্বিতীয় বার ইলম শিক্ষা করার ইচ্ছা করলাম। তাতে আমার চোখে বেদনা আরম্ভ হল, ৪৫ দিন উক্ত পীড়া থাকলো, কাজেই আমি পড়া ত্যাগ করলাম। আমি নাহুর মেসবাহ পুস্তকের দু পৃষ্ঠা পর্যন্ত পড়েছিলাম। খাজা ফজলুল্লাহ বলেন তিনি জাহেরী ইলমের যৎসামান্যই পড়েছিলেন। হযরত সাইয়্যেদ আহমদ সাহেব (রা:) যে পরিমাণ ইলম শিক্ষা করেছিলেন, ইনিও তাহা অপেক্ষা কিছু কম ইলম শিক্ষা করেছিলেন। কিন্তু এতবড় পীর ও বুযুর্গ হলেন যে, হযরত খাজা বাকিবিল্লাহ সাহেবের পীর দাদাপীর ছিলেন।

নাফহাতুল উনছ, ৩৩১ পৃষ্ঠা।

"পীর আবু আলী ফারমাদী বলেছেন, আমি ইলম শিক্ষা করতে আত্মনিয়োগ করেছিলাম। এক দিবস দোয়াত হতে কলম তুলে দেখি যে কালি সাদা হয়ে গেছে, তখন আমি নিজ শিক্ষক ইমাম আবুল কাসেম কোশায়রির খেদমতে উপস্থিত হলাম এবং উক্ত অবস্থা তার নিকট প্রকাশ করলাম। তিনি বললেন, যখন ইলম তোমা হইতে হস্ত সংকোচ করেছে, তখন তুমি তাহা হতে হস্ত সংকোচ কর। নিজের কাজে রত হও। আমি মাদ্রাসা থেকে আসবাব পত্র নিয়ে খানকাহে উপস্থিত হলাম। তার খেদমতে আত্মনিয়োগ করলাম। একদিন তিনি যে গোসলখানাতে গিয়েছিলেন, আমি কয়েক বালতি পানি ঢেলে দিলাম। তিনি বললেন, "হে আবু আলি, আমি যাহা ৭০ বছরে লাভ করেছি, তুমি এক বালতি পানি দ্বারা তাহাই লাভ করিলে।" রদ্দে বেদয়াত-৪১১১৫-১৭ পৃষ্ঠা।

"মাওলানা কারামত আলী জৌনপুরী (রা) 'মোকাশাফাতে রহমত কেতাবের ২৬পৃষ্ঠায় লিখেছেন মাওলানা আবুল হাই (রা) সাহেব ও হযরত শাহ আবদুল আযিয (রা) মোহাদ্দেস দেহলবীর কাছে বলেছিলেন, আমি সাইয়্যেদ (আহমদ মোজাদ্দেদ) সাহেবের আদেশ মতে তাহাজ্জুদ নামায পড়ায় সাহাবাগণের ন্যায় মিষ্টতা অনুভব করিয়া তাহার নিকট মুরীদ হইয়াছি। আমি অধিকাংশ তরীকাধারিদের তাওয়াজ্জোহ প্রদানের হালকাতে বসিয়াছি। কিন্তু সাইয়্যেদ সাহেবের আদেশমত যে উপকার পাইয়াছি, এইরূপ কখনও পাইনাই। এই সাইয়্যেদ সাহেবের শিক্ষা কোন তরীকার শিক্ষা ? তদুত্তরে হযরত শাহ সাহেব বলিলেন, মিয়া এইরূপ লোক যাহা মুখ দিয়া বলেন, তাহাই তরীকা, ইহারা সাহেবে -তরীকত হয়ে থাকেন।" রদ্দে-বেদয়াত-৪। ১২পৃষ্ঠা।

হযরত পীর হাবিবে আজমী, হযরত আবু এজিদ বাস্তামী, তার পীর শেখ আবু আলী, শায়খোল ইসলাম আহমদ নামেকি (রা), পীর আবুল হাসান খেরকানী (রা), বড় পীর সাহেবের পীর, পীর হাম্মাদ দাব্বাছ পীর আবুল আব্বাছ (রা) আমেলি, পীর আলি বেনে হাম্মাদ, পীর খায়েরচা, এরূপ অন্যান্য বহু পীর

মাশায়েখ ইলমে জাহেরী জানতেন না, কিন্তু তারা শ্রেষ্ঠ পীরত্বের আসন গ্রহণ করেছিলেন। প্রগুক্ত- ৪/১৬৫ পৃঃ

পীর আবুল আব্বাছ আমেলি, ইনি কসাই ছিলেন। আমেল ও তেবরেস্থানের পীর ছিলেন এবং তিনি জামানার গওস ছিলেন। তিনি উম্মি ছিলেন। আলাহি পীর মো'মাল জাচ্ছাজ সিরাজের প্রধান পীর ছিলেন, কিন্তু তিনি উম্মি ছিলেন। তিনি লিখতে জানতেন না।

পীর ইবরাহিম বেনে আহমদ এর পীর, পীর মোসলেম মাগরেবি উম্মি ছিলেন, সুরা ফাতেহা 'শুদ্ধ করে পড়তে পারতেন না। অথচ তিনি বাঘের কান মলে দিতেন। রাখাল শায়বান উম্মি ছিলেন কিন্তু ইমাম শাফেয়ী গ্রন্থ এর মহামান্য পীর ছিলেন। নবীপাক হযরত মুহাম্মাদুর রাসুলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর আদেশে তিনি মোজাদ্দেদ সাইয়্যেদ আহমদ (রা) দস্তে বায়অত/ ও সোহবত এখতিয়ার করেন। তদ্রুপ হযরত সাইয়্যেদ আহমদ বেরেলী (রা) উম্মি ছিলেন কিন্তু ভারত উপমহাদেশও আরব আজমের পীরানে পীর ও মোজাদ্দেদ ছিলেন। নবীপাকের নির্দেশে হযরত সূফী নূর মুহাম্মদ নিযামপুরী (রা) কোলকাতা গমন করে বায়অত হয়ে খিলাফত ও কামালিয়াত হাসিল করেছিলেন, যা দিবা লোকের ন্যায় সত্য।

হযরত সূফী নূর মুহাম্মদ নিজামপুরী সাহেব (রা) জাহেরী বাতেনী তালীম সমাপ্ত করে নকশাবন্দীয়া মোজাদ্দেদীয়া তরীকায় কামিয়াবী হাসেল করতঃ এশায়াতে ইসলামে যখন রত ছিলেন। সে সময় তিনি একদিন স্বপ্নযোগে হযরত রিসালাতমায়াব ছরকারে দোআলম হযরত নবী পাক সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বাশারত হয়।"**আমার সন্তান সৈয়দ আহমদ কলিকাতা এসেছেন। তুমি তার হতে বায়াআত গ্রহণ কর।"**

অতঃপর সূফী সাহেব অতি সত্তর চট্টগ্রাম থেকে কোলকাতায় নবী পাকের নির্দেশমত আমীরুল মোমেনীন হযরত সাইয়্যেদ আহমদ বেরেলীর (রাঃ) এর দস্ত মোবারকে বায়াআত গ্রহণ করেন এবং তার খেদমতে রত থাকেন। এ সময় হযরত বেরেলভী (রাঃ) তার প্রখ্যাত খলিফা ও আলেম হাফেয জামালুদ্দীন (রাঃ) এর সিন্দুরীয়া পট্রি মসজিদের (কোলকাতা নাখোদা মসজিদের সন্নিকট) কামরায় অবস্থান করছিলেন।

হযরত সাইয়্যেদ আহমদ শহীদ (রাঃ) কোলকাতা থেকে ১৮২১ খ্রীষ্টাব্দে ৩০শে জুলাই হিজরী ১২৩৬ সনের ২০শে শওয়াল ৪৩০ জন সাথী সহ হজ্জব্রত পালনের উদ্দেশ্যে বায়তুল্লাহ শরীফ রওয়ানা হন। পথিমধ্যে কাফেলার সংখ্যা ৭০০ জনে পৌছে, এ কাফেলায় পীরের সাথে সাথী ছিলেন হযরত সূফী নূর মুহাম্মদ নিজামপুরী (রাঃ), হযরত মাওলানা ইমামুদ্দীন সাদুল্লাহপুরী (রাঃ) হযরত মাওলানা সাইয়্যেদ ওয়ারেস আলী (রাঃ) প্রমুখ। ১২৩৭ হিজরীর সফর মাসে

(১৮২২ খ্রীষ্টাব্দে) হযরত সাইয়্যেদ আহমদ (রা:) কাফেলা সহ হজ্জ শেষে কোলকাতায় ফিরে আসেন এবং তিন মাসকাল অবস্থান করেন।

সূফী সাহেব কিবলা ১৮২১ খ্রীষ্টাব্দ থেকে ১৮৩১ সালের ৬ই মে পর্যন্ত বুযর্গ পীর ও মুর্শিদ মোজাহেদে আযম হযরত সাইয়্যেদ আহমদ শহীদ (রা:) এর সোহবত এখতিয়ার করেন। এ সুদীর্ঘ সময়ে পিছন ফিরে অর্থাৎ ঘরসংসারের দিকে আর তাকান নাই। পীরগতপ্রাণ হযরত সুফী সাহেব (রা:) অধিকাংশ জিহাদে অংশ গ্রহণ করেন। কোন কোন ক্ষেত্রে তিনি প্রধান সেনানীর দায়িত্ব পালন করেন। হযরত সাইয়্যেদ আহমদ (রা:) ১৮২৬ সালের ৭ই জানুয়ারী প্রায় ১২ হাজার মোজাহেদ সহ জিহাদে রওনা দেন। উত্তর পশ্চিম পাহাড় অঞ্চলে প্রবেশ করেন এবং কাবুল কান্দাহার হয়ে সিন্ধু নদীর মধ্যে দিয়ে ইউসুফ জাই এলাকায় প্রবেশ করেন। নওশেরার যুদ্ধে কোন সাফল্য পাননি। পরে পাঞ্জতন কেল্লা দখল করেন। এক্ষণে কতিপয় ব্যক্তি অপপ্রচার করছে "সাইয়্যেদ আহমদ বেরেলী (রা:) মূর্খ ছিলেন। তিনি একজন যোদ্ধা বা সিপাহসালার ছিলেন। তিনি জিহাদের বায়াত নিয়ে ছিলেন। তিনি উপযুক্ত পীর ছিলেন না।"

হযরত মাওলানা শাহসূফী নূর মুহাম্মদ নিযামপুরী (রা:)তার কাছে জিহাদের বায়াত গ্রহণ করেছিলেন। তিনি তাঁর খলিফা নন। তাঁর পীর ছিলেন ঢাকার আজিমপুরের হযরত দায়েম (রা:)"

আমি ইতিপূর্বে বর্ণনা করেছি তিনি হযরত দায়েম (রা:) খলিফা ছিলেন। তদ্রুপ তিনিও হযরত মোজাদ্দেদ সাইয়্যেদ আহমদ বেরেলভী (রা:) এর খলিফা ছিলেন। আর হযরত সাইয়্যেদ আহমদ (রা:) সাহেব অত্যন্ত উচ্চ পর্যায়ের বুজর্গপীর ও সাহেবে কাশফ, জামানার মোজাদ্দেদ ছিলেন।

তার বুযর্গ পীর হযরত শাহ আব্দুল আজীজ দেহলভী (রা:) তার উচ্চ প্রশংসা করেছেন এবং নিজ খান্দানের মাওলানা আব্দুল হাই সাহেব। (ইনি শাহ সাহেবের জামাতা)। মাওলানা আব্দুল গণি সাহেব (ইনি শাহ রফিউদ্দীন সাহেবের পুত্র)। মিয়াজী নূর মোহাম্মদ ঝানঝনাবী। (ইনি হাজী মাওলানা ইমদাদুল্লাহ সাহেবের পীর মোর্শেদ) শেখ মোহাম্মদ ওমর, মুফতীয়ে মক্কা, (ইনি শাইখুল উলামা আবদুর রহমান সাহেবের উস্তাদ) সৈয়দ আকিল ও সৈয়দ হামজা, এ দুই বুযুর্গ মক্কা শরীফের ওলি ছিলেন, কাশফের দ্বারা সৈয়দ সাহেবের দরজা অবগত হয়ে মুরীদ হন।

খাজা আলমাস, (ইনি মদীনা শরীফের গওস ও প্রধান অলি ছিলেন) শেখ শামসুদ্দীন শাত্তা মিসরী। (ইনি বায়তুল্লাহ শরীফের ওয়ায়েজ) শেখ মোহাম্মদ আলী হিন্দী, (ইনি মক্কা শরীফের মোদারের্স)। হাফেজ মাগরেবী শেখ আহমদ বেনে ইদরিস, (ইনি হাফেযে সহীহ বোখারী) ওমর বিন আব্দুর রাসুল, (প্রসিদ্ধ

ওলি ও মোহাদ্দেস)। শেখ বোখারামী (মদিনা শরীফের মোদারেস) মাওলানা হাফেয জামালুদ্দীন সাহেব কোলকাতার কুতুব।

এরূপ আরব রুম, শাম, মিসর, ভারতের হাজার হাজার আলেমও সূফী দরবেশ, তাঁর নিকট মুরীদ হয়েছিলেন। মোজাহেদে আযম, মোজাদ্দেদ, সাইয়্যেদ আহমদ ইলমে লাদুন্নি প্রাপ্ত উচ্চস্তরের কাশফ শক্তি সম্পন্ন বুযুর্গ পীর ছিলেন।

উল্লিখিত আলোচনায় প্রতীয়মান হয় যে, হযরত সাইয়্যেদ আহমদ বেরেলভী (রা:) পীরে মোকাম্মল, সাহেবে তরীকত এবং মোজাদ্দেদ ছিলেন।

হালাতে মাশায়েখে নকশাবন্দীয়া মোজাদ্দেদিয়া-১৪৭ পৃষ্ঠা।

খাজা বাহাউদ্দিন (রা:) বলেন তরিকত পন্থিগণ দুই প্রকার হইয়া থাকেন, এক প্রকার কঠোর পরিশ্রম সাধ্যসাধনা ও মোজাহাদা করিয়া থাকেন, এবং তদানুযায়ী উহার ফল প্রাপ্ত হন। আর এক প্রকার ফজলি হইয়া থাকেন, খোদার অনুগ্রহ ব্যতীত কিছুই জানেন না, এবাদত ও রিয়াজাত ও তাহার অনুগ্রহ জানেন, এই দল জলদি সফল মনোরথ হইয়া থাকেন।" রদ্দে বিদয়াত ৪/৯৫ পৃষ্ঠা।

হালাতে মাশায়েখে নকশন্দীয়া-১৭৪-১৭৫ পৃষ্ঠা।

"হযরত খাজা বাকিবিল্লাহ এক রাতে হযরত খাজা বাহাউদ্দিন (রা:) সাহেবের রুহানী ফয়েজ ও তিন রাতে হযরত মাওলানা খাজাকি আমকিনকি সাহেবের দ্বারা ফয়েজ প্রাপ্ত হয়ে এত বড় অলি হয়েছিলেন যে, হযরত ইমাম আহমদ সারহান্দীর পীর হয়ে ছিলেন।" রদ্দে বেদয়াত ৪/১০১ পৃষ্ঠা।

হযরত ইমাম রব্বানী সাহেব দুই মাস ও কয়েক দিবসে নকশাবন্দীয়া তরীকার সমস্ত নিসবত লাভ করেছিলেন। হালাতে মাশায়েখে নকশাবন্দীয়া-১৯০ পৃষ্ঠা।

হযরত পীর আবুবকর বেনে হাওয়ার একরাতে এবং পীর আবু মোহাম্মদ শাম্বাকী তিন দিবসে মহা অলি হয়ে ছিলেন। রদ্দে বেদয়াত ৪/১০১ পৃষ্ঠা।

এমাম গাজ্জালী এহইয়াউল উলুম-৩/১৫ পৃষ্ঠা

অন্তর সমূহের চক্ষু হতে পরদা সকল দূরীভূত হলে, লওহে মহফুজে যাহা লিখিত আছে, উহার কতক সংবাদ উক্ত চক্ষুগুলিতে প্রকাশিত হয়ে পড়ে। রদ্দে বেদয়াত-৪/১০৭ পৃষ্ঠা।

পীরগণ মোকাশাফা শক্তিতে লওহে মাহফুজের সংবাদ অবগত হয়ে থাকেন। আর দুনিয়ার কিতাবগুলোর সংবাদ অবগত হয়ে থাকেন, তা কেন অযৌক্তিক হবে?

হযরত মোজাদ্দেদ সৈয়দ আহমদ বেরেলভী (রা:) এর জলন্ত কারামত:

হযরত ইমাম রব্বানী মোজাদ্দেদে আলফে সানি, রহমাতুল্লাহ আলাইহে মকতুবাত শরীফের ২২৩ পৃষ্ঠায় লিখেছেন-

"কোন কোন ওলি মোকাশাফা শক্তির বলে লওহে মাহফুজের লিখিত বিষয় দর্শন করিয়া থাকেন। উক্ত মোজাদ্দেদ সাহেব লওহে মাহফুজের কোন কোন অবস্থা জানিতে পারিয়াছিলেন।" এ তফসিরে রূহল মায়ানী - ৭, ৬৪-৬৫ পৃষ্ঠা

"হুজ্জাতুল ইসলাম গাজ্জালী নিজের কেতাব আল-মেনকেজ মেনাদ্দালালে' এই নেতৃস্থানীয় পীরগণের প্রশংসা বর্ণনা উপলক্ষে বলিয়াছেন, নিশ্চয় তাঁহারা জাগরিত অবস্থায় ফেরেশতা ও নবীগণের রূহদিগকে দেখিয়া থাকেন এবং তাহাদের শব্দ শুনিয়া থাকেন এবং তাহাদের নিকট লাভ জনক বিষয়গুলি শিক্ষা করিয়া থাকেন।"

"তাহার একজন শিষ্য মালেকী মাজহাবলম্বী এমাম আবু বকর বেনে আরাবী নিজের কিতাব কানুনুত্তাবিলে বলিয়াছেন সূফীগণ এই মতাবলম্বন করিয়াছেন যে, মানুষের পক্ষে নফসের পবিত্রতা, অন্তরের শুদ্ধি, পার্থিব সম্বন্ধ সমূহ বর্জন, সম্মান, সম্পদ ও পার্থিব উপকরণগুলির মূলোচ্ছেদ, সমশ্রেণীর মিলন ত্যাগ এবং অবিরত জ্ঞান ও কার্য্যে আল্লাহতায়ালার দিকে মনোনিবেশ সহজসাধ্য হয়, তখন তাহার পক্ষে লতিফা সমূহ প্রকাশিত হয় এবং সে ফেরেস্তাগণকে দর্শন করিয়া এবং তাঁহাদের কথা শ্রবণ করিয়া থাকে এবং নবিগণের রূহ ও ফেরেশতাগণের সহিত সাক্ষাৎ করিয়া থাকে।"

ফুরফুরা শরীফের আলা হযরত পীর আবু বকর সিদ্দিকী (রা:) এর বিশিষ্ট খলিফা আল্লামায়ে হিন্দ, হযরত মাওলানা পীর মুহাম্মদ রূহল আমীন (রা:) ফিরিস্তাকে সালাম করে ছিলেন। বোড়লা গাড়ীর মাহফিলের নামাযের জামায়াতে কত লোক হয়েছে, তা পীরের জিজ্ঞাসায় তিনি লওহে মাহফুজের লেখা দেখে বলে দিয়ে ছিলেন। সীরাতে রুহুল আমীন-১৮৩পৃষ্ঠা দ্রষ্টব্য।

আরও তিনি উক্ত কেতাবের ৬০/৬১ পৃষ্ঠায় লিখেছেন।

"কেহ কেহ বলিয়াছেন, হযরত ইছা (আঃ) আসমান হইতে নাজেল হওয়ার পরে আমাদের নবী (সাঃ) এর সাক্ষাতে তাহার নিকট হইতে শরিয়তের আহকাম শিক্ষা করিবেন। আর ইহাও সম্ভব যে, রুহানী (আত্মিক) ভাবে নবী (সা:) এর সাক্ষাৎ করিয়া শিক্ষা করিবেন। ইহা কোন অভিনব মত নহে। কেননা হযরতের ওফাত শরীফের পরে, এই উম্মতের একাধিক কামেল পীরগণ উক্ত হারতের সহিত চৈতন্যাবস্থায় সাক্ষাৎ করিয়াছিলেন এবং তাহার নিকট হইতে শিক্ষা গ্রহণ করিয়াছিলেন।"

মোল্লা হোসায়েন কাশেফী কৃত 'রশহাত', শেখ তাজদ্দীন কৃত 'লাতায়েফুল মিনাল', শেখ সিরাজুদ্দীন কৃত 'তাজকেরাতুল আউলিয়া', বড় পীর কৃত 'বাহজাতোল আছরার', সিয়ারুল আকতাব কেতাবে বিস্তারিত দেখা যেতে পারে।

"শেখ সিরাজুদ্দিন তাবাকাতোল আওলিয়া কেতাবে লিখিয়াছেন শেখ আবদুল কাদের জিলানী (রা:) বলিয়াছেন, আমি যোহরের নামাযের পূর্বে নবী সাক্ষাৎ এর

দর্শন লাভ করিয়াছিলাম। তিনি আরও বলিয়াছেন হে প্রিয় পুত্র, তুমি উপদেশ প্রদান কর না কেন? আমি বলিলাম, হে পিতা আমি একজন আজামী পুরুষ, বাগদাদের সহিহ (শুদ্ধ প্রাঞ্জল ভাষাভাষী) দিগের নিকট কিরূপে উপদেশ প্রদান করিব? ইহাতে হযরত বলিলেন, তুমি নিজের মুখ খুলিয়া দাও। আমি মুখ খুলিয়া দিলে, তিনি উহাতে সাতবার থুথু দিলেন এবং বলিলেন, তুমি লোকদিগকে উপদেশ প্রদান কর হেকমত এবং উৎকৃষ্ট উপদেশ দ্বারা (তাহাদিগকে) তোমার প্রতিপালকের পথের দিকে আহ্বান কর। আমি যোহর পড়িয়া বসিলাম এবং আমার নিকট বহু লোক সমবেত হইল এবং আমার শরীরে কম্পন উপস্থিত হইল। এমতাবস্থায় আমি মজলিসে আমার সম্মুখে হযরত আলী (রাঃ) কে দণ্ডায়মান অবস্থায় দেখিলাম তৎপরে তিনি আমাকে বলিলেন, হে আমার পুত্র, তুমি কেন ওয়াজ বর্ণনা করিতেছ না? আমি বলিলাম, হে পিতা, আমার শরীরে কম্পন উপস্থিত হইয়াছে। উহাতে তিনি বলিলেন, তুমি তোমার মুখ খুলিয়া দাও। আমি মুখ খুলিয়া দিলে, তিনি উহাতে ছয়বার থুথু দিলেন। আমি বলিলাম, কেন আপনি সাতবার পূর্ণ করিলেন না? তিনি বলিলেন, নবী সঃ এর সহিত আদব রক্ষার্থে (উহা পূর্ণ করি নাই)। তৎপর তিনি অদৃশ্য হইয়া গেলেন।

আর ও তিনি শেখ খলিফা বেনে মুছা নহর মুলকির ইতিবৃত্তে লিখিয়াছেন, তিনি জাগতিক ও নিদ্রিক অবস্থায় হযরত নবী করিম (সা:) বহু সাক্ষাৎকারী ছিলেন, এমন কি বলা হয় যে, তিনি জাগতিক ও নিদ্রিত অবস্থায় নিজের অধিকাংশ কার্য্য হযরতের শিক্ষায় করিতেন। একরাত্রে তিনি হযরতকে ১৭বার দর্শন করেন, একবার হযরত তাহাকে বলিয়াছিলেন, হে খলিফা, তুমি আমার উপর বিরক্ত হইও না, অনেক অলি আমার সাক্ষাৎ না পাওয়া দুঃখে মরিয়া গিয়াছেন।

"শেখ তাজদ্দীন "আতায়েফোল মেনান" কেতাবে লিখিয়াছেন-এক ব্যক্তি শেখ আবুল আব্বাস মারছিকে বলিয়াছিলেন- হে আমার অগ্রণী, আপনি এই হাতের দ্বারা আমার সহিত মোসাফাহা করুন, কেননা আপনি বহুলোক ও বহু শহর দর্শন করিয়াছেন। ইহাতে তিনি বলিলেন, খোদাতায়ালার শপথ, আমি এই হস্ত দ্বারা কেবল রাসুলুল্লাহ (সা:) এর সহিত মোসাফাহা করিয়াছি। আরও তিনি বলিলেন, যদি রাসুলুল্লাহ (সা:) চক্ষের পলক মারা পরিমাণ আমা হইতে অন্তহিত হন। তবে আমি নিজেকে মুসলমনের মধ্যে গণ্য করি না।"

ফুরফুরা শরীফের পীর আবু বকর সিদ্দিকী (রা:) এর অন্যতম খলিফা আবদুল মোমেন (রা:) দীর্ঘ ছায়ের করে ফুরফুরা শরীফের দরবারে স্বীয় পীর কেবলার মজলিসে বসেছিলেন এমন সময় হিন্দুস্তানের একজন বড় আলেম দরবার শরীফে পীর কেবলার সাথে সালাম মোসাফাহা করেন। উপস্থিত সকলের সাথেও মোসাফাহা করেন। তিনি সূফী আবদুল মোমেন সাহেবের দিকে হাত বাড়িয়ে দিলেও তিনি মোসাফাহা না করে হাত গুটিয়ে নেন। পীর কেবলা বলেন- বাবা

আব্দুল মোমেন, মোসাফাহা করলেন না কেন? তিনি বিনীত ভাবে বল্লেন হুযুর বেআদবী মাফ করবেন এই মাত্র কয়েকদিন আগেও বিশ্বনবী হযরত (সা:) এর হাতে মোসাফাহা করেছি, সেই হাত একজন ধূমপানকারীর হাতে হাত দিই কি করে।

বাহজাতোল আসরার-২৬ পৃষ্ঠা

এক সময় হযরত নবী করীম দাঃ বড়পীর সাহেবের দরবারে উপস্থিত হয়েছিলেন, ইহাতে তিনি আলী বেনেল হিতি নামক একজন মুরীদের উপর এস্তেগরাকের ফয়েয নিক্ষেপ করে তাহার সাক্ষাৎ করিয়ে দিয়েছিলেন। আমাদের হযরত মাওলানা শাহ সূফী সাইয়্যেদ ফতেহ আলী ওয়সী (রা:) সাহেব মাওলানা সায়াদাত হোসেন (রা:) সাহেবকে ঐরূপ করেছিলেন।

কারামতে আহমদীয়া, রদ্দে বেদয়াত-৪/১৩৭ পৃষ্ঠা।

নাফহাতোল উনস্-১৭৩ পৃষ্ঠা।

"শায়খোল ইসলাম বলিয়াছেন লোক (পীর) আবু বকর কাত্তানিকে হজরত নবী মুস্তফা (সা:) এর সাগরেদ বলতেন, যেহেতু তিনি বহুবার স্বপ্নে তাঁকে দেখতেন, তিনি জানতেন যে কোন দিন কিম্বা কোন রাতে হযরত (সা:) কে দেখবেন। লোকে তাঁর নিকট প্রশ্ন করতেন, তিনি উক্ত প্রশ্নগুলি সম্বন্ধে নবী (সা:) এর কাছে জিজ্ঞাসা করতেন এবং জওয়াব শ্রবণ করতেন। উক্ত কেতাব ১৯৬ পৃঃ।

পীর আবুল আলী কাতেব মিসরী বলেন, যখন আমার উপর কোন বিষয় জটিল হয়ে পড়তো, তখন নবী (সা:) কে স্বপ্নে দেখতাম তার থেকে (উক্ত বিষয়) জিজ্ঞাসা করতাম। উক্ত কেতাব- ৪৫০ পৃষ্ঠা

ম্যাওলানা জালালুদ্দীন আবু এজিদ পুবানি বলেছেন, যখন আমার পক্ষে কোন সমস্যা উপস্থিত হয়, হযরত রাসুলুল্লাহ সুন্নাহ এর রূহ কোন মধ্যস্থ ব্যতীত উহা সমাধান করেন। রদ্দে বেদয়াত-২৩৮ পৃষ্ঠা।

আখবারুল আখইয়ার-১৫০পৃষ্ঠা

"পীর সাইয়্যেদ ইউসুফ জামাল হোসাইনি প্রত্যেক জুমার রাতে হযরত রাসুলুল্লাহ (সা:) কে স্বপ্নে দেখতেন। আখবারুল আখইয়ার-১৮৯পৃষ্ঠা

পীর আহমদ আবদুল হক রুইনা বলতেন যেরূপ সাহাবাগণের হজরত নবী সুন্নাহ সঙ্গলাভ ছিল। সেইরূপ হাল সম্পন্ন ও আল্লাহ তায়ালার প্রেমিকদিগের অবস্থায় (হযরত) নবী (সা:) এর সাথে এখনও রয়েছে। সুবহানাল্লাহ। নাফহাতুল উনস্ - ২০৭ পৃষ্ঠা

পীর এবরাহীম বেনে আহমদ বর্ণনা করেন-আমি আমার প্রথম অবস্থায় পীর ...ম মাগরিবী সাহেবের সাথে সাক্ষাৎ করার ইচ্ছায় তার মসজিদে উপস্থিত

হলাম। উক্ত এমাম সাহেব ইমামতি করলেন, এবং সুরা ফাতেহাতে কয়েক স্থানে ভুল পড়লেন। আমি মনে বললাম আমার কষ্ট করে আসাই বৃথা হয়েছে। উক্ত রাতে আমি তথায় থাকলাম। দ্বিতীয় দিন পাক হওয়ার উদ্দেশ্যে ফোরাতের কুলে যাওয়ার ইচ্ছা করলাম। পথিমধ্যে একটি বাঘ নিদ্রিত ছিল, তদ্দর্শনে আমি প্রত্যাবর্তন করলাম, দ্বিতীয় একটি বাঘ আমার পশ্চাতে আসতে দেখলাম, আমি গমন করতে অক্ষম হয়ে চিৎকার করতে লাগলাম। পীর মোসলেম সাহেব ইবাদাতগাহ হতে বাহির হলেন, বাঘেরা তাকে দেখতে পেয়েই নম্রতা আরম্ভ করলো। পীর সাহেব প্রত্যেকের কান ধরে মলে বললেন হে খোদার কুকুরেরা। আমি কি তোমাদিগকে বলি নাই, তোমরা আমার মেহমানদের প্রতি উপদ্রব করিও না। সেই সময় পীর সাহেব আমাকে বলনে, হে আবু ইসাহক, তোমরা বাহ্যভাব সংস্কার করতে ব্রতী হইয়াছ, এই হেতু সৃষ্টজীব হইতে আশঙ্কা করে থাক, আমরা অন্তর শুদ্ধ করতে সংলিপ্ত হয়ে থাকি। এ হেতু সৃষ্ট জীব আমাদিগকে দেখিয়া ভয় পেয়ে থাকে। হযরত মোজাদ্দেদ সাহেবের প্রতি ওহাবি হওয়ার মিথ্যা অপবাদ অতি অল্প সময়ের মধ্যে হযরত সাইয়্যেদ আহমদ শহীদ (রা:) ও তাঁর খলিফাদের দ্বীনি খেদমত ব্যপকভাবে প্রসার লাভ করার ফলে সমাজে শরিয়ত বিরোধী কার্যকলাপ ও অসামাজিক ক্রিয়াকাণ্ড লোপ পেয়ে যায়। হাজার হাজার মানুষ সাইয়্যেদ সাহেবের অনুগামী হতে দেখে, শরিয়তের দুষমনদের গাত্রদাহ হয়ে পড়ে। পীরি মুরিদীকে যারা ঘৃণা ও অবজ্ঞার দৃষ্টিতে দেখে, মজহাব মান্যকারীদের যারা মোশরেক ধারণা করে, নবীপাক (সাঃ) কে যারা হায়াতুন্নাবীর আকীদা পোষণ না করে, অশান্তি প্রিয় প্রবঞ্চক ইত্যাকার কতিপয় মতাবলম্বীদের গাত্রদাহ করতে থাকে, তারাই সাইয়্যেদ সাহেবের জনপ্রিয়তা দেখে হিংসায় জ্বলে পুড়ে মরিতে থাকে। এমতাবস্থায় উক্ত হিংসুকেরা অপপ্রচার করতে থাকে, তিনি ওহাবী ছিলেন। বস্তুতঃ এ দাবি ছিল মিথ্যা এবং সারশূন্য। ইদানিং লামজহাবী, জামায়াতিদের চক্রান্ত কতিপয় পীরানা ঘরনার লোকদের মুখে ঐ রূপ অমুলক কথা শোনা যাচ্ছে।

হযরত মোজাদ্দেদ সাইয়্যেদ আহমদ (রা:) অন্যতম খলীফা। দ্বীনের হাদী, হযরত মাওলানা কারামত আলী জৌনপুরী (রা:) 'মোকাশাফাতে রহমত' কেতাবে বিস্তারিত বিবরণ দিয়েছেন। হযরত আল্লামা রূহুল আমিন ই কারামতে আহমদিয়ার ১৩-১৬ পৃষ্ঠায় লিখেছেন।

(সংক্ষেপ) "অবশ্য লোকদিগের মুখে তাহাদের অবস্থা এতটুকু বুঝা যায় যে, তাহারা শেরেক হতে পাক থাকে, কিন্তু তাহারা এত হটকারি যে নিজেদের দল ব্যতীত অন্য লোকদিগকে মুসলমান বলিয়া ধারণা করে না, সমস্তকে মোশরেক বলিয়া থাকে, আর সমস্তের প্রতি কুধারণা করিয়া থাকে, এমন কি মক্কা ও মদিনার লোকেরাও তাহাদের মতে মোসলমান নহে। বেদাতিদিগকে অতিরঞ্জিত ভাবে

মোশরেক বলিয়া থাকে। এই ওহাবি দল সৈয়দ সাহেবের ঘোর বিরোধী, কেননা সৈয়দ সাহেব শেরক বেদয়াত বিশেষভাবে নিষেধ করিয়াছেন এবং শেরক ও বেদয়াত এতদুভয়ের পার্থক্য খুব বুঝাইয়া দিয়াছেন। যেরূপ তাহার দলের সমস্ত কেতাবে এই কথা প্রকাশ রহিয়াছে। উপরোক্ত প্রতারক ফাছাদিদল অবশ্য জেদে পড়িয়া সুন্নত জামায়াতকে অহাবি বলিয়া ও দ্বীনদারগণকে বেদ্বীন বলিয়া অহাবিদের অনুরূপ মতধারী হইয়াছে"

"উল্লিখিত মিথ্যা অপবাদের দ্বিতীয় কারণ এই যে, লা-মজহাবিদের মধ্য হইতে একদল লোক সৈয়দ সাহেবকে মন্দ বলিয়া থাকে, তকলিদ করা ও জল-খাবার আর খাবার-জল, যেমন এক নয়, তদ্রুপ জাময়াতে ইসলামি আর ইসলামি জামায়াত এক নয়। মুরিদ হওয়া নাজায়েজ। আর তাহাদের অন্য একদল প্রবঞ্চনা করতঃ লোকদিগকে ধোকা দিবার উদ্দেশ্যে নিজদিগকে সৈয়দ সাহেবের দলভূক্ত করিবার চেষ্টা করে, অথচ সৈয়দ সাহেব এইরূপ লোকদিগকে নিজের জামায়াত হইতে বহির করিয়া দিয়াছিলেন।

সৈয়দ ছাহেবের দলের "কুওয়াতোল ঈমান", "নেজামোল ইসলাম", "মেয়াতে মাছায়েল" প্রভৃতি কেতাবে উক্ত লামজহাবীদের খুর রদ লেখা হইয়াছে.................।"

. "কতক দাড়ি মুণ্ডনকারী, বেনামাজী, ফাছেক, গোর পুজক, কামরিপুর বশীভূত শরিয়তের বিরোধী, অত্যাচারীদের সহায়তাকারী মন্দ আলেম। নফছও শয়তানের উত্তেজনায় সৈয়দ সাহেবের মোজাদ্দেদ হওয়া অস্বীকার করিয়া বসিল। উল্লিখিত প্রবঞ্চক ফাছাদকারীগণের সহিত মিলিত হইল। ভিন্ন ভিন্ন ফাছাদকারীদের কর্তৃক শত্রুতা প্রকাশ করিতে লাগিল এবং দুই জগতে লাঞ্ছিত হইতে লাগিল।"

আল্লামা রূহল আমিন (রা:) "কারামতে আহমদিয়া" পুস্তকে "সিরাতুল মোস্তাকিম" ১৪৯-১৫২ পৃষ্ঠা ও তাওয়ারিখে-আজিবা ১০-১১পৃষ্ঠা বরাতে বিস্তারিত বিবরণ দিয়েছেন।

"সৈয়দ সাহেব কামালাতে নবুওয়াতে ও কামালতে বেলায়েত এই দুই ছুলুক পূর্ণ করার পরে একদিবস মোরাকাবা অবস্থায় হজরত খাজা বখতিয়ার কাকির (রা:) রূহের সহিত সাক্ষাৎ করিয়াছিলেন, সেই সময় সৈয়দ সাহেব খাজা সাহেবের মস্তকের উপর একটি জ্যোতিষ্মান ছাত্র এবং তাহার মস্তকের উপর দুটি ছত্র ছায়া প্রদান করিতে দেখিলেন। হজরত সৈয়দ সাহেব নিজকে উক্ত খাজা সাহেবের সামান্য মুরিদ বলিয়া ধারণা করিতেন, কিন্তু ব্যাপারটি বিপরীত দেখিয়া তিনি নিতান্ত লজ্জিত হইলেন। হঠাৎ মোরাকাবা শেষ করিয়া ভীত কম্পিত অবস্থায় মাওলানা শাহ আবদুল আজিজ (রা:) সাহেবের খেদমতে হাজির হইয়া ভয় ও

লজ্জার সহিত এই ঘটনা তাহার নিকট প্রকাশ করিলেন। হজরত মাওলানা অত্যন্ত আনন্দিত হইয়া হাস্যমুখে বলিলেন, হে পুত্র! ইহা আশ্চর্য নহে, বেলায়েতে নবুয়তের এইরূপ লক্ষণ হইয়া থাকে। হে প্রিয়পাত্র! ইহাত! উহার প্রথম অবস্থা, সমুদ্রের এক বিন্দু সমান এখন তোমার উপর প্রকাশিত হইয়াছে। ইহার পরে দিন দিন ইহা অপেক্ষা সহস্র সহস্রগুণ বৃহৎ অবস্থা তোমার উপর প্রকাশিত হইবে।" আর ও উক্ত কেতাবের ১৫/১৬ পৃষ্ঠায় মখজেন লেখক বলেছেন- দ্বিতীয়বার সৈয়দ সাহেব পৌছাবার সাতদিন আগে হযরত মাওলানা শাহ আবদুল আজিজ (রাঃ) স্বপ্নে দেখেন যে জনাব হযরত রাসুলুল্লাহ (সঃ) দিল্লীর জামে মসজিদে তশরীফ আনেন। চারিদিক থেকে তার জিয়ারতের জন্য দৌড়ে দৌড়ে আসছেন। প্রথমে শাহ সাহেব জিয়ারত করলেন। সে সময় নবীপাক (সঃ) শাহ সাহেবের হাতে একটি যষ্টি দিয়ে বললেন, তুমি যষ্টি হাতে নিয়ে মসজিদের দরওয়াজায় বসে থাক। যে ব্যক্তি আমার জিয়ারতে আসবেন তার অবস্থা আমার কাছে প্রকাশ কর। আমি যাকে আসতে অনুমতি দিব, তাকেই তুমি আমার সাক্ষাতে আনবে। আর আমি যাকে নিষেধ করব তাকে নয়। শাহ সাহেব হাতে যষ্টি নিয়ে মসজিদের দরওয়াজায় বসলেন এবং সেই নিয়মে অনুমতি প্রাপ্ত মানুষেরা নবী পাকের জিয়ারত নসীব পান। শাহ সাহেব এ স্বপ্ন দেখে সকালে হযরত শামসুদ্দীন শহীদ সাহেবের প্রধান খলিফা হযরত শাহ গোলাম আলি সাহেবের সাথে সাক্ষাৎ করে, উক্ত সত্যস্বপ্ন তার কাছে প্রকাশ করে মর্ম জিজ্ঞাসা করলেন। হযরত গোলাম আলি শাহ বললেন, কি আশ্চার্য্য যে আপনি দ্বিতীয় ইউসুফ হয়ে স্বপ্নের মর্ম আমার কাছে জানতে চান, শাহ সাহেব বললেন, এ আশ্চর্য জনক স্বপ্নের বৃত্তান্ত আপনার পাক জবান থেকে শুনতে ইচ্ছা করে। শাহ গোলাম আলি সাহেব বললেন আমার ধারণায় স্বপ্নের মর্ম বিবেচিত হয় যে, হযরত সৈয়দ হাসান (রাঃ) যিনি মুরিদগণকে হযরত রাসুল (সঃ) এর দর্শন লাভ করে দিতেন। অদ্য দেড় শত বছর গত হয়ে গেছে, সে হতে লোকদিগকে হযরত নবীপাক (সঃ) হেদায়েতের জন্য তাওয়াজ্জোহ রহিত হয়ে গেছে। এ স্বপ্নে বোঝা যায় যে আপনার কিম্বা আপনার কোন উপযুক্ত মুরিদের হস্তে যে হেদায়েতের দেড়শত বছর হতে বন্ধ হয়ে গেছে তা প্রসারিত হবে। মাওলানা তা শুনে বললেন, আমার ধারণায় এ স্বপ্নের মর্ম বিবেচিত হয়। এ স্বপ্নের পরে এক সপ্তাহ হতে না হতেই এমতাবস্থায় সৈয়দ সাহেব দ্বিতীয় বার দিল্লীতে উপস্থিত হয়ে পূর্বের ন্যায় আকবর আবাদি মসজিদে অবস্থানের স্থান স্থির করলেন। তিনি ছয় বছর কাল অরণ্যে নির্জন অবস্থায় দুপ্রকার সলুক সমাপন করে এরূপ পরিস্কৃত ও অলৌকিক হয়ে ছিলেন যে, তার প্রতিবিম্ব প্রত্যেক পবিত্র অন্তরে প্রতিফলিত হতেছিল। তখন লোক চারিদিক থেকে তাঁর দিকে ধাবিত হতে থাকে। আরও ১৬-১৯ পৃষ্ঠা কারামতে আহমদিয়া ২৩-২৫ পৃষ্ঠা।

"মাওলানা আবদুল কাদের সাহেব উক্ত আকবরাবাদী মসজিদে অবস্থান করতে ছিলেন, সে সময় তিনি একদিন মাওলানা আবদুল হাই সাহেবের সাথে দেখা করতে গিয়ে ছিলেন, কথা প্রসঙ্গে নামাজের নিগূঢ় তত্ত্ব ও হুযুরী কালবের সমালোচনা হয়। মাওলানা আবদুল কাদের সাহেব বললেন 'উক্ত বিষয়ের বিস্তারিত তত্ত্ব তাছাওয়োফ ও চরিত্র গঠন সংক্রান্ত পুস্তকে সুন্দর ভাবে বিবরণ আছে কিন্তু কামেল মোর্শেদের অসিলা ছাড়া উহা লাভ অতি সঙ্কট বরং অসম্ভব। যদি এই আগন্তুক যুবক সৈয়দ সাহেবের কাছে শিক্ষা করা যায়, তবে অতি উত্তম। তশ্রবণে মাওলানা আবদুল হাই সাহেব তৎক্ষণাৎ সৈয়দ সাহেবের খেদমতে উপস্থিত হয়ে গেলেন এবং তার কাছে মতলব পেশ করলেন। তখন সৈয়দ সাহেব নামাজের নিগূঢ় মর্ম ও হুযুরী কলবের বিস্তারিত বিবরণ উল্লেখ করে বললেন"হে মাওলানা, কেবল মৌখিক শিক্ষায় এ শ্রেষ্ঠ নিয়ামত লাভ হতে পারে না। বরং আপনি আমার সাথে মোক্তাদি হয়ে দু রাকায়াত নামাজ পড়েন। সে সময় মাওলানা আবদুল হাই সাহেব দণ্ডায়মান হয়ে তার পশ্চাতে দুরাকায়াত নামাজ পড়লেন। ঐ দুরাকায়াত নামাজে নামাজের সমাপ্ত গুপ্ততত্ত্ব তাঁর পক্ষে প্রকাশ হয়ে পড়লেন। তিনি বলেন- "আমি যা উক্ত দুরাকাত নামাজে পেয়েছি তা সমস্ত জীবনে ও সমস্ত কেতাবে পাই নাই। তাঁর দুরাকায়াত নামাজে সোবহে সাদেক হয়ে গেল বরং তিনি ঐ সময় চর্মচক্ষে কাবা ঘর সম্মুখে দেখিতে পেলেন। তখন তিনি তার প্রেমে বিভোর হয়ে তারই হস্তে বায়াআত হলেন। এ সংবাদ লোকেরা অবগত হলে, তন্মধ্যে অন্ত-অন্ধ লোকেরা মাওলানার দুর্নাম করে বলতে লাগলেন যে, ইনি এত বড় অদ্বিতীয় আলেম ও সুবক্তা ফাজেল হয়ে একজন সামান্য লোকের মুরীদ ও সেবক হয়ে গেলেন। অতঃপর এই অন্ধরা মাওলানা শাহ আব্দুল আজীজ সাহেবকে জানালে, তিনি সৈয়দ সাহেবের উচ্চ মর্যাদার কথা প্রকাশ করে তাদিগকে সৈয়দ সাহেবের কাছে মুরীদ হতে উৎসাহিত করেন। অনেক সৌভাগ্যবানেরা তওবা করে তার কাছে মুরীদ হয়ে গেলেন। এ সময় দূর দূরের শত শত আলেম ফাজেল ও ইমানদার পুরুষ তার কাছে উপস্থিত হয়ে মুরিদ হতে লাগলেন। মাওলানা শাহ আব্দুল আজীজ সাহেবের সমস্ত খান্দান, মৌলভী ওাজিমুদ্দিন, হাকিম মোঃ গিয়াছদ্দিন, হাফেজ মইনদ্দিন, মৌলুভী মোহাম্মদ ইউসুফ সাহেবগণ ও তার শত শত মুরীদ হযরত নবী (স:) এর জিয়ারত লাভে ধন্য হলেন।

আরও ২১- ২২ পৃষ্ঠা

এবার সৈয়দ সাহেব দিল্লীতে অবস্থান করলেন। বহুলোক তার থেকে ফয়েজ লাভ করলেন। সে সময় পার্শ্ববর্তী কসবা ও শহর সমূহ হতে শত শত লোক পত্র সহ তাঁকে দাওয়াত দিতে উপস্থিত হয়ে বললেন, আমরা দিল্লীতে এসে আপনার কাছে বায়াআত ফয়েজ লাভ করতে পারি কিন্তু আমাদের আত্মীয় স্বজন স্ত্রী পুত্রগণ আপনার ফয়েজ হতে বঞ্চিত হয়ে যাচ্ছে। তখন সৈয়দ সাহেব ঐ সব পত্রগুলো

হযরত শাহ আবদুল আজীজ (রা:) সাহেবের কাছে পেশ করে উক্ত কসবা ও শহরগুলির দিকে রওনা হওয়ার অনুমতি চাইলেন। সে সময় মাওলানা সাহেব আনন্দিত ভাবে নিজের পরিধেয় একটি কালো পাগড়ী ও একটি শুভ্র (সাদা) পিরহান তাকে স্বহস্তে পরিয়ে বিদায় দিলেন। প্রথমে তিনি ফুপ্ত নামক পল্লীতে উপস্থিত হলেন, তথায় শাহ অলিউল্লাহ ও শাহ আহলোল্লাহ সাহেবদ্বয়ের আত্মীয় স্বজনেরা বাস করতেন। তারা সকলেই সৈয়দ সাহেবের নিকট মুরীদ হয়ে গেলেন। তৎপর মোজাফফরনগর, লোহারি, সাহারানপুর, গড়মুক্তির, রামপুর, বেরেলী শাহজাহানপুর ইত্যাদি বহু শহরে আগমন করে বহু সহস্র লোককে মুরীদ করে সত্য পথে আনয়ন করেন। আরও ৭৪ পৃষ্ঠা।

মৌলবী আবদুল আহাদ সাহেব বলেছেন, হযরত সৈয়দ সাহেবের পাক হস্তে চল্লিশ হাজারের অধিক হিন্দু ইত্যাদি অমুসলমান মুসলমান হয়েছিল। প্রায় ৩০ লক্ষ মুসলমান তার হস্তে মুরীদ হয়েছিল। আর তাঁর খলিফাগণ ও খলিফাগণের মুরীদের সংখ্যা কয়েককোটি হবে। তাওয়ারিখে আজিবা, ১৩৯-১৪১, ৬০-৬৫ পৃষ্ঠা সৈয়দ সাহেবের কয়েক হাজার খলীফা ছিলেন, তাঁর অধিকাংশ খলীফা কারামতধারী অলি ছিলেন। এখানে হিন্দুস্থানের বিশিষ্ট বিশিষ্ট ৮০ জন খলীফার নাম আছে। সম্মানীয় পাঠক পাঠিকা এবার উপলব্ধি করুন শাহ সৈয়দ আহমাদ গ্রহ হাক্কানী রব্বানী পীর ছিলেন কি না। তিনিই ছিলেন গাজীয়ে বালাকোট, কুতবুল আলম হযরত শাহসূফী নূর মুহাম্মদ নিয়ামপুরী (যিনি মলিয়াসে বর্তমান মিঠানালা) শায়িত বুযুর্গ পীর ও মুর্শিদ। অস্বীকারকারীদের হেদায়েত করুন। তাদের প্রতি উপযুক্ত বিধান প্রদান করুন। ইয়া রব্বাল আলামীন। আমীন। ।

আল্লামা রূহল আমিন (রা:) কারামতে আওলিয়া পুস্তকে ৮১-৮৫ পৃষ্ঠা কোলকাতা মাদ্রাসা আলীয়ার মোদারেস সাহেবান কর্তৃক মূদ্রিত ফাতাওয়ার উল্লেখ করে লিখেছেন।

প্রশ্ন : এক ব্যক্তি বলে যে, জনাব সৈয়দ আহমদ সাহেব মরহুম যিনি মাওলানা কারামত আলী মরহুম মর্গফুরের মোর্শেদ ছিলেন। মোহাম্মদী অহাবী ছিলেন। আর এক ব্যক্তি বলে যে, জনাব আমিরুল মোমেনীন মাওলানা গাজী সৈয়দ আহমদ সাহেব খাঁটি হানাফি ছিলেন। তিনি কিছুতেই লামজহাবী ছিলেন।

উত্তর ঃ মাওলানা সৈয়দ আহমদ সাহেব ছালেক ও অলিদিগের নেতা ছিলেন। তিনি সুন্নত অল জামায়াতভূক্ত ছিলেন। চারি মজহাব সত্য বলিয়া বিশ্বাস করিতেন, ইহা তাহার মলফুজাত হইতে প্রমাণিত হয়। তাঁহার শিষ্য মাওলানা কারামত আলী সাহেব কুওয়াতোল ঈমান ও নছিমমাল হারামাইনে অহাবি লামজহাবিদের প্রতিবাদ করিয়াছেন। আরব, আজম, হিন্দুস্থান ও বাঙ্গালার জাহেরী ও বাতেনী কামালত পূর্ণ বড় বড় অদ্বিতীয় আলেমগণ যাহাদের দ্বারা শেরক বেদয়াত দূরীভূত হইয়াছে, তাহারা উক্ত সৈয়দ সাহেবের মুরিদ ছিলেন।

তাহারা সকলেই মাজহাবলম্বী ছিলেন। আর হযরত সৈয়দ সাহেব, হজরত মাওলানা আবদুল আজীজ (রা:) সাহেবের খাস শিষ্য ছিলেন। যে ব্যক্তি এইরূপ তরিকত ও শরিয়তের হাদী, শহীদ, রাসুল (স:) এর বংশধর ও কামেল মোর্শেদের উপর অযথা অপবাদ প্রয়োগ করে সে ব্যক্তি গোনাহগার বদকার মিথ্যাবাদীও অপবাদকারী ব্যতীত আর কিছুই নহে। যে ব্যক্তি এই ধ্রুব সত্যকে অস্বীকার করে, তবে সে ব্যক্তি ভ্রান্ত, সত্যপথ ভ্রষ্ট।

সৈয়দ আবদুর রসিদ
(ষষ্ঠ মোদাররেস মাদ্রাসা আলিয়া কোলকাতা)
বিচক্ষণ মুফতী যাহা লিপিবদ্ধ করিয়াছেন, তাহা সত্য, সৈয়দ সাহেবের সম্বন্ধে ইহার বিপরীত ধারণা করা ভ্রানিমশ ও (গোমরাহি)।

মোহাম্মদ আব্দুল গণি
(চতুর্থ মোদার্রেস মাদ্রাসা আলিয়া কোলকাতা)
আল্লাহতায়ালা জনাব সৈয়দ সাহেব রহমাতুল্লাহর দ্বারা বহু মুসলমানকে বেদয়াত হইতে মুক্ত করিয়া উজ্জ্বল সুন্নতের দিকে হেদায়েত করিয়াছেন। যে ব্যক্তি তাহার অনুস্মরণ করিয়াছে, সত্যপথ প্রাপ্ত হইয়াছে, তাঁহাদের মধ্যে একজন মাওলানা ক্বারী হাফেজ হাজী কারামত আলি জৌনপুরী। দ্বিতীয় হাফেজ হাজী গাজী মাওলানা জামালুদ্দীন সাহেব ছিলেন, যে ব্যক্তি তাহাদের বিরুদ্ধচারণ করিবেন এবং তাহাদের হেদায়েতের প্রতি ইনকার করিবে, সে ব্যক্তি মেধাহীন, গোমরাহ এবং হেদায়েত ও সত্য পথভ্রষ্ট।

মোহাম্মদ এছমাইল।
(অষ্টম মোদার্রেস মাদ্রাসা আলিয়া কোলকাতা)
"দ্বীনদারগণের শিরভূষণ, পরহেজগারগণের অগ্রণী, প্রবীন হাদী শ্রেণীর আদর্শ, প্রবীন অলিগণের নেতা সৈয়দ আহমদ (রহ.) হানাফি ধর্মভীরু, অলিউল্লাহ ও উজ্জ্বল শরিয়তের আলেম ছিলেন। ছোট বড় সকলেই তাহা কর্তৃক সত্য পথ প্রাপ্ত হইয়াছে। যে ব্যক্তি তাহার হেদায়েত গ্রহণ করিয়াছেন, সে ব্যক্তি তরিকত ও শরিয়তের নিগুঢ় তত্ত্ব অবগত হইয়াছে।

আহমদুল্লাহ
(সপ্তম মোদার্রেস মাদ্রাসা আলিয়া কলিকাতা)
জনাব সৈয়দ আহমদ সাহেব ও মাওলানা কারামত আলি সাহেব ধর্মভীরু ও পরহেজগার ছিলেন, তিনি অহাবী ছিলেন না।

মোহাম্মদ আশরাফ

(নবম মোদাররেস, মাদ্রাসা আলিয়া কোলকাতা আলি জনাব মাআলি আলকব, জাহেরী বাতেনী কামালতের অধিকারী, দ্বীন ও দুনিয়াবী গুণাবলীর ভাণ্ডার, বেদয়াত ধ্বংসকারী, শরিয়ত প্রচারক, জামানায় গাওছ জামানার অদ্বিতীয় ও আল্লাহতায়ালা হইতে সাহায্য প্রাপ্ত জনাব হজরত সৈয়দ আহমদ ! ছুন্নি হানাফী ছিলেন, তাহার খলীফা আলেমে রব্বানী ও অদ্বিতীয় ফাজেল জনাব মৌলভী কারামত আলী মরহুম মগফুর ও হানাফী মাজহাবাবলম্বী ছিলেন, কখনও কেহ যেন উক্ত দুই বোজর্গের সম্বন্ধে বাতীল ধারণা না করেন।

বেলায়েত হোছাএন

(দ্বিতীয় মোদাররেস মাদ্রাসা আলিয়া কোলকাতা)

জনাব হজরত অলিগণের শিরোভূষণ সৈয়দ আহমদ (রহ.) বড় দরের অলি হানাফী মজহাবলম্বী ছিলেন। এই সমুজ্জ্বল সূর্য্য দ্বারা একটি জগত আলোকময় হইয়াছে, যে কেহ তাহার দূর্ণাম ও অপবাদ করে, সে ব্যক্তি গোমরাহ (ভ্রান্ত) ভ্রান্তকারী, অপবাদকারীকে এইরূপ কুধারণা হইতে তওবা করা উচিৎ।

গোলাম ছালমানী আব্বাসী

(চতুর্থ মোদাররেস, মাদ্রাসা আলীয়া কোলকাতা)

জনাব সৈয়দ আহমদ মরহুম ও মৌলভী কারামত আলী মরহুম অতিশয় ধর্মভীরু ও পরহেজগার ছিলেন। বহু সহস্র লোক তাহার সঙ্গলাভে সত্যপথ প্রাপ্ত হইয়াছেন। কেহ যেন কিছুতেই তাহাদের সম্বন্ধে কুধারণা পোষণ না করেন, নচেৎ নিজের ক্ষতি সাধন করিবেন।

ছায়াদাত হোছাএন

(তৃতীয় মোদাররেস মাদ্রাসা আলীয়া কোলকাতা)

ছালেকদিগের অগ্রণী ও অলিগণের নেতা, হজরত মাওলানা সৈয়দ আহমদ রহমাতুল্লাহ আলায়হে কে অহাবী বলা একেবারে মিথ্যা অপবাদ। দ্বীনের বোজর্গগণের দুর্নাম ও অপবাদ করা অন্যায় আচরণ ও গোমরাহী। হজরত মাওলানা যে বড় দরের অলি ছিলেন, ইহা অতি প্রকাশ্য ও জ্বলন্ত সত্য কথা। প্রবীন প্রবীন আলেম ও ফকিহগণ উহার অনুসরণ (তাবেদার) করিয়াছিলেন। ইহাই উক্ত কথার প্রকাশ্য ও অকাট্য দলীল।

আহমদ

(প্রথম মোদাররেস, মাদ্রাসা আলীয়া কোলকাতা)

আরও ৮ জন মাওলানা ও এমাম উক্ত ফাতওয়া সমর্থনে স্বাক্ষর অস্বীকার করে।

তথ্যসূত্র: 'সীরাতে-ওয়সী', পরিশিষ্ট-২

চতুর্থ অধ্যায়

তাসাওউফ

মুহাম্মদীয়া তরীকা

আল্লামা শায়খ বোরহানুদ্দীন উয়েসী

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ نَّبِيِّ الْحُكْمِ وَالْحِكْمَةِ السِّرَاجِ الْوَهَّاجِ الْمَخْصُوْصِ بِالْخُلُقِ الْعَظِيْمِ وَاٰلِهٖ وَاَصْحَابِهٖ وَأَتْبَاعِهٖ السَّالِكِيْنَ عَلٰى مَنْهَجِهٖ الْقَوِيْمِ وَبَارِكْ وَسَلِّمْ.

হজরত ছাইয়েদ আহ্‌মদ শহীদ বেরেলবী (রঃ) মা'রেফাতের এত উচ্চ দরজায় উন্নীত হইয়াছিলেন যে "ওয়াহ্‌দাতে অজুদ' বা 'তওহীদে অজুদী'— এই জটিল ও বিতর্ক মূলক বিষয়ে তিনি যেই সঠিক সুস্পষ্ট ব্যাখ্যা জগতকে দান করিয়াছেন তাহা পরে আর কেহ করেন নাই। কাদেরিয়া, চিশ্‌তীয়া, নক্‌শবন্দীয়া, মুজাদ্দেদীয়া—এই চারি তরীকার তজ্‌দীদ বা সংস্কার স্বরূপ পরিবর্তন ও পরিবর্ধন করিয়া প্রত্যেক তরীকার ছবকগুলি তিনি নতুন আকারে সাজাইয়াছেন। হয়ত রছুলুল্লার (দঃ) রূহানী ফয়েজ ও এজাজতে তিনি তাহা করিয়াছেন বিধায় তাহার নামকরণ হইয়াছে 'মুহাম্মদীয়া তরীকা। ' মুহাম্মদীয়া তরীকা বলিতে ভিন্ন কোন তরীকা ছবক আকারে নাই। —সংস্কারকৃত প্রত্যেকটি তরীকার ভিতরেই রহিয়াছে মুহাম্মদীয়া তরীকা, যেরূপ হানাফী মজহাবের ভিতরেই বিদ্যমান রহিয়াছে ইমাম মুহাম্মদ (রঃ) ও ইমাম আবু ইউছুফ (রঃ) উভয়ের মজহাব। অতএব, উক্ত তরীকাসমূহ যুক্ত নামে পরিচিত — কাদেরিয়া-মুহাম্মদীয়া, চিশ্‌তীয়া-মুহাম্মদীয়া, নক্‌শবন্দীয়া— মুজাদ্দেদীয়া-মুহাম্মদীয়া, যেরূপ যুক্ত নামে পরিচিত 'নক্‌শবন্দীয়া-মুজাদ্দেদীয়া'। তাই তাঁহার ছিল্‌ছিলার পীরগণ বয়য়াত করাইবার সময় বলিয়া থাকেন-বিচ তরীকা কাদেরিয়া-চিশ্‌তীয়া - নক্‌শবন্দীয়া-মুজাদ্দেদীয়া মুহাম্মদীয়া।

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ مَّنْ اَشْرَقَ بِشُعَاعِ سِرِّهٖ الْاَسْرَارُ وَاٰلِهٖ وَسَلِّمْ.

তথ্যসূত্রঃ হাদিয়াতুছ্-ছালেকীন

তাসাউফের মহান মুর্শিদ: ইমামুত তরিকত সায়্যিদ আহমদ শহীদ (রহঃ)

অধ্যাপক হাসান আবদুল কাইয়ূম

উনবিংশ শতাব্দীর মহান মুজাদ্দিদ হযরত সায়্যিদ আহমদ বেরেলভী (রহ) মুহম্মদীয়া তরীকার ইমাম ছিলেন। মুহম্মদিয়া তরীকার ইমাম হযরত সায়্যিদ আহমদ বেরেলভী (রহ) ১৭৫৭ খ্রিষ্টাব্দে ২৩ জুন পলাশী বিপর্যয়ের ২৮ বছর পর ১৭৮৬ খ্রিষ্টাব্দে ২৮ নভেম্বর অযোদ্ধার রায়বেরেলীতে এক ঐতিহ্যবাহী সায়্যিদ পরিবারে জন্মগ্রহণ করেন। হযরত ইমাম হাসানের (রা) বংশের ৩৫তম ধাপে তাঁর এক পূর্বপুরুষ সুলতান শামছুদ্দীন ইলতুতমিশের শাসনামলে ভারত বর্ষে এসে স্থায়ী বসত স্থাপন করেন। এ বংশধারা রায়বেরেলীর অত্যন্ত বুযুর্গ বংশধারা হিসেবে খ্যাতি অর্জন করে। সায়্যিদ আহমদ বেরেলভী (র) ছোট বেলায় খুব ভাবুক প্রকৃতির ছিলেন। তিনি কিশোর বয়স থেকেই স্বাস্থ্য সচেতন হয়ে ওঠেন। তিনি তখন থেকেই শরীর চর্চা করতেন। নানা ধরনের ব্যায়াম ও সাঁতারের নানাধরনের কসরতে তিনি পারদর্শী হয়ে ওঠেন। তিনি ১৬ বছর বয়সে পিতৃহারা হন। তিনি জাহিরী ইলমে যতটুকু ব্যুৎপত্তি লাভ করেন তার থেকে বেশি ইলমে লাদুন্নী লাভে ধন্য হন। ২১ বছর বয়সে অর্থাৎ ১৮০৭ খ্রিষ্টাব্দে হযরত সায়্যিদ আহমদ বেরেলভী (রহ) দিল্লিতে এসে সেই সময়কার মশহুর পীর হযরত মাওলানা শাহ আবদুল আযীয দেহলভীর (রহ) হাতে কাদিরীয়া, চিশতিয়া, নকশবন্দীয়া তরীকায় বায়‘আত হন। এবং অল্প সময়ের মধ্যে পীরের তাওয়াজ্জুহ ও ফয়েযের তাসীরে কঠোর রিয়াযতের মাধ্যমে প্রত্যেক তরীকার উচ্চতর মকামে উন্নীত হয়ে কামালিয়াত অর্জন করেন এবং খিলাফতের সনদ ও খিরকা লাভ করেন। তিনি রুহানিয়াত ইলমে এতোই ব্যুৎপত্তি অর্জন করেন যেন সামান্য ফয়েযেই রুহানী উচ্চ মাকাম উপলব্ধি করতে পারঙ্গম হন এবং দশ লতীফার সামগ্রিক নূর অবলোকন করেন। এই সামগ্রিকতায় তরীকাসমূহের ঐক্যবোধ জাগ্রত করে; যার থেকে বিন্যাসিত হয় তরীকায়ে মুহাম্মদিয়া। এই তরীকার সব অনুশীলন অধ্যায় নকশবন্দীয়া তরীকার ধারাবাহিকতা বজায় রেখেছে। তবে কিছু

কিছু মুরাকাবা স্তরে বেশি অনুশীলন করার ওপর গুরুত্বারোপ করেছে। মূলত হযরত সায়্যিদ আহমদ বেরেলভী (রহ) হযরত মুজাদ্দিদে আলফে সানী (রহ) ও হযরত শাহ ওয়ালী উল্লাহ্‌র (রহ) সংস্কার আন্দোলনের চেতনায় উদ্বুদ্ধ ছিলেন এবং বিপ্লবী মনন দ্বারা উদীপ্ত ছিলেন। এই কারণেই সড়ক নির্মাণ করতে সমর্থ হয়েছিলেন। তিনি যে তরীকায়ে মুহাম্মদিয়া বিন্যস্ত করেছিলেন তাতে কতকগুলো সবক রয়েছে, যা কলবকে সজীব করে তোলে। যেমন- হকীকতে সায়ফুল্লাহ্‌র ফয়েয, মাকামাতে শোহাদার ফয়েয, নিসবতে জামি আর ফয়েয, কুওয়তের ফয়েয ইত্যাদি। এই ধরনের ফয়েয বা প্রাচুর্য প্রবাহ ফয়েয অনুশীলনকারীর ভেতরে এক অনন্য শক্তি সঞ্চারিত করে। কুওয়তের ফয়েযের মুরাকাবা হালতে মনে মনে গভীর অনুধ্যানের সঙ্গে পড়তে হয়- ইন্নাল কুওয়াতা লিল্লাহি জামী'আ; নিশ্চয়ই সমস্ত শক্তি আল্লাহ্‌র। এছাড়া হকীকতে সায়ফুল্লাহ্‌র ফয়েযে কলবের দিকে গভীর মনোনিবেশ করে কমপক্ষে ১০১ বার এই দরূদ শরীফ পড়তে হয়: আল্লাহুম্মা সাল্লি আলা সাইয়িদিনা মুহাম্মাদিন সায়ফিল্লাহিল কাতিই ওয়া আলিহী ওয়া সাল্লিম।

তরীকায়ে মুহাম্মদীয়াতের তা'লিম তিনি তাঁর মুরীদানের মধ্যে বিস্তৃতি করেন ফলে বিপ্লবী চেতনায় সবাই উদ্বুদ্ধ হন। তিনি যে জিহাদের ডাক দেন তাতে সাড়া দিয়ে উপ-মহাদেশের শত শত লোক সাড়া দেন, তিনি চেয়েছিলেন স্বদেশ বিজাতীয় প্রভাব ও শাসন থেকে মুক্ত হোক, মুক্তি ও স্বাধীনতার আস্বাদন লাভ করুক দেশ। তাঁর সান্নিধ্যে এসে লক্ষ লক্ষ মুসলিম হিদায়াত প্রাপ্ত হন, অনেক অমুসলিমও ইসলামে দাখিল হন। সৈয়দ নিসার আলী তিতুমীরও তাঁর মুরীদ হন।

তিনি বিরাট কাফেলা নিয়ে মক্কা শরীফ গমন করেন। হজ্জ ও যিয়ারতে মদীনা মুনাওয়ারা সমাপন করে দুই বছর ১০ মাস পর। ১৮২৪ খ্রিস্টাব্দের ২৯ এপ্রিল তিনি ফিরে আসেন এবং জিহাদের প্রস্তুতি গ্রহণ করেন। বাংলাদেশ থেকে প্রায় ছয় হাজার লোক এই জিহাদে শরীক হয়। বাংলাদেশ থেকে যাঁরা এই জিহাদে নেতৃত্ব দেন তাঁদের উল্লেখযোগ্য হচ্ছেন: চট্টগ্রামের মাওলানা সূফী নূর মুহাম্মদ নিযামপুরী (র.), হযরত শাহ ওয়ারেছ আলী (র.), নোয়াখালীর ইমামুদ্দীন (র.) প্রমুখ। এরা সবাই হযরত সায়্যিদ আহমদ (র.) এর নেতৃত্বে যার যার বাহিনী নিয়ে লড়াইয়ে শরীক হন। পাঞ্জাতার মাটিতে যুদ্ধ করতে করতে শহীদ হন যাঁরা তাদের মধ্যে চট্টগ্রামের শাহ ওয়ারেছ আলী অন্যতম। পাঞ্জাতার মাটিতেই হযরত সায়্যিদ আহমদ বেরলভী (র.) কে আমীরুল মুমিনীন লকবে ভূষিত করা হয় এবং সবাই নতুন করে তাঁর কাছে বায়াত হন।

১৮৩১ খৃষ্টাব্দের ৬ মে শুক্রবার চাশতের সালাতের ওয়াক্তে উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশের জেলার উত্তর-পূর্ব কোণে হাযারা জেলার উত্তর-পূর্ব কোণে অবস্থিত মিথাকোটের নিকটবর্তী বালাকোট নামক স্থানে এক রক্তক্ষয়ী যুদ্ধে হযরত

সায়্যিদ আহমদ বেরলভী (রহ) বীর বিক্রমে যুদ্ধ করতে করতে শহীদ হন। এই যুদ্ধ প্রায় দু'ঘণ্টা ধরে চলে। তাঁর বাহিনীর প্রায় তিনশত সৈন্য শাহাদত লাভ করেন। শত্রুদের সৈন্যসংখ্যা কয়েক গুণ বেশি ছিলো। শত্রু বাহিনীর বহু সৈন্য নিহত হয়। বালাকোট যুদ্ধে অংশ গ্রহণকারী বহু গাযী হযরত সায়্যিদ আহমদ শহীদ (রহ) মুহাম্মদিয়া তরীকার ধারণা বহন করে যার যার এলাকায় ফিরে আসেন। বাংলাদেশে ফিরে আসেন গাযীয়ে বালাকোট হযরত নূর মুহাম্মদ নিযামপুরী (রহ) ও হযরত মাওলানা ইমামুদ্দীন (রহ)। হযরত নূর মুহাম্মদ নিযামপুরী (র.) এর খলীফা হচ্ছেন হযরত সূফী ফতেহ আলী ওয়াসী, ফুরফুরা শরীফের পীর মুজাদ্দিদে যামান আমীরুশ শরীআত হযরত মাওলানা শাহ সূফী আবু বকর সিদ্দীক (র.) এবং তাঁর খলীফা হচ্ছেন বর্তমান লেখকের আব্বা হুজুর কিবলা হযরত মাওলানা শাহ সূফী আলহাজ্ব তোয়াজ উদ্দিন আহমদ (র.)। এখানে আরও উল্লেখ্য যে পাঞ্জাতার যুদ্ধে শহীদ ওয়ারেছ আলীর (র.) পুত্র হচ্ছেন সূফী ফতেহ আলী ওয়ায়সী (র.)।

নকশবন্দিয়া মুজাদ্দিদিয়া আলিয়া আওর মুহাম্মদীয়া তরীকার সাজরা হচ্ছে- হযরত শাহ সায়্যিদ আহমদ (র) তাঁর পীর মাওলানা আবদুল আযীয দেহলভী (র.), হযরত শাহ ওলী উল্লাহ দেহলভী (র.) তাঁর পীর শাহ আবদুর রহীম (র.) তাঁর পীর সায়্যিদ আবদুল্লাহ আকবরাবাদী (র.) তাঁর পীর হযরত আদম বিন্নুরী (র.), তাঁর পীর ইমামে রব্বানী মুজাদ্দিদে আলফেসানী (র.) এমনি ভাবে যেতে যেতে হযরত জাফর সাদিক (র), হযরত কাসিম (র.), হযরত সালমান ফারসি (র.), হযরত আবূ বকর সিদ্দিক (র.) হয়ে সরকারে দোআলম নূরে মুজাসসাম হযরত হযরত মুহাম্মাদুর রাসুলুল্লাহ সাল্লালাহু আলাইহি ওয়াসাল্লামে যেয়ে মিশেছে। এ এক মহা আলোর পথ, যে পথের আল্লাহর খাস বান্দা ও আল্লাহর বন্ধু হয়ে যায়।

লেখক : পীর সাহেব দ্বারিয়াপুর শরীফ, উপদেষ্টা, ইনস্টিটিউট অব হযরত মুহম্মদ (স) সাবেক পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ

সূত্রঃ ১৩ মে ২০১৬, ধর্মচিন্তা, ইত্তেফাক।

খোদাপ্রদত্ত জ্ঞান

মাওলানা মো. গিয়াস উদ্দিন চৌধুরী

প্রচলিত পদ্ধতিতে জ্ঞান অর্জন ছাড়াও আল্লাহর বিশেষ করুণাপ্রাপ্ত বান্দাহগণ আল্লাহ তাআলার নিকট থেকে সরাসরি এক ধরনের বিশেষ জ্ঞান অর্জন করেন, যা আল্লাহ তার বান্দাহগণের অন্তরে ইলহামের মাধ্যমে ঢেলে দেন। তাসাওউফের পরিভাষায় এ জাতীয় ইলমকে ইলমে লাদুন্নী বা ইলমে আসরার বা ইলমে বাতিন বলা হয়। বিভিন্ন হাদীস শরীফে এ ধরনের জ্ঞানের কথা বিভিন্নভাবে উল্লেখিত হয়েছে। উবাই বিন কা'ব (রা.) থেকে বর্ণিত হাদীসে এসেছে-

يا أبا المُنْذِرِ أَتَدْرِي أيُّ آيَةٍ مِن كِتابِ اللهِ معكَ أَعْظَمُ؟ قالَ: قُلتُ: اللهُ ورَسولُهُ أعْلَمُ. قالَ:يا أبا المُنْذِرِ أَتَدْرِي أيُّ آيَةٍ مِن كِتابِ اللهِ معكَ أَعْظَمُ؟ قالَ قُلتُ: اللهُ لا إلَهَ إلَّا هو الحَيُّ القَيُّومُ. (البقرة:٢٥٥). قالَ: فَضَرَبَ في صَدْرِي، وقالَ: واللهِ لِيَهْنِكَ العِلْمُ أبا المُنْذِرِ.

-হে আবুল মুনযির! তুমি কি জানো, আল্লাহর কালামের কোন আয়াতটি তোমার কাছে সবচেয়ে বড়? আমি বললাম, আয়াতুল কুরসী (اللهُ لَا إِلَهَ إِلَّا هُوَ الحَيُّ القَيُّومُ)। তিনি বলেন, অতঃপর রাসূলুল্লাহ (স) আমার বুকে আঘাত করলেন এবং বললেন, তোমার এই জ্ঞান বরকতময় হোক। (মুসলিম, আবূ দাউদ, মুসলিমের ভাষ্য)

এই হাদীসে প্রমাণিত হলো, সবচেয়ে ফদীলতসম্পন্ন আয়াত কোনটি তা ইলহামের মাধ্যমে আল্লাহ তাআলা উবাই ইবন কাবের অন্তরে ঢেলে দেন। আর নবী করীম (স) তাকে মুবারকবাদ দেওয়ার মাধ্যমে উক্ত ইলম বা ইলমে লাদুন্নীর ফদীলত প্রমাণিত হলো।

وَعَنْ أَبِي هُرَيْرَةَ وَأَبِي خَلَّادٍ رَضِيَ اللهُ عَنْهُمَا :أَنَّ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِذَا رَأَيْتُمُ الْعَبْدَ يُعْطِي زُهْدًا فِي الدُّنْيَا وَقِلَّةَ مَنْطِقٍ فَاقْتَرِبُوا مِنْهُ فَإِنَّهُ يلقى الْحِكْمَةَ (رواه البيهقي في شعب الإيمان)

-হযরত আবূ হুরাইরা এবং হযরত আবূ খাল্লাদ (রা.) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (স) বলেন, যখন তোমরা এমন ব্যক্তিকে দেখতে পাও যাকে 'দুনিয়ার

প্রতি অনাগ্রহ' ও 'কম কথা বলার' বৈশিষ্ট্য প্রদান করা হয়েছে, তবে তোমরা তার নিকটবর্তী হও। কেননা তাকে হিকমত বা প্রজ্ঞা প্রদান করা হয়েছে। (ইমাম বাইহাকী শুআবুল ঈমানে হাদীসখানা বর্ণনা করেছেন)

হাদীসে যাকে 'হিকমত' বলা হয়েছে প্রকৃতপক্ষে তা-ই ইলমে লাদুন্নী বা খোদা প্রদত্ত জ্ঞান।

عَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ قَالَ رَسُول الله صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ أَخْلَصَ لِلّٰهِ أَرْبَعِينَ صَبَاحًا ظَهَرَتْ يَنَابِيعُ الْحِكْمَةِ مِنْ قَلْبِهِ عَلَى لِسَانِهِ-(أخرجه رزين)

مسند الشهاب: ورواه أبو نعيم في الحلية من جهة مكحول عن أيوب مرفوعا وسنده ضعيف وهو عند أحمد في الزهد مرسل بدون أيوب وله شاهد عن أنس رضي الله عنه

(المقاصد الحسنة:٣٩٥)

-হযরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ (স) ইরশাদ করেন, যে ব্যক্তি আল্লাহ তাআলার জন্য একনিষ্ঠভাবে (ইবাদত করে) চল্লিশটি প্রভাত অতিবাহিত করে, তার অন্তর থেকে জিহ্বায় হিকমত বা প্রজ্ঞার ঝর্ণাধারা প্রবাহিত হয়। (আল মাকাসিদুল হাসানাহ)

বিখ্যাত আলেমে দীন মাওলানা আবদুল আহাদ সাহেব, যিনি এই মুবারক জামাতের অনেক সদস্যের সঙ্গে সাক্ষাত করেছিলেন, যার সময়কাল সাইয়িদ (র)-এর হাতে নিকটতর ছিল, তিনি লিখেন, 'হযরত সাইয়্যিদ সাহেব (র.)-এর হাতে চল্লিশ হাজারের অধিক হিন্দু প্রমুখ কাফির মুসলমান হয়েছে। ত্রিশ লাখ মুসলমান তার হাতে বায়আত গ্রহণ করেছেন। আর বায়'আতের যে ক্রমধারা তার খলীফাগণের খলীফাদের মাধ্যমে গোটা বিশ্বে চালু রয়েছে, এই সিলসিলায় তো কোটি কোটি মানুষ তার বায়আতে অন্তর্ভুক্ত হয়েছে'। (প্রাগুক্ত, পৃষ্ঠা-২৫৯)

উপরোক্ত উদ্ধৃতিসমূহ থেকে পাঠকবৃন্দ চিন্তা করে দেখুন, হযরত সায়্যিদ আহমদ শহীদ বেরলভী (র.)-এর দাওয়াত ও আন্দোলনের প্রভাব কতটুকু। যে আন্দোলনের বদৌলতে তিনি ভারত উপমহাদেশ ছাড়াও বহির্বিশ্বে সুদূরপ্রসারী ভূমিকা রেখেছিলেন তাঁর সে আন্দোলন পর্যালোচনা করলে আমরা একে তিনটি ভাগে বিভক্ত করতে পারি। যেমন :

১. দ্বীনী সংস্কার আন্দোলন।

২. আধ্যাত্মিক আন্দোলন (তরীকায়ে মুহাম্মদিয়া)।

৩. জিহাদ (সশস্ত্র সংগ্রাম)।

আলোচনার সুবিধার্থে সায়্যিদ আহমদ শহীদ বেরলভী (র.)-এর আন্দোলনকে তিনভাগে বিভক্ত করলেও মূলত এ তিনটির উদ্দেশ্য ছিল এক ও অভিন্ন অর্থাৎ ইসলামকে বিজয়ী শক্তি হিসেবে প্রতিষ্ঠা, মানুষকে আল্লাহর পথে নিবিষ্ট করা এবং মুসলিম সমাজে অনুপ্রবিষ্ট কুসংস্কার ও বিদ'আতের মূলোৎপাটন।

দ্বীনী সংস্কারঃ সায়্যিদ আহমদ শহীদ বেরলভী (র.) নানাবিধ দ্বীনী সংস্কার সাধন করেছেন। ভারত উপমহাদেশের বিভিন্ন এলাকায় ইসলামী জীবনাচারের বিভিন্ন দিক বিলুপ্ত হয়ে গিয়েছিল। সায়্যিদ আহমদ বেরলভী (র.) এগুলো পুনরুজ্জীবিত করেন। তাঁর সংস্কারের মধ্যে রয়েছে সালামের পুনঃপ্রচলন, ইসলামী পোশাক-পরিচ্ছদ পুনঃপ্রবর্তন, কবরপূজাসহ নানা ধরনের শিরক-বিদআত উচ্ছেদ করা, হজ্জের ফরযিয়ত সম্পর্কে প্রচলিত অপব্যাখ্যার বিরুদ্ধে অবস্থান এবং সদলবলে হজ্জ পালন, বিবাহ প্রথা সংশোধন এবং বিধবা বিবাহ পুনঃপ্রচলন, হিন্দুয়ানী বেশ-ভূষা ও রীতি-নীতি থেকে মুসলিম সমাজকে রক্ষা, তা'যিয়ার বিলোপ সাধন ইত্যাদি।

আধ্যাত্মিক আন্দোলন (তরীকায়ে মুহাম্মদিয়া)ঃ সায়্যিদ আহমদ শহীদ বেরলভী (র.) মুসলমানদের আত্মিক পরিশুদ্ধির জন্য 'তরীকায়ে মুহাম্মদিয়া' নামে একটি সমন্বিত তরীকা প্রতিষ্ঠা করেন। এটি হলো চিশতিয়া, কাদরিয়া, নকশবন্দিয়া ও মুজাদ্দিদিয়া তরীকার সার নির্যাস। অধ্যাপক এইচ. রহমান সম্পাদিত 'ভারত-উপমহাদেশের ইতিহাস' গ্রন্থে সায়্যিদ আহমদ শহীদ বেরলভী (র.)-এর প্রতিষ্ঠিত তরীকায়ে মুহাম্মদিয়াকে 'সংস্কার আন্দোলন' হিসেবেই আখ্যায়িত করা হয়েছে। উক্ত গ্রন্থে আছে : "ভারতের মুসলমানদের জাগরণ ও স্বাধীনতার জন্য যাঁহারা রক্ত দিয়াছেন তাহাদের মধ্যে শাহ সৈয়দ আহমদ বেরেলভীর নাম সবিশেষ উল্লেখযোগ্য। মুসলমানদের ধর্মীয়, সামাজিক ও রাষ্ট্রীয় জীবন যখন তমসাচ্ছন্ন, তখন সৈয়দ আহমদের জন্ম হয়। মুসলমানদের বিশাল সাম্রাজ্য মারাঠা, ইংরেজ ও শিখেরা ছিনাইয়া লইয়াছিল। ফলে ঐ যুগে তাহাদের প্রাণ ওষ্ঠাগত হইয়া উঠিয়াছিল। শাহ সৈয়দ আহমদ ১৭৮৬ খৃষ্টাব্দে যুক্ত প্রদেশের রায়বেরেলী নামক স্থানে জন্মগ্রহণ করেন। তিনি দিল্লীর বিখ্যাত আলেম শাহ আব্দুল আজিজের নিকট অধ্যয়ন করেন। তিনি প্রথমে সংস্কার আন্দোলনে শুরু করেন। শাহ সৈয়দ আহমদ শহীদের প্রচলিত সংস্কার আন্দোলন 'মুহাম্মদী আন্দোলন' নামে পরিচিত। ভারতের মুসলমানদের কুসংস্কার ও অনৈসলামিক রীতিনীতি দূর করিয়া ইসলামের নির্দেশিত সমাজ ও রাষ্ট্র পুনঃ প্রতিষ্ঠা করাই এই আন্দোলনের উদ্দেশ্য ছিল।" (অধ্যাপক এইচ. রহমান সম্পাদিত, ভারত-উপমহাদেশের ইতিহাস, পৃষ্ঠা ৩৩৯-৩৪০)

জিহাদ (সশস্ত্র সংগ্রাম)ঃ ভারতবর্ষে ইসলামকে বিজয়ী শক্তি হিসেবে প্রতিষ্ঠার লক্ষ্যে সায়্যিদ আহমদ শহীদ বেরলভী (র.)-এর নির্দেশনায় ও তাঁর নেতৃত্বে বিভিন্ন অঞ্চলে মুসলিম বাহিনী সশস্ত্র সংগ্রামে অবতীর্ণ হয়েছে। এর মধ্যে প্রথম জিহাদ সংগঠিত হয় শিখদের বিরুদ্ধে, যা আকুড়ার যুদ্ধ নামে পরিচিত। ১৮২২ খৃস্টাব্দের ২০ সেপ্টেম্বর, ১২৪২ হিজরীর ২০ জমাদিউল আউয়াল তারিখে এ জিহাদ সংঘটিত হয়। পরবর্তীতে আরো অনেক জিহাদ সংঘটিত হয়েছে। সর্বশেষ ১৮৩১ সালের ৬ মে ঐতিহাসিক বালাকোট প্রান্তরে শিখ ও ইংরেজ মিত্রবাহিনীর বিরুদ্ধে জিহাদ করে সায়্যিদ আহমদ শহীদ বেরলভী (র.) শাহাদত বরণ করেন। সায়্যিদ আহমদ শহীদ বেরলভী (র.) সারাজীবন দ্বীনের খিদমতে, দ্বীনী আন্দোলনে অতিবাহিত করেছেন। তাঁর জীবন ও সংগ্রাম আমাদের জন্য প্রেরণার উৎস।

সংগ্রহ : সম্মেলন স্মারক ২০১৬, বালাকোট-চেতনা উজ্জীবন পরিষদ

সাইয়েদ আহমদ শহীদ বেরেলভী (রহ.) ও বালাকোটের যুদ্ধ

এবাদত আলী

বৃটিশ বিরোধী আন্দোলনের সিপাহশালার, শহীদে বালাকোট, আওলাদে রাসুল (সা.), সাইয়েদ আহমদ বেরেলভী (রহ.) ভারতের উত্তর প্রদেশের অযোধ্যা জেলায় এক প্রসিদ্ধ বংশে ১৭৮৬ সালের ২৯ নভেম্বর জন্মগ্রহণ করেন। তাঁর বংশ তালিকা চতুর্থ খলিফা হজরত আলী (রা.) এর সাথে মিলিত হয়েছে। তাঁর প্রাথমিক শিক্ষা জীবন রায় বেরেলিতেই শুরু হয়। মাত্র ১৩ বছর বয়সে পিতার ইন্তেকালের পর ভারতের প্রখ্যাত মুহাদ্দিস শাহ ইসহাক দেহলভী (র.) এর কাছ থেকে ইলমে শরীয়তের পান্ডিত্ব অর্জন করেন। পরবর্তিতে অনেক দুর্গম পাহাড়ি পথ পাড়ি দিয়ে দিল্লীতে এসে ইমামুল মুহাদ্দিসিন শায়খুল মাশায়েখ আব্দুল আজিজ মুহাদ্দিস দেহলভী (রহ.) এর হাতে বায়াত গ্রহণ করেন। তিনি অতি অল্প দিনেই এলমে তাসাউফের সু-উচ্চ মাকামে আরোহন করেন এবং শাহ সাহেব তাঁকে খেলাফত দান করেন।

খিলাফত লাভের পর বেরলভী (রহ.) কঠিনভাবে রিয়াজত, মুশাক্কাতে আত্মনিয়োগ করায় ইলমে বাতেনের সকল মাকামই অতি সহজে তার আয়ত্ব হয়েছিলো। তাঁর পীর হজরত শাহ সাহেবের নিকট কোন লোক মুরিদ হতে আসলে তিনি তাদেরকে হজরত বেরলভী (রহ,) এর নিকট পাঠিয়ে দিতেন এবং বলতেন আমার কাছ থেকে ১২ বছরে যা হাসিল করতে পারবেনা, বেরলভীর কাছ থেকে তা ১২ দিনে আয়ত্ব করতে পারবে। তাঁর তরিকার নাম ত্বরিকায়ে মোহাম্মাদিয়া। এই তরিকা মানুষকে দেখিয়েছে একটি আলোকজ্জোল পথ। তিনি ১৮২২ সালে ৭৫৩ জন যাত্রি নিয়ে পবিত্র মক্কা নগরীতে হজ পালন এবং মদীনা শরীফে মহানবী হজরত মোহাম্মদ (সা.) এর রওজা শরীফ জিয়ারত করেন। ১৮২৪ সালে তিনি রায়বেরেলিতে ফিরে আসেন।

পরাধীন ভারতবাসির কেউ তখনো বৃটিশদের শাসন ও শোষণ থেকে রক্ষার স্বপ্ন দেখাতে শুরু করেনি। সাধারণ মানুষ কখনোই ভাবতোনা তারা বৃটিশদের জুলুম নির্যাতন ও শৃঙ্খল থেকে মুক্ত হতে পারবে। এমনই এক সময় বেরলভীর আবির্ভাব ঘটেছিলো যখন ভারতের মুসলমানদের ওপর ইংরেজ, শিখ ও হিন্দুদের

অত্যাচারের মাত্রা সীমা ছাড়িয়ে গিয়েছিলো। জুলুম-নির্যাতন এতই বৃদ্ধি পেয়েছিলো যে, জালিমরা মুসলিম নারীদের দাসী রূপে ব্যবহার করতো। ফসলাদি নষ্ট ও ঘর-বাড়িতে আগুন দেওয়াসহ সিমান্তের মসজিদগুলোকে মন্দির ও ঘোড়ার আস্তাবলে পরিণত করেছিলো। সর্বোপরি একদিকে মুসলমানরা বিধর্মীদের হাতে লাঞ্ছিত, বঞ্চিত ও নির্যাতিত হচ্ছিলো, অন্য দিকে বৃটিশ, হিন্দু ও শিখদের প্রতিপত্তির ফলে নিজস্ব তাহজিব তামাদ্দুন তথা মূল আদর্শ, সংস্কৃতি ভুলে গিয়ে পাশ্চাত্য ও হিন্দুয়ানি আদর্শ, সংস্কৃতি গ্রহণ করা শুরু করেছিলো। এমনকি বিভিন্ন এলাকায় মুসলমানরা হিন্দুদের পোশাক পরিচ্ছদ ব্যবহার করাসহ তাদের নামের পূর্বে শ্রী শব্দ পর্যন্ত ব্যবহার করতো।

ঠিক সেই মূহূর্তে আজাদী আন্দোলনের ডাক দিয়েছিলেন বৃটিশ বিরোধী আন্দোলনের সিপাহশালার, শহীদে বালাকোট, আওলাদে রাসুল সাইয়েদ আহমদ শহীদ বেরলভী (রহ.)। রেঁনেসার কবি ফররুখ আহমদ তাই সৈয়দ আহমদ বেরলভী সম্পর্কে তার কালজয়ী কবিতায় রায় বেরলভীর জঙ্গি পীর আখ্যা দিয়ে লিখেছিলেন, ' সবাই যখন আরাম খুজে/ ছুটে ঘরের পানে। জঙ্গি পীরের ডাক শোনা যায় / জঙ্গেরই ময়দানে। সবাই ভাবে পীরের কথা/ শুনেছিতো ঢের। এমন পীরের কথা তো ভাই পাইনি কভু টের' গভীর রাতে প্রকৃত আল্লাহওয়ালাদের দুচোখে যেমন অশ্রু ঝরে, ঠিক তেমনিভাবে দিনের আলোতে তার তরবারিতে ইসলাম ও মুসলমানদের দুশমনদের রক্ত ঝরে। তিনি শুধু মুরিদানদের নিয়ে তসবিহ হাতে জায়নামাজে খানকায় বসে থাকেন নি। নিজের সুখ-শান্তি ত্যাগ করে যুদ্ধের ময়দানে গিয়ে একদল বিশুদ্ধ আত্মার নিবেদিত প্রাণকর্মী বাহিনী নিয়ে সিংহের মত গর্জে উঠেছেন। তিনি ১৮৩১ সালের ৬ মে ঐতিহাসিক বালাকোট প্রান্তরে ইংরেজ ও শিখ মিত্র বাহিনীর সাথে জিহাদ করেছিলেন। সৈয়দ আহমদ বেরলভী (রহ.) এর বাহিনীর সাথে ইতোপূর্বে কয়েকটি যুদ্ধে শিখ ও বৃটিশ বাহিনী পরাজিত হয়। বীর মুজাহিদ বাহিনীর সাথে কোনমতেই টিকে ওঠা সম্ভব নয় ভেবে বৃটিশ ও শিখ নরপতিগণ কুটকৌশলের আশ্রয় গ্রহণ করে। মুসলমান সামাজে বিশ্বাসঘাতক তথা মুনাফেকদের অভাব কোনকালেই ছিলোনা। সীমান্তের প্রধান জমিদার ও গোত্রপতিগণকে ইংরেজ ও শিখ শাসকেরা বিভিন্ন প্রকার লোভ দেখিয়ে বশীভূত করে ফেলে। তারা মুজাহিদদের যাবতীয় তথ্যাদি ইংরেজ ও শিখদের নিকট গোপনে সরবরাহ করতে থাকে।

মুজাহিদ বাহিনী এই যুদ্ধের জন্য প্রস্তুতি গ্রহণ করতে থাকেন। তাদের বাহিনীতে মাত্র ৭শ সৈন্য এবং শিখ সৈন্য সংখ্যা ছিলো ১০ হাজার। ১৮৩১ সালের ৬ মে তারিখে বালাকোটের যুদ্ধে মুজাহিদ বাহিনী যে জায়গায় অবস্থান নিয়েছিলেন সেখানে পাহাড়ি গিরিপথ মাড়িয়ে শিখ বাহিনী এতসহজে তথায় পৌঁছতে সক্ষম হতোনা। কিন্তু স্থানীয় মুসলমান মুনাফেকদের কারণে বালাকোট

পর্যন্ত পৌছার রাস্তা পেয়ে যায় শিখ বাহিনী। এই যুদ্ধে শিখ বাহিনীর প্রায় ১ হাজার সৈন্য নিহত হয়। ঐতিহাসিক এই বালাকোটের যুদ্ধে সৈয়দ আহমদ বেরলভী (রহ.) শাহাদত বরণ করেন। তার সাথে প্রায় ৩শ বীর মুজাহিদও শাহাদত বরণ করেন।

লেখক: সাংবাদিক ও কলামিস্ট
সদস্য: পাবনা প্রেসক্লাব

তথ্যসূত্র: অনাবিল সংবাদ, ৫ মে ২০২১

বিভ্রান্তি অপনোদনে তাঁহার একটি গুরুত্বপূর্ণ অবদান

মাওলানা মুহাম্মদ আবু বকর ছিদ্দীক্ব ফারুক্বী

ইমামুত ত্বরীকত হযরত সাইয়িদ আব্দুল বারী শাহ (রহঃ) এর ছিলছিলার উনত্রিশ তম মুর্শিদ ছিলেন আমীরুল মু'মিনীন হযরত সাইয়িদ আহমদ শহীদ বেরলভী (রহঃ) (১৭৮৬-১৮৩২ খ্রিষ্টাব্দ) তার অবদান অবিস্মরণীয়। তার ফয়েজ বরকতে সারা বিশ্ব আলোকিত। কিন্তু এক শ্রেণীর লোক ইংরেজ লেখক হান্টারের সুরে সুর মিলিয়ে বিভ্রান্তি বশতঃ হযরত সাইয়্যিদ আহমদ শহীদ বেরলভী (রহঃ) এর আন্দোলনকে মুহাম্মদ ইবনে আবদুল ওয়াহহাব নজদী কর্তৃক পরিচালিত ওহাবী আন্দোলনের সাথে সম্পৃক্ত করে সাধারণ মানুষকে গোমরাহীর মাঝে নিপতিত করার চেষ্টা চালায়। এহেন দুর্যোগ মুহুর্তে চট্টগ্রামের হালিশহর দরবার শরীফের, প্রতিষ্ঠাতা কুতবুল ইরশাদ, সুলতানুল আউলিয়া সাইয়্যিদ হাফেজ মুনির উদ্দীন নুরুল্লাহ (রহঃ) হালিশহরী ছাহেব এগিয়ে আসেন। এরূপ চরম বিভ্রান্তি নিরসন কল্পে, মমতাজুল ফুকাহা মাওলানা আবদুল আউয়াল (রহঃ) প্রাক্তন মুদাররিস, মাদ্রাসা-ই-আলীয়া দারুল উলুম, চট্টগ্রাম এবং মাদ্রাসা-ই-দারুস সুন্নাহ, ছারছীনা। সুলতানুল আউলিয়া, সাইয়্যিদ হাফেজ মুনির উদ্দীন (রহঃ) এর ইরশাদ ও হুকুম মুতাবিক ০৫/১২/১৯৩২ খ্রিস্টাব্দে দশটি বিষয়ের উপর কোরআন, হাদীস ভিত্তিক যুক্তিপূর্ণ ফাতওয়া প্রদান করেন। উল্লেখিত ফাতওয়ার প্রথম প্রশ্নের উত্তর প্রদান করতে গিয়ে মাওলানা আবদুল আউয়াল ছাহেব, ইমামে রব্বানী মুজাদ্দিদ-ই-আলফেছানী (রহঃ), শাহ ওয়ালী-উল্লাহ মুহাদ্দিসে দেহলভী (রহঃ), হযরত সাইয়্যিদ শহীদ আহমাদ বেরলভী (রহঃ), হযরত হাজী শাহ ইমদাদুল্লাহ মুহাজিরে মক্কী(রহঃ) প্রমুখের বিলায়তে সন্দেহ নেই বলে উল্লেখ করেন। উক্ত ফাতওয়ায় তৎকালীন যুগের শ্রেষ্ঠ শীর্ষস্থানীয় আলীমে দ্বীনগণ স্বাক্ষর করেন। উলামায়ে কেরামগণের নাম, সন তারিখ সহ নিম্ন উপস্থাপন করা হইল।

(১) আওলাদে রাসুল, হযরতুল আল্লামা গাজীয়ে দ্বীনও মিল্লাত সাইয়্যিদ আবদুল হামিদ বাগদাদী (রহঃ)। (যিনি চট্টগ্রাম শাহী জামে মসজিদের খতীব ও মহান সংস্কারক ছিলেন।)

(২) আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন আলিমে দ্বীন ওলিয়ে কামেল হযরতুল আল্লামা ফখরে বাংলা আব্দুল হামিদ (রহঃ), (যিনি চট্টগ্রাম দারুল উলুম আলীয়াতে অধ্যাপনা করেছিলেন। -তারিখ-৮/১২/৩২)

(৩) পীরে কামেল, হযরতুল আল্লামা নজীর আহমদ (র.), (যিনি চট্টগ্রাম দারুল উলুম আলীয়াতে অধ্যাপনা করেন। চুনতিতে মাওলানা আব্দুল হাকীম (র.)-এর নামানুসারে ১৯৩৭ইং সালে মাদ্রাসাটি পুনঃপ্রতিষ্ঠা করেন। যাহা বর্তমানে চুনতি হাকিমীয়া আলীয়া নামে পরিচিত। তিনি কুতবুল আলম, শেখে তরিক্বত হযরত হাফেজ হামেদ হাছান আলাভী আজমগড়ী (রহঃ)-এর অন্যতম খলিফা ছিলেন। ১৩৫২ হিজরী)

(৪) ভারত উপমহাদেশের প্রখ্যাত আলেম মুফতীয়ে বাংলা হযরতুল আল্লামা মাওলানা ছুফী আহছানুল্লাহ (রহঃ), যিনি চট্রগ্রাম দারুল উলুম আলীয়াতে অধ্যাপনা করেন। শীর্ষ স্থানীয় মুফতী হিসাবে সুপ্রসিদ্ধ ছিলেন। ৪০ বৎসর যাবৎ তিনি ফতওয়া বিভাগে কৃতিত্বের সাথে দায়িত্ব পালন করেন। হযরত হাফেজ হামেদ হাছান আলাভী (রহঃ) চট্রগ্রামে তশরীফ আনিলে তিনি তাঁহার নছীহতের বাংলা অনুবাদ করিয়া দিতেন। তারিখঃ- ২৭/০৮/১৩৭৫ হিঃ

(৫) হজরতুল আল্লামা মাওলানা ছফীরুর রহমান হাশেমী (র.)-মুহাদ্দিস দারুল উলুম আলীয়া, চট্টগ্রাম। (১৯/০৫/৭২হিঃ)

(৬) হজরতুল আল্লামা সাইয়্যিদ আজিজুল হক আল-কাদেরী (শেরে বাংলা) চট্টগ্রাম। তারিখঃ-১৯/০৫/৭২ হিজরী।

(৭) হজরতুল আল্লামা মাওলানা আফাজ উল্লাহ (রহঃ)-মুদাররিস, দারুল উলুম আলীয়া, চট্টগ্রাম। ০৯/১২/১৯৩২ইং।

(৮) হজরতুল আল্লামা মাওলানা ফয়জুল করীম (রহঃ)। মুদাররিস, দারুল উলুম আলীয়া। ১৫/১২/৩২।

(৯) হজরত মাওলানা, আব্দুল মজীদ (রহঃ), চট্টগ্রাম। ১০/১১/১৯৩৫।

(১০) হযরত ছৈয়দ আব্দুল করীম (রহঃ) আল মাদানী। ১০/১১/৩৫।

(১১) হজরত মাওলানা মুনীর আহমদ (রহঃ) মুদাররিস, দারুল উলুম আলীয়া। ১৫/১২/৩২।

(আরো অনেক ওলামাগণ এই ফাতওয়ায় দস্তখত করেন।)

প্রসঙ্গত উল্লেখ্য যে, আমীরুল মু'মিনীন ফিত ত্বরীকত- অর্থাৎ হযরত আমীরুল মু'মিনীন হযরত সাইয়্যিদ আহমদ বেরলভী (রহঃ) এর প্রায় ১০০ জন খলীফা ছিলেন। তাদের মধ্যে কয়েকজন খলীফা ব্যতীত অন্যরা বিভিন্ন মতবাদে জড়িত হয়ে গিয়েছিল। যার অপবাদ আমীরুল মু'মিনীন সাইয়্যিদ আহমদ (রহঃ) এর উপর পড়েছিল। কিন্তু তিনি ঐ অপবাদ থেকে সম্পূর্ণ মুক্ত ছিলেন। মূলতঃ

তাঁর আক্বীদা ছিল আহলে সুন্নাহ ওয়াল জামাত অনুযায়ী। রসুলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি তাঁর ইশক মুহব্বত ছিল প্রশ্নাতীত। তার মাকাম ছিল অনেক উর্ধ্বে। খলীফাগণের মধ্যে ছিলছিলার কাজ করেন হযরতুল আল্লামা আব্দুল হাই লখনৌভী (রহঃ), হযরতুল আল্লামা ইমাদুদ্দিন বাংগালী (রহঃ), হযরতুল আল্লামা কেরামত আলী জৈনপুরী (রহঃ), হযরত মিয়াজী নূর মুহাম্মদ (রহঃ), হযরতুল আল্লামা ছুফী নূর মুহাম্মদ নিজামপুরী(রহঃ), হযরতুল আল্লামা বেলায়েত আলী নিজামাবাদী (রহঃ), এই মহান পীরে কামেলের মাধ্যমে ত্বরীকার ধারাবাহিকতা অদ্যাবধি চালু রয়েছে, তাদের ফয়েজ বরকতে ত্বরীকতের ছিলছিলার হক্কানীয়ত প্রমাণিত, এই ত্বরীকার পীরগণ পথহারা মানুষদেরকে পথ দেখাচ্ছেন। তাদেরকে হুজুর পূর নূর সাল্লাল্লাহু আলইহি ওয়া সাল্লাম পর্যন্ত পৌছে দিচ্ছেন। আরও কয়েকজন খলীফা ছিলছিলার কাজে রত ছিলেন- হযরত মিয়া ফজল (রহঃ) তাদের মধ্যে অন্যতম। হযরত সাইয়্যিদ আহমদ শহীদ বেরলভী (রহঃ) ছিলেন ১৩০০ হিজরির মোজাদ্দিদ। তারা যদি সাইয়্যিদ আহমদ শহীদ(রহঃ) কে প্রকৃত জাহের-বাতেন অর্থাৎ শরীয়ত ও ত্বরীকতের মোশাহেদা দিয়ে নজর করিতে সক্ষম হত তাহলে সাইয়্যিদ আহমদ শহীদ (রহঃ) এর উপর এত অপবাদ দিতেন না। আমাদের ছিলছিলার ওজীফা দেখলে বুঝতে পারবেন, আমাদের ছিলছিলা কুরআন ছুন্নাহর বিপরীত কি না। আমাদের ছিলছিলা কুরআন সুন্নাহর বিপরীত কেহ দেখাইতে পারবে না। হযরত জুনায়েদ বাগদাদী (রহঃ) যাকে বিজ্ঞ ছুফীয়ায়ে কেরামগণ শেখে শুয়ুখ জাহেদে কামেল ছৈয়দুত্‌তায়িফা লেছানুল কওম, তাজুল ওলামা সুলতানুল মোহাক্কেকীন ইত্যাদি তাঁর গুনবাচক নামে স্মরন করতেন। বেশীরভাগ ছুফীয়ায়ে কেরাম তার ত্বরীকা এখতিয়ার করিয়াছেন। সেই জমানার হিংসুক ওলামাগণ তাকে কাফের ফত্‌ওয়া দিয়েছেন। সুলতানুল মারেফাত, বাহারে তৌহীদ হযরত জুন্নুন মিসরী (রহঃ) কে ও কাফের ফাত্‌ওয়ার অপবাদ সহ নানা রকমের কষ্ট দিয়েছে। তার এন্তেকালের পর মিসরবাসী শরমিন্দা ও অনুশোচনা করেছে।

তথ্যসূত্র: মুরীদ ও মুরাদ, পৃঃ ৭৬-৭৭। বারীয়া হামেদীয়া মুনীরীয়া খেদমত কমিটি

ব্রিটিশ বিরোধী স্বাধীনতা সংগ্রামে মুসলমানের ভূমিকা

সত্যেন সেন

উনবিংশ শতাব্দীতে উপমহাদেশে মুসলিম জাগরণ ও আন্দোলন (১)

উনবিংশ শতাব্দীতে ব্রিটিশ শাসিত ভারতীয় উপমহাদেশে মুসলমানদের ধর্মীয়, সামাজিক ও রাজনৈতিক পূনর্জগরণ কোন একক ঘটনা বা ব্যক্তির অবদানপ্রসূত ফল নয়। কারো কারো মতে[১] মুঘল সাম্রাজ্যের পতনের যুগে মুসলমানদের আত্মশুদ্ধিভিত্তিক যে সংস্কার আন্দোলনের সূচনা হয় বস্তুত তা থেকেই এ উপমহাদেশে আধুনিক কালের মুসলিম সামাজিক ও রাজনৈতিক সচেতনতার প্রক্রিয়া শুরু হয়। অষ্টাদশ শতাব্দীতে দিল্লির শাহ ওয়ালিউল্লাহর নেতৃত্বে সূচিত এই শান্তিপূর্ণ সংস্কার আন্দোলন পরবর্তীকালে তার সুযোগ্য পুত্র শাহ আবদুল আজিজের শিষ্য সৈয়দ আহমদ বেরলভী শহীদের অধিনায়কত্বে শিখ ও ইংরেজবিরোধী সশস্ত্র সংঘর্ষে রূপ নেয়। সৈয়দ আহমদ বেরলভীর শাহাদাতের মধ্য দিয়ে এ আন্দোলনের প্রথম পর্যায় শেষ হয়। প্রায় সমগ্র উত্তর ভারতে এই আন্দোলনের বিস্তৃতি ঘটে।

সুদূর উত্তর-পশ্চিম সীমান্ত এলাকা থেকে পূর্ব প্রান্তে বাংলায়ো এর সজোর ধাক্কা লাগে। তৎকালীন বাংলার পূর্বাঞ্চলে (বর্তমান বাংলাদেশ) হাজী শরিয়তুল্লাহ ও তার পুত্র দুদুমিয়া (মোহসেন উদ্দিন) এর নেতৃত্বে ফরায়েজি আন্দোলন এবং পশ্চিমাঞ্চলে (বর্তমান ভারতের পশ্চিমবঙ্গ প্রদেশে) তিতুমীর (নেসার আলী) এর অধিনায়কত্বে যে ধর্মীয় ও সামাজিক সংস্কার আন্দোলন গড়ে ওঠে আংশত তারও আনুপ্রেরণা আসে শাহ ওয়ালিউল্লাহ এবং সৈয়দ আহমদ বেরলভীর অনুসৃত পথ থেকে। বাংলার এ দুটি আন্দোলন অচিরেই ভূম্যাধিকারী এবং স্থানীয় প্রাশাসনবিরোধী কৃষক প্রতিরোধ আন্দোলনের রূপ লাভ করে। হাজী শরিয়তুল্লাহ আদর্শগতভাবে শাহ ওয়ালিউল্লাহর অনুসারী ছিলেন না বটে, কিন্তু বাস্তবে সমাজ ও ধর্ম সংস্কার আন্দোলন তিনি শাহ ওয়ালিউল্লাহর নির্দেশিত পথকেই অনুসরণ করেন। দুদুমিয়া এবং তিতুমীরের প্রতিরোধ আন্দোলনের পাশাপাশি সৈয়দ

আহমদ শহীদের অনুসারীরা ১৮৪০ এর দশকে নতুনভাবে সজ্জিত হয়ে ১৮৫০ এর দশকে তুমুল ইংরেজবিরোধী আন্দোলন গড়ে তোলেন। ১৮৫৭ সালের প্রথম স্বাধীনতা যুদ্ধেও এ আন্দোলনের জোর পরোক্ষ প্রভাব ছিল।

আওরঙ্গজেব মৃত্যুর পর (১৭০৭) মুঘলদের কার্যকর শাসনক্ষমতার অবসান ঘটে। তার দুর্বল ও অযোগ্য উত্তরাধিকারীগণের মধ্যে রাষ্ট্রক্ষমতা দখলের প্রতিদ্বন্দিতা, অভিলাষী আমীর-ওমরাহদের মধ্যে ক্ষমতা ও প্রতিপত্তির জন্য দলগত কোন্দলের ফলে এক আসহনীয় অরাজক অবস্থা এবং অনিশ্চিত রাজনৈতিক পরিস্থিতির উদ্ভব হয়।[২] এহেন পরিস্থিতিতে অমুসলিম মারাঠা ও শিখ শক্তি মুঘলদের কাছ থেকে স্থানে স্থানে রাষ্ট্রক্ষমতা দখলের প্রয়াস পায়। মারাঠাদের অতর্কিত আক্রমন ও লুণ্ঠন[৩] প্রতিহত করার মতো সামরিক ও নৈতিক বল মুঘলদের আর ছিল না। ১৭৬১ সালে ৩য় পানিপথের যুদ্ধে আহমাদ শাহ আবদালীর হাতে মারাঠা শক্তির পরাজয় সাময়িকভাবে মারাঠাদের অত্যাচার ও লুণ্ঠনের অবসান ঘটালেও আবদালীর আফগানিস্তানে প্রত্যাবর্তনের পর সৃষ্ট রাজনৈতিক ক্ষমতার শূন্যতার সুযোগ ১৭৮০ সালের মধ্যে মারাঠাগণ গুজরাট ও মালব অধিকার করে নেয়। প্রায় একই সময়ে শিখ নেতা রণজিৎ সিংহের নেতৃত্বে পাঞ্জাবে শিখ রাজত্ব প্রতিষ্ঠিত হয়। আপরদিকে ১৭৫৭ সালে পলাশীর যুদ্ধে এবং ১৭৬৪ সালে বক্সারের যুদ্ধে জয়লাভের পর ইংরেজগণ বাংলা ও বিহারে স্বীয় আধিপত্য স্থাপন করে ক্রমে ভারতে তাদের রাজ্য বিস্তার করে।

১৮০৩ সালে ২য় ইংরেজ-মারাঠা যুদ্ধে ইংরেজগন জয়লাভ করে দিল্লি দখল করে নেয় এবং মুঘল সম্রাট শাহ আলমকে ইংরেজ বৃত্তিভোগী শাসকে পরিণত করে।

ভারতে মুসলমান রাজশক্তি ও শাসকগোষ্ঠীর এই রাজনৈতিক বিপর্যয়ের পাশাপাশি সামাজিক ও ধর্মীয় অবক্ষয় সামগ্রিকভাবে ভারতীয় মুসলমানদেরকে অতি শোচনীয় অবস্থায় নিক্ষেপ করে। দীর্ঘ সময় ধরে ভারতের স্থানে স্থানে মুসলিম সমাজের বিভিন্ন স্তরে নানা বিদআত বা শরীয়তবিরোধী অনৈসলামিক আচার-আচরণ অনুষ্ঠানের অনুপ্রবেশ এবং ভ্রান্ত সুফি মতবাদ এর প্রভাবের ফলে এই অবক্ষয় ঘটে। বাংলার মুসলমান সমাজের বিভিন্ন স্তরে হিন্দু দেবদেবীর পূজা ও স্তুতি ও ওলিদের কবর জিয়ারত-পূজা, কামেল পীর- দরবেশের রওজায় মানত, তাবিজ-কবজ মাদুলি ও কুলজীতে বিশ্বাস, হোলি উৎসব উদযাপন প্রভৃতি যেমন অনুপ্রবেশ করে,[৫] তেমনি পাঞ্জাব ও তৎকালীন যুক্ত প্রদেশের স্থানে স্থানে নারীর উত্তরাধিকারের শরীয়ত-আইন লংঘিত হয় এবং মালাবার উপকূলের মুসলমান মোল্লারা শরীয়ত পরিপন্থী প্রচলিত মাতৃতান্ত্রিক উত্তরাধিকারের রীতি মেনে চলে। অপরদিকে চিরাচরিত স্থানীয় রীতির প্রতি দুর্বলাহেতু বিধবা -বিবাহ মুসলিম সমাজের স্থানে স্থানে গর্হিত নিন্দনীয় এবং আভিজাত্যের পরিপন্থী বলে গণ্য হতে থাকে।

ক. তরিকা ই মুহাম্মদিয়া বা তথাকথিত ওহাবী আন্দোলন

(১)

তথাকথিত ওহাবী আন্দোলনের মধ্য দিয়ে উনবিংশ শতাব্দীতে এ উপমহাদেশে মুসলমানদের জাগরণের সূচনা হয় বলা যেতে পারে। ভারতের স্বাধীনতা আন্দোলনের ইতিহাসে উনিশ শতকের ইংরেজদের বিরুদ্ধে ওয়াহাবি মুসলমানদের যুদ্ধ প্রচেষ্টা একটি উল্লেখযোগ্য ঘটনা। পলাশীর বিপর্যয়ের পর থেকে ভারতে বিভিন্ন স্থানে ইংরেজ বিরোধী যে প্রতিরোধ দেখা দিয়েছিল সাধারণত তা ছিল কোন রাজা বা জমিদারকে কেন্দ্র করে। ইংরেজদের সাথে টিপু সুলতানের যুদ্ধ, ইংরেজ মারাঠা সংঘর্ষ এবং বহুলাংশে ১৮৫৭ সালের বিদ্রোহ রাজা বা জমিদারের স্বার্থে বা নেতৃত্বে পরিচালিত হয়েছিল। ওহাবী আন্দোলন কিন্তু এর ব্যতিক্রম।[৬] কোন রাজা বা রাজ পুরুষের স্বার্থে বা নেতৃত্বে এ আন্দোলন পরিচালিত হয় নি। বিধর্মী শাসন ব্যবস্থার বিরুদ্ধে ভারতীয় মুসলমান সমাজের প্রতিক্রিয়া থেকে এর জন্ম। এ আন্দোলনে যোগ দিয়েছিল প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ভারতের বিভিন্ন অংশের উচ্চ নিচ ধনী-দরিদ্র মুসলমান এবং এসব সংগঠন পরিচালনা করেছিল ধর্মশাস্ত্রবিদ মুসলিম আলেম সমাজ। ব্যক্তিগত স্বার্থ সিদ্ধির জন্য রাজবংশের কয়েকজন এতে যোগ দিলেও আন্দোলনের দীর্ঘ ইতিহাসের কোন সময়েই এর শক্তি কোন রাজা নবাবের স্বপক্ষে কেন্দ্রীভূত হয়নি।[৭] কাঙ্খিত সফলতা লাভে ব্যর্থ হলেও এ আন্দোলন ভারতীয় মুসলমানদের কে রাজনৈতিকভাবে সচেতন করে তোলে। ১৮৫৭ সালের পর মুসলমানদের এক অংশ ক্রমশ ওহাবী অনুপ্রেরণা থেকে বিচ্ছিন্ন হয়ে পড়লেও ভারতের অন্যান্য সংগ্রামীদের কে এই সচেতনতা প্রবলভাবে অনুপ্রাণিত করে।

এই অনুপ্রেরণাই পরবর্তীকালে বিংশ শতাব্দীর শুরুতে সশস্ত্র আন্দোলনে রূপান্তরিত হয় যা ধীরে ধীরে ব্রিটিশবিরোধী জাতীয় মুক্তি আন্দোলনে পর্যবসিত হয় বলে মনে হয়। রাজনৈতিকক্ষেত্রে এটা একটি সর্বভারতীয় সংগঠনের গোড়াপত্তন করেন এবং বৃটিশ বিরোধী সংগ্রাম অব্যাহত রাখে।[৮] কারো কারো মতে, ভারতের জনসাধারণের দ্বারা সংগঠিত ও পরিচালিত সর্বপ্রথম আন্দোলন ওহাবীদেরই।[৯] ভারতে পরিচালিত এই আন্দোলনকে ওহাবী আন্দোলন হিসেবে আখ্যায়িত করা যায় কিনা তা আলোচনা সাপেক্ষ। হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রচারিত ইসলাম ধর্মে ফিরে যাওয়াই লক্ষ্য বিধায় এ আন্দোলনের নাম তরিকা-ই- মুহাম্মদিয়া আন্দোলন। আঠারো শতকে হিজাজে মুহাম্মদ ইবনে আব্দুল ওহাবের সংস্কারমূলক কার্যাবলীকে ইংরেজরা ভারতবর্ষের মুসলমানদের কাছে বিকৃতভাবে উপস্থাপন করে এবং এদেরকে ইসলাম ধ্বংসকারী ওহাবী সম্প্রদায় হিসেবে চিহ্নিত করে যাতে ভারতের মুসলমানদের মনে আরবের

ওহাবীদের সম্পর্কে ঘৃণার ভাব সৃষ্টি হয়। তাই ভারতের তরিকা-ই-মুহাম্মদিয়া আন্দোলনকে এদেশের মুসলমানদের কাজ থেকে দূরে সরিয়ে রাখার জন্য তরিকা-ই-মুহাম্মদিয়া আন্দোলনের নেতা ও অনুসারীদের ইংরেজরা ওহাবী হিসেবে চিহ্নিত করে। ভারতে সংস্কার আন্দোলনের সূচনাকারী শাহ ওয়ালীউল্লাহ যখন কয়েক বছর মক্কায় বিদ্যা শিক্ষার্থে অবস্থান করছিলেন, মুহাম্মদ ইবনে আব্দুল ওহাবও সেসময় মক্কায় পড়াশোনা করছিলেন। এদের সাক্ষাৎ যোগাযোগের কোন নজীর পাওয়া যায় না তবে মক্কায় বিদ্যা উৎসাহী সমাজের যে চিন্তা ধারা ওহাবী নেতাকে উদ্বুদ্ধ করেছিল তার সাথে ওয়ালিউল্লার ঘনিষ্ঠ পরিচয় হয়েছিল। তার রচনাবলীতে তার আভাস পাওয়া যায়। [১০] অধ্যাপক হাবিবুল্লাহ বলেন নেহায়েত সুবিধার জন্য এই আন্দোলনকে ওহাবী আখ্যা দেওয়া হয়েছে। হান্টার ও তার গ্রন্থে মুসলমানদের এই প্রতিরোধ আন্দোলন কে ওহাবী নাম দেন। [১১] আসলে আঠারো শতকে শেষভাগে মুহাম্মদ ইবনে আব্দুল ওহাব যে নীতিনিষ্ঠ আন্দোলনের সূত্রপাত করেন তার সাথে ভারতীয় মুসলমানদের এই আন্দোলনের অনেক পার্থক্য রয়েছে। [১২] ভারতীয় আন্দোলনকারীরা নিজেদের কখনোই ওহাবী বলে পরিচয় দেননি। সৈয়দ আহমদ শহীদ ও তার অনুগামীরা মুহাম্মদ ইবনে আব্দুল ওহাব কে তাদের নেতা বলে স্বীকার করেন না এবং তারা নিজেদেরকে সুন্নি অর্থাৎ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সুন্নাতের অনুসারী হিসেবে আখ্যায়িত হতে আগ্রহী। [১৩] পীর ফকির ও আস্তানা পূজার বিরুদ্ধাচারণ করা আরবের ওহাবীদের প্রধান নীতি, ১৮০২ সালে এই ওহাবীরা মদিনায় হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর রওদ্বা পর্যন্ত ভাঙতে কুণ্ঠিত হয়নি। ভারতীয় ওহাবী নেতারা অনেকেই পীর এবং কবর- আস্তানার প্রতি শ্রদ্ধা দেখানো কে ঘোর পৌত্তলিকতা বলে ঘোষণা করেননি। অকৃত্রিম ইসলামী সমাজ ব্যবস্থায় ফিরে যাবার জন্য আরব ও ভারতের ওহাবী আন্দোলন আপোষহীন ও অবিরাম সংগ্রাম চালিয়ে যায়। অনেকের ধারণা আধুনিক মুসলমান সমাজের বিভিন্ন ধরনের আন্দোলনের সূচনা হয় ওহাবী আন্দোলনের মাধ্যমে শুধু তাই নয় ভারতের কৃষক আন্দোলনের সূত্রপাত হয় ওই আন্দোলনের মধ্য দিয়ে। [১৪]

(২)

১৭০৭ সালে সম্রাট আওরঙ্গজেব আলমগীর এর মৃত্যুর পর এই উপমহাদেশের সাধারণ মুসলমানদের জীবনে এক নিদারুন অমানিশার যুগ আরম্ভ হয়। আওরঙ্গজেব এর মৃত্যুর পর তার উত্তরাধিকারীরা সিংহাসন নিয়ে নিজেদের মধ্যে কলহে লিপ্ত হন। এই সুযোগে মারাঠারা মাথাচাড়া দিয়ে ওঠে এবং উপমহা[illegible] এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত রক্তক্ষয়ী সংঘর্ষ হয়।

তথ্যসূত্রঃ

১. মাওলানা ওবায়দুল্লাহ ও গোলাম রসূল মেহের এর মতানুযায়ী।

২. ১৭০৯-১৭১৯ সালের মধ্যে দুটি উত্তরাধিকারের যুদ্ধ সংঘটিত হয়। ১৭৫৪ সালে মুঘল সম্রাট দ্বিতীয় আলমগীর এর হত্যাকান্ড ঘটে এবং পরবর্তী সম্রাট শাহ আলমকে অযোধ্যায় আশ্রয় গ্রহণ করতে হয়। ১৭৭২ সালে শাহ আলম পুনরায় দিল্লি তে ফিরে সিংহাসন পুনরুদ্ধার করলেও ১৭৮০ এর দশকে তিনি সিন্ধিয়ার বৃত্তিভোগী আশ্রিত সম্রাটে পরিণত হন।

৩. গোলাম হোসেন তাবতাবায়ী, সিয়ারে মুতাখখিরীন (বাংলা অনুবাদ এম আব্দুল খালেক) পৃ ৩১৮-32 Walter Wallbank, A Short History of India and Pakistan, পৃ. ৬০

৪. L.H. Qureshi, A Short History of Palistan, Vol IV pp 105 108 শিখ মিশনসমূহের মুসলমানের প্রতি বৈরিতা এবং তাদের অত্যাচার ও লুটতরাজের কথাও বিভিন্ন পুস্তকে বিধৃত রয়েছে। যেমন Zafrul Islam, "The End of the sikh Rule" History of the Freedom movement vol 2 part 1 (Pakistan Historical Society) page 72 ; সিয়ারে মুতাখখিরিন পৃ ২০, গোলাম রসূল মেহের, হযরত সৈয়দ আহমদ শহীদ (বাংলা অনুবাদঃ আব্দুল জলিল ও মতিউর রহমান নূরী) পৃ ২৪৮

৫. মুর্শিদাবাদের মতিঝিল প্রাসাদে শাহমত জং ও শওকত জং এবং মনসুরগঞ্জ প্রাসাদে সিরাজউদ্দৌলা আনন্দ সহকারে 'হোলি' উৎসব পালন করেন মীরজাফরও এতে অংশগ্রহণ করেন এবং মৃত্যুর মুহূর্তে দেবী কৃত্তিশ্বরীর পদদোক পান করতেও সংকোচ বোধ করেননি। আনিসুজ্জামান, মুসলিম মানস ও বাংলা সাহিত্য, পৃ ১৫

৬. আবু মহমেদ হাবিবুল্লাহ, সমাজ, সংস্কৃতি ও ইতিহাস, পৃ ১১৭

৭. হাবিবুল্লাহ, প্রাগুক্ত পৃ ১১৭

৮. Santimoy Roy, Freedom Movement and Indian Muslims, p. 20.

৯. হাবিবুল্লাহ, প্রাগুক্ত পৃ ১১৮

১০. হাবিবুল্লাহ, পৃ ১২১, ১২২

১১. ডব্লিউ. হান্টার, দি ইন্ডিয়ান মুসলমানস (বাংলা অনুবাদ, আব্দুল মওদুদ) পৃ ৫৩।

১২. হাবিবুল্লাহ, প্রাগুক্ত পৃ ১১৭

১৩. মইনুদ্দীন আহমদ খান, Faraizi Movementin Bangal p. XXXVIL

১৪. হাবিবুল্লাহ, প্রাগুক্ত পৃ ১১৯

ভারতের স্বাধীনতা সংগ্রামের সূচনা (২)

১৮০৩ সালে মুঘল পতন ঘটল। ভারতের রাজধানী দিল্লী শহর ইস্ট ইন্ডিয়া কোম্পানী অর্থাৎ ব্রিটিশ কর্তৃত্বাধীন এসে গেল, আসলে এটা একটা আকস্মিক ব্যাপার নয়। বহুদিন আগে থেকেই ভারতের অন্তর্নিহিত দুর্বলতা তাকে এই অনিবার্য পরিণতির দিকে এগিয়ে চলেছিল। যাদের দেখবার মত চোখ ছিল তারা দেখতেও পাচ্ছিলেন যে তার সর্বদেহে ক্ষয়রোগের লক্ষণগুলি ফুটে উঠেছে। এ এক বিরাট মহীরুহ, যার ভিতরকার সমস্ত সার পদার্থ একেবারে নিঃশেষ হয়ে গেছে। তাহলে সাধারণের দৃষ্টির সামনে এতদিন সে তার প্রভূত্বব্যঞ্জক মহিমা নিয়ে দাঁরিয়ে ছিল, অবশেষে সেই মহীরুহের পতন ঘটল; চমকিত হয়ে উঠল সবাই। দিল্লীশ্বরেরা জগদীশ্বরেরা শেষকালে এই হলো তার পরিণতি।

মুঘল সাম্রাজ্য সত্য কথা বলতে গেলে একেবারে বিনা বাধায় ব্রিটিশ সাম্রাজ্যবাদের খাস তালুকে পরিণত হয়ে গেল। বহুকাল আগে থেকেই ভারতের অপরিমিত ধনসম্পদের সত্য কল্পিত কাহিনী সারা বিশ্বময় প্রচারিত হয়ে গিয়েছিল। তার মধুর গন্ধে আকৃষ্ট হয়ে ইউরোপীয় জলদস্যু ও বণিকের দল একের পর এক উন্মাত্তের মত ছুটে আসছিল এবং তাদের পরস্পরের হানাহানির ফলে সমুদ্রের জল ও স্থলভূমি রক্তরাঙ্গা হয়ে উঠেছিল- অবশেষে তার চুড়ান্ত অবশেষে তার চুড়ান্ত অবসান ঘটল। ভাগ্যের নির্দেশে যারা আগে এসেছিল তারা পিছনে পড়ে গেল। আর ভাগ্যলক্ষী ব্রিটিশ সাম্রাজ্যবাদের কণ্ঠে তাঁর জয়মালা পরিয়ে দিলেন।

চমকিত হয়ে উঠল সবাই। যারা ঘুমিয়ে ছিল তার জেগে উঠল, যারা বসে ছিল তারা উঠে দাঁরিয়ে পড়ল, কিন্তু এই পর্যন্তই, এসবের বিরুদ্ধে প্রতিবাদ করার মত শক্তি তাদের ছিল কি? হয়তো তা ছিল, কিন্তু এই উন্নততর মরণাস্ত্রে সুসজ্জিত শক্তির বিরুদ্ধে কে তাদের সংগঠিত করবে, কে তাদের নেতৃত্ব দেবে? তাদের নেতৃত্বস্থানীয় অভিজাত শ্রেণীর প্রভুরা তখন মধুপানে মত্ত হয়ে বিলাস বাসনে ডুবে আছেন। কে জানে হয়তো তখনও তারা নিশ্চত মনে সুখ-স্বপ্ন দেখছিলেন- দিল্লী অনেক দূর।

প্রতিরোধ কি একেবারেই আসেনি? বিদেশী শাসনের বিরুদ্ধে অসন্তোষ ও বিক্ষোভ কি ক্রমেই জমে উঠেছিলো না? কিন্তু বিক্ষোভ যতদিন পর্যন্ত চাপা দেওয়া আগুনের মত ধুমায়িত হয়ে উঠতে থাকে, ততদিন ইতিহাসের দৃষ্টিতে তাধরা পড়ে না। প্রথম প্রত্যক্ষ প্রতিরোধ এল মুসলমান উলেমা সম্প্রদায়ের মধ্য থেকে।

মূলত ধর্মীয় দৃষ্টিকোণ থেকেই বিদেশী ও বিধর্মীদের শাসন অসহনীয় বলে তাদের কাছে মনে হয়েছিল। কিন্তু যে কোন ধর্মই হোক, ধর্মীয় জীবন বৈষয়িক জীবন থেকে সম্পূর্ণ স্বতন্ত্র ও বিচ্ছিন্ন হয়ে থাকতে পারে না। ইসলাম ধর্মের

ক্ষেত্রে এ কথা আরো বেশী প্রযোজ্য। প্রথম প্রতিবাদ তুললেন বিখ্যাত ধর্মীয় নেতা শাহ ওয়ালিউল্লাহ। মুসলমানদের হাত থেকে বাদশাহী শাসন ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছিল, কাজেই আঘাতটা মুসলমানদের বেশী করে বাজবে, এটা খুবই স্বাভাবিক। তাই তাদের এই বিরোধিতা হয়তো এই ধর্মীয় নেতার অভিমতের মধ্য দিয়েই রূপ নিয়েছিল।

শাহ ওয়ালিউল্লাহ স্পষ্টই রায় দিলেন যে, ইসলাম তাঁর ধর্মীয় বিধান ও রাজনৈতিক ক্ষমতা, এই দুটি ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়ে থাকে, কাজেই এই পরাধীন পরিবেশে ইসলাম কখনোই সজীবতা ও স্ফূর্তি লাভ করতে পারে না। তার এই সূত্রটির যুক্তিযুক্ত রূপায়ণ ও অনুসরণের মধ্য দিয়ে তার শিষ্য প্রশিষ্যবর্গ ব্রিটিশ সরকারের বিরুদ্ধে এই দীর্ঘস্থায়ী সংগ্রাম করে এসেছিলেন। সেই দীর্ঘায়িত সংগ্রামের অতি সামান্য অংশই আমাদের হাতে এসে পৌছেছে। আর তা খণ্ডে খণ্ডে ও বিক্ষিপ্তভাবে প্রায় অর্ধশতাব্দীকাল ধরে পরিচালিত হয়ে এসেছিল। তাঁদের চরিত্র ও ভূমিকা আমাদের কাছে সুস্পষ্ট নয়। এই জেহাদকে স্বাধীনতা সংগ্রাম আখ্যা দেওয়া চলে কিনা এ বিষয়ে রাজনৈতিক পণ্ডিতদের মধ্যে মতভেদ রয়েছে।

শাহ ওয়ালিউল্লাহ-এর পুত্র ও তার পরবর্তী ধর্মগুরু আবদুল আজিজ তাঁর পিতার এই সূত্রটিকে কার্যকরী রূপে সম্প্রসারিত করলেন। তিনি বললেন, ভারতীয় মুসলমানরা এই পরাধীন অবস্থাকে কিছুতেই মেনে নিতে পারেন না। এই পরিবেশের মধ্যে কোন প্রকৃত মুসলমানের পক্ষে যথাযথভাবে ধর্মাচরণ করে চলা সম্ভব নয়। তাঁর দৃষ্টিতে ভারত হচ্ছে 'দার-উল-হরব' অর্থাৎ 'যুদ্ধরত দেশ'। তিনি বললেন এদেশের মুসলমানদের উদ্দেশ্য করে এক ফতোয়া জারী করলেন। ব্রিটিশের বিরুদ্ধে জেহাদে শরীক হওয়া তাদের সকলের কর্তব্য। আর ব্রিটিশ শক্তিকে যদি তারা তুলনায় অনেক বেশি বলে মনে করে অথবা এই সংগ্রামে যদি জয়লাভের আশা না থাকে, তবে তারা যেন অন্যান্য স্বাধীন মুসলমান দেশে গিয়ে আশ্রয় নেয়। কিন্তু সেখানে গিয়ে নিশ্চিন্তে বসে থাকলে চলবে না। বাইরের সেই সমস্ত শক্তির সাহায্য নিয়ে নতুন বলে বলীয়ান হয়ে এ দেশ থেকে ইংরেজদের বিতারিত করতে হবে। বাইরের মুসলমান রাষ্ট্রগুলি যে এ বিষয়ে তাদের অকুণ্ঠভাবে সাহায্য করবে এ সম্পর্কে তাঁর মনে বিন্দুমাত্র সন্দেহ ছিল না।

শাহ আবদুল আজিজের এই ফতোয়া ভারতের মুসলমানদের এক অংশের মনে সংগ্রামী প্রেরণা জাগিয়ে তুলেছিল এবং তাঁর এই আহ্বানে তারা বিপুলভাবে সাড়া দিয়েছিল। কিন্তু আন্তর্জাতিক রাজনীতি ও মুসলমান রাষ্ট্রগুলির বাস্তব অবস্থা সম্পর্কে ধর্মগুরু আবদুল আজিজের কেনো স্পষ্ট ধারণা ছিল না। আর যারা তাঁর এই ফতোয়াকে মান্য করে ব্রিটিশের বিরুদ্ধে জেহাদে নেমেছিলেন এবং এক দীর্ঘস্থায়ী সংগ্রামে যে সাহস, সংগঠনশক্তি ও আত্ম-ত্যাগের পরিচয় দিয়েছিলেন

... মাথায় বহন করি। এই ইতিহাসকে অবহেলা করে অন্ধকারের তলায় চাপা দেওয়া এক জাতীয় অপরাধ।

দীর্ঘ অর্ধশতাব্দী-ব্যাপী এই ব্রিটিশ বিরোধী জেহাদের সৃষ্টি, পরিচালক ও মূল প্রাণশক্তি যিনি, সেই সৈয়দ আহমদের নাম আজকাল ক'জনেই বা জানে? অথচ এই আন্দোলন ওহাবী আন্দোলন নামে দেশের শিক্ষিত সমাজে বিশেষ করে রাজনৈতিক মহলে সুপরিচিত। কিন্তু এ কথাটা সত্য নয়। ব্রিটিশ সরকার ও ব্রিটিশ ঐতিহাসিকদের দ্বারা এই বিচিত্র নামকরণের ফলে যে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে তা আজও আমরা কাটিয়ে উঠতে পারি নি। আবদুল ওয়াহাবের প্রচারিত ধর্মমতের সঙ্গে সৈয়দ আহমদের ব্রিটিশ বিরোধী আন্দোলনের কোনো সংযোগ ছিল না। তবুও আমরা এতকাল ধরে সেই আন্দোলন অথবা 'ওহাবী আন্দোলন' বলে আখ্যা দিয়ে আসছি।

সৈয়দ আহমদ উত্তর প্রদেশের বায়বেরেলিতে জন্মগ্রহণ করেন। শাহ ওয়ালিউল্লাহ ও তাঁর অনুবর্তী ইসলামের পুনরুজ্জীবন ও স্বাধীনতার আদর্শ থেকে তিনি তাঁর আন্দোলনের প্রেরণা পেয়েছিলেন। ১৮০৮ সালে তিনি তার শিক্ষা সমাপ্ত করে ঘরে ফিরে আসেন এবং বিবাহ করেন। তিনি যে আদর্শ নিয়ে পথে বেরিয়ে এসেছিলেন, তাকে কার্যকর করার উদ্দেশ্যে তিনি "টঙ্ক" রাজ্যের আমীরের কাছে এসে তাঁর সৈন্য বিভাগে যোগদান করেন।"টঙ্ক" তখনও স্বাধীন রাজ্য ছিলো। তার ভবিষ্যৎ সংগ্রামী জীবনের পক্ষে এটা খুবই কাজে লেগেছিলো। এখানেই তিনি যুদ্ধবিদ্যা লাভ করেন। রণনীতি ও রণকৌশল সম্পর্কেও তিনি পারদর্শী হয়ে উঠেন। কিন্তু ১৮১৭ সালে "টঙ্ক" রাজ্যের আমির যখন ব্রিটিশের অধীনতা স্বীকার করে নিলেন, তখন তিনি তার সম্পর্কে বিতৃষ্ণা হয়ে কাজ থেকে ইস্তফা দিয়ে চলে এলেন।

"টঙ্ক" রাজ্য থেকে ফিরে এসে তিনি উত্তর প্রদেশের উত্তর প্রদেশের পশ্চিমাঞ্চলের জেলাগুলিতে ভ্রমন করলেন এবং মীরাট, মজঃফরনগর ও সাহরানপুর জেলার উল্লেখযোগ্য শহর ও গ্রামগুলিতে পরিভ্রমণ করলেন। দ্বিতীয়বারের ভ্রমণে তিনি এলাহাবাদ, বারানসী, কানপুর ও লক্ষ্ণৌ জেলাগুলি এবং তৃতীয়বারের ভ্রমণে রোহিলাখণ্ড অঞ্চলটি পরিদর্শন করেন।

তিনি যেখানেই গেছেন সেখানকার জনসাধারণ তাকে বিপুলভাবে সংবর্ধনা জানিয়েছেন। তাঁর উপদেশ শোনার জন্যে বহুলোক এসে জমায়েত হতো। ... ব্যাপারে তাঁর মূল উপদেশ ছিলো দুটি- প্রথমতঃ খোদার কোনো শরিক নেই, একেশ্বর, একচ্ছত্র এবং ফেরেস্তা, ধর্মগুরু, পয়গম্বর বা পীর যেই হোক না খোদা আর মানুষের কেউ মধ্যবর্তী ভূমিকা গ্রহণ করতে পারে না। ... সরাসরি খোদার সংঙ্গে যোগাযোগ করতে হয়। দ্বিতীয়তঃ সত্যিকারের ... বৃহৎ ব্যাপারেই হোক বা সামান্য ব্যাপারেই হোক কোরান কর্তৃক ...

থেকে বিচ্যুত হয়ে নতুন কোনো ও বিধান গ্রহণ করতে পারে না। সৈয়দ আহমদের সরল অনাড়ম্বর জীবন, তাঁর জ্বলন্ত আদর্শ নিষ্ঠা, গভীর আন্তরিকতা ও নিঃস্বার্থ চরিত্রের জন্য যাঁরাই তাঁর সংস্পর্শে এসেছিলেন তারাই মুগ্ধ অভিভূত হয়ে গিয়েছিলেন। ফলে তিনি যেখানেই হাত দিয়েছেন সেখানেই সফল ফলেছে। তাঁর বহু ভক্ত তাঁর আদর্শ অনুসরণ করে চলাকে তাদের জীবনের ব্রত হিসেবে গ্রহণ করেছিলেন।

ব্রিটিশের বিরুদ্ধে জেহাদ শুরু করবার আগে তিনি মক্কায় তীর্থযাত্রা করার সংকল্প করলেন। এক বছর বাদে ১৮২২ সালে তিনি যখন মদিনায় গিয়ে পৌঁছালেন, তখন দেখা গেল তাঁর পিছন পিছন ৮০০ জন ভক্ত চলে এসেছে। তিনি যখন রায়বেরেলী থেকে যাত্র করেন তখন তাঁর সঙ্গে একটি কর্ণপদকও ছিলো না। অথচ এই দীর্ঘ যাত্রাপথে তাদের ৭০ হাজার থেকে ৮০ হাজার টাকা ব্যয় করতে হয়েছে। আর্থিক সম্পদ বলতে তার নিজের কিছুই ছিলোনা। এই সমস্ত টাকা তার অনুরাগী ও ভক্তরাই যুগিয়েছিলো। এর দুবছর বাদে তিনি স্বদেশে ফিরে এলেন। এই দুবছর আরবে বাস করে কি শিখে এলেন তিনি? এখানে এসে তার সারা বিশ্বের মুসলমানদের দুর্গতি ও লাঞ্ছনা প্রত্যক্ষ পরিচয় ঘটল। আরও দেখতে পেলেন যে পাশ্চাত্যের সাম্রাজ্যবাদী শক্তিগুলি কি দ্রুত গতিতে প্রাচ্যের দেশগুলিকে একের পর এক গ্রাস করে চলেছে। এই কঠিন অভিজ্ঞতা ভাবাবেগ সম্পন্ন স্বপ্নালু সৈয়দ আহমদকে বাস্তববোধসম্পন্ন নির্ভীক যোদ্ধায় পরিণত করল। স্বদেশে পদার্পণের সাথে সাথেই তিনি তার ব্রিটিশ বিরোধী সংগঠিত করে তোলার কাজে লেগে গেলেন। এই আন্দোলনকে সহজে দমন করে দেওয়া সম্ভব হয়নি। এই বিদ্রোহের আগুন প্রায় অর্ধ শতাব্দীকাল ধরে অনির্বাণভাবে জ্বলেছিল।

এই জেহাদের প্রস্তুতি হিসেবে তিনটি প্রাথমিক কাজে হাত দেওয়া হয়ে ছিলো: ১. শত্রুপক্ষের বিরুদ্ধে চালিয়ে যাওয়ার জন্য উপযুক্ত সংখ্যক যোদ্ধা ও উপযুক্তপরিমাণ অস্ত্রশস্ত্র সংগ্রহ করা। ২. এই বাহিনীকে পরিচালিত করার জন্য একজন যোগ্য নেতা মনোনিত করা। ৩. এই যোদ্ধাদের নিরাপত্তাকে সুনিশ্চিত করার জন্যে মুসলমান শাসিত কোনো অঞ্চল নির্বাচিত করা।

প্রথম দুটি কাজ সম্পন্ন করতে বেশি সময় লাগলো না। জেহাদের জন্য ভারত থেকে কয়েক শত যোদ্ধা সংগ্রহ করা হলো এবং সৈয়দ আহমদ তাদের ইমাম হিসেবে মনোনীত হলেন। কিন্তু তৃতীয় কাজটির ব্যাপারে সমস্যা দেখা দিল। তদানীন্তন ব্রিটিশ ভারতের সীমার মধ্যে কোনো মুসলমান শাসিত স্বাধীন অঞ্চল ছিলো না। কাজেই বাধ্য হয়ে উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশে তাঁদের ঘাঁটি।

তথ্যসূত্র: ব্রিটিশ বিরোধী স্বাধীনতা সংগ্রামে মুসলমানের ভূমিকা, জাতীয় সাহিত্য প্রকাশ

জেহাদ আন্দোলনে বাংলার ভূমিকা

মাওলানা এ.এস.এম. আতহার উদ্দীন মোল্লা

রায়বেরেলীর সৈয়দ আহমদ শহীদ (রাহঃ) কর্তৃক পরিচালিত 'জেহাদ আন্দোলন' উপমহাদেশের মুসলিম জনগণের সর্বাপেক্ষা তাৎপর্যপূর্ণ ব্যাপকভিত্তিক এক গণঅভ্যুত্থানরূপে ইতিহাসে স্মরণীয় হয়ে রয়েছে। এ আন্দোলন ছিল প্রধানতঃ পারিপার্শ্বিক নানা অপপ্রভাবে কলুষিত মুসলিম জনগণের ঈমান-আকীদাকে শেরেক, বেদাত, বিজাতীয় অনুকরণ প্রভৃতি নানা জঞ্জাল থেকে মুক্ত করে পূর্ণ ঈমানী জৌলুস ফিরিয়ে আনার লক্ষ্যে পরিচালিত।

মোগল সালতানাতের পতন যুগ শুরু হওয়ার সাথে সাথে জাঠ, মারাঠা, শিখ প্রভৃতি মুসলিম বিদ্বেষী শক্তিগুলোর ব্যাপক অভ্যুত্থান শুরু হয়। পূর্বদিকে বাঙলার শাসনক্ষমতা ইংরেজ বণিকেরা দখল করে নেয়। শিখ সামন্ত রাজা রঞ্জিত সিং ইংরেজদের প্রত্যক্ষ সহযোগিতায় সমগ্র পাঞ্জাব এবং উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ দখল করে লাহোর কেন্দ্রিক একটা শক্তিশালী শিখ রাজ্য প্রতিষ্ঠা করে বসে। নবউত্থিত এই শিখ শক্তির আগ্রাসী থাবায় পাঞ্জাব ও সীমান্ত প্রদেশের মুসলিম জনগণ পর্যায়ক্রমে পর্যুদস্ত হতে থাকে।

অপরদিকে সমগ্র উপমহাদেশব্যাপী মুসলমানদের ধর্মীয় ও নৈতিক জীবনে নেমে আসে মারাত্মক অধঃপতন। ঈমান-আকীদার স্থান দখল করে বসে নানা কুসংস্কার ও বিজাতীয় ধ্যান-ধারণা। মুসলিম জনগণ পরিণত হয় নামসর্বস্ব মুসলমানে। সমাজের উচ্চবিত্তদের ধ্যান-ধ্যারণায়, পীরপূজা, গোরপূজাসহ অগণিত শেরেক বেদাত স্থায়ীভাবে শিকড় গেড়ে বসে। জাতীয় জীবনের সর্বস্তরে নেমে আসা ক্রমবর্ধমান অধোগতি সম্পর্কে সম্পূর্ণ নিস্পৃহ হয়ে এ স্তরের লোকেরা ভোগ-বিলাসের আত্মঘাতী পথে গা ভাসিয়ে দেয়।

অপরদিকে নিম্নবিত্ত শ্রেণীর মুসলিম জনগণ হিন্দু সমাজের নানা আচার-আচরণে ব্যাপকভাবে অভ্যস্ত হয়ে পড়ে। অনেক এলাকার মুসলিম জনগণ নামের সাথে হিন্দু পদবী গ্রহণ করাকে গৌরবজনক কৌলিন্যের লক্ষণ বলে বিবেচনা করতে শুরু করে। পাঞ্জাব এবং সীমান্ত প্রদেশের বহু লুণ্ঠিত পরে মুসলিম নারীদিগকে শিখেরা বাদীরূপে ব্যবহার এবং প্রকাশ্য হাট-বাজারে এ বিক্রয়।

থাকে। মসজিদে আযান এবং জুমা-জামাত বন্ধ হয়ে যায়। ইমামুল-হিন্দ শাহ ওলীউল্লাহর সুযোগ্য সন্তান এবং স্বার্থক উত্তরাধিকারী শাহ আবদুল আজীজ তখন জীবনের শেষপ্রান্তে উপনীত হয়েছেন। হযরত মোজাদ্দেদে আলফেসানীর যে সংগ্রামী উত্তরাধিকার তাঁর ধমনীতে প্রবাহমান ছিল, সে উত্তরাধিকারের দায়িত্ব পালনের লক্ষ্যে তিনি একটা ব্যাপক সংস্কার আন্দোলন শুরু করার আকাংখা ব্যক্ত করেন। সাংগঠনিক শক্তি সঞ্চয়ের মাধ্যমে তিনি আগ্রাসী শিখ ও মারাঠাদের বিরুদ্ধে সশস্ত্র সংগ্রাম শুরু করারও পরিকল্পনা গ্রহণ করেন কিন্তু বার্ধক্যের কারণে মাঠে ময়দানে এ পরিকল্পনার বাস্তবায়ন তাঁর পক্ষে সম্ভব ছিল না। তাই তিনি তাঁর প্রিয় শাগরেদ রায়বেরেলীর মাওলানা সৈয়দ আহমদ এর উপর এ দায়িত্ব অর্পণ করেন। ঐতিহ্যবাহী এক বুযুর্গ পরিবারের সন্তান সুঠামদেহী যুবক সৈয়দ আহমদের অসীম মনোবল এবং আধ্যাত্মিক শক্তি লক্ষ্য করে এ গুরুদায়িত্ব বাস্তবায়নের লক্ষ্যে তাঁর সঙ্গে ভ্রাতুষ্পুত্র শাহ ইসমাঈল, জামাতা মাওলানা আবদুল হাই লাখনৌভী এবং অন্য এক প্রিয় শাগরেদ মাওলানা ইমামুদ্দীন বাঙালীকে যুক্ত করে দেন।

বলাবাহুল্য, সৈয়দ আহমদ শহীদের এ মহৎ আন্দোলন পরিচালনা এবং প্রাণপ্রবাহ নিয়ন্ত্রণে বাংলার বীর সন্তান মাওলানা ইমামুদ্দীনের দুঃসাহসী ভূমিকা বিশেষ উল্লেখের দাবী রাখে।

সৈয়দ সাহেব প্রথমে মুসলিম জনগণের ধর্মীয় সংস্কারের লক্ষ্যে ব্যাপক তবলিগী সফর শুরু করেন। এক পর্যায়ে তিনি অনুধাবন করেন যে, বৈরীশক্তির মোকাবিলা করার মত বাস্তব পদক্ষেপ ব্যতীত শুধু ওয়ায নসীহতের দ্বারা অভীষ্ট লক্ষ্যে পৌছা সম্ভব হবে না। তখন তিনি শিখদের বিরুদ্ধে সশস্ত্র জেহাদ শুরু করার পরিকল্পনা বাস্তবায়নের পথে অগ্রসর হন। জেহাদ শুরু করার আগে নিবেদিতপ্রাণ একদল মোজাহেদ তৈরী করা এবং জনগণের মধ্যে এ ব্যাপারে ব্যাপক সাড়া জাগানোর প্রয়োজনী অনুভব করেন। পর্যাপ্ত আধ্যাত্মিক শক্তি সম্পন্ন মোজাহেদ তৈরী করার পর বাস্তবায়নের একটা অংশ হিসাবেই সদলবলে তিনি হাজ্বের সফরে রওনা হওয়ার সংকল্প ঘোষণা করেন। তখনকার দিনে এ সফর ছিল কষ্টসাধ্য, তেমনি সময়সাপেক্ষ। সৈয়দ সাহেব অন্ততঃ তিন বছরে এইসফর সমাপ্ত করার পরিকল্পনা গ্রহণ করেন।" আগেই উল্লেখিত হয়েছে যে, সৈয়দ আহমদ শহীদ তাঁর আন্দোলন শুরু করার সূচনাতে স্বীয় উস্তাদ শাহ আবদুল আজীজের যে কয়জন শাগরেদকে তাঁর উপদেষ্টা এবং সার্বক্ষণিক সঙ্গীরূপে পেয়েছিলেন, তাঁদের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য এক ব্যক্তিত্ব ছিলেন মাওলানা ইমামুদ্দীন বাঙালী। এ ছাড়া জেহাদ আন্দোলনের আর একজন শীর্ষস্থানীয় নেতা ও সংগঠন ছিলেন সূফী নূর মুহাম্মদ নেজামপুরী রাহঃ নামক আর একজন বিশিষ্ট সাধক আলেম। এরা উভয়েই ছিলেন সৈয়দ সাহেবের বিশিষ্ট খলীফা এবং জেহাদ আন্দোলনের প্রথম

কাতারের নেতা ও সংগঠক। এ দুই মহান সাধক বীর পুরুষের মাধ্যমেই জেহাদ আন্দোলনের সাথে বাংলার জনগণের প্রত্যক্ষ যোগাযোগ গড়ে উঠেছিল। এদের মধ্যে মাওলানা ইমামুদ্দীন ছিলেন নোয়াখালী বর্তমান লক্ষ্মীপুর জেলার হাজীপুরের অধিবাসী এবং সূফী নূর মুহাম্মদ ছিলেন চট্টগ্রামের লোক। এ ছাড়া হজ্বের সফরে রওনা হয়ে কলিকাতায় দীর্ঘ তিনমাস অবস্থান করেও সৈয়দ সাহেব বাংলার বহু লোককে প্রত্যক্ষভাবে এ আন্দোলনের সাথে যুক্ত করতে সমর্থ হয়েছিলেন।

সৈয়দ সাহেব হিজরী ১২৩৬ সনের ১লা শাওয়াল (১৮২০ খৃঃ) ঈদের নামায বাদ রায়বেরেলী থেকে চারশো সঙ্গীসহ নৌকাযোগে কলকাতার পথে রওনা হন। উদ্দেশ্য, কলকাতা থেকে জাহাজ ভাড়া করে জিদ্দায় যাওয়ার ব্যবস্থা করা। পথে পথে বিভিন্ন স্থানে মনযিল এবং তবলীগী সমাবেশ করার পর দীর্ঘ চারমাসের মাথায় রাজমহলের পথে এই কাফেলা বাংলার যমিনে এসে প্রবেশ করে। বাংলার সীমান্তে কাফেলার অভ্যর্থনার বর্ণনা দিতে গিয়ে ওয়াকায়ে-এ আহমদীর লেখক বলেন রাজমহল থেকে মুন্সী মুহাম্মদী আনসারী নামক একজন বিশিষ্ট ব্যক্তি হযরত সৈয়দ সাহেবকে দশ-বারো কোশ দূরবর্তী তাঁর গ্রামে নিয়ে যান। সেখানে মুন্সী মুহাম্মদী আনুসারীর পিতা মুন্সী রউফউদ্দীন, মুন্সী মখদুম বখশ, মুন্সী হাসান আলী, মুন্সী ফযলুর রহমান এবং মুন্সী আযীবুর রহমান প্রমুখ সৈয়দ সাহেবের হাতে বায়আত হন। এদের মধ্য থেকে মুন্সী রউফউদ্দীন ও মুন্সী ফযলুর রহমান কাফেলার সংগে শরীক হন।

রাজমহল থেকে রওনা হয়ে ৫ই সফর কাফেলা মুর্শিদাবাদ পৌঁছে। মুর্শিদাবাদের বিশিষ্ট লোকদের অধিকাংশই ছিলেন তখন শিয়া মতের অনুসারী। তাযিয়া এবং বিভিন্ন ধরনের কুসংস্কারপূর্ণ অনুষ্ঠান ছিল তাদের প্রধান ধর্মীয় ক্রিয়াকর্ম সৈয়দ সাহেব মাওলানা আবদুল হাইকে ওয়ায করার নির্দেশ দিলেন। ওয়াযের প্রভাবে শত শত লোক সৈয়দ সাহেবের হাতে বায়আত হয়ে সকল কুসংস্কার মুক্ত হন। মুর্শিদাবাদ থেকে রওনা হয়ে কাফেলা একরাত কাটোয়ায় অবস্থান করে। সেখানে থেকে হুগলী বন্দরে এসে সাতদিন অবস্থান করে কয়েক হাজার লোককে মুরীদ করা কাফেলা হুগলী বন্দরে থাকতেই কলকাতার বিশিষ্ট আইনজীবি মুন্সী আমিনুদ্দীন নৌকাযোগে এসে হযরত সৈয়দ সাহেবের সংগে সাক্ষাত করেন এবং কাফেলার সব লোককে তাঁর মেহমান হওয়ার জন্য অনুরোধ করেন।

মুন্সী আমিনুদ্দীন ছিলেন কলকাতার একজন প্রভাবশালী ও ধনাঢ্য ব্যক্তি। মুন্সী সাহেবের আন্তরিক ভক্তি এবং আগ্রহ লক্ষ্য করে সৈয়দ সাহেব তাঁর মেহমানদারী কবুল করতে সম্মত হন। মুন্সী আমিনুদ্দীন হযরত সৈয়দ সাহেবের কাফেলার মেহমানদারীর জন্য শহরের উপকণ্ঠে (সম্ভবতঃ বর্তমান নারকোলডাঙ্গা এলাকায় একটা সুপ্রশস্ত বাগানবাড়ী ক্রয় করে রেখেছিলেন। কাফেলার নারী-পুরুষ সকলের

জন্যেই এই বাড়ীতে ভালভাবে স্থান সংকুলান হয়ে গেল। পথে পথে যারা কাফেলায় এসে শরীক হয়েছিলেন, তাঁদের নিয়ে তখন লোকসংখ্যা দাঁড়িয়েছিল পাঁচশতের মতো। সৈয়দ সাহেবের কাফেলা দীর্ঘ তিনমাস কলকাতায় অবস্থান করেছিল। এই সময়কালের মধ্যে প্রতিদিন বাদ ফজর কাফেলার অবস্থান স্থলে ওয়ায-মাহফিল অনুষ্ঠিত হতো। ভক্তদের অনুরোধে সৈয়দ সাহেব বিভিন্ন লোকের বাড়ীতে আয়োজিত মজলিসে শরীক হতেন। বাংলার মোজাহেদীনদের জামাত এখান থেকেই সংগঠিত হতে শুরু করে।

ওয়াকায়ে-এ আহমদীর বর্ণনা অনুযায়ী প্রতিদিন শত শত লোক এসে মুন্সী আমিনুদ্দীনের বাগানবাড়ীতে সমবেত হতো। সৈয়দ সাহেবের ওয়ায নসীহত শুনত এবং বায়আত গ্রহণ করে শেরেক-বেদাত থেকে তওবা করতো।

বাংলার প্রত্যন্ত এলাকার সৈয়দ সাহেবের দাওয়াত পৌঁছানোর জন্য মাওলানা ইমামুদ্দীন তাঁর জন্মভূমি নোয়াখালী এবং সূফী নূর মুহাম্মদ চট্টগ্রাম ও সিলেট এলাকায় রওনা হয়ে যান। মাওলানা ইমামুদ্দীনের সংগে নোয়াখালী, কুমিল্লা এবং মোমেনশাহী এলাকার অর্ধশত বিশিষ্ট ব্যক্তি এসে উপনীত হন। সূফী নূর মুহাম্মদ নিয়ে আসেন সিলেট ও চট্টগ্রামের কিছু বিশিষ্ট লোক। সূফী সাহেবের এই কাফেলার সংগেই এসেছিলেন বাংলার অন্যতম মোজাহেদ সংগঠক মাওলানা আবদুল হাকীম চাটগামী, মোমেনশাহীর মুন্সী ইবরাহীম ও সৈয়দ হামযা আরাকানী প্রমুখ কয়েকজন নেতৃস্থানীয় ব্যক্তি।

কলকাতার সফরে মৌলভী বরকতুল্লাহ এবং মৌলভী এনায়েতুল্লাহ ওরফে কাজী মিয়াজান নামক আরও দু'ব্যক্তি হযরত সৈয়দ সাহেবের খেলাফত লাভ করেছিলেন বলে জানা যায়।

দীর্ঘ দু'বছর হজ্বের সফরে কাটানোর পর সৈয়দ সাহেব বোম্বে হয়ে কলকাতায় ফিরে আসেন। ফেরার পথেও সৈয়দ সাহেব কলকাতায় কিছুকাল অবস্থান করে বাংলার জামাতকে সুসংঘবদ্ধ করার ব্যবস্থা করেন। মাওলানা ইমামুদ্দীন পূর্ব বাংলার নোয়াখালী, কুমিল্লা, ঢাকা ও মোমেনশাহী এলাকায় প্রেরিত হন। মৌলভী বরকতুল্লাহ উত্তরবঙ্গে এবং সূফী নূর মুহাম্মদ কলকাতার আশেপাশে প্রচার ও সংগঠনের কাজ শুরু করেন। আন্দোলনের প্রধান লক্ষ্য ছিল মুসলিম জনসাধারণের আকীদা ও আমলের সংস্কার।

প্রথম পর্যায়ে জনসাধারণের মধ্যে ইসলামী জীবনধারা: সম্পর্কে তীব্র অনুভূতি সৃষ্টি করা। দ্বিতীয় পর্যায়ে সর্ব প্রকার বৈরীশক্তির মোকাবেলায় প্রয়োজনীয় প্রতিরোধ গড়ে তোলার মত মনোবল সৃষ্টি করা। তৃতীয় পর্যায়ে জানমাল দিয়ে কেন্দ্রীয় মোজাহেদ আন্দোলনকে সহযোগিতা দান করার অঙ্গীকার গ্রহণ করা।

মাওলানা ইমামুদ্দীন, সূফী নূর মুহাম্মদ মৌঃ বরকতুল্লাহ এবং মাওলানা আবদুল হাকীমের নেতৃত্বে বাংলার মাটিতে আন্দোলনের চারটি পর্যায়েই ব্যাপক

সাফল্য অর্জিত হয়েছিল। ইংরেজ আমলা হান্টারের ভাষায় বাংলায় এমন কোন জনপদ ছিল না, যেখানকার মুসলমানদের মধ্যে সৈয়দ সাহেবের সংস্কারের বাণী ব্যাপক আলোড়ন সৃষ্টি করেনি। প্রতিটি ধার্মিক পরিবারের যুবকরা সীমান্তে গিয়ে জেহাদ করার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করতো। বৃটিশ সরকারের গোয়েন্দাদের চোখ ফাঁকি দিয়ে হঠাৎ করে একদিন তারা সীমান্তের মোজাহেদ কাফেলায় যোগ দেয়ার উদ্দেশ্যে বের হয়ে যেত। জমির খাজনা পরিশোধ করতে অসমর্থ কৃষকরাও জেহাদের জন্য নিয়মিত অর্থ প্রদান করতে কুণ্ঠিত হতো না।

দু'বছর এগারো মাসে হজ্বের সফর সমাপ্ত করে সৈয়দ সাহেব রায়বেরেলী পৌছেন। ততদিনে বার্মা সীমান্ত থেকে শুরু করে দিল্লী পর্যন্ত তাঁর দাওয়াত পৌছে গিয়েছিল। লক্ষ লক্ষ লোক তাঁর সংস্কার প্রচেষ্টার ফলে শেরেক ও বেদাতের সকল জঞ্জাল থেকে মুক্ত হয়ে খালেস তওহীদের মন্ত্রে উদ্দীপিত হয়ে উঠেছিল।

সৈয়দ সাহেবের সংস্কার আন্দোলনের অন্যতম প্রধান লক্ষ্য ছিল উপমহাদেশের প্রতিটি জনপদের মুসলিম জনগণের জন্য মুক্ত-স্বাধীন পরিবেশে আল্লাহর বন্দেগী করার মত মুক্ত পরিবেশ সৃষ্টি করা। হজ্ব থেকে ফিরে যখন তিনি শুনতে পেলেন যে, আগ্রাসী শিখ সামন্ত শাসকেরা পাঞ্জাব ও সীমান্ত প্রদেশের সর্বত্র মসজিদে আযান এবং জামাত বন্ধ করে দিয়েছে, স্বাধীন ভাবে ধর্মকর্ম করার সকল সুযোগ রুদ্ধ করা হয়েছে, অনেক এলাকায় মুসলিম নারী-শিশুদের জবরদস্তি করে ধরে এনে গোলাম বাদীতে পরিণত করা হচ্ছে, তখন আর কালবিলম্ব না করে তিনি শিখ শক্তির বিরুদ্ধে সশস্ত্র সংগ্রাম শুরু করার দৃঢ়সংকল্প ঘোষণা করলেন। মাওলানা ইসমাঈল শহীদ, মাওলানা আবদুল হাই, মাওলানা ইমামুদ্দীন বাঙালী ও সূফী নূর মুহাম্মদ প্রমুখ প্রধান সারির খলীফাগণকে জেহাদের কাফেলায় লোকজন সমবেত করার উদ্দেশে প্রেরণ করা হলো। উর্দূ সাহিত্যের অন্যতম শীর্ষস্থানীয় কবি 'মোমেন দেহলভী' ছিলেন সৈয়দ সাহেবের একজন বিশিষ্ট মুরীদ ও খলীফা। তিনি জেহাদের গীত রচনা করলেন। মুরীদগণের মুখে মুখে তা সমগ্র উপমহাদেশে ছড়িয়ে পড়লো।

সৈয়দ সাহেবের হজ্ব থেকে ফেরার পথে এনায়েতুল্লাহ নামক ভাগিরথী তীরের এক নওজোয়ান তাঁর কাফেলায় শরীক হয়ে খেলাফত লাভ করেছিলেন। তিনি বাংলার গ্রামে-গঞ্জে মোমেন দেহলভীর জেহাদী কাসীদা পাঠ করে লোকজনকে উদ্দীপিত করার দায়িত্ব নিয়েছিলেন বলে উল্লেখ সৈয়দ সাহেব তাঁর আসন্ন জেহাদের উদ্দেশ্য ও লক্ষ্য ব্যাখ্যা করে একটা ইশতেহার রচনা করলেন। ইশতেহারের বক্তব্য ছিল নিম্নরূপঃ

"শিখ জাতি বেশ কিছুকাল যাবত লাহোর এবং আশপাশের এক বিস্তীর্ণ এলাকার উপর জবরদখল কায়েম করে বসে আছে। এদের অত্যাচার-নির্যাতন সভ্যতার সকল সীমা অতিক্রম করেছে। এরা হাজার হাজার নিরপরাধ মুসলমানকে

হত্যা করেছে। অগণিত মুসলমানকে লাঞ্ছিত করেছে। মসজিদে আযান দেয়া নিষিদ্ধ করা হয়েছে। গরু জবেহ করা সম্পূর্ণরূপে বন্ধ করে দিয়েছে। অত্যাচার-নির্যাতন সীমাতিক্রম করার পর সংশ্লিষ্ট মুসলিম জনগণকে জাগ্রত ও সুসংগঠিত করে আগ্রাসী শিখ শক্তির মোকাবিলায় দাঁড়ানোর জন্যে জেহাদ ঘোষণা করা হয়েছে। ইতিমধ্যে কয়েক হাজার মোজাহেদ জেহাদে অংশগ্রহণ করার উদ্দেশ্যে সীমান্ত প্রদেশের দিকে অগ্রসর হতে শুরু করেছেন। ইনশাআল্লাহ খুব শীঘ্রই সশস্ত্র জেহাদ শুরু হচ্ছে। প্রত্যেক মুসলমানকে স্ব স্ব সাধ্যানুযায়ী এই মহৎ কাজে অংশ গ্রহণ করার জন্য দাওয়াত দেয়া হচ্ছে।" মোজাহেদীনের বিরুদ্ধে ইংরেজদের সাজানো মোকদ্দমার নথিপত্র অনুযায়ী সশস্ত্র জেহাদ ঘোষণা করার সে দিনটি ছিল ১৮২৬ খৃস্টাব্দের ২১ শে ডিসেম্বর। সেদিন থেকেই সীমান্ত এলাকায় সশস্ত্র মোজাহেদগণ সম্মুখ সমরে অবতীর্ণ হয়েছিলেন।

মাওলানা জাফর থানেশ্বরী তাঁর আত্মজীবনীতে লিখেছেন "মাওলানা সৈয়দ আহমদ যখন শত শত মাইল দূরে গিয়ে শিখদের বিরুদ্ধে জেহাদ করার সংকল্প ঘোষণা করেন, তখন অনেকেই তাঁকে প্রশ্ন করেছিলেন যে, দেশের অভ্যন্তরে ইংরেজদের বিরুদ্ধে সশস্ত্র সংগ্রাম শুরু না করে সুদূর সীমান্ত এলাকায় গিয়ে শিখদের বিরুদ্ধে যুদ্ধ করার অর্থ কি?

সৈয়দ সাহেব জবাবে বলেছিলেন, "প্রথমতঃ ইংরেজরা এখনো মুসলমানদের ধর্মীয় স্বাধীনতার উপর সরাসরি হস্তক্ষেপ করেনি। শিখেরা ধর্মকর্মে হস্তক্ষেপ করছে। দ্বিতীয়তঃ এদেশে ইংরেজ আধিপত্য মজবুত করার পিছনে শিখদের সক্রিয় সহযোগিতা সর্বজনবিদিত। তৃতীয়তঃ সীমান্তে মুসলিম আধিপত্য কায়েম হলে পরবর্তী পর্যায়ে সমগ্র উপমহাদেশ সর্বপ্রকার শত্রুর কবলমুক্ত করা সহজ হবে।" উপরোক্ত সুনির্দিষ্ট কতকগুলো লক্ষ্য সামনে নিয়ে হযরত সৈয়দ আহমদ শহীদ হিজরী ১২৪১ (১৮২৫ খৃঃ) সনের প্রথমদিকে জন্মস্থান রায়বেরেলী থেকে যাত্রা শুরু করলেন। তাঁর সঙ্গী-সাথীর সংখ্যা ছিল পাঁচ থেকে ছয় হাজার। এর মধ্যে কাফেলার 'রোজনামচা' লেখকের বর্ণনা অনুযায়ী বাংলার মোজাহেদগণের সংখ্যা ছিল এক হাজারের কাছাকাছি। তন্মধ্যে বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজের দায়িত্বে নিয়োজিত নেতৃ-স্থানীয় লোক ছিলেন চল্লিশ জনের মত।

পাঞ্জাব ও সীমান্ত এলাকার মুসলমানদের হৃত ধর্মীয় অধিকার পুনরুদ্ধারের লক্ষ্যে অগ্রসরমান এই দ্বীনি কাফেলা যাতে যাত্রাপথে বাধাপ্রাপ্ত না হয়, সে জন্য পাঞ্জাবের পথ পরিহার করে তাঁরা সিন্ধুর পথে অগ্রসর হতে থাকেন। পথে পথে হায়দারাবাদ সিন্ধু, বাহওয়ালপুর হয়ে বোলান উপত্যকা অতিক্রম করে প্রথমে কান্দাহার ও পরে কাবুলে গিয়ে উপনীত হন। পথিমধ্যে হায়দারাবাদ ও বাহওয়ালপুর এলাকার মুসলমানদের মধ্যে জেহাদের দাওয়াত চলতে থাকে। ইসমাঈল শহীদ, আবদুল হাই, মাওলানা ইমামুদ্দীন বাঙালী, সুফী নূর মুহাম্মদ

প্রমুখ শীর্ষস্থানীয় আলেম বুযুর্গগণ স্থানে স্থানে ওয়ায-নসীহত করে জনগণকে জেহাদের মন্ত্রে উদ্দীপিত করতে থাকেন। হিন্দুস্তান থেকে কাবুল পর্যন্ত নিয়মিত যোগাযোগ রক্ষা এবং নতুন লোক ও অর্থ পৌছানোর সুব্যবস্থাও সম্পন্ন করা হয়।

কাবুলে কিছুকাল অবস্থান করে বারবার গিরিপথ হয়ে কালো এসে পেশোয়ার পৌছে। পেশোয়ারে তখন রঞ্জিত সিং এর তরফ থেকে একজন সুবেদার নিয়োজিত ছিলেন। তিনি রাজস্ব আদায় করে লাহোরে প্রেরণ করতেন। শিখ সেনাদের ছাউনী ছিল আটক দরিয়ার পূর্ব পারে পাঁজার সীমান্তে অবস্থিত একটি দুর্গ। দুর্গ থেকে পেশোয়ার পর্যন্ত নিয়মিত সশস্ত্র প্রহরায় ডাক চলাচল করতো। কোনো কসবা বা শহরের লোকেরা অবাধ্যতা শুরু করলেই দুর্গ থেকে সৈন্য প্রেরণ করা হতো। চালানো হতো অবাধ লুণ্ঠন এবং অগ্নিসংযোগ। নির্বিচারে হত্যা করা হতো সে এলাকার লোকজনকে।

হযরত সৈয়দ আহমদ শহীদ সীমান্ত প্রদেশের কেন্দ্রস্থল পেশোয়ারের সাথে শিখদের প্রত্যক্ষ যোগাযোগ বিচ্ছিন্ন করার লক্ষ্য নিয়ে কাফেলাসহ পেশোয়ার উপত্যকা পিছনে রেখে নওশেরায় গিয়ে উপনীত হলেন। এখানে দরিয়া আবাসীনের তীরে অবস্থান গ্রহণ করে নিজস্ব একজন দূতের মারফত রঞ্জিত সিং এর লাহোর দরবারে একটা বিস্তারিত পত্র প্রেরণ করলেন। পত্রে তাঁর এই অভিযানের উদ্দেশ্য ও লক্ষ্য বিস্তারিতভাবে ব্যাখ্যা করে মুসলিম জনগণের সংগে এ পর্যন্ত যেসব জুলুম করা হয়েছে তা বন্ধ করার নিশ্চয়তা বিধান এবং জবর-দখলকৃত মুসলিম এলাকাগুলো যুক্ত করে দেয়ার দাবী জানানো হলো।

উদ্ধত লাহোর-দরবার একজন সংসারত্যাগী ফকীরের এ পত্রের কোনো জবাব না দিয়ে বরং মোজাহেদীনের এ কাফেলাকে শায়েস্তা করার হুকুম দিয়ে সরদার বুধসিং এর নেতৃত্বে এক বিরাট সৈন্যবাহিনী পাঠিয়ে দিল। মোজাহেদগণের সংগে বুধসিং এর মোকাবেলা হয় নওশেরা থেকে সাত-আট মাইল দূরে আকোড়া-খটক নামক স্থানে। প্রথম এই মোকাবেলায় সরদার বুধসিং এর বাহিনী শোচনীয়ভাবে পরাজয় বরণ করে। পালিয়ে আসতে বাধ্য হয়।

আকোড়াখটকের যুদ্ধে বুধসিং এর পরাজয়ের ফলে পেশোয়ারের সাথে শিখদের প্রত্যক্ষ যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। পেশোয়ারের সুবেদার ইয়ার মুহাম্মদ খান এবং তার ভাই পীর মুহাম্মদ খান এ খবর শোনার পর পত্র মারফত মোজাহেদগণের সংগে যোগাযোগ করতে শুরু করেন।

সরদার বুধসিংকে তাড়িয়ে দেয়ার পর থেকেই মোজাহেদগণ শিখদের তরফ থেকে একটা বড় ধরনের আক্রমণের আশংকা পোষণ করে আসছিলেন। তাঁরা নওশেরার পূর্বদিকে সিদোতে সম্ভাব্য সেই আক্রমণ প্রতিরোধ করার জন্য প্রস্তুতি শুরু করলেন। ইতিমধ্যে হাযরো নামকস্থানে শিখদের একটা সমাবেশের খবর

আসলো। 'মনযুরা' নামক রোজনামচার বর্ণনা অনুযায়ী বাংলার মোজাহেদগণ দ্বারা গঠিত একটা নৈশ অভিযানকারী দল অতর্কিতে আক্রমণ চালিয়ে সে সমাবেশটা সম্পূর্ণরূপে পর্যদুস্ত করে দেয়। এ অভিযানে বিপুল পরিমাণ অস্ত্র এবং রসদপত্র মোজাহেদগণের হস্তগত হয়।

পরপর দুইটি সংঘর্ষে জয়লাভ করার পর মোজাহেদগণের মনোবল বৃদ্ধি হওয়ার সাথে সাথে এলাকার জনগণের আস্থাও অনেকটা বর্ধিত হলো। এলাকার বিশিষ্ট আলেম এবং গোত্র সরদারগণের এক সমাবেশে ১৮২৭ সনের ১১ই জানুয়ারী হযরত সৈয়দ আহমদ শহীদকে "আমিরুল মো'মেনীন"-রূপে ঘোষণা করে তাঁর হাতে জেহাদ এবং ইমামতের বায়আত গ্রহণ করা হলো। পেশোয়ারের আমীর সরদার ইয়ার মুহাম্মদ খান দূত মারফত পত্র প্রেরণ করে 'আমীরুল মোমেনীন' এর প্রতি আনুগত্য ঘোষণা করলেন। হযরত সৈয়দ সাহেব ইয়ার মুহাম্মদ খানকেই শাসন কর্তৃত্বে বহাল রেখে বিশিষ্ট আলেমগণের একটি পরামর্শ মজলিস কায়েম করে সমগ্র সীমান্ত প্রদেশে ইসলামী আইন-কানুন জারী করার সুব্যবস্থা করেন। 'মনযুরার' লেখকের বর্ণনা আনুযায়ী পেশোরার-কেন্দ্রিক ইসলামী হুকুমতের পরামর্শ সভায় যাদের গুরুত্বপূর্ণ দায়িত্ব প্রদান করা হয়েছিল, তাঁদের মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য ছিলেন মাওলানা ইমামুদ্দীন বাঙালী। পাঠান গোত্রপতিদের একটা অংশ প্রথম থেকেই হযরত সৈয়দ আহমদের কর্মতৎপরতার সাথে ঐক্যমত পোষণ করতে পারছিল না। শিখদের সাথে এদের নানা ধরনের বৈষয়িক স্বার্থ জড়িত ছিল। তাছাড়া দীর্ঘকালের নানা কুসংস্কারের ভাগাড়ে নিমজ্জিত মন-মানসিকতায় সৈয়দ সহেবের কঠোর সংস্কার আন্দোলন বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করতে শুরু করেছিল। পাঠানেরা সাধারণতঃ পীরভক্ত জাতি। এদের এই স্বাভাবিক প্রবণতার সুযোগ নিয়ে প্রতি এলাকায় গড়ে উঠেছিল অসংখ্য পীরের গদী। এসব পীরের অধিকাংশই ছিল শরীয়তের অনুশাসনের সাথে সম্পর্কহীন এবং নানা কুসংস্কার নিমজ্জিত সৈয়দ সাহেবের সংস্কারক আন্দোলন তাদের গদিভিত্তিক স্বার্থ বিপন্ন করার উপক্রম করেছিল। তাই তারা তাঁর বিরুদ্ধে নানা ধরনের অপপ্রচার শুরু করলো। লাহোর দরবারের ইংরেজ উপদেষ্টারা এ বিরোধিতার আগুনে নানাভাবে ঘৃতাহুতি দেয়ার সুযোগ হাতছাড়া করলো না। পাঞ্জাব ও সীমান্তের এক শ্রেণীর পেশাদার আলেমকে দিয়ে মোজাহেদ আন্দোলনের বিরুদ্ধে নানা ধরনের ফতোয়াবাজী শুরু করানো হলো। শিখদের কিছু অনুচরকে কৌশলে মোজাহেদগণের কাফেলার মধ্যে অনুপ্রবিষ্ট করানো হলো। ফলে সিদুর যুদ্ধ যেদিন শুরু হয়, তার আগের রাত্রে হযরত সৈয়দ সাহেবের খাদ্যে বিষ মিশিয়ে দেয়া হলো। সকাল বেলায় মাওলানা মুঃ ইসমাঈল সৈয়দ সাহেবের শয়নকক্ষে গিয়ে দেখতে পেলেন, তিনি অচেতন হয়ে পড়ে রয়েছেন। তাঁর মুখ থেকে ফেনা বের হচ্ছে। তড়িৎ চিকিৎসার ব্যবস্থা করলে

কিছুটা উপশম দেখা দিল। ইতিমধ্যে সিদুর ময়দানে বিরাট শিখ বাহিনীর হামলা শুরু হয়ে গিয়েছিল। আধুনিক অস্ত্র বা লোকবল মোজাহেদগণের ছিল না। স্বয়ং সৈয়দ সাহেব ছিলেন বিষক্রিয়ায় মৃতপ্রায়। এ অবস্থার মধ্যেই মোজাহেদগণ যুদ্ধ শুরু করলেন। সৈয়দ সাহেব একটু সুস্থ বোধ করলে কয়েকজন লোকের কাঁধে ভয় করে তিনি ঘোড়ার উপর সওয়ার হলেন এবং ময়দানে চলে গেলেন। তুমুল যুদ্ধেরপর মোজাহেদগণের আংশিক পরাজয় হলো এবং ময়দান ছেড়ে তাঁরা কিছুটা পিছু হটতে বাধ্য হলেন। কিন্তু শিখ সৈন্যরাও সামনে অগ্রসর হতে পারলো না। সিদুর যুদ্ধের ফলাফল প্রতিকূলে যাওয়ার পর থেকে মোজাহেদগণের সামনে একের পর এক নানা সংকট ঘনীভূত হয়ে আসলো। শিখ এবং ইংরেজদের নিয়োজিত অনুচরদের নানা অপপ্রচারের তাণ্ডবের মুখে আন্দোলনের গতি মূল হিন্দুস্তানে অনেকটা শ্লথ হয়ে পড়লো। কাফেলার খাদ্য এবং অন্যান্য রসদ মূলতঃ হিন্দুস্তানের সরবরাহ থেকেই আসতো। শিখেরা এ সরবরাহ-ব্যবস্থা বিঘ্নিত করার জন্য আপ্রাণ চেষ্টা করতে লাগলো। ইতিমধ্যে এমন কয়েকটা দুর্ঘটনা ঘটে গেল, যার ফলশ্রুতিতে মূল আন্দোলন মারাত্মক আঘাতপ্রাপ্ত হলো। মৌলবী মাহবুব আলী নামক একজন মোজাহেদ নেতার নেতৃত্বে বিহার এবং বাংলার একদল মোজাহেদ পেশওয়ারের পথে রওনা হয়ে সীমান্ত প্রদেশে প্রবেশ করার পর দুররানী পাঠানদের দ্বারা আক্রান্ত এবং লুণ্ঠিত ও সর্বস্বান্ত হয়ে মূল কাফেলা পর্যন্ত এসে উপনীত হন। পাঠানদের দুর্ব্যবহারে মৌলবী সাহেব এতই মর্মাহত হয়েছিলেন যে, কাফেলার লোকজনকে তিনি দেশে ফিরিয়ে নেয়ার জন্য তুমুল প্রচারণা শুরু করেন। ফলে কিছুলোক মনঃক্ষুন্ন হয়ে তাঁর সাথে দেশে ফিরে আসে। এতে মোজাহেদ বাহিনীর অপূরণীয় ক্ষতি হয়। ইতিমধ্যে প্রচণ্ড শীতে ও খাদ্যভাবে মোজাহেদগণ চরম দুর্দশার সম্মুখীন হন। অনেক সময় দিনের পর দিন তাঁরা গাছের পাতা সিদ্ধ করে ক্ষুন্নিবৃত্তি নিবারণ করতেন। এ সংকটময় অবস্থার মধ্যেই হযরত সৈয়দ সাহেবের অন্যতম প্রিয় সাথী এবং সর্বপেক্ষা প্রাজ্ঞ উপদেষ্টা বলে পরিচিত মওলানা আব্দুল হাই লাখনৌভী ইন্তেকাল করেন। (২৪শে ফেব্রুয়ারী-১৮২৮ খৃঃ)

ওয়াকায়ে-এ আহমদীর লেখকের মতে মৌলভী মাহবুব আলীর ক্ষুব্ধ প্রচারণায় যে বিভ্রান্তির সৃষ্টি হয়েছিল, বাংলার মোজাহেদ সংগঠকগণের প্রাণপণ চেষ্টায় তা অনেকটা দূরীভুত হয়। ফলে আন্দোলনের এই চরম দুর্দিনে সর্বপ্রথম নতুন লঙ্কর এবং অর্থ সাহায্য এসে পৌছে বাংলাদেশ থেকে। ঢাকার মোজাহেদগণের দ্বারা প্রেরিত এই সাহায্য পৌঁছার পর থেকে একটানা উপবাসের অবসান হয়। দুর্যোগকবলিত মোজাহেদীনের কাফেলা নতুন করে উদ্দীপনা লাভ করে।

জন্মভূমি এবং পরিবার-পরিজন থেকে হাজার হাজার মাইল দূরে অপরিচিত অনভ্যস্ত দুর্গম পার্বত্য এলাকায় প্রতিকূল পরিবেশে সীমাহীন আপদ-বিপদের

মধ্যেও মোজাহেদগণ শিখদের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা করে যেতে লাগলেন। মাওলানা ইসমাঈল শহীদের নেতৃত্বে পরিচালিত এসব অভিযানের প্রতিটিতে বিপুল সাফল্য অর্জিত হতে থাকে। শেষ পর্যন্ত রাজা রঞ্জিত সিং সৈয়দ সাহেবকে আবাসীন দরিয়ার বাম দিককার সমগ্র এলাকা ছেড়ে দিয়ে তাঁর সঙ্গে আপোষ মীমাংসা করার প্রস্তাবসহ হাকীম আজীজুদ্দীন ও সরদার ওজীর সিং নামক দু'ব্যক্তিকে দূতরূপে প্রেরণ করে। সৈয়দ সাহেব মৌলভী খায়রুদ্দীন শিরকুটী ও হাজী বাহাদুর খানের মাধ্যমে সন্ধির শর্তাদি লিখে পাঠান। তাঁর দাবী ছিল, সীমান্তের যেসব এলাকায় ইসলামী হুকুমত কায়েম হয়ে গেছে, সেসব এলাকায় শিখেরা আর আক্রমণ করবে না। শিখ শাসিত অবশিষ্ট এলাকায় মুসলমানদিগকে পূর্ণ ধর্মীয় আজাদী দিতে হবে। দখলীকৃত মসজিদগুলো ছেড়ে দিতে হবে।

রঞ্জিত সিং এসব শর্ত মেনে নিয়েই মোজাহেদগণের সঙ্গে একটা সম্মানজনক সন্ধি করার জন্য প্রস্তুতি গ্রহণ করেছিল। কিন্তু লাহোর দরবারের ইংরেজ উপদেষ্টা জেনারেল ভিন্টোরা সন্ধির প্রস্তাবে একমত না হয়ে নানা কুটকৌশলের পথে অগ্রসর হওয়ার পরামর্শ দিল। এরা এমন একটা ষড়যন্ত্রের নীলনকশা তৈরী করলো, যদ্বারা পাঠান সরদার এবং মোজাহেদ বাহিনীর মধ্যে হানাহানি সৃষ্টি করে দেয়া যায়। ফলে দেখা গেল কিছুদিনের মধ্যেই শিখদের পরিবর্তে মোজাহেদগণ পাঠান সর্দারদের আক্রমণের শিকার হচ্ছেন। পেশোয়ারের আমীর, সরদার বাহাদুর খান জেনারেল ভিক্টোরার উস্কানীতে মোজাহেদগণের বিরুদ্ধে আক্রমণ শুরু করলো। কিন্তু প্রথম হামলাতেই বাহদুর খান নিহত এবং তাঁর সৈন্যবাহিনী পর্যুদস্ত হয়ে গেল। তার কনিষ্ঠ সহোদর সরদার সুলতান মুহাম্মদ খান আরবাব ফয়জুল্লাহ এক ভক্তের মাধ্যমে সৈয়দ সাহেবের নিকট ক্ষমা প্রার্থনা করলে তাকে ক্ষমা করে দেয়া হয় এবং পেশেয়ারের আমীর পদে তাঁকেই বহাল করা হয়। মাওলানা সৈয়দ মাঝহার আলী আজিমাবাদীকে প্রধান কাজ নিযুক্ত করে শাসন ও বিচার বিভাগের। সর্বক্ষেত্রে ইসলামী শরীয়ত জারী করা হয়। কিন্তু ব্যাপক ষড়যন্ত্রের মুখে এ ব্যবস্থা বেশিদিন টিকে থাকতে পারলো না। ধর্মীয় ও সামাজিক কুসংস্কারের ঘোর অন্ধকারে নিমজ্জিত পাঠান সর্দারদের মধ্যে শরীয়তের স্বচ্ছ জীবন ব্যবস্থা নানা বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করেছিল। তারা তাদের বল্গাহীন জীবন যাপনের পথে মোজাহেদ আন্দোলনকে সর্বাপেক্ষা বড় অন্তরায় মনে করতে শুরু করলো। এ সুযোগে লাহোর দরবারের উপদেষ্টা জেনারেল ডিন্টোরা পাঠান সর্দারদের মধ্যে বিপুল পরিমাণ অর্থ কটন করে সৈয়দ সাহেবের তরফ থেকে নিয়োজিত ওশর আদায়কারী মোজাহেদ নেতৃবৃন্দকে একই রাতে হত্যা করার ব্যবস্থা করে। বার্মা সীমান্ত থেকে শুরু করে সমগ্র হিন্দুস্তান থেকে আগত আল্লাহর পথে নিবেদিতপ্রাণ মোজাহেদ নেতৃবৃন্দ, যারা বাড়ীঘর পরিবার-পরিজন ত্যাগ করে সীমান্তের জনগণকে শিখ নির্যাতনের যাতাকল থেকে উদ্ধার করার জন্য ছুটে

এসেছিলেন, তাঁদের একটা উল্লেখযোগ্য অংশকে একই রাতে এশার নামায রত অবস্থায় অভ্যস্ত নির্মমভাবে হত্যা করা হলো।

এই লোমহর্ষক হত্যাকাণ্ডের খবরে সৈয়দ সাহেব এমন মর্মাহত হয়েছিলেন যে, পাঠানদের মধ্যে কাজ করার সকল উৎসাহ তিনি হারিয়ে ফেললেন। মোজাহেদগণকে ডেকে স্ব স্ব জন্মভূমিতে ফিরে যাওয়ার জন্য অনুমতি দিলেন। কিছুলোক তাঁর অনুমতিপ্রাপ্ত হয়ে দেশে ফিরে এলো, কিন্তু অন্যান্য অনেকের সংগেই বাংলার মোজাহেদগণ সৈয়দ সাহেবের সংগত্যাগ করতে প্রস্তুত হলেন না। ওকায়ে-এ আহমদীর লেখকের মতে এই সংকটজনক অবস্থায় মাওলানা ইমামুদ্দীন বাঙালীর সার্বক্ষণিক উপস্থিতি এবং মৌলভী এনায়েতুল্লাহ ওরফে মিয়াজান কাজীর উদ্দীপনা মোজাহেদগণের মধ্যে নতুন মনোবলের সৃষ্টি করেছিল এবং মোজাহেদীনের কাফেলাকে বালাকোটের ময়দান পর্যন্ত নিয়ে যাওয়া সম্ভব হয়েছিল।

উল্লেখ্য যে, বালাকোটের আত্মদানের ফলেই সমগ্র উপমহাদেশে ঈমানের নতুন প্লাবন সৃষ্টি হয়েছিল। এখনও পর্যন্ত ব্রহ্মদেশ থেকে আফগানিস্তান পর্যন্ত ঈমানের যে জাগরণ দেখা যায় তা বালাকোটেরই বরকতে সম্ভব হয়েছিল। বালাকোটের ময়দানে আমীরুল মু'মেনীন হযরত সৈয়দ আহমদ (রহঃ), হযরত মাওলানা ইসমাঈল শহীদ (রহঃ) সহ মোট চল্লিশজন বিশিষ্ট আলেম শহীদ হয়েছিলেন এবং তাঁদের মধ্যে বাংলার শহীদানের সংখ্যা ছিল আটজন।

তথ্যসূত্র: গাজী মাওলানা ইমামুদ্দীন বাঙ্গালী (রহ.)

পাক-ভারতে ইসলামী সাংস্কৃতিক আন্দোলন

দেওয়ান মোহাম্মদ আজরফ

ইংরেজদের ভারত বিজয়ের পরক্ষণে মুসলমানদের মধ্যে এক প্রবল প্রতিক্রিয়া দেখা দেয়। যে জাতি কয়েক শতাব্দী যাবৎ ভারতের ভাগ্য নিয়ন্ত্রণ করে, তাঁদের পক্ষে এ এক কঠোর আঘাতের সামিল হয়ে দাঁড়ায়। মুসলমানদের মধ্যে এর প্রতিক্রিয়া হল মধ্যে অসহযোগিতা বা অন্য যেকোনো প্রকারে বিদেশী শাসন উৎপাটন করার এক প্রবল ইচ্ছার মাধ্যমে আত্ম-প্রকাশ করা। অল্প সংখ্যক লোক, বিশেষ করে শিক্ষিত সমাজ বিদেশীদের সাথে সমঝোতায় আসবার পক্ষে ছিলেন যে, এরূপ বন্ধুত্ব শেষ পর্যন্ত মুসলমান রেনেসাঁর পক্ষে ফলপ্রসু হবে। কিন্তু সাধারণ মুসলমানদের জীবনে এ প্রতিক্রিয়া এক ক্ষীণ স্রোতের মতো কাজ করছিল। নবাব আবদুল লতীফ এই সমঝোতা সৃষ্টির অগ্রে ছিলেন এবং ১৮৬৩ খ্রীঃ অনেক চেষ্টার পর কলিকাতায় মুসলিম সুধী সমাজ স্থাপন করতে সক্ষম হন। কিন্তু এ-সময় এবং তার পরক্ষণে মুসলমান এক জাতি হিসেবে ইসলামের প্রধান নীতিগুলো পুনঃপ্রতিষ্ঠা করার জন্য ফ্রাঙ্কদের (যেহেতু তাদের এরূপ বলা হত) বিরুদ্ধে এক মিলিত প্রতিক্রিয়ার কথা চিন্তা করছিলেন। বাস্তবিকই ইহা একটি ইসলামিক আন্দোলন ছিল এবং সৈয়দ আহমদ বেরলভী এবং ইসমাইল শহীদ এর অগ্রে ছিলেন।

যদিও ওহাবী আন্দোলনের সাথে এর কিছুটা মিল ছিল, তথাপিও প্রকৃত পক্ষে তা' বলা যায় না এবং হান্টার সাহেব নিজেই খামখেয়ালীর বশবর্তী হয়ে এর মধ্যে নজদের আবদুল ওহাব কর্তৃক গঠিত আন্দোলনের পরমাণু দেখতে পান। এসব আন্দোলনের মধ্যে যে সাদৃশ্য ছিল, হান্টার সাহেব শুধুমাত্র তাই দেখেন। গরমিলের অঙ্গটা তিনি লক্ষ্য করেন নি। যদিও এ আন্দোলন সফলতা অর্জন করিতে পারেনি, তথাপিও মুসলমানদের জীবনে এর প্রতিফলন বয়ে যায়। এ রদবদলের সময়ের মধ্যে এদেশের উৎখাত জমিদারগণ জনসাধারণের মধ্যে বৃটিশ প্রতিকূল ভাব সৃষ্টি করেন এবং দেশীয় সিপাহীদের যারা আগে থেকেই তাদের উচ্চশ্রেণীর বৃটিশ কর্মচারীদের পক্ষপাতিত্বে অসন্তুষ্ট ছিল, তাদের নিজেদের পক্ষে আনতে সক্ষম হন। এর ফলে বিদ্রোহ দেখা দেয়। যদিও হিন্দু মুসলমান

মিলিতভাবে এ সংগ্রামে অংশ গ্রহণ করেন, তথাপিও শেষ পর্যন্ত কেবলমাত্র মুসলমানদেরকেই এ জন্য দায়ী করা হয়। অতএব, এ উপমহাদেশ থেকে মুসলমানদের স্থায়িত্ব একেবারে মুছে ফেলাই বিদেশী বিজেতাদের প্রধান লক্ষ্য হয়ে উঠে। এ কাজের প্রথম পদক্ষেপ হিসাবে বাজেয়াপ্ত আইন পাশ করা হয়। যার ফলে পাঠান ও তুর্কীদের শাসনকালে মুসলমানদের দেয়া আয়মা ও জায়গীর বাজেয়াপ্ত হয়। পরক্ষণেই এ জমিতে তৎকালীন বিজেতাদের চাকুরীতে নিয়োজিত অনুগ্রহ ভাজন হিন্দুদের অধিকার পুনঃপ্রতিষ্ঠিত হয়। বাস্তবিকপক্ষে মুসলমানদের জীবন খুবই সংকটাপন্ন হয়ে উঠে এবং তারা জীবন রক্ষাকল্পে অন্য কোথাও বিশেষ করে মিসরে হিজরৎ করার বিষয় বিবেচনা করছিলেন। এ সঙ্কটময় মুহূর্তে স্যার সৈয়দ আহমদ আশার আলো নিয়ে কার্যক্ষেত্রে উপস্থিত হন। এ মহাদেশে মুসমানদের পুনঃপ্রতিষ্ঠিত করাই তাঁর প্রধান উদ্দেশ্য ছিল। তবে তিনি যে সফলতা লাভ করেন নি- এ নিঃসন্দেহই বলা যেতে পারে।

তিনি যে আন্দোলন শুরু করেন ইতিহাসে তা' আলিগড় আন্দোলন' নামে অভিহিত এবং এর উদ্দেশ্য ছিল, এ দুরবস্থায় মুসলমানদেরকে সমঝোতার মাধ্যমে পাশ্চাত্য সভ্যতার সঙ্গে খাপ খাইয়ে নেয়া। এ আন্দোলনের মূল উদ্দেশ্য লক্ষ্য করলে একে প্রকৃত ইসলামিক আন্দোলন বলা যায় না! তৎকালীন উৎখাত মুসলমানদের মূলনীতিগুলো প্রতিষ্ঠা করা কোনোমতেই এই প্রধান উদ্দেশ্য ছিল না। এ উদ্দেশ্য হাসিল করার জন্য এ আন্দোলন পাশ্চাত্য কৃষ্টি ও দর্শনের মাধ্যমে ইসলামের মূলনীতিগুলো পুনঃপরীক্ষা করতে চেয়েছিল। এ অবস্থা প্রমাণ করবার জন্য এখানে উদাহরণ দেয়া যেতে পারে। সর্বপ্রথম স্যার খ্রীস্টান ও ইসলাম ধর্মের সামঞ্জস্যগুলো দেখাতে চেষ্টা করেন। দ্বিতীয় চেষ্টা ছিল কোরানের তাৎপর্য বের করা। তিনি কোরানের উপর গুরুত্ব আরোপ করেন এবং রসূলের (দঃ) হাদীসকে পেছনে ফেলে রাখেন। তাঁর প্রধান উদ্দেশ্য ছিল ইসলামের বিজ্ঞানগত শিক্ষা প্রচার করা এবং তিনি বিজ্ঞানকে ইসলামের উপর স্থান দেন। এ অতিরিক্ত মনোভাবাপন্নতার ফলে তিনি কোরানের ঐ নীতিগুলো প্রত্যাখ্যান করেন, যেগুলো তৎকালীন বিজ্ঞান মতবাদের বিরুদ্ধে ছিল। এতে প্রকৃত ধর্মীয় নীতিগুলোর খুবই বরখেলাপ হয়।

কিন্তু আলিগড়ে একটা কলেজ স্থাপন করা বাস্তবিক পক্ষে তাঁর আশ্চর্য সফলতা। তাঁর এবং ইসলামিক ঐতিহ্যধারী অনেক লোক তাঁর সাথে যোগ দেন। এদের মধ্যে সৈয়দ মেহদী আলী এবং শেখ মেহদী আলতাফ হোসেনের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। সৈয়দ মেহদী আলী পরে নবাব মহসিন-উল-মূলক সরলতার সহিত সৈয়দ আহমদ কর্তৃক প্ররোচিত হন এবং এ উপমহাদেশের মুসলমানদের আধুনিক যুগের সহিত খাপ খাইয়ে নেয়াই ছিল তাঁর লক্ষ্য। এ আশাতেই তিনি 'তাহজিব' নামক পত্রিকায় রীতিমত লিখতে আরম্ভ করেন। কিন্তু

কতকগুলো পুরাকালীন ধারণা এবং ইসলামের মূলনীতির সহিত পার্থক্য থাকা বিধায় তিনি মাঝে মাঝে সীমাতিক্রম্য মত পোষণ করতে থাকেন। তিনি যে ফ্রাঙ্কদের সহিত একটি বোঝাবুঝিতে আসতে চেয়েছিলেন তা এতেই প্রমাণিত হয় যে, তিনি ইসলামিক মতবাদের পক্ষে থেকে তুর্কী সুলতানদের অস্বীকার করেন নি। তিনি তাদের অস্বীকার করেছিলেন, যেহেতু তারা বৃটিশ স্বার্থের অন্তরায় ছিলেন। স্যার সৈয়দ এবং তাঁর পথগামীদের দ্বারা এ-নীতি বিস্তারের সাধারণ উদ্দেশ্য ছিল তাঁর ধর্মীয়দের দুনিয়াভাবান্ন করা। ধর্মকে দুনিয়ার সকল কাজ-কর্ম থেকে সরিয়ে রাখা হয় এবং একে সম্পূর্ণ ব্যক্তিগত ব্যাপার বলে মনে হয়। বর্তমানে অধ্যাপক খুদা বখস এবং আল্লামা ইউছুফ আলীকে এ গোত্রের প্রতিনিধি হিসাবে ধরা যেতে পারে।

খুদা বখস এমনকি এও বলেন যে, "প্রকৃত পক্ষে বুঝিতে গেলে কোরান আধ্যাত্মিক জীবনেরই পরিচালক। রাজনৈতিক জীবন-পদ্ধতির সাথে এর কোন সম্পর্ক নেই।" এবং আল্লামা ইউছুফ আলী তাঁর সহধর্মীদের কোরানের আদর্শের পরিবর্তে সুইস-নীতি অথবা নেপোলিয়নের নীতি অনুসরণ করতে উপদেশ দেন। এদের মধ্যে হায়দরাবাদে স্যার আহমদ হোসেন (সাধারণতঃ নবাব আজিজ নামে অভিহিত) দুনিয়াবী ব্যাপারে সকল হেরোভদেরও (ইহুদী) উপরে যায়। তিনি মন্তব্য করেন, "প্রকৃত ইসলাম খ্রীস্টধর্মের কাট-ছাট সংস্করণ।" কিন্তু একটা অন্ধকার মেঘখণ্ডের মতো এ আন্দোলনের মধ্যে এক রূপালি শিখার আলো লুকায়েছিল। এরূপ মতবাদের বিরুদ্ধে আলিগড়ের ধর্মভাবাপন্ন শেখ আলতাফ হোসেন হালি এগিয়ে যান। যাকে ভুললে এ উপমহাদেশের মুসলমানগণ মারাত্মক অন্যায় করবেন।

হালির মুছাদ্দাস একটি পরিস্কার দৃষ্টি সৃষ্টি করে এবং মুসলমানদের ঘুম থেকে জাগিয়ে তোলে। তিনি মুসলমানদের অধঃপতনের কারণ দেখিয়ে দেন এবং বাঁচবার জন্যে তাদের কোরানের নীতি আঁকড়িয়ে ধরতে উপদেশ দেন। তথাকথিত পাশ্চাত্য সুধীসমাজের বিরুদ্ধে তাঁর নীতি শুধুমাত্র আত্মরক্ষামূলক ছিল না। ইহা ছিল ইসলামের বাণীর দিকে একটি সরাসরি আহবান ও সরল বিশ্বাস। তিনি তাঁর সমসাময়িকদের মধ্যে সর্বপ্রথম এ সরল সত্যের দিকে মুসলমানদের দৃষ্টি আকর্ষণ করেন যে, ইসলাম পাশ্চাত্য মতবাদের ধর্ম নহে। এ জগতেও জীবনকে সুখী করার জন্য সকল দিক থেকে এর নীতি অবলম্বন করা উচিত। অতএব, তিনি সোজাসুজি স্যার সৈয়দ ও তাঁর মতবাদীদের সমঝোতার নীতি পরিহার করেন এবং ইসলামী আদর্শের উপর ভিত্তি করে একটি ইসলামিক সমাজ প্রতিষ্ঠার চেষ্টা করেন। হালির সমসাময়িকদের মধ্যে দু'জন যথা-আকাউল্লা এবং নাজির আহমদ তাঁকে অনুসরণ করেন। এদের মধ্যে আকাউল্লা তৎকালীন বৈজ্ঞানিক আবিস্কারসমূহ উর্দূতে প্রকাশ করেন এবং বিজ্ঞানের প্রতি মুসলমানদের দৃষ্টি আকর্ষণ করেন।

কিন্তু শেষোক্ত জনের (নাজির আহমদ) দান অনেক বেশী। বলতে গেলে তিনি স্যার সৈয়দের শিক্ষার একটি বিতর্কমূলক নীতি প্রচার করেন। তিনি শাহ ওয়ালী উল্লার ন্যায় ইসলামের ভবিষ্যৎ অগ্রগতির প্রতি বিশ্বাসী ছিলেন এবং তিনি এদেশের যুবকদের অবিশ্বাসী মতবাদ পরিহার করে এ জগতে একটি সৎ জীবনযাপন করবার জন্যে ইসলামের আদর্শ আঁকড়িয়ে ধরতে আহবান করেন। হালি ও নাজির আহমদ এবং শিবলী নোমানীর চিন্তাধারা ও শিক্ষার মধ্যে আরও অগ্রগতি পাওয়া যায়। তিনি স্যার সৈয়দের চিন্তাধারার সম্পূর্ণ বিপরীত মত পোষণ করেন এবং মুসলিম জীবনে ইসলামকে অভিষিক্ত করতে চেষ্টা করেন। কিন্তু পূর্ব থেকেই আব্বাসীদের শাসনের প্রতি আসক্ত থাকায় তিনি আব্বাসী শাসনের উপর ভিত্তি করে একটি ইসলামিক সমাজ প্রতিষ্ঠার পক্ষে ছিলেন। এ শাসনের প্রতি আপত্তি থাকা ছাড়াও ধর্মীয় ব্যাপারে ন্যায়-নীতিকে সর্বোচ্চ স্থানে ধরে রাখার ক্ষেত্রে তাঁর দান কোনোমতেই কম নহে। অনুন্নত যুগের উলেমাদের যেভাবে তিনি ধর্মীয় ব্যাপারে ন্যায়নীতিকে সর্বপ্রধান উপকরণ বলে মনে করেন, তাই বলে তিনি ধর্মীয় জ্ঞানের অন্যান্য উপকরণের মূল্য ও গুরুত্ব অস্বীকার করেন নি।

তাঁর বর্ণনায় ন্যায়নীতি ধর্মের একটি পদ্ধতি, যা এর সৎকাজে ব্যবহার করা যায়, কিন্তু অসৎকাজে নয়। ন্যায়নীতির প্রয়োজনীয়তা প্রতিষ্ঠা করার জন্য তিনি ইলমূল-কালাম নামে একখানা কেতাব লিখেন এবং এর মাধ্যমে ন্যায়নীতি ব্যবহারের একটি জড়িত ইতিহাসের অবতারণা করেন। তিনি নিজে দর্শনশাস্ত্রে খুব পারদর্শী ছিলেন এবং এ ইতিহাসের প্রথম সংখ্যায় দেখান যে, পুরাকালের সকল ভাল উলেমাই দর্শন শাস্ত্রে উচ্চ-শিক্ষিত ছিলেন। কিন্তু আলিগড়ের প্রচলিত নীতিবাদ তাঁর মতের পক্ষে অনুকূল ছিল না। অতএব, এখানেই তিনি ক্ষান্ত হন এবং ১৯০৮ সালে লক্ষ্ণৌতে নবপ্রতিষ্ঠিত নাদওয়াতুল উলেমার অধ্যক্ষের পদ গ্রহণ করেন। এমনকি সেখানেও তিনি গোঁড়া সম্প্রদায়ের জন্যে সুখে ছিলেন না। এবং শেষ পর্যন্ত "দারুল মুসান্নিফীন" নামক লেখকদের একটি প্রতিষ্ঠান স্থাপন করবার জন্যে আজিমগড়ে স্থান পরিবর্তন করতে বাধ্য হন।

সৈয়দ আমীর আলী প্রকৃতপক্ষে শিবলী নোমানীর জ্ঞানী শিষ্য ছিলেন। শিবলীর আগে থেকে তৈরী করা পথ অনুসরণ করে আমীর আলী স্যার সৈয়দ আহমদের বিপরীতার্থক নীতি প্রত্যাহার করেন এবং প্রচার করেন যে, মুসলমানদের ইতিহাস গৌরবময় এবং এমনকি বর্তমানেও অতীতকাল মুসলমানদের প্রেরণা দিতে পারে। মুসলমানদের ইতিহাস এবং 'ইসলামের তেজ' এ উদ্দেশ্য ছিল অতীতকালে সম্পন্ন পূর্ণপুরুষদের কাজ দ্বারা মুসলমানদের প্রেরণা দেয়। স্যার সৈয়দ আহমদের নীতির সহিত গরমিলের দিক থেকে পর্যবেক্ষণ করে বলতে হয় যে, এক পক্ষে সৈয়দের মতে স্ত্রী-জাতির অধঃপতনের জন্য ইসলাম দায়ী নহে; অন্য পক্ষে সৈয়দ আমীর আলীর মতে ইসলামই সর্বপ্রথম ধর্ম যা স্ত্রী-

জাতিকে দাসত্ব থেকে মুক্তি দেয় এবং ইসলামই তাদের জন্য একটি স্থান অনুমোদন করে; ইসলাম যে স্ত্রী-জাতিকে শুধুমাত্র দাসত্ব থেকে মুক্তি দেয় তা নহে, ইহা পরোক্ষভাবে দাসত্ব প্রথা বন্ধ করে। যদিও ইসলামের উন্নতি লাভ করবার যথেষ্ট পথ রয়েছে, তথাপিও ইজতিহাদের অপব্যবহার একে ধ্বংসের দিকে টেনে নেয়। এ দেখে তিনি খুবই মর্মাহত হন। যা হোক, দুর্ভাগ্য-বসতঃ তিনিও তার পূর্ববর্তী শিবলী নোমানীর মতো আব্বাসীদের শাসনকে ইসলামী-শাসনের সর্বোচ্চ এবং আগত বংশধরদের অনুকরণীয় বলে মনে করেন। তথাপিও আমীর আলীর ইসলাম সম্বন্ধে এ জগতে সম্পন্ন করার উপযুক্ত সম্মতিসূচক মূল্যের মিলগত অভিমত একটি গৌরবময় মহৎ অবদান।

ইকবালের মধ্যে আমরা এ পর্যন্ত অজ্ঞাত চিন্তাধারার উল্লেখযোগ্য অগ্রগতি এবং মনোভাবের মানবাচক পরিবর্তন দেখতে পাই। ইসলামের সত্যিকার প্রতিনিধি হিসাবে তাঁর কাজ ছিল জগতের মুসলমানদের জ্ঞান-ভাণ্ডারে জমায়েত কতগুলো আদর্শকে পরিষ্কার করে করে দেয়া। এর প্রথম পদক্ষেপ হিসেবে তিনি 'নিয়ন্ত্রিত ভাগ্য-মতবাদে'- ভিত্তিকে আক্রমণ করেন। তাঁর মতে মুসলমানদের ছিন্ন-বিচ্ছিন্ন নীতিই প্রধানতঃ তাদের মধ্যে এই অপছন্দনীয় মতবাদের মূল কারণ। অতএব, তাঁর কর্তব্য ছিল পরিবর্তনশীল জীবনের প্রতি মুসলমানদের দৃষ্টি আকর্ষণ করা এবং কাজের জন্যে তাদের আহবান করা- যাতে তারা বাঁচতে পারে, বাড়তে পারে ও উন্নতি করতে পারে। তিনি ইসলামী রাষ্ট্রের আদর্শ হিসেবে আব্বাসী সাম্রাজ্যের রূপকে গ্রহণ করতে পারেন নি। তাঁর মতে কেবলমাত্র রসূল (দঃ) কর্তৃক স্থাপিত এবং খোলাফায়ে রাশেদীন অথবা ন্যায়তঃ পরিচালিত খলিফাদের রাজ্যেই ইসলামী রাষ্ট্রের সত্যিকার আদর্শ পাওয়া যেতে পারে। তাঁর আদর্শগুলোর মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য হল ধর্ম ও রাষ্ট্রের মিলান্তক অভিমত, যার প্রতি অবজ্ঞা করার জন্যেই আধুনিক জীবনে এতসব উদ্ভব হয়েছে। তিনি নিজকে সন্দেহহীন বাক্যের মাধ্যমে প্রকাশ করেন।

ইসলামে আধ্যাত্মিক ও রাষ্ট্রীয় ব্যাপার দু'টি পৃথক ক্ষেত্র নহে এবং একটি কাজ মূলতঃ যতটুকু রাষ্ট্রীয়ই হউক না কেন, ইহা মনোগত ধারণা দ্বারাই নির্ণয় হয়- যার সহিত মিল রেখে উৎস কাজটি করে। মনোগত অভিরুচিই শেষ পর্যন্ত একটি কাজের রূপ দেয়। একটি কাজ ইহকালীন বা অপবিত্র, জীবন বৈচিত্রতার থেকে সম্পূর্ণ পৃথকভাবে সম্পন্ন করা হয়। ইহা আধ্যাত্মিক, যদি ইহা ঐ বিচিত্রতার দ্বারা উৎসাহিত হয়। ইসলাম ইহা একই বাস্তবতা যা একদিক থেকে দেখলে মনে হয়- ধর্ম এবং অন্যদিক থেকে মনে হয়- রাষ্ট্র। ধর্ম এবং রাষ্ট্রকে একই জিনিসের দু'দিক বা দু'টি সত্য মনে করা ঠিক নয়। ইসলামই একমাত্র অভিশ্লেষণীয় বাস্তবতঃ যা' দৃষ্টিভঙ্গি পরিবর্তনের সাথে হয় এটা, নতুবা ওটা বলে মনে হয়। প্রকৃত পক্ষে ইসলাম ব্যক্তিগত জীবনকে আদর্শ এবং সামাজিক ও রাজনৈতিক আদর্শের মধ্যে কোনো বিভেদের স্থান দেয় না।

ইসলামী মতে ব্যক্তিগত জীবনের আদর্শ হল সমস্ত বিচিত্রতার মিলগত অগ্রগতি এবং তাদের মধ্যে একটি সাদৃশ্য- যাতে কোনো বিভেদের সৃষ্টি না হয়। এ উদ্দেশ্য সফল করার পথ হল আল্লাহর বিচিত্র গুণাবলীর অধিকারী হওয়া। রসূল (দঃ) আগেই তাঁর শিষ্যদের গুণাবলির অধিকারী হতে উপদেশ দেন। ইসলামী সমাজের আদর্শ হলঃ- মানব জাতির মধ্যে একতা সৃষ্টি করা যাতে প্রত্যেক ব্যক্তির সম্পূর্ণতার জন্য অনুভব করে। ইসলামে ইসলামী রাষ্ট্রের আদর্শ হল সমাজতন্ত্রবাদের কাঠামোর মধ্য দিয়ে ব্যক্তিগত স্বাধীনতা অর্জন করা। আল্লাহকে কেবলমাত্র জীবনের আদর্শরূপে গ্রহণ করা ছাড়াও যদি তাঁকে জগতের সার্বভৌমিক শক্তি বলে মনে করা যায়, তবে এসব আয়ত্ত করা যায়। কাজেই ইসলামী-দর্শন মতে- যা অর্থনৈতিক, ধর্মীয়, রাজনৈতিক, সামাজিক এবং অন্যসব দর্শনের সমষ্টি সমস্ত অধিকারই আল্লাহর। এর কারণ অতি পরিস্কার, কারণ ব্যক্তিগত জীবনে উন্নতির জন্য আল্লাহর গুণাবলির একান্তই প্রয়োজন। সমাজ-জীবনেও একতা ও ভ্রাতৃত্বের মনোভাব সৃষ্টির জন্যে আল্লাহর আদর্শ অত্যন্ত প্রয়োজনীয়। রাজনৈতিক ক্ষেত্রেও কেমলমাত্র স্বাধিকার আল্লাহর হাতে ছেড়ে দিলেই সমাজের সুষ্ঠু ও শান্তিপূর্ণ কাজ চলতে পারে, যেখানে ব্যক্তি বিশেষ অথবা সামাজিক স্বার্থের মধ্যে বিভেদের আশংকা খুবই কম থাকবে। অতএব ইকবাল ইসলামের এই প্রথম আদর্শকে ব্যক্তিগত ও সমাজ জীবনের অগগতির জন্য অবশ্যই প্রয়োজনীয় বলে মনে করেন। আল্লাহর সার্বভৌমত্ব গ্রহণ করলে কেবলমাত্র যে মুসলমানদের উন্নতি হবে তা নয়, এতে সকল দিক থেকে মানবজাতিরও অগগতি হবে।

কিন্তু আমরা যে তত্ত্বের অবতারণা করছি, তার ন্যায়গত ফল হিসেবে এ সময়ে এ উপমহাদেশে মুসলমানদের রাজনৈতিক চেতনার অনুশীলন করা প্রয়োজন, যেহেতু সাংস্কৃতিক ও রাজনৈতিক মতামত একে অন্যের উপর ক্রিয়া করে। একটি ভালভাবে বুঝতে হলে অন্যটি ভালোভাবে অনুশীলন করা প্রয়োজন।

পাক-ভারতে ইসলামী রাজনৈতিক আন্দোলন (১৮৫৭-১৯০৬)

পৃথিবীর অন্যান্য মুসলিম দেশের মতো এখানেও সাংস্কৃতিক আন্দোলন ধর্মের চারিদিকে ধূমায়িত হয়। অতএব ন্যায়গতভাবে সিদ্ধান্তে উপনীত হওয়া যায় যে, মুসলিম জীবনে ধর্ম ও রাষ্ট্রের একত্ববোধের একটি প্রাথমিক জাগরণ দেখা দেয়। আমরা পূর্বেই সৈয়দ আহমদ বেরেলভী ও ইসমাইল শহীদ কর্তৃক পরিচালিত আন্দোলনের বিষয় উল্লেখ করেছি এবং বিদ্রোহের কথাও বলেছি। উভয় রকমের আন্দোলনই কতকগুলো নির্দিষ্ট কারণবশতঃ অকৃতকার্য হয়। প্রথমটি ইসলামী রাজনৈতিক জীবনে কোনো নূতন প্রচলিত জিনিস ব্যবহারের বিপক্ষে ছিল এবং এমনকি নতুন আবিষ্কৃত হাতিয়ার ব্যবহারেও অনিচ্ছুক ছিল। যাজকদের মধ্যে এরূপ কাজের জন্যে প্রয়োজনীয় শিক্ষার সম্পূর্ণ অভাব ছিল। এবং বর্তমান যুগের

কৌশলীদের একেবারেই অপরিচিত ছিল। তাছাড়া স্বদেশবাসীদের বিশ্বাসঘাতকতা ও অকৃতকার্যতাই মুসলমানদের বিপত্তির কারণ। তদানিন্তন বিজেতাগণ মুসলমানদের উপরই প্রতিশোধ লইতে দৃঢ়সংকল্প করল। স্যার সৈয়দের সময়মত বাধা তৎকালীন মুসলমানদের সম্পূর্ণ ধ্বংসের হাত থেকে রক্ষা করল। যদিও প্রকৃতপক্ষে ইহা ইসলামিক আন্দোলন ছিল না, তথাপিও একে ন্যায়তঃ মুসলিম আন্দোলন বলা যেতে পারে।

আয়মা এবং জায়গীর বাজেয়াপ্ত করা হয়। অনেক মুসলমানকে ভিক্ষুকে পরিণত করা হয়। কিন্তু মুসলিম সভ্যতা মুছে ফেলেই সবচেয়ে কঠোর আঘাত হানা হয়। স্যার সৈয়দ ভবিষ্যদ্বক্তার মতোই বললেন যে, রাজনৈতিক ক্ষেত্রে মুসলমানদের আগেই ধ্বংস করা হয়েছে। ১৮৬৭ খ্রীঃ কাশীতে উর্দুকে অফিস-আদালতে ভাষা হিসেবে উঠিয়ে দেবার বিরুদ্ধে এক প্রবল গণ্ডগোল হয়। যদিও স্যার সৈয়দের সময়মত কার্যদক্ষতার দরুন যুক্ত প্রদেশের ইহা প্রশমিত হয়। তথাপিও বিহারে ইহা প্রবল আকার ধারণ করে, যার ফলে উর্দু ভাষা ও দলীলপত্রের লোপ সাধিত হয়। অতি অল্প সময়ের ভারতীয় কংগ্রেস গঠিত হল। একটি পৃথক জাতি হিসেবে তাদের স্থায়িত্ব বজায় রাখার জন্যে স্যার সৈয়দ একজন দূরদৃষ্ট রাজনীতিবিদ হিসেবে মুসলমানদের কংগ্রেস থেকে দূরে থাকতে উপদেশ দিলেন। তাঁর ১৮৬৭ খ্রীস্টাব্দের মার্চ মাসে মিরাট এবং ডিসেম্বর মাসে লক্ষৌতে বক্তৃতাগুলো এমনকি অনুগ্রহে কংগ্রেসের মনোবৃত্তি সমন্ধে যথেষ্ট লক্ষ্য দান করে, যদিও নিয়মতান্ত্রিক সংস্করণের দাবীতে ইহা প্রতিষ্ঠিত হয়। তথাপিও তাঁর মতে মুসলমানদের স্বায়ত্তশাসন স্থাপন করা এর প্রধান উদ্দেশ্য ছিল না।

কংগ্রেসের যুক্ত-নির্বাচনের জন্য কোলাহলে তাঁর ভবিষ্যৎ বাণী বাস্তবে পরিণত হল। ১৮০৯ খ্রীঃ যুক্ত নির্বাচনের ভিত্তিতে সমগ্র ভারতে এক নির্বাচন অনুষ্ঠিত হয়। যাতে পূর্বের শরীফ গোষ্ঠীর কেউ মনোনীত হতে পারেন না। ইহাই শেষ নহে। ১৮৯৩ খ্রীঃ স্বর্গীয় বলগঙ্গানিধি তিলকের নেতৃত্বে গো-জাতি রক্ষার্থে এক প্রতিষ্ঠান স্থাপিত হয়। এর প্রধান উদ্দেশ্য ছিল ধর্মীয় ব্যাপারে মুসলমানদের গো-যবেহ বন্ধ করা। ১৮৯৮ খ্রীঃ স্যার সৈয়দ মৃত্যু মুখে পতিত হন। তাঁর মৃত্যু পর ১৯০০ খ্রীঃ তদানীন্তন যুক্তপ্রদেশীর শাসনকর্তা তাঁর আদালত থেকে উর্দু ভাষা উঠিয়ে দিয়ে তৎস্থলে দেবনাগরীর প্রবর্তন করেন। এসময় জাতীয় কর্ণধার হলেন প্রাতঃস্মরণীয় নবাব মহসিন-উল-মূলক ও ভিকারুল মূলক। যদিও উভয়েই হায়দরাবাদের নিজামের অধীনে উচ্চ রাজপদে অধিষ্ঠিত ছিলেন তথাপিও এ ঘৃণ্য অভিসন্ধির বিরুদ্ধে লড়বার জন্য চাকুরি ছাড়তে বাধ্য হন। তাঁরা সভা-সমিতি করলেন এবং যুক্ত প্রদেশের শাসনকর্তার এরূপ স্বেচ্ছাচারীতার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করলেন কিন্তু এতে কোনো ফল হল না।

মুসলমানগণ তাঁদের অধিকার রক্ষার্থে একটি কেন্দ্রীয় প্রতিষ্ঠানের জরুরী প্রয়োজন অনুভব করলেন। নবাব ভিকারুল-মূলকের অসীম চেষ্টার ফলে ১৯০১ খ্রীস্টাব্দে আলিগড় 'মুসলমানদের রাজনৈতিক ও সামাজিক প্রতিষ্ঠান' নামে এক প্রতিষ্ঠানের সৃষ্টি হয়। মুসলমানদের মধ্যে রাজনৈতিক জাগরণের প্রাতঃকাল ১৯০৫ খ্রীঃ তদানীন্তন রাজ প্রতিনিধি লর্ড কার্জন কর্তৃক পূর্ব বাংলা ও আসাম নামে দুটি নূতন প্রদেশ সৃষ্টির দ্বারা অনুবর্তিত হয়। পাঁচ বৎসর যাবৎ ইহা বিবাদের কারণ হয়ে থাকে। উহা স্বর্গীয় স্যার সুরেন্দ্র নাথ বন্দোপাধ্যায় ও অন্যান্য জাতীয়তাবাদী নেতার দ্বারা খুব একটি জোরালো মঞ্চ থেকে আক্রান্ত হয়। ইতিহাসে ইহা বঙ্গভঙ্গ আন্দোলন নামে অভিহিত। বঙ্গভঙ্গের পূর্বে তদানীন্তন ভারতের রাজ-প্রতিনিধি লর্ড মিন্টো বিশেষভাবে অনুভব করছিলেন যে, মুসলমানদের জন্য আসন সংরক্ষিত না রাখলে কোনো মুসলমানের পক্ষে প্রাদেশিক অথবা কেন্দ্রীয় আইন সভায় মনোনীত হওয়া অসম্ভব হবে। ১৮৯২ খ্রীস্টাব্দের অভিজ্ঞতা তাঁর মনে এত সতেজভাবে জাগরিত ছিল যে, তিনি একে অবহেলা করতে পারলেন না। অতএব, তিনি কেন্দ্রীয় ও প্রাদেশিক আইনসভা পরিবর্ধনের জন্যে একটি উপদেষ্টা সংঘ স্থাপন করলেন।

অতএব, মুসলমানদের তাঁর সম্মুখে তাদের দাবী দাওয়া পেশ করার প্রয়োজন ছিল। ১৯০৬ সালের অক্টোবর মাসে মহামান্য আগা খানের নেতৃত্বে তাঁর সহিত দেখা করার জন্য এক প্রতিনিধি সংঘ গঠিত হয়। এই প্রতিনিধি দলের উদ্দেশ্য ছিল পৃথক নির্বাচনের প্রয়োজনের উপর গুরুত্ব আরোপ করা। ১৯০৬ সালের ডিসেম্বর মাসে তৎকালীন ভারতের সুধীবৃন্দ নিখিল ভারত শিক্ষা সমিতিতে যোগদান করার জন্যে ঢাকায় আগমন করেন। নবাব স্যার সলিমুল্লাহ নিখিল ভারত মুসলিম লীগ প্রতিষ্ঠা করবার জন্যে একে উপযুক্ত সময় বলে মনে করেন।

প্রকৃত স্বাধীনতা আন্দোলনের পটভূমি

আল্লামা গোলাম আহমাদ মোর্তজা

দিল্লির হযরত শাহ ওলিউল্লাহ (রহঃ) ছিলেন সে যুগের ভারতের শ্রেষ্ঠতম আলেম। ১৭০৩ খৃষ্টাব্দে তাঁর জন্ম। তিনিই প্রথম চিন্তানায়ক, আলেম যিনি ইংরেজ ভারত থেকে তাড়িয়ে দেয়া জরুরি মনে করে সংগঠনের বীজ ফেলে গেছেন। তাঁর পুত্র, ছাত্র ও শিষ্যগণ তার এ সুপরিকল্পিত সংগঠনের সভ্য ছিলেন।

সৈয়দ আহমদ বেরেলী (রহঃ) ১৭৮৬ খৃষ্টাব্দের ২৯শে নভেম্বর জন্ম গ্রহণ করেন। তিনি উপরোক্ত এ সংগঠনেরই সভাপতি ছিলেন। ইংরেজ বিতাড়ন পরিকল্পনা তার মাথায় এমন গাঢ় হয়ে বসে গেল যে, তিনি বিখ্যাত আলেম হওয়ার সময় আর পেলেন না। তবে চরিত্র মাধুর্য ও আধ্যাত্মিকতার উন্নতির চরম সীমায় পৌছে ছিলেন। দৈহিক ক্ষমতাও তার সাধারণ মানুষের থেকে বেশি ছিল। তিনি ছোটবেলা থেকেই যুদ্ধ যুদ্ধ খেলা করতেন। যুবক হবার পরেও মনের অঙ্কুরিত ইচ্ছা যেন ফুলে ফলে বড় হয়ে উঠল। তাই তিনি যোগ দিলেন এক ক্ষুদ্র সামন্ত প্রভুর সেনাবাহিনীতে, শিখলেন সামরিক কলাকৌশল। এর সাথে অন্যদের সাহায্য করার বিনিময়ে শিখলেন প্রশাসনিক কাজকর্ম। কিন্তু এ মুসলমান সামন্ত প্রভু ইংরেজদের সাথে মিত্রতা স্থাপন করল। সাথে সাথে ঘৃণাভরে চাকরি খতম করে অভিজ্ঞতা নিয়ে ফিরলেন বাড়িতে। পরপর শিষ্য সংখ্যা বাড়াতে লাগলেন ও সারা ভারত ঘুরে ফেললেন। পরে তিনি হজ্ব যাত্রা করলেন। ইংরেজের বিরুদ্ধে সশস্ত্র সংগ্রামের সাথে মুসলমানদের সাথে সশস্ত্র সংগ্রাম ও করতে চাইলেন। তাই সর্বভারতীয় প্রচারে জানিয়ে দিলেন যে, কোরআন ও হাদীস বিরোধী কাজ মুসলমানদের করা চলবে না। অবশ্য অনেকাংশে সফল হয়েছিলেন। পরে বিরাট একটি দল নিয়ে যখন ভারত পরিক্রমা সহ মক্কা থেকে হজ্ব করে ফিরলেন, তখন দেখা গেল এ ভ্রমণে তার দু'বছর দশ মাস পার হয়ে গেছে। সে বিপুল সংখ্যক লোকের খাওয়া দাওয়া ও খরচের সব অর্থটুকু তার ভক্তদের কাছ থেকে উপহার হিসেবেই তিনি পেয়েছিলেন। জানা যায়, শুধু হজ্ব যাত্রীদের টিকিট কিনতেই লেগেছিল তখনকার ১৩৮৬০ টাকা, আর হজ্ব যাত্রার প্রাক্কালে রেশনের মাল কিনেছিলেন ৩৩৯১ টাকায়।

আলিগড়ের সৈয়দ আহমদ ও বেরেলীর সৈয়দ আহমদ দুজনেই ইতিহাস প্রসিদ্ধ মানুষ। তবে আলিগড়ী আহমদ সাহেব পেয়েছেন ইংরেজের পক্ষ থেকে 'স্যার' উপাধি, প্রচুর সম্মান, চাকরির পদোন্নতি প্রভৃতি। আর বেরেলীর আহমদ সাহেব ইংরেজের পক্ষ থেকে পেয়েছেন অত্যাচার ও আহত হওয়ার উপহার। আর সব শেষে শত্রুদের চরম আঘাতে তাঁকে শহীদ হতে হয়েছে ভারতবাসীকে শেষ উপহার হিসেবে দিয়ে গেছেন তিনি তার রক্তমাখা কাঁচা কাটা মাথা।

এ বিরাট আধ্যাত্মিক বিপ্লবী শহীদ বীরকে মিঃ উইলিয়াম হান্টার The Indian Musalmans পুস্তকে ডাকাত, ভণ্ড ও লুণ্ঠনকারী বলে প্রমাণ করার চেষ্টা করেছেন। তাঁর চাপা পড়া ইতিহাসকে আজ কিন্তু কিছু বাস্তববাদী ঐতিহাসিক প্রকাশ করার জন্যে নতুন সাধনায় নিয়োজিত হয়েছেন। ঐতিহাসিক রতন লাহিড়ী তাদের মধ্যে অন্যতম। তাঁর লেখা অন্তত এটা প্রমাণ করে যে, সত্য তথ্য প্রকাশে তিনি সুস্পষ্টবাদী। তাই তাঁর লেখা ভারত পাকিস্তান ও বাংলাদেশের সত্যিকারের ইতিহাস থেকে সৈয়দ আহমদ বেদে সম্বন্ধে কিছু উদ্ধৃতি দিচ্ছি-

"যার জীবনস্মৃতি প্রেরণা জুগিয়েছিল যুগে যুগে এ দেশের মহাবিপ্লবীদের। যার জীবনাদর্শ, বৃটিশ সম্রাজ্যবাদের আওতার বাইরে থেকে বৃটিশ সাম্রাজাবাদকে আক্রমণ করা, স্বাধীন সরকার গঠন করা, আবার সে সাথে সাথে দেশের মধ্যে থেকেও সাম্রাজ্যবাদকে আঘাতে আঘাতে জর্জরিত করা ইত্যাদি পথ দেখিয়েছিল পরবর্তীকালের মহেন্দ্রপতল, বরকতুল্লা, এমন এন, রায়, রাসবিহারী এমনকি নেতাজীকেও। কে এ মহাবিপ্লবী, যার আদর্শে উদ্বোধিত হয়ে হাজার হাজার মানুষ প্রাণ দিয়েছিল ১৮৫৭ সনের মহাবিদ্রোহে-শত হাজার মানুষ বরণ করেছিল দ্বীপান্তর, সশ্রম কারাদণ্ড, কঠোর যন্ত্রণাময় মৃত্যু। কে ইনি? বৃটিশ সাম্রাজ্যবাদ আর তার দালালদের লেখা ইতিহাসে এর নামোল্লেখ থাকলেও এর সম্বন্ধে বিশেষ কিছু লেখা থাকা স্বাভাবিকও নয়। আর আজও স্কুল-কলেজে যে ইতিহাস পড়ান হয়, সে সব এ সাম্রাজ্যবাদীদের প্রাচীন গলিত বিকৃত ইতিহাসের আধুনিক সংস্করণ মাত্র। তাই কি করে জানবে এ মহাপুরুষের নাম? এ মহান মহাবিপ্লবী মহাবিদ্রোহীর নাম হযরত মাওলানা সৈয়দ আহমদ বেরলভী।" (পৃষ্ঠা ৭-৯) রতন লাহিড়ী আরও বলেন, "বিপ্লবীরা না পিছিয়ে মরণপণ সংগ্রাম করতে লাগল।

তারপর যুদ্ধ হল শেষ। বিপ্লবী বাহিনী হল ধ্বংস। তাকে সকলে দেখেছিল বীরের মত লড়াই করতে একটার পর একটা শত্রু সৈন্য কচুকাটা করতে।"যদিও নিজেরা একে মৃত বলে কবর দেয়ার ব্যবস্থা করল কিন্তু কেহ এর শেষ পরিণতি দেখেনি।" শ্রী লাহিড়ীর ঐ পুস্তক পৃষ্ঠা ৭-৮)

এবার উইলিয়াম হান্টারের লেখা 'দি ইন্ডিয়ান মুসলমানস" গ্রন্থের বিচারপতি আবদুর মওদুদের বঙ্গানুবাদ থেকে বেশ কিছু উদ্ধৃতি দিচ্ছি। তার পূর্বে বলে রাখি, মিঃ হান্টার হচ্ছে মিঃ হডসনের অন্তরঙ্গ বান্ধব। যেহেতু তিনি পুস্তকের উৎসর্গ

পৃষ্ঠায় ১৮৭১ খৃস্টাব্দের ২৩ শে জুন তারিখ দিয়ে পুস্তকটি বন্ধু মিঃ হডসনের নামেই উৎসর্গ করেছেন। যে হডসন দ্বিতীয় বাহাদুর শাহের দু'জন পুত্রসহ রাজবাড়ির কচিকাচা ২৯ জন শিশুকে গুলি করে হত্যা করেছিলেন। সে যাহোক, লেখক যে একজন বিখ্যাত তথ্য সংগ্রহকারী, তাতে কোন সন্দেহ নেই। যদিও তাঁর লেখায় কোরআন হাদীসের বিরুদ্ধে, মাওলানাদের বিরুদ্ধে, বিপ্লবী মহামনীষীদের বিরুদ্ধে অনেক অশ্লীল কথা লেখা আছে। এ বইটি লিখতে সরকারি তথ্যসমূহ সংগ্রহ করা তার পক্ষে সহজ ছিল, যেহেতু তিনি ছিলেন সরকারি সিভিলিয়ান। তবে ১৮৭০ খৃস্টাব্দে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত Calcutta Review. এর C.C.l ও C । সংখ্যায় “Wahabis In India’ শিরোনামে যে তিনটি বিরাট বিরাট প্রবন্ধ প্রকাশিত হয়েছিল, যার লেখকের বিচিত্র ছদ্মনাম ছিল ‘Anonymous -সে তিনটি প্রবন্ধই মিঃ হান্টারের পুস্তকের রক্ত, মাংস ও অস্থি বলা যায়।

হান্টার লেখেন, “অপেক্ষাকৃত গোড়া মুসলমানেরা যখন এভাবে প্রকাশ্যে রাজদ্রোহে জড়িয়ে পড়েছে, তখন সমস্ত মুসলমান সম্প্রদায়ই প্রকাশ্যে আলোচনা করছে, জিহাদে যোগ দেয়া তাদের পক্ষে ফরয কি না।” “পাঞ্জাব সীমান্তের বিদ্রোহী বসতি স্থাপন করেন সৈয়দ আহমদ।” (পৃষ্ঠা ৩)

হান্টার সৈয়দ আহমদ সম্পর্কে আরও বলেন, “একজন মশহুর দুস্যু। সর্দারের অধীনে অশ্বারোহী সিপাহী হিসেবে তার জীবন আরম্ভ। বহু বছর তিনি মালব প্রদেশের আফিম উৎপাদনকারী গ্রামগুলোর উপর লুটতরাজ করেন। উদীয়মান শিখ শক্তির নায়ক রণজিৎ সিংহ পার্শ্ববর্তী মুসলমান অঞ্চল সমূহে যে কঠোর নীতি অবলম্বন করেন, তার ফলে কোন মুসলমান দুর পক্ষে পেশা চালিয়ে যাওয়া বিপজ্জনক ও ক্ষতিকর হয়ে ওঠে। বুদ্ধিমানের মত নিজেকে সময়ের সাথে খাপ খাইয়ে নিলেন। তিনি দস্যুবৃত্তি ছেড়ে নিয়ে ১৮১৬ খৃস্টাব্দে দিল্লির একজন মশহুর আলেম শাহ আবদুল আজিজ-এর কাছে শরিয়তী শিক্ষা গ্রহণ করতে উপস্থিত হলেন। তিন বছর সেখানে সাগরেদী করার পর সৈয়দ আহমদ ইসলাম প্রচার করতে শুরু করেন এবং ভারতীয় ইসলামে যে সব অনাচার বা বিদয়াত ঢুকে পড়েছে, সেগুলোর প্রতি কঠোর আক্রমণ পরিচালনা করে একদল গোড়া ও হাঙ্গামাবাজ অনুচর সংগ্রহ করলেন। ১৮২০ খৃষ্টাব্দে সৈয়দ আহমদ ধীরে ধীরে দক্ষিণ অঞ্চলে সফর করে ফিরলেন। তখন তার মুরীদান তার ধর্মীয় মাহাত্মা স্মরণ করে সাধারণ নফরের মত তার দ্বিমত করত এবং দেশমান আলেম খিদমতগাবের মত খালি পায়ে তার পারি দু পারে দৌড়ে দৌড়ে যেতেন। ১৮২২ সনে তিনি মক্কায় হজ্ব করতে যান এবং এভাবে তার পূর্বতন দস্যুবৃত্তিকে হাজীর পবিত্র আলখেল্লায় বেমালুমভাবে ঢাকা দিয়ে তিনি পরবর্তী অক্টোবর মাসে বোম্বাই শহরে উপস্থিত হন। (শিখরা লাহোরে ও অন্যান্য স্থানে বহুদিন ধরে হুকুমত চালাচ্ছে।

তারা মসজিদে আযান দিতে দেয় না এবং গো-জবেহ একেবারে বন্ধ করে দিয়েছে। যখন তাদের অপমান-অত্যাচার সহ্যের সীমা অতিক্রম করল, তখন হযরত সৈয়দ আহমদ (তার সৌভাগ্য ও প্রশংসা অক্ষয় হোক) একমাত্র দ্বীনের হিফাযত করতে উদ্বুদ্ধ হয়ে কয়েকজন মাত্র খাদিম সাথে নিয়ে কাবুল ও পেশোয়ারের দিক দিকে রওনা হলেন .....কয়েক হাজার ঈমানদার মুসলমান তার আহ্বানে আল্লাহর রাহে চলতে তৈরি হয়েছে এবং ১৮২৬ সনের ২১শে ডিসেম্বর তারিখে বিধর্মী শিখদের বিরুদ্ধে জিহাদ আরম্ভ করা হয়েছে) * ১৮৩০ সালের জুন মাসে একবার পরাজিত হয়ে ও মুজাহিদ সৈন্যরা অকুতোভয়ে সমতলভূমি দখল করে ফেলে আর সে বছর শেষ হওয়ার পূর্বেই পাঞ্জাবের রাজধানী পেশোয়ার তাদের হস্তগত হয়। ...তার প্রকৃত মুজাহিদ বাহিনী ছিল হিন্দুস্তানী ধর্মান্ধদের নিয়ে গঠিত। ইমাম আহমদ সাহেবের প্রধান খলিফাদের মধ্যে দু'ভাই ছিলেন। তারা হচ্ছেন জনৈক নামজাদা নরঘাতকের দুই পৌত্র। তাদের হামলার হাত শিখ গ্রামগুলোর উপর পড়তে লাগল বটে, কিন্তু বিধর্মী ইংরেজদের উপর আঘাত হানতে পারলেই তারা তীব্র উল্লাস উপভোগ করত। যতদিন আমরা জিহাদের দিকে নজর দিইনি, ততদিন তারা দলে দলে হামলা করে আমাদের প্রজা ও মিত্রদের ধরে নিয়ে গেছে কিংবা খুন করে ফেলেছে; আর যখন শক্তি প্রয়োগে তাদের নির্মূল করতে আমাদের সৈনাদেরকে মারাত্মকভাবে পরাজিত করছে এবং অনেককাল ধরে বৃটিশ ভারতের সীমান্ত বাহিনীকে অবজ্ঞাভরে দূরে ঠেলে রেখেছে।

আমাদের সাম্রাজ্যের রাষ্ট্রদ্রোহী ও ধর্মান্ধ প্রজাদের সাহায্যপুষ্ট একটা বিদ্রোহী ও নির্বাসিতের বসতি তীব্র হিংসার বশবর্তী হয়ে কিভাবে যুদ্ধের চ্যালেঞ্জ জানাতে সাহসী হতে পারে, এটা বোঝা মোটেই শক্ত ব্যাপার নয়। কিন্তু এটা বোঝা খুবই শক্ত যে, একটা সুসভ্য দেশের সেনাবাহীনির সুকৌশল ও সমরনীতির বিরুদ্ধে কিভাবে তারা বহুকাল টিকে থাকতে পারে। ...শেষ পর্যন্ত ১৮৩১ সনের উনি (আহমদ সাহেবের) পতন ও মৃত্যু হল।" (দি ইন্ডিয়ান মুসলমানস পৃষ্ঠা ১২১)

পূর্ণ বিদ্বেষ নিয়ে যদি ও হান্টার এসব তথ্য পরিবেশন করেছেন, যদি ও বিপ্লবী সৈয়দ আহমদের চরিত্রে মিথ্যার কালি মাখিয়েছেন, তবুও প্রমাণ হয় তার বীরত্ব, বাহাদুরি, সংগঠন ও আত্মত্যাগের কথা।

সৈয়দ আহমদ ও তার অনুসারীরা প্রায় সকলেই কোন যুদ্ধে এবং কোন ঘটনাকে কেন্দ্র করে শহীদ হন-সে সম্বন্ধে যে তথ্য পাওয়া যায় তা এ রকম: বালাকোটের শেষ যুদ্ধে পূর্বেও সৈয়দ আহমদ সাহেব নির্দেশ দিয়েছিলেন, বিপক্ষ সৈন্য পাহাড় থেকে নীচে না নামা পর্যন্ত বা তারা আক্রমণ না করা পর্যন্ত আমাদের আক্রমণ বন্ধ থাকবে। পাতিয়ালার সৈয়দ চেরাগ আলী বিপ্লবী যোদ্ধাদের জন্য পায়েস রান্না করছিলেন আর বিপক্ষ সৈনাদের ঘাটির দিকে লক্ষ্য রাখছিলেন।

হঠাৎ তার ভাবান্তর হয়-যে লাঠি দিয়ে তিনি ফুটন্ত পায়েস নাড়াচাড়া করেছিলেন তা দিয়ে তিনি এ তামার হাড়ির গায়ে জোরে জোরে আঘাত করতে লাগলেন। আকাশের দিকে তাকিয়ে চিৎকার করে বললেন, 'ভাইসব, স্বর্গ হতে লাল পোশাক পরেসুন্দরীরা দল বেঁধে নামছে।' এ বলে অস্ত্র হাতে তিনি কারও পরামর্শ না নিয়ে ছুটতে লাগলেন শত্রু সৈন্য খাটির দিকে।"এ ঘটনা এমনই ক্ষিপ্রতার সাথে হইয়া গেল যে, কিসে কি হইল কেহ বুঝিবার পূর্বেই সৈয়দ চেরাগ আলী গুলি লাগিয়া শহীদ হইলেন। তিনিই বালাকোটের প্রথম শহীদ।" (দ্রষ্টব্য 'হঃ সৈয়দ আহমদ শহীদ, পৃষ্ঠা ৫৯৮)। বাধ্য হয়েই পরিকল্পনা বিরোধী কাজ মোজাহেদ বাহিনীকে করতে হল, অর্থাৎ এলোমেলোভাবে অপ্রস্তুতির সাথে ঝাপিয়ে পড়তে হল। এ অতর্কিত আক্রমণের বিরুদ্ধে এবং শেষ পরিণতিতে প্রায় সকলকেই নিহত হতে হয়েছিল।

বিখ্যাত লেখক ও বিচারপতির উদ্ধৃতি দিয়ে প্রসঙ্গ শেষ করতে চাইছি-১৮৩১ খ্রীষ্টাব্দের ৬ই মে এ যুদ্ধ হয়। এটাকে ঠিক যুদ্ধ বলা চলে না। এক পক্ষে বিশ হাজার সুশিক্ষিত ও সুসজ্জিত সৈন্য....(আর এক পক্ষে) ভগ্নোৎসাহ প্রায় ৯০০ মোজাহিদ। এ ছিল মৃত্যু অভিসারীদের বাহ্নিবন্যার মুক্তিন। দুর্দম বেগে তারা ঝাপিয়ে পড়লেন জীবন মৃত্যু মিশেছে যেথায় মত্ত ফেনিল স্রোত'। শাহাদত বরণ করলেন সঙ্গী সহ সৈয়দ আহমাদ ও শাহ ইসমাঈল।" (দ্রষ্টব্য ওহাবী আন্দোলন, পৃষ্ঠা ১৯৫)।

১৮৩১ খৃষ্টাব্দে হযরত আহমদ সাহেব শহীদ হলেও তার সংগঠন ও আন্দোলন কিন্তু শহীদ বা শেষ হয়নি। পরবর্তীকারে তথাকথিত সিপাহী বিদ্রোহ এবং ১৯৪৭ সনের পূর্ব পর্যন্ত যারা ইংরেজদের বিরুদ্ধে সংগ্রাম চালিয়ে গেছেন, তারা এবং তাদের আন্দোলন সৈয়দ আহমদ বেরেলীর (রহঃ) অঙ্কুরিত বীজের সফল বৃক্ষ বলা যায়। (দ্রষ্টব্য ভারত পাকিস্তান ও বাংলাদেশের সত্যিকারের ইতিহাসঃ শ্রীরতন লাহিড়ী, পৃষ্ঠা ১)

প্রকৃত স্বাধীনতা সংগ্রামের চাপা দেয়া ইতিহাস

বেরেলীর সৈয়দ আহমদ শহীদের (রহঃ) নিহত হওয়ার পর যেসব আন্দোলন, বিদ্রোহ বা সংগ্রাম সংঘটিত হয়েছিল, সেগুলোকে বিকৃত করে তাদের নাম পাল্টে কোনটাকে বলা হয়েছে সিপাহী বিদ্রোহ, কোনটাকে বলা হয়েছে ওহাবী আন্দোলন, ফারায়েজী আন্দোলন, মহম্মদী আন্দোলন, আবার কোনটাকে হিন্দু-মুসলমানের সাম্প্রদায়িক দাঙ্গা বলে চালিয়ে দেয়া হয়েছে।

ওহাবী নেতাদের 'ওহাবী' বলা মানে তাদের শ্রদ্ধা করা তো নয়ই বরং নিশ্চিতভাবে গালি দেয়াই হয়, যেহেতু সে মহান বিপ্লবীরাই তাদেরকে 'ওহাবী' নামে আখ্যায়িত করার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছিলেন। 'বাঙ্গালী বুদ্ধিজীবী ও

বিচ্ছিন্নতাবাদ' পুস্তকে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক অমলেন্দু দে-ও একথা উল্লেখ করেছেন (পৃষ্ঠা ৯৫)। সেজন্য আমরা আমাদের আলোচনায় 'সিপাহী বিদ্রোহ' এবং 'ওহাবী' বা ফারায়েজী আন্দোলনের পরিবর্তে 'স্বাধীনতা সংগ্রাম', 'মহাবিপ্লব মহাবিদ্রোহ' এবং ব্যক্তি বিশেষের ক্ষেত্রে 'ওহাবী, ফারায়েজ' ও 'মুহাম্মদী' শব্দের পরিবর্তে 'বিপ্লবী সংগ্রামী' প্রতি সম্মানসূচক শব্দ ব্যবহার করা ভাল মনে করি। এমনকি সংস্কৃতির কোন কোন ক্ষেত্রেও আমরা এ শব্দগুলো বাদ দিয়ে মূল শব্দের প্রথম অক্ষর বন্ধনীর মধ্যে রাখব-যেমন ওহাবী বা অহাবীর ক্ষেত্রে (ও. বা অ.) ফারায়েজীর ক্ষেত্রে (ফ.) ইত্যাদি। উদ্দেশ্য হল, ভবিষ্যতে যাতে এ কল্পিত, মিথ্যা শব্দগুলোর বহুল প্রচার না হয়।

এ প্রসঙ্গে আরও জানিয়ে রাখছি যে, অনেকক্ষেত্রে দেখা যায়, অনেকের একাধিক নাম থাকে। যেমন রামকৃষ্ণ পরমহংসদেবের, অপর নাম ছিল 'গদাধর। এখন ইতিহাসে যদিতাকে গদাধর বলে প্রকাশ করা হয়, তাহলে তা অনিচ্ছাকৃত হলে অসাবধানতা এবং ইচ্ছাকৃত হলে অসভ্যতা বলে মনে করা যেতে পারে। তেমনি, স্বামী বিবেকানন্দের পূর্বনাম ছিল নরেন্দ্রনাথ। তার আগের নাম ছিল বীরেশ্বর। সে বীরেশ্বরের সংক্ষিপ্ত 'বীরে' থেকে ক্রমে 'বিলে' বলেই তাকে ডাকা হত (মনীষীদের ছোটবেলা ঃ বিমল ঘোষ, পৃষ্ঠা ৮৯)। এখন তাঁর স্বর্ণোজ্জ্বল ইতিহাস যদি 'স্বামী বিলে' বরে আরও ও শেষ করা হয়, তাহলে তা হবে অতীব দুঃখের। কিন্তু অনেকক্ষেত্রে দেখা যাচ্ছে, বিখ্যাত বিখ্যাত নেতাদের আসল নামের পরিবর্তে, জানিনা কোন উদ্দেশ্যে ছেলেবেলার সেকেলে আজেবাজে নাম ব্যবহার করা হয়েছে-যেমন তিতুমীর, নোয়ামিঞা, দুদু প্রভৃতি। এ ঐতিহাসিক ভুলটি অত্যন্ত বেদনাদায়ক। আমরা তাই তাদের আসল ও সুন্দরতম নাম ব্যবহার করার পক্ষপাতি।

প্রথমে 'ওহাবী' জিনিসটা কি সে সম্বন্ধে সামান্য আলোচনা করছি। আরবদেশে ১৭০৩ খৃস্টাব্দে আবদুল ওহাবের ছেলে মুহাম্মদের জন্ম হয়। আর দেশের নিয়মানুযায়ী এ নাম 'মুহাম্মদ ইবনে আবদুল ওহাব' বলে বর্ণিত হয়। জন্মস্থানের নাম ছিল নজ্‌দ। এ ওহাবী আন্দোলনের নায়কের নাম আসলে মুহাম্মদ। ইংরেজদের কারসাজিতে ছেলেদের পরিবর্তে বাপের নামেই ইতিহাস তৈরী হয়েছে, তাদের রাখা এ নাম হল ওহাব।

আরবদেশ যখন শিরক, বিদআত ও অধর্মীয় আচরণে ছেয়ে গিয়েছিল, তখন তা রুখতে এ ওহাবের পুত্র মুহাম্মদ প্রতিবাদী দল গড়ে তোলেন। ক্রমে ক্রমে তা রাজনৈতিক সংঘর্ষের রূপ নেয়। ১৭৪৭ সনে রিয়াদের শেখের সাথে সংঘর্ষ হয়। ১৭৭৩ সনে রিয়াদের শাসন দাহহাম আবদুল ওহাবের পুত্র মুহাম্মাদের কাছে ভীষণভাবে পরাজিত হন। আরববাসীরা এ ঘটনার পর দলে দলে তাঁর পতাকাতলে সমবেত হয়। অবশেষে ১৭৮৭ খৃষ্টাব্দে তিনি মারা যান। ওহাবী

আন্দোলনের ১১৬ পৃষ্ঠায় আছে-"আবদুল ওহাবের ধর্মীয় শিক্ষা ও মতবাদের আলোচনায় প্রথমেই বলে রাখা ভাল, আরবদেশে 'ওহাবী' নামাঙ্কিত কোন মযহাব বা তরিকার অস্তিত্ব নেই। এ সংজ্ঞাটির প্রচলন আরবদেশের বাইরে এবং এ মতানুসারীদের বিদেশী দুশমন, বিশেষতঃ তুর্কীদের ও ইওরোপীয়দের দ্বারা "ওহাবী" কথাটির অর্থ এবং তাদের মধ্যেই প্রচলিত। কোনও কোনও ইউরোপীয় লেখক, যেমন নীবর (Niebuhr) আবদুল ওহাবকে পয়গম্বর বলেছেন। এসব উদ্ভট চিন্তারও কোনো যুক্তি নেই। প্রকৃতপক্ষে আবদুল ওহাব কোনও মাজহাবও সৃষ্টি করেননি, চার ইমামের অন্যতম ইমাম হাম্বলের মতানুসারী ছিলেন তিনি, এবং তার প্রযত্ন ছিল, বিশ্বনবীর এবং খোলাফায়ে রাশেদীনের আমলে ইসলামের যে রূপ ছিল, সে আদিম সহজ সরল ইসলামে প্রত্যাবর্তন করা" (জাস্টিস আঃ মওদুদ)। তারিখ হিসেব করে দেখা যায়, আরবের মুহম্মদ ইবনে আবদুল ওহাবের যখন মৃত্যু হচ্ছে তখন সৈয়দ আহমদ বেরেলীর বয়স মাত্র এক বছর। তার সাথে যে এর কোন যোগাযোগ ছিলনা, তা সুস্পষ্টই প্রমাণ হয়।

কিতাবুত তাওহীদে হাম্বল মাজহাব অনুযায়ী আবদুল ওহাবের পুত্র মুহাম্মদ যা যা নির্দেশ দিয়েছিলেন, তা বিস্তারিত উল্লিখিত হয়েছে। তবে তার সংক্ষেপ হচ্ছে : আল্লাহ ছাড়া কাব্য ও উপাসনা করা এবং পীর ও ওলীদের কবরে গিয়ে তাদের কাছ থেকে সাহায্য চাওয়া কঠোরভাবে নিষিদ্ধ; মাধ্যম ব্যতিরেকে সরাসরি আল্লাহর কাছে সাহায্য চাইতে হবে। আল্লাহ ছাড়া কারও নামে মাত কর। শিরক। কোরআন হাদীসের সরল অর্থকে বেঁকিয়ে ব্যাখ্যা করা নিষিদ্ধ। তাছাড়া জামাতের সাথে নামায পড়া তার সময় ছিল জরুরী। ধুমপানকারীদের শাস্তি ছিল বেত্রাঘাত। মুসলমান দাড়ি কামালে ৫ শাস্তির উপযুক্ত। যাকাত ঠিকমত না দিলে সেও শাস্তিরযোগ্য। শুধু কলেমা পড়ে আল্লাহ নাম নিয়ে কোন হালাল পশু জবেহ করলেও তা হালাল বাদ্য হবে না, যদি তার চরিত্র মোটামুটি কলঙ্কমুক্ত না হয়। তাছাড়া তিনি কবরের উপর সৌধ নির্মাণ, কবরকে ইট ও পাথর দিয়ে বাঁধান প্রভৃতির উপর নিষেধাজ্ঞা দিয়েছিলেন। এগুলো শুধু তার মুখের কথাই ছিলনা, বাস্তবে রূপ দিতে মক্কা ও মদীনার অনেক নামজাদা মনীষীর কবর তিনি ভেঙে দিয়েছিলেন।

অন্যদিকে আমরা দেখতে পাচ্ছি, দিল্লীর শাহ ওলিউল্লাহ থেকে শুরু করে তাঁর পুত্র, শিষ্য ও ছাত্রগণ এমনকি শহীদ সৈয়দ আহমদ এবং তার অনুগামীদের সকলেই মুসলমানদেরকে শরীয়তের উপর প্রত্যাবর্তন করার তাগিদ দিয়েছিলেন। ফলে কবর বাধান বা কবরের উপর সৌধ নির্মাণ করা থেকে ক্রমে মুসলমানরা বিরত হতে থাকে। ইংরেজরা মুসলমান বিপ্লবীদের মতিগতি লক্ষ্য করে, এ আন্দোলন যে তাদের বিরুদ্ধে অব্যর্থ আগ্নেয়গিরির সৃষ্টি করছে তা বুঝতে পেরেছিল। তাই তারা কতকগুলো দরিদ্র ও দুর্বলমনা আলেমকে টাকা দিয়ে ঘুরিয়ে

তাদের মুখ দিয়ে বলিয়েছিল নিল-তোমরা যুগ যুগ ধরে যাকরে আসছি, তা করতে থাক। এ বিপ্লবীরা আসলে ওহাব; ওরা নবী, সাহাবী ও ওলীদের কবর ভাঙার দল। ইংরেজ তাদের প্রচারে যোগ দিয়ে বলল, ১৮২২ খৃষ্টাব্দে সৈয়দ আহমদ মক্কায় যান, ওখানে গিয়েই তিনি ওহাবী মতে দীক্ষা গ্রহণ করেন। অথচ এটা একেবারে মিথ্যা কথা। প্রত্যেক সক্ষম মুসলমানের জীবনে একবার মক্কায় গিয়ে হজ্ব করা অবশ্য কর্তব্য। হিসেবেই তিনি গিয়েছিলেন। তাঁর হজে যাওয়ার পূর্বের এবং পরের কার্যাবলীর সাথে আরবের 'ওহাবী' আন্দোলনের কোন যোগাযোগই ছিলনা।

তথ্যসূত্র: চেপে রাখা ইতিহাস, পৃঃ ১৭৬-১৮১।

ইতিহাসের এক উপেক্ষিত বীর শহিদ শের আলী খান আফ্রিদি

আকতারুল ইসলাম

ইতিহাস ও ইতিহাসের উপাদান নিছকই জড় বস্তু, যা ঐতিহাসিকদের কলমের খোঁচায় কখনো বা প্রাণ লাভ করে, কখনো বা তা নির্জীব হয়ে পড়ে থাকে। কালের পরিক্রমায় কোন ঘটনা ইতিহাসের মনোযোগের বিষয়ে পরিণত হবে, আর কোন ঘটনা ইতিহাসের জড় বস্তু হিসেবে উপেক্ষিত হবে, তা সম্পূর্ণ রূপে ইতিহাস প্রনেতাদের ইচ্ছের উপরে বেশি নির্ভর করে। তাদের কলমের খোঁচায় কখনো কখনো কম গুরুত্বপূর্ণ বিষয়গুলো বেশি করে আলোচিত হয়, আবার তাদের বিরাগভাজন হয়ে অতি গুরুত্বপূর্ণ ঘটনাগুলো হয় ইতিহাসের পাদটীকায় মাথা গুঁজে মরে নয়তো কালের গর্ভে চিরতরে বিলীন হয়ে যায়। আজকে এমন একজন বীর শহিদের কথা বলব যার নাম ভারতীয় উপমহাদেশের স্বাধীনতা আন্দোলনের অগ্রপথিকের তালিকায় প্রথমেই উচ্চারিত হবার কথা, পাঠ্য পুস্তকে স্থান পাওয়ার কথা, অথচ ইতিহাস প্রণেতাদের প্রহসনের বলি হয়ে তার নামটা ইতিহাসের পাদটীকায় চাপা পড়ে রয়ে গেছে।

আমাদের কাছে ক্ষুদিরাম বসুর নামটা যতটা পরিচিত ও জনপ্রিয়, শহিদ শের আলী খান আফ্রিদি নামটা ততটাই অজ্ঞাত ও অপরিচিত। অথচ দুজনই আপাদমস্তক ব্রিটিশ শাসন বিরোধী বিপ্লবী হওয়া সত্ত্বেও একজন ইতিহাসের আলোচনার কেন্দ্রবিন্দুতে থাকেলেও অপরজন বরাবরই উপেক্ষিত হয়েছেন।

শের আলী খান আফ্রিদি (তিনি শের আলী নামেই সমধিক পরিচিত) ছিলেন ব্রিটিশ ভারতে জন্মগ্রহণকারী মুসলিম তরুণ বিপ্লবী ও শহিদ। ক্ষুদিরাম বসুর মতো তিনিও ছিলেন ঘোর মাত্রার ব্রিটিশ শাসন বিরোধী তরুণ বিপ্লবী এবং ভারতের স্বাধীনতার জন্য আপ্রাণ লড়াই চালিয়ে যাওয়া এক দেশপ্রেমিক। তিনি আফগানিস্তান পাকিস্তান সীমান্তবর্তী খাইবার পাখতুনখোয়া প্রদেশের জামরুদ নামক এক গ্রামে জন্মগ্রহণ করেন।

শের আলী খান আফ্রিদি তৎকালীন ভারতের পাঞ্জাব প্রদেশের পুলিশ প্রসাশনে ১৮৬০ সালে তাঁর কর্মজীবন শুরু করেন। তিনি মেজর হিউ জেমসের

অধীনে পেশোয়ারের অশ্বারোহী বাহিনীর যোদ্ধা হিসেবে প্রশিক্ষণ লাভ করেন। তার সাহসীকতা ও বীরত্বে মুগ্ধ হয়ে ব্রিটিশ কর্মকর্তা রেনেল টেলর তাকে একটি ঘোড়া, পিস্তল ও সনদপত্র প্রদান করেন। শের আলী খান আফ্রিদি তাঁর সততা, সরলতা ও কর্মনিষ্ঠার জন্য সকলের প্রিয় পাত্রে পরিণত হন। জনাব টেলর শের আলীকে তার ছেলেমেয়েদের দেখাশোনার দায়িত্ব প্রদান করেন।

শের আলী একসময় ভারতের শীর্ষস্থানীয় বিপ্লবী নেতা মৌলানা জাফর থানেশ্বরী, ইয়াহিয়া আলী, মৌলভী আহমেদুল্লা সহ আরো বেশ কিছু ব্রিটিশ শাসন বিরোধী নেতাদের সংস্পর্শে আসেন এবং ভারতের স্বাধীনতার জন্য ব্রিটিশ বিরোধী আন্দোলন- সংগ্রামে আত্মনিয়োগ করেন। ব্রিটিশ সরকার তাদের আন্দোলন দমন করার জন্য উঠেপড়ে লাগেন এবং তাদের বিপ্লবী কার্যক্রম সম্পর্কে জানতে হায়দার আলী নামক এক গুপ্তচরকে তাদের পেছনে লেলিয়ে দেন। হায়দার আলী মৌলানা জাফরসহ বেশ কিছু নেতাকর্মীকে ধরিয়ে দিলে শের আলী তাকে হত্যা করেন। খুনের ঘটনায় তাকে ১৮৬৮ সালে মৃত্যুদণ্ড প্রদান করলেও কলকাতা হাইকোর্টের এক রায়ে তাকে মৃত্যুদণ্ড থেকে অব্যাহতি দিয়ে যাবজ্জীবন কারাদণ্ড প্রদান করা হয় এবং আন্দামান দ্বীপপুঞ্জের কারাগারে আজীবন সাজা ভোগ করার জন্য নিয়ে যাওয়া হয়। সে সময় আন্দামান ও নিকবর দ্বীপপুঞ্জ ছিল আটককৃত ব্রিটিশ বিরোধী বিপ্লবীদের জন্য মূর্তিমান আতঙ্কের নাম। চারদিকে জল বেষ্টিত দ্বীপপুঞ্জ, ভারতের মূল ভূমি থেকে অত্যন্ত দূরবর্তী এক মৃত্যুপুরী। সেসময় এই দ্বীপে যাদের নির্বাসনে পাঠানো হতো তারা হয় অনাহারে দিনাতিপাত করে মারা গেছেন নয়তোবা পালাতে গিয়ে গভীর সাগরে তাদের সলিল সমাধি হয়েছে। আন্দামান দ্বীপপুঞ্জে কোন সেলুলার জেলখানার ব্যবস্থা ছিল না। শের আলীকে অন্যান্য বন্দীদের সাথে পোর্ট ব্লেয়ার দ্বীপের হোপ টাউন অঞ্চলের পানি ঘাটায় বন্দি করে রাখা হয়। ১৮৭২ সালের ৮ ফেব্রুয়ারি বিকেল গড়িয়ে সন্ধ্যা নেমেছে। দ্বীপের নান্দনিক সৌন্দর্য ও সানসেট পয়েন্টে সূর্যাস্ত দেখতে এসেছেন ব্রিটিশ ভারতের বড়লাট লর্ড মায়ো। চারদিকে কড়া নিরাপত্তা বেষ্টনী। তাতে কী! এমন ই এক মোক্ষম সময়ের অপেক্ষায় ছিলেন শের আলী। যেকোন মূল্যে এই অত্যাচারী ব্রিটিশ অধিপতিকে পরোপারে পাঠাতে হবে। ভারতকে পরাধীনতার শৃঙ্খল থেকে মুক্ত করতে হবে। ডানহাতের মুঠোয় পুরে রাখা ধারালো ছুরিটা পেছনে আড়াল করে প্রহরীদের বাঁধা উপেক্ষা করে পৌঁছে গেলেন বড়লাটের কাছে, ছুরিটা পিঠ বরাবর সমূলে ঢুকিয়ে দিলেন। সঙ্গে সঙ্গেই মৃত্যুর কোলে ঢলে পড়ল বন্দী বিপ্লবীদের জন্য মূর্তিমান আতঙ্ক, ভারতের স্বাধীনতার পথের অন্তরায় অত্যাচারী বড়লাট লর্ড মায়ো। একজন পঁচিশ বছর বয়সী ছিপছিপে গড়নের এক তরুণ বিপ্লবীর হাতে তিরোধিত হলেন সর্ব ভারতীয় উপমহাদেশে ত্রাসের রাজত্ব কায়েম কারী এক জালেম শাসক। লর্ড মায়োর মৃত্যু ভারতে ব্রিটিশ শাসনের জন্য

অনেক বড় এক ধাক্কা কারণ বড়লাট বা ভাইসরয় সরাসরি ব্রিটিশ রাজ দরবার কর্তৃক মনোনয়ন প্রাপ্ত ভারতীয় উপমহাদেশে শাসন কার্য পরিচালনায় সর্বোচ্চ কর্তাব্যক্তি। ভারতের স্বাধীনতা আন্দোলনের ইতিহাসে শের আলী খান একমাত্র ব্যক্তি যিনি কোন বড়লাটকে হত্যা করতে সক্ষম হন। শের আলী মূলত সমস্ত ইউরোপীয় সাম্রাজ্যবাদী শক্তিকে ধ্বংস করে ভারতকে পরাধীনতার শিকল থেকে মুক্ত করতে চেয়েছিলেন। অথচ ভাগ্যের কি নির্মম পরিহাস আধুনিক ভারতে শের আলী খান আফ্রিদি নামটা বড় ই অবহেলিত। সাম্প্রদায়িকতার চশমা পরিধানকারী ইতিহাস প্রনেতাগন শের আলীর অবদানকে ইতিহাসের পাদটীকায় চাপা দিতেই বেশি স্বাচ্ছন্দ্যবোধ করেন। ক্ষুদিরাম বসু কিংসফোর্ড নামক এক ব্রিটিশ বিচারককে মারার ব্যর্থ প্রয়াস চালিয়েও ইতিহাসের এক আলোচিত ব্যক্তিত্ব। অথচ ব্রিটিশ ভাইসরয়কে সফলতার সাথে হত্যা করেও শের আলী খান আফ্রিদি এক অপাঠ্য ইতিহাস।

তথ্যসূত্র: বরেন্দ্র বার্তা, ৩ অক্টোবর ২০২০ ইং

সপ্তম অধ্যায়

বিশ্লেষণধর্মী প্রবন্ধ

Tariqah-i-Muhammadiyah Movement: An Analytical Study

Prof. Dr. Muin-ud-Din Ahmad Khan

Tariqah-i-Muhammadiyah movement was launched by Sayyid Ahmad Shahid Brelavi in C.E. 1818 from Delhi with the blessings of Shah 'Abd al-'Aziz Muhaddith Dehlavi. Taking its start as a campaign for religious reform, it quickly assumed the form of a socio-political movement and after a short while, flared up into a *jihad* movement against the anti-Muslim aggressive Sikh regime of the Panjab. Indeed it became most popular in this militant phase and was popularly called *jihad* movement or *Tahrik-i-Mujahidin.* The Indo-British administrators and European writers designated it Indian Wahhabism or Wahabi fanaticism, most probably, owing to their suspicion of its political aspirations on the one hand and due to its resemblance with the so-called Wahhabism[1] of Arabia on the other. Many conservative '*Ulama*' and *Pirs* who detested its uncompromising puritanism and radical reform ideas also termed it *Wahhabiyat* or *Wahhabiyah* by way of reproach. Sayyid Ahmad Shahid himself however called his movement *Tariqah-i-Muhammadiyah.* But the propriety of this term was questioned as early as C.E. 1829 by an opponent, Mir Muhammad 'AH of Madras, who asserted that Sayyid Ahmad had no right to designate his own *Tariqah* as "the Tariqah of Muhammad ".[2] This controversy makes it clear that originally the movement was indeed known as *Tariqah-i-Muhammadiyah.*

A close examination reveals at least four historical strands, which made up this movement. In the first place, Sayyid Ahmad Shahid was a disciple of Shah Abd al-Aziz who initiated him into the popular mystic

orders of *Qadiriyah, Chishtiyah, Suhrawardiyah* and *Nakshbandiyah* as well as into the *Mujaddidiyah Tariqah* or reformed branch of the last one founded by the great *Sufi* reformer Shaykh Ahmad Sarhindi[3]. In addition, Sayyid Ahmad himself had introduced a further reformed mystic order which he called *Tariqah-i-Muhammadiyah** This *Tariqah,* in fact, was the logical

culmination of the spirit of reform introduced into Indo-Muslim mysticism two centuries earlier by Shaykh Ahmad Sarhindi. Shaykh Ahmad's *Tariqah-i-Mujaddidiyah* aimed at guiding the steps of mysticism back to *Shari'ah* and Sayyid Ahmad's *Tariqah-i-Muhammadiyah* stood for nothing less than taming the *leviathan* of Sufism with the loop of *Shariah"*.[5]

Shah Ismail Shahid who became a co-sponsor of *Tariqah-i-Mithammdiyah* movement, wrote in his '*Abaqat:* "those people [who have over-stepped the limits of *Shari'ah* in their mystic path] have themselves untied the loop of *Shari'ah* from their necks, so they cannot be regarded as *AM al-Sunnah* by any means though some of them claim to be so. Rather, the *Ahl al-Sunnah,* in reality are the Companions [of the Prophet] and those who followed them".6 Moreover, while Sayyid Ahmad was undergoing training in mysticism under the guidance of Shah Abd *al-Aziz* and had reached the stage of *Tasawwur-i-Shaykh* or *Shughl-i-Barzakh* which is the highest object of love, he entreated Shah Abd al-Aziz to absolve him of this idolatrous performance and got exemption from it [7]. It can thus be called, in the terminology of Dr. Fazlur Rahman, a type of neo-Sufism *par excellence* * which was indeed, a concomitant of the Islamic revivalism of the 18th and 19th centuries A.C. and on account of its uncompromising stance, it also became suspect with many conservative *Ulama* and *Pirs* who regarded it as a veiled attempt to sabotage Sufism altogether.

In fact, *Tariqah-i-Muhammadiyah* was not merely a mystic order but a complete way of life, Sayyid Ahmad was often heard to say that *Tariqah-i-Muhammadiyah* was "the path of Muhammad which required its votaries to do everything they could for the sake of the pleasure of Allah alone, whether staying at home or travelling on the road, sitting or walking, sleeping or keeping awake, eating or drinking, one ought to aim at obeying the command of Allah and winning His pleasure, one ought to maintain himself and his family with lawful earning, perform his prayers, keep the fasting, go for the pilgrimage to Makkah and so on and so forth.[9]

Secondly and thirdly, *Tariqah-i-Muhammadiyah* proved a concourse of two somewhat analogous religious revivalist trends, both

arising from the reformist tradition of Shah Wali Allah Muhaddith Dehlavi and his son and successor Shah 'Abd al-'Aziz. One of the two trends was carried on by Shah Wali Allah's grandson Shah Ismail, [10] in collaboration with Mawlana 'Abd al-Hayy Phulti," which emphasized the uncompromising monotheism of Islam, revival of the *Sunnah* or pristine Prophetic tradition, and the principle of preferring *Hadith* or Prophetic tradition to the prescriptions of *Fiqh* or schools of Law. It further advocated the revival of *Ijtihad* or fresh systematic thinking for deciding all problems facing the Muslim community, opposed *Taqlid* or blind imitation of Imams, and called for purging Muslim society of *Shirk* or polytheistic accretions and *Bid'at* or sinful innovation [12]. There is reason to believe that Shah Isma'il had begun preaching these reformist ideals at the Jami Masjid of Delhi as early as C.E. 1810.[13] These ideals later crystallized in his *Taqwiyat-ul-lman* [u] whose close resemblance to Shah Wali Allah's *Tuhfat al-Muwahhidin,* coupled with its radicalism and vehemence in denouncing *Shirk* and *Bid'at* and, at the same time, the absence of warlike ideas of Sayyid Ahmad in it, [15] make it evident that the ideas expressed in it were Isma'il's own. According to one report, on the completion of this work, Isma'il submitted it to a gathering of 'Ulama' including Sayyid Ahmad and 'Abd al-Hayy for approval [16] which lends support to our contention.

The above standpoint was fully shared by Mawlana 'Abd al-Hayy Phulti with Shah Isma'il and both of them conscientiously maintained it to the end of their lives. Interogated by a group of '*Ulama*' in C.E. 1824, as to whether they were followers of *Hanafi* school or not, 'Abd al-Hayy replied on behalf of both: "I am in the fold of *Hanafi* school like Tahawi and Karkhi in point of fact which is proved by a reliable Prophetic tradition *(Hadith)* and do not act blindly like the nightly wood-gatherers (who cannot distinguish the dry from the raw). ''

It is interesting to note further that the above reformist ideas of Shah Ismail corresponded in toto to the classical creed of *Ahl-i-Hadith,* which were in fact resuscitated from the Quran and by Shah Wali Allah in his *Hujjat Allah al-Balighat.*[18] This trend was, thus, a theoretical elaboration or further development of the puritanical aspects of Shah Wali Allah's reformist tradition, which was

separated by Shah Ismail from the concourse in order to make it emerge independently as the *Ahl-i-Hadith* movement in Indo-Pak Bangladesh subcontinent.[19]

The other trend of the concourse was developed by Sayyid Ahmad Shahid [20] himself, partly by taking advantage of his close association

মহান আল্লাহ তায়ালা আমাদেরকে এ ধরাধামে প্রেরণ করেছেন তাঁর ইবাদতের উদ্দেশ্যে। তাঁর সেই উবুদিয়াতকে যে মনে প্রাণে মেনে নিবে ও সে অনুযায়ী আমল করবে সে হবে ইনসানে কামেল এবং আল্লাহর প্রিয় বান্দা। আর সে ইবাদত হতে হবে শিরক, কুফর, বিদআতমুক্ত, নিরেট-নির্ভেজাল একমাত্র আল্লাহ রাব্বুল ইজ্জতের সন্তুষ্টি কামনায়। কিন্তু সেই খাঁটি ইবাদতের উপর চলতে বাঁধা সৃষ্টি করে মানুষের প্রকাশ্য চির শত্রু ইবলিস ও তার অনুসারী অবাধ্য জ্বিন। তারা সর্বদা সচেষ্ট কিভাবে একজন মুমিন আবেদকে প্রতিপালকের ইবাদত থেকে বিরত রাখা যায়, কিভাবে তার ইবাদতে শিরক-বিদআত মিশ্রিত করে আমল বরবাদ করা যায়, কিভাবে তাকে পথভ্রষ্ট-গোমরাহ করা যায়। যখন মানুষ শয়তানের ধোঁকায় প্ররোচিত হয়ে কুফর, শিরক-বিদআত, অন্যায় অনাচার, খুন-খারাপী, জুলুম-নির্যাতনের চরম পর্যায়ে পৌছে গিয়েছে, তখন আল্লাহ তা'আলা তাদের অন্তর থেকে সেই শিরক, কুফর, বিদআতের মূলোৎপাটন করে সঠিক পথের দিশা দিতে, তাদেরকে তাওহীদরে উপর অটল-অবিচল রেখে নেক আমলের উপর স্থির করতে যুগে যুগে অসংখ্যা-অগণিত নবী রাসূল প্রেরণ করেছেন। হযরত মুহাম্মাদ (সাঃ) সর্বশেষ নবী ও রাসূল। তাঁর পরে আর কোন নবী-রাসূলের আগমন ঘটেনি, ভবিষ্যতেও আর কোনো নবী-রাসূলের আবির্ভাব হবে না। কিন্তু তাঁর নবুয়তের সে মিশন কিয়ামত পর্যন্ত জারি থাকবে। আল্লাহ তা'আলা তাঁর দ্বীনের হিফাজতকারী। এ দ্বীনকে হিফাজত করতে হযরত মুহাম্মাদ (সাঃ) এর ইনতিকালের পর আল্লাহ তা'আলা যুগে যুগে কিছু হক্কানী আলেম-উলামা, পীর-মাশায়েখ প্রেরণ করেছেন, যারা সমাজ থেকে সকল প্রকার কুফর, শিরক, বিদআত, ভণ্ডামী, অন্যায়-অপরাধ, অনাচার-পাপাচার, জুলুম-নির্যাতনের অবসান ঘটিয়ে সুন্দর দ্বীনী পরিবেশ তৈরী

---

[১৮৭]. সূরা জারিয়াত: ৫৬।

করেছেন। তাদেরকে পরিভাষায় 'মুজাদ্দিদ' (সমাজ সংস্কারক) বলা হয়। তারা নিজেরা যেমন হকের উপর প্রতিষ্ঠিত, তেমনি তারা অন্যদেরকেউ হকের প্রতি আহ্বান করে তাদেরকে একেকজন প্রকৃত মানুষ, আল্লাহওয়ালা হিসেবে গড়ে তুলেছেন।

আলোচ্য নিবন্ধে আমরা কুরআন-সুন্নাহর আলোকে মুজাদ্দিদের পরিচয়, মুজাদ্দিদের আবির্ভাবের সঠিক ব্যাখ্যা, মুজাদ্দিদের প্রকার, গুণাবলী, কার্যাবলি, যুগে যুগে মুজাদ্দিদগণের তালিকা ইত্যাদি বিষয়ে নাতিদীর্ঘ আলোচনা পেশ করব। ইনশা আল্লাহ!

মুজাদ্দিদ পরিচিতি:

'মুজাদ্দিদ' (المجدد) শব্দের শাব্দিক অর্থ:

'মুজাদ্দিদ' (المجدد) শব্দটি বাবে তাফয়ীল (باب التفعيل) থেকে ইসমে মাফউল (اسم المفعول) এর শব্দরূপ। শাব্দিক অর্থ: নতুনভাবে সম্পাদনকারী, নবায়নকারী, সংস্কারকারী, সংস্কারক, সংশোধনকারী, পরিশুদ্ধকারী। [১৮৮]

ইংরেজীতে, Renewer, Innovator, Originator, Modernizer, Reformer.[১৮৯]

পারিভাষিক পরিচয়:

প্রত্যেক শতাব্দীর শুরুতে প্রেরিত একজন সংস্কারক যিনি উম্মতের ক্রান্তিলগ্নে তাদেরকে সকল প্রকার শিরক-বিদআত থেকে মুক্ত করে আহলে সুন্নাত ওয়াল জামাতের আকিদা, আমল, আদর্শের উপর পরিচালিত করেন তাকে মুজাদ্দিদ বলে।

১. মুফতী সায়্যেদ মুহাম্মাদ আমীমুল ইহসান রহ. বলেন,

مَن يُحْيِى مَا انْدَرَسَ مِنَ الْعَمَلِ بِالْكِتَابِ وَالسُّنَّةِ.

মুজাদ্দিদ হলো- 'যিনি কুরআন-সুন্নাহর বিলুপ্ত আমলগুলো পুনরুজ্জীবিত করেন।'[১৯০]

---

১৮৮. ড. রুহী আল বালবাকী, **আল মাওরিদ**, (বৈরুত: দারুল ইলম লিলমালায়ীন, ১৯৯৫খ্রি.), ৭ম সং, পৃ. ৫২০; ড. মুহাম্মদ ফজলুর রহমান, **আল মু'জামুল ওয়াফী**, (ঢাকা: রিয়াদ প্রকাশনী, তা.বি), পরিবর্ধিত ও পরিমার্জিত সং, পৃ. ৮৯১।

১৮৯. **আল মাওরিদ**, প্রাগুক্ত, পৃ. ৯৭৭।

১৯০. মুফতী সায়্যেদ মুহাম্মাদ আমীমুল ইহসান আল মুজাদ্দেদী আল বারাকাতী (মৃত্যু: ১৩৯৫হি./১৯৭৪ খ্রী.), **কাওয়ায়েদুল ফিকহ**, (ভারত: ইউ.পি, দেওবন্দ, আশরাফী বুক ডিপো, তা.বি), পৃ. ৪৬৬।

২. আব্দুল ফাত্তাহ আবু গুদ্দাহ রহ. বলেন,

قال العلقمي: معنى التجديد إحياء ما اندرس من الكتاب والسنة، والأمر بمقتضاهما.

আলকামী রহ. বলেন, (তাজদীদ) সংস্কার হলো-কুরআন-সুন্নাহর হারানো আমলগুলো পুনরুজ্জীবিত করা এবং সে অনুযায়ী (মানুষদেরকে) নির্দেশ প্রদান করা।[১৯১]

৩. 'উইকিপিডিয়া'তে উল্লেখ রয়েছে,

المجدد هو عالم دين يبعثه الله على رأس كل مائة سنة ليجدد للناس دينهم عن طريق القيام بأعمال جليلة ونشر العلم الديني بين الناس بالإضافة إلى إحياء سنن الرسول والرد والمحاربة للبدع المنتشرة بين الناس في زمانه.

মুজাদ্দিদ বলা হয়- প্রত্যেক শতাব্দীর শুরুতে প্রেরিত এমন একজন সংস্কারক আলেম যিনি আমল ও ধর্মীয় ইলম বিস্তারের মাধ্যমে সুন্নাতকে পুনরুজ্জীবিত করেন এবং তাঁর যামানায় প্রকাশিত সকল বিদআতের অবসান ঘটান।[১৯২]

৪. মুজাদ্দিদে আলফে ছানী রহ. বলেন, 'মুজাদ্দিদ ঐ ব্যক্তিকে বলা হয়, যার মাধ্যমে সেই যুগের কুতুব, আওতাদ, আবদাল, নুকাবা, নুজাবা নির্বেশেষে সকল উম্মত ফয়েয ও নূর হাসিল করে থাকেন।[১৯৩]

৫. তাজদীদ (সংস্কার): আব্দুল ফাত্তাহ আবু গুদ্দাহ রহ. উল্লেখ করেন,

ليس المراد منه بحال من الأحوال: تجديد التبديل من الأصل إلى أصل آخر، وإنما هو عادة الدين إلى (جدته الأولى)، بإزالة ما قد يكون دس عليه من أعدائه، أو انحرف الناس به في الممارسة والتطبيق عن الأصل، فهو كغسل الثوب لتنقيته من أدرانه، وإعادة نصاعه إليه.

আর (তাজদীদ) সংস্কার দ্বারা সমাজকে এক অবস্থা থেকে অন্য অবস্থায় পরিবর্তন করা উদ্দেশ্য নয়, বরং এর দ্বারা উদ্দেশ্য হলো- ইসলামের শত্রু কর্তৃক দ্বীনের মধ্যে অনুপ্রবেশকৃত, মানুষের অনুশীলন ও বাস্তবায়নকৃত শিরক-বিদআত,

---

[১৯১]. লাক্ষ্ণৌভী, ইমাম আবুল হাসানাত মুহাম্মাদ আব্দুল হাই হিন্দী (মৃত : ১৩০৪হি.), **আররফউ ওয়াততাকমীল ফিল জারহি ওয়াততাদীল**, তা. আব্দুল ফাত্তাহ আবু গুদ্দাহ (মৃত : ১৪১৭হি.), (বৈরুত : মাকতাবাতুল মাতবুআতুল ইসলামিয়্যাহ, ১৪২৫হি./২০০৪খ্রি.), ৮ম সং, পৃ. ৪৪।

[১৯২]. https://ar.wikipedia.org/wiki

[১৯৩]. মকতুবাতে মুজাদ্দিদে আলফে ছানী রহ., খ.২, মকতুব নং-৪ ; মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি, প্রাগুক্ত, পৃ. ১৪।

কুসংস্কার, বদ রুসুম ইত্যাদি বিদূরিত করার মাধ্যমে ধর্মকে মৌলিক অবস্থার উপর স্থির রাখা। যেমন কাপড় পরিস্কার করে তাঁর থেকে ময়লা বিদূরিত করে মূল অবস্থায় ফিরিয়ে নেয়া হয়।[১৯৪]

৬. ইমাম আবু যুহরা রহ. বলেন,

إنما التجديد هو أن يعاد إلى الدين رونقه، ويزال عنه ما علق بيه من أوهام، ويبين للناس صافيا كجهوره نقيا كأصله، وإنه لمن التجديد أن تحيا السنة وتموت البدعة ويقوم بين الناس عمود الدين.

(তাজদীদ) সংস্কার হলো দ্বীনের সৌন্দর্য ফিরিয়ে আনা, দ্বীনের সাথে যে সকল সংশয় ও ভুল ধারণা মিশ্রিত হয়েছে তা বিলুপ্ত করা এবং দ্বীনকে মানুষের নিকট স্বচ্ছ মনিমুক্তার ন্যায় স্পষ্ট করা। সংস্কার হলো সুন্নাত পুনরুজ্জীবিত করা, বিদআতকে অপসারণ করা এবং মানুষের মাঝে দ্বীনের ভিত্তি স্থাপন করা।[১৯৫]

মুজাদ্দিদ প্রেরণের প্রমাণ

হাদীস নং-১:

রাসূলুল্লাহ (সাঃ) ইরশাদ করেন,

يَحْمِلُ هَذَا الْعِلْمَ مِنْ كُلِّ خَلَفٍ عُدُولُهُ يَنْفُونَ عَنْهُ تَحْرِيفَ الْغَالِينَ وَانْتِحَالَ الْمُبْطِلِينَ وَتَأْوِيلَ الْجَاهِلِينَ.

"প্রত্যেক উত্তর প্রজন্মের আস্থাভাজন শ্রেণি এই ইলমকে গ্রহণ করবে, তাঁরা একে মুক্ত রাখবে সীমালঙ্ঘনকারী (বিদআতীদের) বিকৃতি, বাতিলপন্থীদের মিথ্যাচার এবং মূর্খদের অপব্যাখ্যা থেকে।"[১৯৬]

হাদীসের সনদ পর্যালোচনা:

ইমাম কাস্তাল্লানী রহ. হাদীসটিকে হাসান বলে আখ্যায়িত করেছেন।[১৯৭]

---

[১৯৪]. আররফউ ওয়াততাকমীল ফিল জারহি ওয়াততাদীল, প্রাগুক্ত, পৃ. ৪৪।

[১৯৫]. মুহাম্মাদ আবু যুহরাহ, মুকাদ্দিমাতু মাকালাতুল কাওসারী, (দারুস সালাম, ১৪৩০হি./২০০৯খ্রি.), ৩য় প্রকাশ, পৃ. ১১।

[১৯৬]. ইমাম আবু জাফর আহমাদ ইবনে মুহাম্মাদ তাহাবী রহ. (মৃতঃ ৩২১হি.), **শরহু মুশকিলিল আছার**, তা. শুয়াঈব আরনাউত, (মুয়াসসাসাতুর রিসালাহ, ১৪১৫হি./১৯৯৪ খি.), প্রথম প্রকাশ, খ.১০, পৃ. ১৭, হা. নং-৩৮৮৪; আবু বকর আহমাদ ইবনে আলী খতীব বাগদাদী (মৃতঃ ৪৬৩), **শারাফু আসহাবিল হাদীস**, তা. ড. মুহাম্মাদ সাঈদ, (আনকারাহঃ দারু ইহইয়ায়িস সুন্নাতিন নবাবিয়্যাহ, তা.বি), পৃ. ১১; সালাউদ্দীন আলায়ী (মৃতঃ ৭৬১), **বুগইয়াতুল মুলতামিস**, (বৈরুতঃ আলামুল কুতুব, ১৪০৫হি./১৯৮৫খ্রি.), প্রথম প্রকাশ, পৃ. ৩৪।

হাদীসের ব্যাখ্যা :

যুগ পরম্পরায় যারা আসবে তাদের মধ্যে ন্যায় পরায়ণ, নেককার-দ্বীনদার, মুত্তাকী, সৎকর্মশীল ব্যক্তিবর্গ এই দ্বীনের ইলম সংরক্ষণ করবে এবং বাস্তবায়ন করবে। ফলে তারা কাদরীয়্যাহ, জাবারিয়্যাহ, মুশাব্বিহা ও অন্যান্য বাতিল-বিদআতী আকিদা পোষণকারীদের অপব্যাখ্যা ও বাতিল আকিদাকে বিদূরিত করে আহলে সুন্নাত ওয়াল জামাতের আকীদা প্রতিষ্ঠা করবে ; রাসূলুল্লাহ (সাঃ) এর হাদীস, কর্ম ও সুন্নাতকে বাতীলপন্থীদের বানোয়াট, মিথ্যা-জাল হাদীস থেকে সংরক্ষণ করবে, মানুষের নিকট সত্যকে স্পষ্ট করবে ; এবং অজ্ঞ-মূর্খদের কুরআন ও হাদীসের অপব্যাখ্যা থেকে সাধারণ মানুষকে সতর্ক করবে, সে সকল ব্যাখ্যার অসারতা প্রমাণ করবে এবং সে সকল ব্যাখ্যা গ্রহণ করা থেকে তাদেরকে বিরত রাখবে। [১৯৮]

হাদীস নং-২:

عن أبي هريرة، عن رسول الله {صلى الله عليه وسلم} قال: إِنَّ اللَّهَ يَبْعَثُ لِهَذِهِ الْأُمَّةِ عَلَى رَأْسِ كُلِّ مِائَةِ سَنَةٍ مَنْ يُجَدِّدُ لَهَا دِينَهَا.

হযরত আবু হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (সাঃ) ইরশাদ করেন, 'আল্লাহ তা'আলা এই উম্মত (উম্মতে মুহাম্মাদীর) জন্য প্রত্যেক শতাব্দীর শিরোভাগে এমন মহান ব্যক্তি (মুজাদ্দিদ) প্রেরণ করেন, যিনি বা যারা ঐ উম্মতের উক্ত দ্বীনের সংস্কার করবেন।'[১৯৯]

---

[১৯৭]. আবুল আব্বাস শিহাবুদ্দিন আহমাদ কাস্তাল্লানী (মৃতঃ ৯২৩হি.), **ইরশাদুস সারী শরহুল বুখারী**, (আল মাতবায়াতুল কুবরা আমিরিয়্যাহ, ১৩২৩হি.), ৭ম সং, খ.১, পৃ. ৪।

[১৯৮]. ইমাম মুল্লা আলী আল কারী, আবুল হাসান নুরুদ্দীন (মৃতঃ ১০১৪ হি.), **মিরকাতুল মাফাতীহ**, (দারুল ফিকরঃ বৈরুত-লিবানন, ১৪২২হি./২০০২ খ্রি.), প্রথম প্রকাশ, খ.১, পৃ. ৩২১।

[১৯৯]. আবু দাউদ, সুলাইমান ইবনে আশআছ সিজিস্তানী (মৃতঃ২৭৫হি.), সুনানু আবি দাউদ, তা. মুহাম্মাদ মুহিউদ্দীন আব্দুল হামীদ, (বৈরুতঃ আল মাকতাবাতুল আসরিয়্যাহ, তা.বি.), খ.৪, পৃ. ১০৯, হা. নং-৪২৯১; নিসাপুরী, আবু আব্দুল্লাহ মুহাম্মাদ ইবনে আব্দিল্লাহ (মৃতঃ ৪০৫), আলমুসতাদরাক, তা. মুস্তফা আব্দুল কাদির (বৈরুতঃ দারুল কুতুবিল ইলমিয়্যাহ, ১৪১১হি./ ১৯৯০খ্রি.), ১ম সং, খ.৪, পৃ. ৫৬৫, হা. নং-৮৫৯২; ইমাম আবুল কাসেম তাবারানী (মৃত্যুঃ ৩৬০হি.), **আল মু'জামুল আওসাত**, (কাহিরাঃ দারুল হারামাইন, তা.বি), খ.৬, পৃ. ৩২৩, হা. নং-৬৫২৮।

হাদীসের সনদ পর্যালোচনা:
ইমাম হাকেম নিসাপুরী, ইমাম বাইহাকী, ইমাম ইবনু হাজার আসকালানী রহ. সহ সকল হাফিজুল হাদীস মুহাদ্দিসগণ হাদীসটির সনদ সহীহ বলেছেন। [২০০]

হাদীসের ব্যাখ্যা :
ইমাম মুল্লা আলী কারী রহ. এই হাদীসের ব্যাখ্যায় বলেন, আল্লাহ তা'আলা প্রত্যেক শতাব্দীর শুরুতে বা শেষ ভাগে যখন ইলম সংকীর্ণ হয়ে যায়, সুন্নাতের আমল সীমিত হয়ে যায়, অজ্ঞতা ও বিদআতের সয়লাভ হয় তখন এই উম্মতের দ্বীনের সংস্কারকল্পে একজন মুজাদ্দিদ প্রেরণ করেন যিনি কুফরের পরিবর্তে সুন্নাতের শিক্ষা দেন, দ্বীনি ইলম বিস্তার করেন, আলেমদের মর্যাদা বুলন্দ করেন, বিদআত ধ্বংস করেন ও বিদআতীদের পরাস্ত করেন। [২০১]

এ হাদীস দ্বারা আরও একটি কথা প্রতীয়মান হয় যে, যে শতাব্দীর যিনি মুজাদ্দিদ, সেই শতাব্দীর প্রথম ভাগে তিনি আল্লাহ তা'আলার তরফ হতে মুজাদ্দিদ হিসেবে মনোনীত হবেন এবং তার সংস্কারমূলক খেদমতের আঞ্জাম দিবেন। কিন্তু উক্ত মুজাদ্দিদের জন্ম মৃত্যু কবে হবে তা উক্ত হাদীসে উল্লিখিত হয় নাই। কাজেই বুঝা যাচ্ছে যে, যে শতাব্দীতে যিনি মুজাদ্দিদ তার জন্ম ঐ শতাব্দীর প্রথম ভাগেও হতে পারে অথবা পূর্ববর্তী শতাব্দীর শেষ ভাগেও হতে পারে। অনুরূপভাবে তাঁর মৃত্যু উক্ত শতাব্দীর প্রথম ভাগ, মধ্যভাগ বা শেষ ভাগেও হতে পারে। [২০২]

ইমাম ইবনুল আছীর রহ. এই হাদীসের ব্যাখ্যায় দীর্ঘ আলোচনার পর বলেন,

فَالْأَحْسَنُ وَالْأَجْدَرُ أَن يَكُوْنَ ذَلِكَ إِشَارَةً إِلَى حُدُوْثِ جَمَاعَةٍ مِنَ الْأَكَابِرِ الْمَشْهُوْرِيْنَ عَلَى رَأْسِ كُلِّ مِائَةِ سَنَةٍ يُجَدِّدُوْنَ لِلنَّاسِ دِيْنَهُمْ، وَيَحْفَظُوْنَ مَذَاهِبَهُمُ الَّتِي قَلَّدُوْا فِيْهَا مُجْتَهِدِيْهِمْ وَأَئِمَّتَهُمْ.

অতএব, উচিৎ হলো- এই হাদীসটি এ দিকে ইঙ্গিত করে যে, এর দ্বারা এমন একদল প্রসিদ্ধ আকাবীর আলেম (মুজাদ্দিদ) উদ্দেশ্য, যারা প্রত্যেক শতাব্দীর শিরোভাগে প্রেরিত। তাঁরা তাঁদের দ্বীনের হিফাজত করবেন এবং তাঁরা যে সকল

---

[২০০]. সুয়ূতী, আবুল ফযল জালালুদ্দীন আব্দুর রহমান (মৃত্যু: ৯১১হি.), **মিরকাতুস সউদ ইলা সুনানি আবি দাউদ,** (লিবানন: দারু ইবনে হাজম, ১৪৩৩হি./২০১২খ্রি.), ১ম প্রকাশ, খ.৩, পৃ. ১০৬১।

[২০১]. **মিরকাতুল মাফাতীহ**, প্রাগুক্ত, খ.১, পৃ. ৩২১।

[২০২]. মাওলানা মুহাম্মাদ আযীযুর রহমান, **মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি**, (ঝালকাঠী: নেছারাবাদ হিযবুল্লাহ দারুত্তাছনীফ, ২০১৫খ্রি.), ৫সং, পৃ. ১২।

মুজতাহিদ আলেমগণের অনুসরণ (তাকলীদ করেন) তাঁদের মাযহাবকে সুরক্ষিত রাখবেন।[২০৩]

উপর্যুক্ত হাদীস থেকে প্রমাণিত হয় যে, প্রত্যেক হিজরী শতাব্দীর প্রথম ভাগে আল্লাহ তা'আলা অনুগ্রহপূর্বক শতাব্দীর শেষভাগে উদ্ভূত সকল প্রকার শিরক, কুফর, বিদআত, কুসংস্কার বিদূরিত করে আহলে সুন্নাত ওয়াল জামাতের অনুসৃত খাঁটি ইসলামকে পুনরুজ্জীবিত করার জন্য মুজাদ্দিদ (সংস্কারক) প্রেরণ করেন।[২০৪]

মুজাদ্দিদের প্রকার :

মুজাদ্দিদের যোগ্যতা, গুণাবলি ও কামালিয়্যাত বিবেচনায় এবং বাতিল মতবাদ, বাতিল ফিরকার প্রাদুর্ভাব, বিদআত, কুসংস্কার সয়লাব হওয়ার বিবেচনায় মুজাদ্দিদকে দুই ভাগে ভাগ করা যায়।

এক. মুজাদ্দিদে মিয়াত (শতাব্দীর মুজাদ্দিদ) : প্রতি শতাব্দীর শিরোভাগে যে মুজাদ্দিদ প্রেরিত হন, তিনি সমাজ থেকে সকল প্রকার, শিরক, বিদআত, কুসংস্কার বিদূরিত করেন, তাকে মুজাদ্দিদে মিয়াত (শতাব্দীর মুজাদ্দিদ বলে)। পূর্বোল্লিখিত হাদীসে যার প্রমাণ রয়েছে।

দুই. মুজাদ্দিদে আলফ (সহস্রাব্দের মুজাদ্দিদ) : যেহেতু শতাব্দীর শেষ ভাগের চেয়ে সহস্রাব্দের শেষ ভাগে বাতিল মতবাদ ও বাতিল ফিরকার প্রাদুর্ভাব বহুগুণে বৃদ্ধি পায়, সেহেতু শতাব্দীর মুজাদ্দিদের চেয়ে সহস্রাব্দের মুজাদ্দিদ বহুগুণে কামেল হয়ে থাকেন। সহস্রাব্দের মুজাদ্দিদের ব্যাপারে কয়েকটি উদ্ধৃতি 'মকতুবাতে মুজাদ্দিদে আলফে ছানী রহ.' থেকে উল্লেখ করা হলো-

১. 'জাতব্য যে, প্রত্যেক শতাব্দীর প্রারম্ভে এক বা একাধিক মুজাদ্দিদের আবির্ভাব ঘটে। কিন্তু শতাব্দীর মুজাদ্দিদ ভিন্ন ও সহস্রাব্দের মুজাদ্দিদ ভিন্ন। যেরূপ শত বছর ও সহস্র বছরের মধ্যে পার্থক্য বিদ্যমান ; শতাব্দীর মুজাদ্দিদ এবং সহস্রাব্দের মুজাদ্দিদের মধ্যেও ঠিক সেরূপ বরং ততোধিক পার্থক্য বিদ্যমান রয়েছে।'[২০৫]

---

[২০৩]. ইবনুল আসীর জাযুরী, মাজদুদ্দীন আবু সাআদাত শাইবানী (মৃত্যু:৬০৬হি.), **জামেউল উসূল ফি আহাদিসির রাসূল**, (বৈরুত: দারুল কুতুবিল ইলমিয়্যাহ, ১৩৯২হি./১৯৭২খ্রি.), খ.১১, পৃ. ৩১৯।

[২০৪]. **মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি**, প্রাগুক্ত, পৃ. ১২।

[২০৫]. মকতুবাতে মুজাদ্দিদে আলফে ছানী রহ., খ.২, মকতুব নং-৪ ; **মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি**, প্রাগুক্ত, পৃ. ১৪।

২. 'হে বৎস ! পূর্ববর্তী আম্বিয়ায়ে কিরামের যুগে যখন পৃথিবী কুসংস্কারাচ্ছন্ন হয়ে যেত, তখন এক একজন উলূল আযম পয়গম্বর প্রেরিত হতেন এবং নতুন শরীয়ত প্রবর্তন করতেন। হযরত মুহাম্মাদ (সাঃ) শেষ নবী বিধায় তাঁর উম্মতের আলেমগণকে বনী ইসরাঈল বংশীয় নবীগণের মর্তবা দান করা হয়েছে এবং তাঁদের দ্বারা পয়গম্বর প্রেরণের আবশ্যকতা পূর্ণ করা হয়েছে। এজন্য প্রত্যেক শতাব্দীর প্রারম্ভে উম্মতে মুহাম্মাদীর আলেমগণের মধ্য হতে কোন এক ব্যক্তিকে শতাব্দীর মুজাদ্দিদ হিসেবে মনোনীত করা হয়, যেন তিনি দ্বীন-শরীয়তকে পুনরুজ্জীবিত করেন। বিশেষত সহস্র বছর অতিবাহিত হওয়ার পর পূর্ববর্তী যামানার উলুল আযম পয়গম্বর প্রেরিত হতেন। কেননা, তখন সাধারণ পয়গম্বর দ্বারা যথেষ্ট হতো না। বর্তমান যামানার অবস্থাও ঠিক তদ্রূপ। সুতরাং আল্লাহ তা'আলার পূর্ণ পরিচয় প্রাপ্ত (মারেফাতের অধিকারী) এমন এক বুযুর্গ ব্যক্তির আবির্ভাব আবশ্যক, যিনি উলুল আযম পয়গম্বরের স্থলাভিষিক্ত হবেন।'[২০৬]

৩. 'এরূপ বুযুর্গ ব্যক্তি (সহস্রাব্দের মুজাদ্দিদ) কোন সময় একাধিক হন না। কেননা, তাদের আবির্ভাব বহুদিন পর হয়ে থাকে।'[২০৭]

৪. কাযী ছানাউল্লাহ পানিপথি রহ. বলেন, 'হযরত মুহাম্মাদ (সাঃ) এর পূর্ববর্তী যামানায় মানুষের হেদায়েতের জন্য প্রত্যেক যুগে একই সময় বিভিন্ন অঞ্চলে বিভিন্ন নবী প্রোরিত হতেন। হাদীস শরীফে আছে, নবীগণের সংখ্যা এক লক্ষ চব্বিশ হাজার এবং রসূলগণের সংখ্যা ৩১৩ জন এবং হাজার বছর অথবা এর চেয়ে কম সময় পর একজন উলুল আযম পয়গম্বর প্রেরিত হন।

হযরত আদম আ. এর এক হাজার বছর পর হযরত নূহ আ., হযরত নূহ আ. এর এক হাজার বছর পর হযরত ইব্রাহীম আ., হযরত ইব্রাহীম আ. এর এক হাজার বছর পর হযরত মুসা আ., হযরত মুসা আ. এর এক হাজার বছর পর হযরত ঈসা আ. উলুল আযম পয়গম্বর হিসেবে প্রেরিত হয়েছে। হযরত ঈসা আ. এর প্রায় ছয়শত বছর পর হযরত মুহাম্মাদ (সাঃ) উলুল আযম ও সর্বশেষ পয়গম্বর হিসেবে প্রেরিত হয়েছেন।

কাজেই হযরত মুহাম্মাদ (সাঃ) এর ইন্তিকালের পর তাঁর উম্মতের ওলীগণ মানুষের হেদায়েতের জন্য তাঁর নায়েব হবেন। রাসূলুল্লাহ (সাঃ) ইরশাদ করেছেন,

اَلْعُلَمَاءُ وَرَثَةُ الْأَنْبِيَاءِ

আলেমগণ নবীগণের ওয়ারিস (উত্তারাধিকারী)।[২০৮]

---

২০৬. মকতুবাতে মুজাদ্দিদে আলফে ছানী রহ., খ.১, মকতুব নং-২৩৪ ; মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি, প্রাগুক্ত, পৃ. ১৪।

২০৭. মকতুবাতে মুজাদ্দিদে আলফে ছানী রহ., খ.১, মকতুব নং-২৩৪ ; মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি, প্রাগুক্ত, পৃ. ১৪।

২০৮. সুনানু আবি দাউদ, কিতাবুল ইলম, বাবুল হিচ্ছি আলা তলাবিল ইলম, প্রাগুক্ত, হা. নং-৩৬৪১।

উম্মতে মুহাম্মাদীর আলেমগণের মধ্য হতে কতককে প্রত্যেক শতাব্দীর বিশিষ্ট মর্তবা দান করা হয়েছে। (তারা শতাব্দীর মুজাদ্দিদের মর্তবা লাভ করেছেন)। তাদের মর্তবা পূর্ব যামানার রসূলগণের ন্যায়। তাঁরা দ্বীনের তাজদীদ করেন। (অর্থাৎ কুসংস্কার দূর করে শরীয়তকে পুনরুজ্জীবিত করেন।)

রাসূলুল্লাহ ইরশাদ করেন,

إنَّ اللهَ يَبْعَثُ لِهٰذِهِ الأمَّةِ عَلى رَأسِ كُلِّ مِائَةِ سَنَةٍ مَنْ يُجَدِّدُ لَها دينَها

হযরত আবু হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (সাঃ) ইরশাদ করেন, 'আল্লাহ তা'আলা এই উম্মত (উম্মতে মুহাম্মাদীর) জন্য প্রত্যেক শতাব্দীর শিরোভাগে এমন মহান ব্যক্তি (মুজাদ্দিদ) প্রেরণ করেন, যিনি বা যারা ঐ উম্মতের উক্ত দ্বীনের সংস্কার করবেন।'[২০৯]

যখন হাজার বছর অতিবাহিত হয়ে গিয়েছে এবং একজন উলুল আযম পয়গম্বরের আবির্ভাবের সময় উপস্থিত হয়েছে, তখন আল্লাহ তা'আলা তাঁর পূর্ব নিয়মানুযায়ী দ্বিতীয় সহস্রাব্দের জন্য একজন মুজাদ্দিদ সৃষ্টি করেছেন, যিনি পূর্ব যামানায় উলুল আযম পয়গম্বরগণের মর্যাদা লাভ করেন।[২১০]

মুজাদ্দিদ প্রেরণের উদ্দেশ্য :

পূর্বোক্ত হাদীসের মধ্যেই মুজাদ্দিদ প্রেরণের উদ্দেশ্যের প্রতি ইঙ্গিত রয়েছে যে, তাঁদেরকে আল্লাহ তা'আলা দ্বীনের সংস্কারক হিসেবে প্রেরণ করেন। মুজাদ্দিদ প্রেরণের উদ্দেশ্য সম্পর্কে আযীমাবাদী রহ. বলেন,

وَإِنَّمَا كَانَ التَّجْدِيدُ عَلَى رَأْسِ كُلِّ مِائَةِ سَنَةٍ لِانْخِرَامِ الْعُلَمَاءِ فِيهِ غَالِبًا وَانْدِرَاسِ السُّنَنِ وَظُهُورِ الْبِدَعِ فَيُحْتَاجُ حِينَئِذٍ إِلَى تَجْدِيدِ الدِّينِ فَيَأْتِي اللهُ تَعَالَى مِنَ الْخَلْقِ بِعِوَضٍ مِنَ السَّلَفِ إما واحدا أو متعددا.

'সংস্কার হয় প্রতি শতাব্দীর শিরোভাগে আলেম-উলামার ক্লান্তিলগ্নে, সুন্নাতের বিলুপ্তি ও বিদআতের সয়লাবের সময়, যখন দ্বীন সংস্কারের মুখাপেক্ষী হয় তখন আল্লাহ তা'আলা এক বা একাধিক ব্যক্তিকে পূর্ববর্তীদের স্থলাভিষিক্ত করে প্রেরণ করেন।'[২১১]

---

[২০৯]. সুনানু আবি দাউদ, প্রাগুক্ত, খ.৪, পৃ. ১০৯, হা. নং-৪২৯১; আলমুসতাদরাক, প্রাগুক্ত, খ.৪, পৃ. ৫৬৫, হা. নং-৮৫৯২; আল মু'জামুল আওসাত, প্রাগুক্ত, খ.৬, পৃ. ৩২৩, হা. নং-৬৫২৮।

[২১০]. কাযী ছানাউল্লাহ পানিপথি রহ., ইরশাদুত্তালেবীন; মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি, প্রাগুক্ত, পৃ. ১৩-১৫।

[২১১]. মুহাম্মাদ আশরাফ ইবনে আমীর আযীমাবাদী (মৃত: ১৩২৯হি.), আউনুল মাবুদ শরহু আবি দাউদ, (বৈরুত: দারুল কুতবিল ইলমিয়্যাহ, ১৪১৫হি.), খ.১১, পৃ. ২৬৩।

ইমাম মুল্লা আলী কারী রহ. বলেন, 'মুজাদ্দিদ তিনি বিদআত থেকে সুন্নাতকে স্পষ্ট করবেন, ইলমের প্রসার ঘটাবেন, আলেমগণের সম্মান সমুন্নত করবেন, বিদআত ও বিদআতীদের বিচূর্ণ করবেন। [২১২]

মুজাদ্দিদের বৈশিষ্ট্য :

ইমাম ইবনুল আছীর রহ. বলেন, এটা আবশ্যক নয় যে, প্রেরিত ব্যক্তি শুধু ফকীহগণ হবেন যেমন কতিপয় আলেম মত পেশ করেছেন। কেননা, ফকীহগণ কর্তৃক ধর্মীয় বিষয়ে উম্মতের ব্যপক উপকার ও কল্যাণ সাধিত হলেও তাঁরা ব্যতীত শাসক-বাদশা, মুহাদ্দিস, কারী, ওয়ায়েজ (বক্তা), বিভিন্ন স্তরের পীর-ওলীগণের দ্বারাও উম্মতের প্রভূত উপকার ও কল্যাণ সাধিত হয়। কেননা, এক একেকজন যে বিষয়ে উপকার সাধণ করেন অপরজন সে বিষয়ে উপকার সাধনে ততটা পারদর্শী নন। কেননা, দ্বীন রক্ষার্থে রাজ্য পরিচালনা নীতিমালা সংরক্ষণ করা, ন্যায় বিচার পরিচালনা করা, সাম্য প্রতিষ্ঠা করা যা রক্তপাতকে বন্ধ করে এবং যার মাধ্যমে শরীয়তের বিধি-বিধান বাস্তবায়ন সম্ভব হয়; আর এটা তো শাসকবর্গের কাজ। অনুরূপভাবে মুহাদ্দিসগণ হাদীস সংরক্ষণ করেন যা হলো শরীয়তের দলীল, কারীগণ কুরআন শরীফ মুখস্থ রাখার মাধ্যমে সাত কিরাতসহ কুরআন সংরক্ষণ করেন এবং পীর-ওলীগণ ওয়াজ-নসীহতের মাধ্যমে মানুষদেরকে তাকওয়াবান ও দুনিয়াবিমুখ হতে উদ্বুদ্ধ করেন। ফলে প্রত্যেকের দ্বীন রক্ষার ব্যাপারে আলাদা পদক্ষেপ ও ভূমিকা রয়েছে। অতএব, উচিৎ হলো- প্রত্যেক শতাব্দীর শুরুতে প্রেরিত ব্যক্তি সেই যুগের উপর্যুক্ত বিষয়গুলোর যে কোন একটি বিষয়ে প্রসিদ্ধি লাভ করবেন এবং মানুষের ইশারার কেন্দ্রস্থল হবেন। কাজেই যখন হাদীসটির ব্যাখ্যা এই অর্থে গ্রহণ করা হবে তা উত্তম ও শ্রেষ্ঠ ও হিকমতের চাহিদা অনুযায়ী ব্যাখ্যা হবে। [২১৩]

মুজাদ্দিদের আলামত :

মুজাদ্দিদ হওয়ার নিশ্চিত কোন আলামত বা বৈশিষ্ট্য কুরআন-সুন্নাহর অকাট্য দলীল দ্বারা সুপ্রমাণিত নয়। বরং আল্লাহ তা'আলার পক্ষ থেকে যিনি মুজাদ্দীদ হিসেবে মনোনীত হন, দ্বীনদার, পরহেযগার ও হক্কানী আলেমগণ তাঁদের তাজদীদী (সংস্কারমূলক) কর্মকাণ্ড, কর্মপদ্ধতি, গুণাবলী, আমল-আখলাক, তাকওয়া, পরহেযগারীতা ইত্যাদী বিষয়াদি পর্যালোচনা করে মুজাদ্দিদ খিতাব

---

[২১২]. **মিরকাতুল মাফাতীহ**, প্রাগুক্ত, খ.১, পৃ. ৩২২; **আউনুল মাবুদ শরহু আবি দাউদ**, প্রাগুক্ত, খ.১১, পৃ. ২৬৩।

[২১৩]. **জামেউল উসূল ফি আহাদিসির রাসূল**, প্রাগুক্ত, খ.১১, পৃ. ৩১৯।

প্রদান করেন। কারণ, নেককার, দ্বীনদার, মুত্তাকী, আলেম-ওলী, পীর-মাশায়েখের প্রতি ভালোবাসা ও আন্তরিক টান এটা আল্লাহ প্রদত্ত।

হাদীস শরীফে বর্ণিত হয়েছে, হযরত আবু হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (সাঃ) ইরশাদ করেন,

عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: إِذَا أَحَبَّ اللهُ الْعَبْدَ نَادَى جِبْرِيلَ إِنَّ اللهَ يُحِبُّ فُلَانًا فَأَحْبِبْهُ، فَيُحِبُّهُ جِبْرِيلُ، فَيُنَادِي جِبْرِيلُ فِي أَهْلِ السَّمَاءِ: إِنَّ اللهَ يُحِبُّ فُلَانًا فَأَحِبُّوهُ، فَيُحِبُّهُ أَهْلُ السَّمَاءِ، ثُمَّ يُوضَعُ لَهُ الْقَبُولُ فِي الْأَرْضِ

আল্লাহ তা'আলা যখন কোন বান্দাকে মহব্বত করেন, তখন তিনি হযরত জিব্রাঈল আ. কে ডেকে বলেন, 'আমি অমুক ব্যক্তিকে ভালোবাসি, তুমিও তাকে ভালোবাস। অতপর জিব্রাঈল আ. উক্ত বান্দাকে ভালোবাসেন এবং ফিরিশতাগণের মাঝে ঘোষণা করেন, 'আল্লাহ তা'আলা অমুক ব্যক্তিকে ভালোবাসেন তোমরাও তাকে ভালোবাসো। অতপর ফিরিশতাগণ তাকে ভালোবাসতে থাকেন। অতপর দুনিয়াবাসীর অন্তরে তাঁর প্রতি ভালোবাসা ঢেলে দেয়া হয়। [২১৪]

আযীমাবাদী রহ. বলেন,

وَلَا يُعْلَمُ ذَلِكَ الْمُجَدِّدُ إِلَّا بِغَلَبَةِ الظَّنِّ مِمَّنْ عَاصَرَهُ مِنَ الْعُلَمَاءِ بِقَرَائِنِ أَحْوَالِهِ وَالِانْتِفَاعِ بِعِلْمِهِ إِذِ الْمُجَدِّدُ لِلدِّينِ لَا بُدَّ أَنْ يَكُونَ عَالِمًا بِالْعُلُومِ الدِّينِيَّةِ الظَّاهِرَةِ وَالْبَاطِنَةِ قَاصِرًا لِلسُّنَّةِ قَامِعًا لِلْبِدْعَةِ وَأَنْ يَعُمَّ عِلْمُهُ أَهْلَ زَمَانِهِ.

'জ্ঞাতব্য যে, মুজাদ্দিদের কার্যকলাপ এবং তাঁর ইলমে দ্বীনের খেদমত দেখে সেই যুগের মানুষ যাকে মুজাদ্দিদের বলে স্বীকৃতি দিবে সেই মুজাদ্দিদ বলে গণ্য হবে। যিনি মুজাদ্দিদ হবেন, তিনি যাহেরী-বাতেনী উভয় প্রকার ইলমের অধিকারী হবেন এবং সুন্নাতের সাহায্যকারী (পূনরুজ্জীবিতকারী), বিদআত ধ্বংসকারী হবেন। [২১৫]

হযরত মাওলানা মুহাম্মাদ নূর মুহাম্মাদ আযমী রহ. বলেন, প্রয়োজন অনুসারে আল্লাহ তা'আলা এরূপ লোক (মুজাদ্দিদ) সৃষ্টি করেন। কার্যকলাপ দেখে মানুষ, বিশেষ করে দ্বীনদার, আলেম-উলামা যাকে এরূপ ব্যক্তি (মুজাদ্দিদ) মনে করেন তিনিই এরূপ ব্যক্তি। [২১৬]

---

২১৪. আবু আব্দুল্লাহ ইসমাঈল বুখারী (মৃতঃ ২৫৬হি.) সহীহ বুখারী, প্রাগুক্ত, খ.৪, পৃ. ২০৩০, হা. নং- ২৬৩৭; ইমাম মুসলিম, হাজ্জাজ ইবনে মুসলিম কুশাইরী রহ. (মৃতঃ ২৬১হি.) সহীহ মুসলিম, প্রাগুক্ত, খ.৪, পৃ. ১১১, হা. নং-৩২০৯।

২১৫. আউনুল মাবুদ শরহু আবি দাউদ, প্রাগুক্ত, খ.১১, পৃ. ২৬৩; মিরকাতুল মাফাতীহ, প্রাগুক্ত, খ.১, পৃ. ৩২২; মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি, প্রাগুক্ত, পৃ. ১৭।

২১৬. মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি, প্রাগুক্ত, পৃ. ১৭।

মুজাদ্দিদের সংখ্যা:

ইমাম ইবনুল আছীর রহ. বলেন, কিছু বিদ্যান এই মত পোষণ করেছেন যে, হাদীসের সাধারণ অর্থ গ্রহণ করা উত্তম ; কেননা, (مَنْ يُجَدِّدُ لَهَا دِينَهَا) (যে তাদের দ্বীনের সংস্কার করবে) এখানে (مَنْ) 'মান' শব্দটি এক ও একাধিক উভয় অর্থে ব্যবহার হয়। ফলে এ হাদীস দ্বারা এ কথা বলা আবশ্যক নয় যে, শতাব্দীর শিরোভাগে প্রেরিত মুজাদ্দিদ একজন হবেন, বরং কখনো একজন হতে পারেন আবার কখনো একাধিক হতে পারেন।[২১৭]

ইমাম ইবনু হাজর আসকালানী রহ. বলেন,

قال بعض الأئمة في شرح الحديث : أَنَّهُ لَا يَلْزَمُ أَنْ يَكُونَ فِي رَأْسِ كُلِّ مِائَةِ سَنَةٍ وَاحِدٌ فَقَطْ بَلْ يَكُونُ الْأَمْرُ فِيهِ مِنْ أَنَّهَا جَمَاعَةٌ مُتَعَدِّدَةٌ مِنْ أَنْوَاعِ الْمُؤْمِنِينَ مَا بَيْنَ شُجَاعٍ وَبَصِيرٍ بِالْحَرْبِ وَفَقِيهٍ وَمُحَدِّثٍ وَمُفَسِّرٍ وَقَائِمٍ بِالْأَمْرِ بِالْمَعْرُوفِ وَالنَّهْيِ عَنِ الْمُنْكَرِ وَزَاهِدٍ وَعَابِدٍ وَلَا يَلْزَمُ أَنْ يَكُونُوا مُجْتَمِعِينَ فِي بَلَدٍ وَاحِدٍ بَلْ يَجُوزُ اجْتِمَاعُهُمْ فِي قُطْرٍ وَاحِدٍ وَافْتِرَاقُهُمْ فِي أَقْطَارِ الْأَرْضِ وَيَجُوزُ أَنْ يَجْتَمِعُوا فِي الْبَلَدِ الْوَاحِدِ وَأَنْ يَكُونُوا فِي بَعْضٍ مِنْهُ دُونَ بَعْضٍ. وَهُوَ مُتَّجَهٌ فَإِنَّ اجْتِمَاعَ الصِّفَاتِ الْمُحْتَاجِ إِلَى تَجْدِيدِهَا لَا يَنْحَصِرُ فِي نَوْعٍ مِنْ أَنْوَاعِ الْخَيْرِ وَلَا يَلْزَمُ أَنَّ جَمِيعَ خِصَالِ الْخَيْرِ كُلِّهَا فِي شَخْصٍ وَاحِدٍ إِلَّا أَنْ يُدَّعَى ذَلِكَ فِي عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ فَإِنَّهُ كَانَ الْقَائِمَ بِالْأَمْرِ عَلَى رَأْسِ الْمِائَةِ الْأُولَى بِاتِّصَافِهِ بِجَمِيعِ صِفَاتِ الْخَيْرِ وَتَقَدُّمِهِ فِيهَا.

'কতিপয় বিদ্যান এই মত পোষণ করেন যে, এ হাদীস দ্বারা প্রত্যেক শতাব্দীতে একজন মুজাদ্দিদ হওয়া আবশ্যক হয় না। বরং মুমিনদের একদল এই গুণে গুণান্বিত হতে পারে। যাদের কেউ বীর ও সমরনীতিতে পারঙ্গম, কেউ ফকীহ, মুহাদ্দিস, মুফাসসির, শাসক, দুনিয়াবিমূক, আবেদ। আর এ সকল ব্যক্তি একই শহরে হওয়া আবশ্যক নয় ; বরং ভিন্ন ভিন্ন শহরে হতে পারে। তবে সকলে একই শহরে হতে পারে আবার কোন শহর ব্যতীত কোন শহরে হতে পারে। আর এটাই গ্রহণযোগ্য মত। কেননা, সংস্কারের জন্য প্রয়োজনীয় গুণাবলী একক কল্যাণকর কাজের মধ্যে সীমাবদ্ধ নয়। আর এ সকল বৈশিষ্ট্য একজন ব্যক্তির মধ্যে সমাবেশ ঘটাও আবশ্যক নয়, যা শুধুমাত্র হযরত উমার ইবনু আব্দিল আযীয রহ. এর মধ্যে সমাবেশ ঘটেছিল। কারণ তিনি প্রথম শতাব্দীতে তিনি এ সকল উত্তম গুণাবলী একত্রকারী একজন শাসক এবং এ বিষয়ে তিনি অগ্রগামী।'[২১৮]

---

[২১৭]. জামেউল উসূল ফি আহাদিসির রাসূল, প্রাগুক্ত, খ.১১, পৃ. ৩১৯।

[২১৮]. ইমাম আবুল ফযল আহমাদ ইবনে আলী ইবনু হাজারআসকালানী (মৃত : ৮৫২হি.), **ফাতহুল বারী**, (বৈরুত : দারুল মারেফা, ১৩৭৯হি.), খ.১৩, পৃ. ৩২৯৫।

ইমাম মুল্লা আলী কারী রহ. বলেন,

وَالْأَظْهَرُ عِنْدِي وَاللَّهُ أَعْلَمُ أَنَّ الْمُرَادَ بِمَنْ يُجَدِّدُ لَيْسَ شَخْصًا وَاحِدًا، بَلِ الْمُرَادُ بِهِ جَمَاعَةٌ يُجَدِّدُ كُلُّ أَحَدٍ فِي بَلَدٍ فِي فَنٍّ أَوْ فُنُونٍ مِنَ الْعُلُومِ الشَّرْعِيَّةِ مَا تَيَسَّرَ لَهُ مِنَ الْأُمُورِ التَّقْرِيرِيَّةِ أَوِ التَّحْرِيرِيَّةِ، وَيَكُونُ سَبَبًا لِبَقَائِهِ وَعَدَمِ انْدِرَاسِهِ وَانْقِضَائِهِ إِلَى أَنْ يَأْتِيَ أَمْرُ اللَّهِ، وَلَا شَكَّ أَنَّ هَذَا التَّجْدِيدَ أَمْرٌ إِضَافِيٌّ، لِأَنَّ الْعِلْمَ كُلَّ سَنَةٍ فِي التَّنَزُّلِ، كَمَا أَنَّ الْجَهْلَ كُلَّ عَامٍ فِي التَّرَقِّي، وَإِنَّمَا يَحْصُلُ تَرَقِّي عُلَمَاءِ زَمَانِنَا بِسَبَبِ تَنَزُّلِ الْعِلْمِ فِي أَوَانِنَا، وَإِلَّا فَلَا مُنَاسَبَةَ بَيْنَ الْمُتَقَدِّمِينَ وَالْمُتَأَخِّرِينَ عِلْمًا وَعَمَلًا وَحِلْمًا وَفَضْلًا وَتَحْقِيقًا وَتَدْقِيقًا لِمَا يَقْتَضِي الْبُعْدَ عَنْ زَمَنِهِ عَلَيْهِ الصَّلَاةُ وَالسَّلَامُ،

'আমার নিকট সুস্পষ্ট যে, শতাব্দীর মুজাদ্দিদ সম্পর্কিত হাদীসের (مَنْ يُجَدِّدُ) (যে সংস্কার করবে) বাক্যাংশের অর্থ এই নয় যে, একই শতাব্দীতে কেবলমাত্র একজন হবে, বরং হাদীসের অর্থ এই যে, প্রত্যেক শতাব্দীতে একদল মুজাদ্দিদ প্রেরিত হবেন, যারা বিভিন্ন এলাকায় দ্বীনী ইলমের কোন এক বিষয়ে বা বিভিন্ন বিষয়ে সাধ্যমত সংস্কারের খেদমতের আঞ্জাম দিবেন, তা বক্তব্যের মাধ্যমে হতে পারে আবার লিখনীর মাধ্যমেও হতে পারে। যেই খেদমতের মাধ্যমে তিনি কিয়ামত পর্যন্ত স্থায়ী ও পরিচিত থাকবেন। আর এতে কোন সন্দেহ নেই যে সংস্কারমূলক কাজ একটি যৌগিক (তুলনামূলক বিষয়)। কেননা, প্রত্যেক যুগেই ইলমের হ্রাস হচ্ছে এবং মূর্খতা বৃদ্ধি পাচ্ছে। আর বর্তমান যুগের আলেমগণের মর্যাদার কারণ হচ্ছে বর্তমান সময়ে ইলমের অবনতি। তা নাহলে পূর্বযুগের আলেমগণের সাথে বর্তমান যুগের আলেমগণের ইলম, আমল, বুদ্ধিমত্তা, মর্যাদা, দুদর্শিতা, তীক্ষ্ণ চিন্তা ইত্যাদির সাথে কোন তুলনা করা যায় না। যেহেতু নববী যুগ থেকে আমাদের যুগ অনেক দূরবর্তী।'[২১৯]

তিনি আরও বলেন,

قَالَ صَاحِبُ جَامِعِ الْأُصُولِ: وَقَدْ تَكَلَّمَ الْعُلَمَاءُ فِي تَأْوِيلِهِ، وَكُلُّ وَاحِدٍ أَشَارَ إِلَى الْعَالِمِ الَّذِي هُوَ فِي مَذْهَبِهِ، وَحَمَلَ الْحَدِيثَ عَلَيْهِ، وَالْأَوْلَى الْحَمْلُ عَلَى الْعُمُومِ فَإِنَّ لَفْظَةَ "مَنْ" تَقَعُ عَلَى الْوَاحِدِ وَالْجَمْعِ،

'জামেউল উসূল' প্রণেতা বলেন, 'উলামায়ে কিরাম এই (মুজাদ্দিদের) হাদীসের ব্যাখ্যা প্রদান করেছেন এবং প্রতেকেই তাঁর মাযহাবের (দল) আলেমের প্রতি ইশারা করেছেন এবং হাদীসের ব্যাখ্যা তাঁদের উপর সীমাবদ্ধ করেছেন। তবে উত্তম হলো হাদীসটি ব্যাপক অর্থে ব্যবহার করা। কেননা, আরবীতে 'মান' (مَنْ) শব্দটি এক ও একাধিক উভয় অর্থেই ব্যবহার হয়ে থাকে। [২২০] আর এ

---

২১৯. মিরকাতুল মাফাতীহ, প্রাগুক্ত, খ.১, পৃ. ৩২২।

২২০. মিরকাতুল মাফাতীহ, প্রাগুক্ত, খ.১, পৃ. ৩২১।

কারণে এ হাদীস দ্বারা প্রত্যেক শতাব্দীতে একজন মুজাদ্দিদ হওয়া আবশ্যক হয় না। বরং এক বা একাধিক মুজাদ্দিদ হতে পারে।[২২১]

মাওলানা আব্দুল হক দেহলভী রহ. 'আশিয়াতুল লুমআত' কিতাবের ১ম খণ্ড ১৮২ পৃষ্ঠায় বলেন, 'উক্ত মুজাদ্দিদ এক ব্যক্তি হতে পারেন, কিম্বা একদলও হতে পারেন। কেননা, আরবী (مَنْ) 'মান' শব্দটি এক ব্যক্তি ও একাধিক ব্যক্তি উভয়ের উপর প্রয়োগ করা হয়ে থাকে। যে সমস্ত শ্রেণী কর্তৃক দ্বীনের শক্তি, পূর্ণতা ও প্রচার প্রকাশিত হয়, তাঁরা উক্ত মুজাদ্দিদ শ্রেণীভুক্ত হবেন। এক যামানায় এক শহরে একজন তাঁর অনুসারীদলসহ এরূপ গুণে গুণান্বিত হন, তাও হতে পারে।[২২২]

উপর্যুক্ত আলোচনা থেকে স্পষ্ট প্রতিয়মান হয় যে, প্রতি শতাব্দীর শুরুতে মুজাদ্দিদের আগমন সহীহ হাদীস দ্বারা প্রমাণিত। তবে প্রতি শতাব্দীতে কতজন মুজাদ্দিদ আগমন করবেন তা নির্দিষ্ট নয়, একজনও হতে পারে আবার একাধিকও হতে পারে। একই বিষয়ে হতে পারে আবার ভিন্ন বিষয়ে হতে পারে, একই এলাকায় হতে পারে আবার বিভিন্ন অঞ্চলে হতে পারে। যেহেতু কুরআন-সুন্নাহতে নির্দিষ্ট কোন পরিমাণ উল্লেখ নেই, তাই হাদীসটি ব্যপকতার উপর প্রয়োগ করাই অধিক যুক্তিযুক্ত। আল্লাহ তা'আলাই ভালো জানেন।

মুজাদ্দিদের তালিকা:

পূর্বেই বলা হয়েছে যে, প্রত্যেক শতাব্দীর প্রারম্ভে শতাব্দীর মুজাদ্দিদ ও সহস্রাব্দের শুরুতে সহস্রাব্দের মুজাদ্দিদ এবং কিয়ামতের পূর্বে মুজাদ্দিদে আযম ইমাম মাহদী আলাইহিস সালাম আগমন করবেন হাদীস দ্বারা প্রমাণিত। এটাই আহলে সুন্নাত ওয়াল জামায়াতের মত। তবে কোন শতাব্দীতে কে মুজাদ্দিদ ছিলেন বা আগমন করবেন সে বিষয়ে কুরআন-সুন্নাহতে কোনো স্পষ্ট বক্তব্য নেই। এছাড়াও একই শতাব্দীতে আঞ্চলিক ও বিষয় ভিত্তিক বহু মুজাদ্দিদ হতে পারেন। এ সকল কারণে কে কোন শতাব্দীর মুজাদ্দিদ তা নিয়ে উলামায়ে কিরামের মধ্যে মতভেদ রয়েছে। প্রত্যেক দলের আলেমগণ তাদের মধ্য হতে আলামত ও বৈশিষ্ট্যের আলোকে কেবলমাত্র তাদের দল থেকেই মুজাদ্দিদের তালিকা পেশ করেছেন। এটা তাদের ধারণা অনুযায়ী। ইমাম মোল্লা আলী কারী রহ. বলেন,

وَأَغْرَبَ ابْنُ حَجَرٍ وَحَمَلَ الْمُجَدِّدِينَ مَحْصُورِينَ عَلَى الْفُقَهَاءِ الشَّافِعِيَّةِ، وَخَتَمَهُمْ بِشَيْخِهِ الشَّيْخِ زَكَرِيَّا مَعَ أَنَّهُ غَيْرُ مَعْرُوفٍ بِتَجْدِيدِ فَنٍّ مِنَ الْعُلُومِ الشَّرْعِيَّةِ

---

[২২১]. জামেউল উসূল ফি আহাদিসির রাসূল, প্রাগুক্ত, খ.১১, পৃ. ৩২০।

[২২২]. হাফেজুল হাদীস আল্লামা রুহুল আমিন বশিরহাটি রহ., **ফুরফুরা শরীফের পীর মুজাদ্দিদে যামান হযরত মাওলানা আবু বকর সিদ্দিকী রহ. এর বিস্তারিত জীবনী**, (বাংলাদেশঃ ঢাকা, মাকতাবাতুস সুন্নাত ওয়াল জামায়াত, ২০১৪খ্রি.), প্রথম প্রকাশ, পৃ. ৩০।

'হযরত ইবনু হাজার আসকালানী রহ. মুজাদ্দিদের তালিকা প্রণয়ন করতে গিয়ে এক অভিনব পন্থা অবলম্বন করেছেন এবং মুজাদ্দিদের তালিকা শুধুমাত্র শাফেয়ী মাযহাবের ফকীহগণের মধ্যে সীমাবদ্ধ করেছেন। তিনি তাঁর উস্তাদ শাইখ যাকারিয়া রহ. এর মাধ্যমে মুজাদ্দিদের তালিকা শেষ করেছেন। অথচ দ্বীনী ইলমের কোনো বিষয়ের তাজদীদ করছেন বলে কোনো পরিচয় পাওয়া যায় না।'[২২৩]

এই জন্য শাফেয়ী মাযহাবপন্থী হাফেজ ইবনু হাজার আসকালানী রহ., আল্লামা জালালুদ্দীন সুয়ূতী রহ., শাইখুল ইসলাম বদরুদ্দীন আবদাল রহ. এবং আহলে হাদীসপন্থী 'আউনুল মাবুদ' প্রণেতা প্রমূখ মুজাদ্দিদের যে তালিকা পেশ করেছেন তার প্রতি লক্ষ্য করলে দেখা যায় যে, তারা মুজাদ্দিদের তালিকা প্রণয়ের ক্ষেত্রে উদার দৃষ্টিভঙ্গি পরিচয় প্রদান করেন নাই। ফলে তাদের তালিকা থেকে এমন কিছু মুজাদ্দিদের নাম বাদ পড়েছে যাদের তাজদীদী খেদমত তাদের তালিকাভুক্ত মুজাদ্দিদদের থেকে অনেক বেশি ও বহু ব্যাপক।

হানাফী মাযহাবপন্থী 'মাজমাউল বিহার' ও মজমুআয়ে ফতোয়া' প্রণেতা মুজাদ্দিদের যে তালিকা পেশ করেছেন, তাতে কিছুটা উদার দৃষ্টিভঙ্গি পেশ করা হয়েছে বটে ; কিন্তু তাও পরিপূর্ণ ইনসাফপূর্ণ নয়।[২২৪] ফলে আমরা আহলে সুন্নাত ওয়াল জামাতের বিভিন্ন দলের মতামতের প্রতি লক্ষ্য রেখে এবং মুজাদ্দিদ সম্পর্কিত হাদীসের ব্যাপক অর্থের প্রতি দৃষ্টি রেখে বিভিন্ন শতাব্দীর মুজাদ্দিদগণের একটি তালিকা প্রস্তুত করলাম। এ ক্ষেত্রে আমরা যে মুজাদ্দিদ যে শতাব্দীতে ইন্তেকাল করেছেন সেই শতাব্দীর মুজাদ্দিদ গণ্য করে তাদের তালিকা পেশ করেছি।

প্রথম শতাব্দী:

প্রথম শতাব্দী হলো নবী যুগ ও সাহাবী, তাবেয়ী, তাবে তাবেয়ীযুগ। সুতরাং এই শতাব্দীতে মুজাদ্দিদ আবির্ভাবের যারা দাবি করেছেন তাদের দাবির সাথে একমত হওয়া সমীচীন নয়। এই শতাব্দীর শেষভাবে যারা জন্ম গ্রহণ করেছেন বলে যারা তাদেরকে প্রথম শতাব্দীর মুজাদ্দিদ বলেছেন, তারা প্রথম শতাব্দীর মুজাদ্দিদ নন, তারা দ্বিতীয় শতাব্দীর মুজাদ্দিদ। যেমন হযরত মুজাদ্দিদে আলফে সানী সিরহিন্দী রহ. প্রথম সহাস্রাব্দে জন্ম গ্রহণ করা সত্ত্বেও সর্বসম্মতিক্রমে তিনি 'মুজাদ্দিদে আলফে সানী' (দ্বিতীয় সহাস্রাব্দের মুজাদ্দিদ)।[২২৫]

যেহেতু প্রথম শতাব্দীতে মুজাদ্দিদ আগমন আমরা সমর্থন করি না, ফলে দ্বিতীয় শতাব্দী থেকে মুজাদ্দিদের তালিকা পেশ করলাম। পূর্বে উল্লেখ করা হয়েছে, মুজাদ্দিদ নির্বাচন একটি ধারণা

---

[২২৩]. মিরকাতুল মাফাতীহ, প্রাগুক্ত, খ.১, পৃ. ৩২১ ; মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি, প্রাগুক্ত, পৃ. ২২।

[২২৪]. মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি, প্রাগুক্ত, পৃ. ২২।

[২২৫]. মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি, প্রাগুক্ত, পৃ. ২৩।

দ্বিতীয় শতাব্দী :

০১. হযরত উমার ইবনু আব্দুল আযীয রহ. (৬১-১০১ হি.)। সকল আলেম ও ঐতিহাসিক এ ব্যাপারে একমত যে, তিনিই সর্বপ্রথম মুজাদ্দিদ।[২২৬]

০২. ইমাম আযম আবু হানিফা নুমান ইবনু সাবিত রহ. (৮০-১৫০হি.)।[২২৭]

০৩. ইমাম মালিক ইবনু আনাস রহ. (৯০-১৭৯হি.)।[২২৮]

তৃতীয় শতাব্দী

০১. ইমাম মুহাম্মাদ ইবনু ইদরীস শাফেয়ী রহ. (১৫০-২০৪হি.)।[২২৯]

০২. ইমাম আহমাদ ইবনু হাম্বাল রহ. (১৬৪-২৪১হি.)।[২৩০]

চতুর্থ শতাব্দী :

০১. ইমাম আবুল হাসান আশয়ারী রহ. (২৭০-৩২৪হি.)।[২৩১]

০২. ইমাম আবু মানসুর মাতুরিদী রহ. (২৭০-২৮০হি.)।[২৩২]

০৩. ইমাম আবু জাফর ত্বাহাবী রহ. (২৩৯-৩২১হি.)।[২৩৩]

পঞ্চম শতাব্দী :

০১. ইমাম কাযী আবু বকর মুহাম্মাদ ইবনে তায়্যেব বাকেল্লানী রহ. (মৃত : ৪০৩হি.)।[২৩৪]

০২. ইমাম ইসফারাঈনী, আবু হামেদ আহমাদ ইবনু মুহাম্মাদ রহ. (মৃত : ৪০৬হি.)।[২৩৫]

---

[২২৬]. জামেউল উসূল ফি আহাদিসির রাসূল, প্রাগুক্ত, খ.১১, পৃ. ৩১৯ ; ইমাম জালালুদ্দীন সুয়ূতী (মৃত্যু : ৯১১হি.), আততামবীহ বিমান ইয়াবআছুহুল্লাহু আলা রাসি কুল্লি মিয়াত, (দারুছছিক লিননাশরি ওয়াত তাওযী, তা.বি), পৃ. ২০।

[২২৭]. জামেউল উসূল ফি আহাদিসির রাসূল, প্রাগুক্ত, খ.১১, পৃ. ৩১৯।

[২২৮]. জামেউল উসূল ফি আহাদিসির রাসূল, প্রাগুক্ত, খ.১১, পৃ. ৩১৯।

[২২৯]. জামেউল উসূল ফি আহাদিসির রাসূল, প্রাগুক্ত, খ.১১, পৃ. ৩১৯ ; আততামবীহ, প্রাগুক্ত, পৃ. ২৪।

[২৩০]. জামেউল উসূল ফি আহাদিসির রাসূল, প্রাগুক্ত, খ.১১, পৃ. ৩১৯।

[২৩১]. ইমাম আজলূনী, ইসমাঈল ইবনু মুহাম্মাদ (মৃতঃ ১২৬২হি.), কাশফুল খাফা, (মাকতাবাতুল আসরিয়্যাহ, ১৪২০হি./ ২০০০খ্রি.), প্রথম প্রকাশ, খ.১, পৃ. ২৭৬ ; আততামবীহ, প্রাগুক্ত, পৃ. ৩০।

[২৩২]. আততামবীহ, প্রাগুক্ত, পৃ. ২৯, হাশিয়া নং-১।

[২৩৩]. জামেউল উসূল ফি আহাদিসির রাসূল, প্রাগুক্ত, খ.১১, পৃ. ৩২৩।

[২৩৪]. জামেউল উসূল ফি আহাদিসির রাসূল, প্রাগুক্ত, খ.১১, পৃ. ৩২৩ ; কাশফুল খাফা, প্রাগুক্ত, খ.১, পৃ. ২৭৬ ; আততামবীহ, প্রাগুক্ত, পৃ. ৩০।

[২৩৫]. কাশফুল খাফা, প্রাগুক্ত, খ.১, পৃ. ২৭৬ ; আততামবীহ, প্রাগুক্ত, পৃ. ৩৩।

০৩. ইমাম আবু তায়্যেব সাহাল ইবনে মুহাম্মাদ সালূকী (মৃত :)। [২৩৬]

ষষ্ঠ শতাব্দী :

০১. গাউসুল আযম বড়পীর হযরত আব্দুল কাদির মহিউদ্দীন জিলানী রহ. (৪৭০-৫৯৭হি.)। [২৩৭]

০২. হুজ্জাতুল ইসলাম ইমাম আবু হামেদ মুহাম্মাদ ইবনু মুহাম্মাদ গাজালী রহ. (৪৫০-৫০৫হি.)। [২৩৮]

সপ্তম শতাব্দী :

০১. ইমামুল মুফাসসিরীন ফখরুদ্দীন উমার রাযী রহ. (৫৪৪-৬০৬হি.)। [২৩৯]

০২. গরীবে নেওয়াজ হযরত খাজা মুঈনুদ্দীন চিশতী আযমেরী রহ. (৫৩৬-৬৩৩হি.)। [২৪০]

অষ্টম শতাব্দী :

০১. হযরত তকীউদ্দীন ইবনু দাকীকিল ঈদ রহ. (৬২৫-৭০২হি.)। [২৪১]

০২. হযরত খাজা নিযামুদ্দীন আউলিয়া রহ. (৬৬১-৭২৫হি.)। [২৪২]

০৩. হযরত খাজা বাহউদ্দীন নকশবন্দী রহ. (৭০৮-৭৯১হি.)। [২৪৩]

নবম শতাব্দী :

০১. ইমাম বালকীনী সিরাজুদ্দীন রহ. (৭২৪-৮০৫হি.)। [২৪৪]

০২. ইমাম হাফেজ আবুল ফযল যাইনুদ্দীন ইরাকী (৭২৫-৮০৬হি.)। [২৪৫]

---

[২৩৬]. আততামবীহ, প্রাগুক্ত, পৃ. ৩১।

[২৩৭]. মুহাম্মাদ রশীদ রেযা, মুজাদ্দিদুল কুরুনিস সাবেকা ফি দ্বীন ওয়াদ্দুনিয়া, মাজাল্লাতুল মানার, সংখ্যা-১, জুমাদাল আখিরা, ১৩৫০হি./অক্টোবর, ১৯৩১হি., পৃ. ৩-৪।

[২৩৮]. জামেউল উসূল ফি আহাদিসির রাসূল, প্রাগুক্ত, খ.১১, পৃ. ৩২৪; কাশফুল খাফা, প্রাগুক্ত, খ.১, পৃ. ২৭৬ ; আততামবীহ, প্রাগুক্ত, পৃ. ৩০।

[২৩৯]. কাশফুল খাফা, প্রাগুক্ত, খ.১, পৃ. ২৭৬ ; আততামবীহ, প্রাগুক্ত, পৃ. ৫২।

[২৪০]. মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি, প্রাগুক্ত, পৃ. ২৪।

[২৪১]. কাশফুল খাফা, প্রাগুক্ত, খ.১, পৃ. ২৭৬।

[২৪২]. মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি, প্রাগুক্ত, পৃ. ২৪।

[২৪৩]. মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি, প্রাগুক্ত, পৃ. ২৫।

[২৪৪]. মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি, প্রাগুক্ত, পৃ. ২৫।

[২৪৫]. আততামবীহ বিমান ইয়াবআছুহুল্লাহু আলা রাসি কুল্লি মিয়াত, প্রাগুক্ত, পৃ. ১৬ ; মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি, প্রাগুক্ত, পৃ. ২৫।

দশম শতাব্দী :

০১. ইমাম জালালুদ্দীন সুয়ূতী রহ. (৮৪৯-৯১১হি.)।[২৪৬]

০২. ইমাম সামসুদ্দীন সাখাবী রহ. (৮৩১-৯০২হি.)।[২৪৭]

একাদশ শতাব্দী :

০১. হযরত মুজাদ্দিদে আলফে সানী শাইখ আহমাদ ফারুকী সিরহিন্দী নকশবন্দী রহ. (৯৭১-১০৩৪হি.)। এ ব্যাপারে সকলে একমত তিনি দ্বিতীয় সহাস্রাব্দের মুজাদ্দিদ তথা 'মুজাদ্দিদে আলফে সানী'।[২৪৮]

দ্বাদশ শতাব্দী :

০১. শাহ ওয়ালীউল্লাহ মুহাদ্দিস দেহলভী রহ. (১১১৪-১১৮৪হি.)।[২৪৯]

ত্রয়োদশ শতাব্দী :

০১. হযরত সায়্যেদ আহমদ শহীদ বেরলভী রহ. (১২০১-১২৪৬হি.)।[২৫০]

০২. হযরত মাওলানা কারামত আলী জৈনপুরী রহ. (১২১৫-১২৯০হি.)।[২৫১]

চতুর্দশ শতাব্দী :

০১. হযরত মাওলানা শাহ সূফী আবু বকর সিদ্দীকী ফুরফুরাভী রহ. (১২৬৩হি./১৮৪৬খ্রি.-১৩৫৮ হি.)/১৯৩৯খ্রি.।[২৫২]

---

[২৪৬] মিরকাতুল মাফাতীহ, প্রাগুক্ত, খ.১, পৃ. ৩২১ ; আততামবীহ বিমান ইয়াবআছুহুল্লাহ আলা রাসি কুল্লি মিয়াত, প্রাগুক্ত, পৃ. ১৬।

[২৪৭] মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি, প্রাগুক্ত, পৃ. ২৫।

[২৪৮] মুহাম্মাদ ইবনু হাসান সালাবী ফাসী (মৃত :১৯৯৫খ্রি.), কিতাবুল ফিকরিস সামী ফি তারিখিল ফিকহিল ইসলামী, (বৈরুত : দারুল কুতুবিল ইলমিয়্যাহ, প্রথম প্রকাশ, খ.২, পৃ. ৩২৬।

[২৪৯].কিতাবুল ফিকরিস সামী ফি তারিখিল ফিকহিল ইসলামী, প্রাগুক্ত, খ.২, পৃ. ৪২৩।

[২৫০] মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি, প্রাগুক্ত, পৃ. ২৬।

[২৫১] বাংলাপিডিয়া ; মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি, প্রাগুক্ত, পৃ. ২৬।

[২৫২]. ফুরফুরা শরীফের পীর মুজাদ্দিদে যামান হযরত মাওলানা আবু বকর সিদ্দিকী রহ. এর বিস্তারিত জীবনী, প্রাগুক্ত, পৃ. ২৯ ; মুহা. মুবারক আলী রহমানী, সীরাতে ওয়সী, (কলকাতা: নূরীয়া ফতেহীয়া সিদ্দিকীয়া ফাউন্ডেশন, ৭০/এ, একবালপুর, ১৪২৮হি./ ২০০৭খ্রি.), প্রথম প্রকাশ, পৃ. ৬৬ ; মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি, প্রাগুক্ত, পৃ. ২৬ ; মাওলানা মুহাম্মাদ মোফাজ্জেল হোসেন , ফুরফুরার পীর মুজাদ্দিদে জামান আবু বকর সিদ্দীকি র., (ঢাকা : গবেষণা ও প্রকাশনা বিভাগ, বাংলাদেশ ছাত্র হিযবুল্লাহ, দারুননাজাত সিদ্দিকীয়া কামিল মাদরাসা, ২০১৩খ্রি.), প্রথম প্রকাশ, পৃ. ৬।

০২. হযরত মাওলানা আব্দুল আউয়াল জৈনপুরী রহ. (১২৮৩-১৩৩৯হি.)। [২৫৩]
০৩. হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহ. (১২৮০-১৩৬২হি.)। (দেওবন্দী উলামায়ে কিরামের মতে তিনি বর্তমান শতাব্দীর মুজাদ্দিদ)। [২৫৪]
০৪. হযরত মাওলানা আহমদ রেজা খাঁন বেরলভী রহ. (১২৭২-১৩৬২হি.)। (বেরলভী উলামায়ে কিরামের মতে তিনি বর্তমান শতাব্দীর মুজাদ্দিদ)। [২৫৫]
০৫. ইমাম যাহিদ কাওসারী রহ. (১২৯৬-১৩৭১হি.)। [২৫৬]

উপর্যুক্ত আলোচনা থেকে আমাদের নিকট স্পষ্ট যে, তাজদীদ বলতে দ্বীনের মধ্যে অনুপ্রবেশকৃত শিরক, বিদআত, কুসংস্কার ইত্যাদি সকল বিষয় দূর করে দ্বীনকে আসল অবস্থার উপর স্থির করা। আর যিনি এ খিদমতের আঞ্জাম দিয়ে থাকেন তাকে মুজাদ্দিদ বলা হয়। প্রতি শতাব্দীতে বিভিন্ন অঞ্চলে বা একই অঞ্চলে, একই বিষয়ে বা ভিন্ন ভিন্ন বিষয়ে, একজন বা একাধিক ব্যক্তি মুজাদ্দিদ হিসেবে প্রেরিত হয়ে থাকেন। মুজাদ্দিদ কে হবেন তা আল্লাহ তা'আলা নির্ধারণ করে দেন। কুরআন-হাদীসে কে মুজাদ্দিদ হবেন তা স্পষ্ট বর্ণনা করা হয়নি। ফলে উলামায়ে কিরাম প্রত্যেক যুগের আলেম, ফকীহ, মুহাদ্দিস, মুফাসসির, সূফীগণের কর্মকাণ্ড পর্যালোচনা করে মুজাদ্দিদ খিতাব দিয়ে থাকেন। অনেকে সংকীর্ণ দৃষ্টিভঙ্গির কারণে নিজেদের দলের আলেমগণের মধ্যেই মুজাদ্দিদের তালিকা সীমাবদ্ধ করেছেন। আবার কেউ অতি উদারতার কারণে অনেক বাতিল আকিদার অধিকারী ব্যক্তিকেও মুজাদ্দিদের তালিকাভুক্ত করেছেন। যেমন, জারুল্লাহ যামাখশারী (মুতাযিলা), মুহাম্মাদ ইবনে আব্দুল ওহহাব নজদী, নাসিরুদ্দীন আলবানী প্রমুখ। তাদের এই দৃষ্টিভঙ্গি আমরা সমর্থন করি না। কারণ মুজাদ্দিদ হতে হলে অবশ্যই আহলে সুন্নাত ওয়াল জামায়াতের অন্তর্ভুক্ত হতে হবে। কেননা, একজন মুজাদ্দিদের দায়িত্বই হলো সমাজ থেকে বাতিল আকিদা দূরিভূত করা। আর এটা স্বতসিদ্ধ মত সঠিক আকিদার অধিকারী শুধুমাত্র আহলুস সুন্নাত ওয়াল জামায়াত। তাই এই দল ছাড়া অন্য কোনো ফিরকার কোনো আলিমকে মুজাদ্দিদের তালিকাভুক্ত করা নিতান্তই মূর্খতা। আল্লাহ তা'আলা আমাদেরকে সঠিক বুঝ দান করুন। আমীন!

* সহকারী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, দারুন নাজাত সিদ্দীকিয়া কামিল মাদরাসা, ডেমরা, ঢাকা।

---

২৫৩. মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি, প্রাগুক্ত, পৃ. ২৬।
২৫৪. মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি, প্রাগুক্ত, পৃ. ২৬।
২৫৫. মুজাদ্দেদে আলফেছানী রহ.-এর কামইয়াবী ও কর্মপদ্ধতি, প্রাগুক্ত, পৃ. ২৬।
২৫৬. মুকাদ্দিমাতু মাকালাতুল কাওসারী, প্রাগুক্ত, পৃ. ১১।

জিহাদের উদ্দেশ্য

অধ্যাপক আবদুল খালেক এম. এ.

জীবনের প্রকৃত রূপ ফুটিয়া উঠে বিরোধ ও সংঘর্ষের প্রবাল সংঘাতে এবং শক্তির ও চরম পরীক্ষা হয় সেখানে। প্রবল টিকিয়া থাকে, দূর্বল নিশ্চিহ্ন হইয়া যায়; প্রভাত অরুনের মত সত্যের আলোক স্বমহিমায় জলিয়া উঠে এবং নৈশ অন্ধকারের ন্যায় অসত্যের অন্ধকার আপনা হইতে মিলাইয়া যায়। অনুরূপ ভাবে জিহাদও আত্মপ্রকাশ করে সত্য ও মিথ্যার বিরোধ ও সংঘাতের সংঘাতে। জিহাদের ভিতর দিয়া ফুটিয়া উঠে জীবনের সত্যিকার রূপ, ধরা পরে সত্যের সমূহ বৈশিষ্ট্য, পরিচয় হয় প্রকৃত শক্তির। ইহাতে জীবন হয় তলোয়ারের মত শাণিত, পূর্নতার মহিমায় উজ্জ্বল। ইহা জীবন-মরু চলার পথে প্রেরণার একমাত্র নির্ঝর ধারা, বিশাল আধারে আশার একমাত্র উজ্জ্বল বার্তিকা। প্রকৃতপক্ষে ইহাই জীবন ও জীবনীশক্তি। জীহাদ ভিন্ন জীবন নহে মৃত্যু। ইহা মানুষকে দান করে সত্যিকার আধিপত্য ও বিশ্বের রাজদরবারে শ্রেষ্টত্বের গৌরবময় আসন এবং আখিরাতে বাগেরিজওয়ান-চিরসুখের আবাস। জিহাদের কল্যাণেই এককালে মুসলমানগণ পৃথিবীর বুকে আধিপত্য বিস্তার করে ও বিশ্বের রাজদরবারে শ্রেষ্ঠত্বের গৌরবময় আসন অধিকার করে এবং ইহাতেই তাহাদের ব্যক্তি ও সমাজ জীবন সার্থক ও সুন্দর হয়। মুসলিম সভ্যতা মুক্তি ও কল্যাণের মহান আদর্শমন্ডিত। এইরূপ বিশিষ্ট সভ্যতা জগতের ইতিহাসে অদ্বিতীয়।

বুলন্দি (উন্নতি) -ই জীবনের লক্ষ্য ও কাম্য। বুলন্দির সর্বোচ্চ শিখর জিহাদ এবং জিহাদের চরম শীর্ষে সমাসীন আমাদের নূরনবী সারওয়ারে কায়িনাত আহমদ মুজতবা মুহাম্মদ মুস্তাফা সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম। তিনি সাইয়েদুল মুরসালীন-যেমনি ফজিলতের মাকামে, তেমনি জিহাদের ময়দানে। জিহাদের আলোক মহিমায় তাহার জীবন উজ্জ্বল-তাহার প্রতিটি কার্য, প্রতিটি কথা, প্রতিটি নিশ্বাসই জিহাদ। তাহার হাস্তিই জিহাদের হাস্তি। তিনি সাইফুল্লাহ-আল্লাহর তলওয়ার। তাহার নূরের প্রভা সৃষ্টি উষা হইতেই শত আলোড়ন ও বিলোড়নের ভিতর দিয়া বিচ্ছুরিত হইতেছে। ইহারই স্পর্শে যুগে যুগে শত শত সত্যের সিনাই দুলিয়া উঠিয়াছে, অসত্যের অন্ধকার পর্দারাশি পুড়িয়া খাক হইয়া গিয়াছে, পূর্ব আকাশের তোরণ পথে তাওহিদের সুবেহ

সাদিকের শুভ্র রেখা ফুটিয়া উঠিয়াছে, কুফরের অনামিশা তিরোহিত হইয়াছে, সৃষ্টি উদ্যানের শিরা উপশিরায়প্রেমের রক্তবহ্নি জলিয়া উঠিয়াছে, শত্রুকুল অনুতাপ ও অনুশোচনার কালাগ্নিতে রক্তবহ্নি জলিয়া উঠিয়াছে, শত্রুকুল অনুতাপ ও অনুশোচনার কালাগ্নিতে বিদগ্ধ" হইয়াছে, কোপগ্রস্ত মারদুদ শয়তান পৃষ্ঠ প্রদর্শন করিয়াছে, নফসের কারসাজিও ফেরেববাজি ফাসিয়া গিয়াছে, শয়তানী সুলতানাত ধ্বংস হইয়াছে, আল্লাহর খিলাফত কায়েম হইয়াছে। ঐ খিলাফত জিন, ইনসান, আসমান, জমিন ও সমস্ত মাখলুক স্বীকার করিয়া লইয়াছে।

ইলম ও মা'রিফাতের ঐশ্বর্যময় খাজিনা রাসুলুল্লাহ (সঃ)-এর নূরানী কালব মোবারক। ঐ খাজিনা হইতে নূরের অনন্ত বিচ্ছুরণ শাণিত তলওয়ারের মত কুফরের পুঞ্জীভূত অন্ধকার স্তররাশির উপর সতত আপতিত হইতেছে, ফলে সঙ্গে সঙ্গেই ঐ সমস্ত ছিন্ন বিচ্ছিন্ন হইয়া যাইতেছে। তাঁহার পবিত্র রসনায় ঐ নূর ও পাক কুরআনের নূরের এক অপূর্ব সমাবেশ। ঐ সমাবেশের প্রখরতায় প্রভায় কুফর ও কপটতার ছদ্ম আবরণ পুরিয়া ছাই হইয়া যায়, আর সত্য উদ্ভাসিত হইয়া উঠে সূর্যের ন্যায়। তাহার কুসুম কোমল পবিত্র হস্তে দু-ধারী জুলফিকার। উহার আঘাতে কুফরের অজেয় দূর্গ হয় চূর্ণ বিচুর্ণ।

রসুলুল্লাহ (সঃ) এর একটি বৈশিষ্ট্য জিহাদ। তাহার জীবনে চিরদুবীর্ণিত আরব জাতির তরফ হইতে যেমন আসিল প্রবলতম সংঘাত, তেমনি তিনিও তাহাদের উপর হানিলেন কঠোরতম আঘাত। যে জাতির বিরুদ্ধে কোন পরাক্রমশালী মানুষ কখনও হস্ত উত্তোলন করতে পারে নাই, তিনি তাহাদেরই উপর আঘাত হানিলেন। ঐ আঘাত মানবতার বিরুদ্ধে ছিল না ছিল শিরক ও কুফরের বিরুদ্ধে। ঐ আঘাত ছিল অসত্যের বিরুদ্ধে সত্যের, তিমিরের বিরুদ্ধে আলোকের অজ্ঞতা ও মূর্খতার বিরুদ্ধে জ্ঞানের, শয়তান ও নফসের বিরুদ্ধে রুহানী শক্তির। আঘাতের ফল ফলিল বিস্ময়কর-জাতি ভাঙ্গিল না-গড়িয়া উঠিল মানবতার সৌধ ধ্বংসিয়া পড়িল না, পূর্নতার আলোক মহিমায় উজ্জ্বল হইয়া ফুটিয়া উঠিল। জিহাদ তাহাকে আনিয়া দিল ফাতেহ মুবীন প্রকাশ্য বিজয়-কুফর শিরকের উপর তওহিদের বিজয়। পবিত্র হেরেমে হেলালী নিশান তাওহীদের বিজয় ঘোষনা করিল। আরব নতি স্বীকার করিল আযমেও বিজয় সূচিত হইল। বিশ্বের সর্বশ্রেষ্ঠ বীর বলিয়া তিনি প্রমানিত হইলেন। মর্তলোকে তাহার মহিমার পূর্ণ বিকাশ হইল। আজ প্রমানিত হইল, তিনি 'সিরাজাম মুনীরা'-রওশন চেরাগ, প্রদীপ্ত সূর্য। ঐ দীপ্তিতে সত্যের আলোক স্বমহিমায় উদ্ভাসিত হইয়া উঠিল। অসত্যের অন্ধকার অবলুপ্ত হইল তাহার জীবনে বর্ণে বর্ণে সত্যই হইল অমর বানী ঃ

وَقُلْ جَاءَ الْحَقُّ وَزَهَقَ الْبَاطِلُ إِنَّ الْبَاطِلَ كَانَ زَهُوقًا

বল ঃ সত্য আসিয়াছে, অসত্য অবলুপ্ত হইয়াছে নিশ্চয়ই অসত্য অবলুপ্ত হইয়া থাকে। -সূরা বনি ইসরাইল ঃ ৮১

আল্লাহর জমিন আজ আল্লাহর খিলাফত প্রতিষ্ঠিত, দিক দিগন্তে খিলাফতের আলোক বিচ্ছুরিত-তাহার সীমা সহরদ পূর্ব, পশ্চিম, উওর, দক্ষিণ, আসমান, যামিন।

ইসলামের প্রকৃত ইতিহাস তাওহীদ ও কুফরের সংর্ঘষের ইতিহাস। ইসলাম সব কিছুতেই তাওহীদের রঙে রঙিন করিয়া তোলে এবং কুফরের মূলকে সম্পূর্ণরূপে উৎপাটন করে। ন্যায় ও বিচারের একমাত্র শান্তিনির্যর তাওহীদ। অন্যায় ও অত্যাচারের মূল উৎস কুফর। তাওহীদ নিজেই এক মহা জিহাদ। ইহার লক্ষ্য মানব জাতির দুনিয়া ও আখিরাতের মুক্তি ও কল্যাণ। ইসলামের একটি সুনির্দিষ্ট কার্যক্রম ও নীতি আছে। এই কার্যক্রম ও নীতির পূর্ণ অনূসৃতির ভিতরেই মুক্তি ও কল্যান নিহিত। এই দুইটিকে বাস্তবে রূপায়িত করার অপর নাম আল্লাহর খিলাফত কায়েম করা। এই উদ্দেশ্য সাধনের পথে বহু বাধা ও বিপত্তি আসিয়া দাড়ায় এবং তাহা অপসারিত করিতে যে শক্তি ও কৌশল প্রয়োগ করতে হয় তাহার সমষ্টিগত নাম জিহাদ। সার-কথা মুসলমানদের জীবন সংগ্রামের অপর এক নাম জিহাদ। প্রত্যেক মুসলমানদের জীবনই জিহাদের জীবন। প্রত্যেক মুসলমানই এক একজন মুজাহিদ -ধর্মযোদ্ধা।

জিহাদ মূলত দুই শ্রেনিতে বিভক্ত-জাহেরী ও বাতেনী। জাহেরী জিহাদ জাহেরী শত্রু কাফির ও মুনাফিকের বিরুদ্ধে-কাফিরের বিরুদ্ধে তলওয়ার ও মুনাফিকের বিরুদ্ধে হুজ্জত বা যুক্তি তর্ক। বাতেনী জিহাদ বাতেনী শত্রু নফস ও ইবলিসের বিরুদ্ধে। তাহা রুহানী।

ইসলাম মানব জাতির ফিতরাতী বা স্বভাবগত একমাত্র কল্যানকর ধর্ম। এই ধর্মের প্রচার ও প্রসারকল্পেই যুগে যুগে নবী প্রেরিত হইয়াছেন। যখনই মানুষ তাওহীদকে ভুলিয়া কুফরের ক্রোড়ে আশ্রয় লইয়াছে তখনই আল্লাহ তায়া'লা নবী প্রেরণ করিয়া তাহাদিগের সত্যের পথের সন্ধান দান করিয়াছেন। নবীগন যে পথের নির্দেশ দিয়াছেন তাহা ঐ ইবাদতের পথ যাহার জন্য জিন ও ইনসানের সৃষ্টি। ইবাদতের পথই সিরাতুল মুস্তাকিম-সরল পথ। এই সরল পথকে রোধ করিয়া ধারায় কতিপয় প্রতিকূল শক্তি। এই কথা পরিষ্কারভবে বুঝা আবশ্যক যে, বাতেনী জিহাদের মূল লক্ষ্য মানবকে সত্য পথে প্রতিষ্ঠিত রাখা ও পরিপূর্ণতা দান করা। জাহেরী জিহাদ বাতেনি জিহাদের পরিপূরক ও সহায়ক মাত্র. কাজেই উভয় প্রকার জিহাদের উদ্দেশ্য ও লক্ষ্য এক। এই দৃষ্টিভঙ্গি লইয়া বিষয়টিকে বিচার না করিলে ভ্রম অনিবার্য। জাহেরী জিহাদের উদ্দেশ্য মানুষকে কতল করিয়া নিশ্চিহ্ন করা নহে, মাত্র সত্যের পথরোধকারী ও প্রতিকূল শক্তিগুলোকে অপসারিত করা, যেন মানব জীবন শক্তিময় ও সর্বাঙ্গসুন্দর হয় এবং সে একমাত্র দিনরাত্রী ধর্ম ইসলামের উপর থাকিয়া দুনিয়া ও আখিরাতের অনন্ত সুখ সমৃদ্ধির অধিকারী হয়।

নবীগণ আল্লাহ তা'আলার প্রেরিত পুরুষ এবং তাহাদের মুখ নিঃসৃত আদেশ নিষেধ আল্লাহরই আদেশ নিষেধ। ওই আদেশ ও নিষেধের উপর তাঁহাদের

ব্যক্তিগত কোনো ইখতিয়ার আর নেই। তাহাদের প্রচারকার্যে ব্যক্তিগত স্বার্থ উদ্ধারের সমস্ত পথ রুদ্ধ। কাজেই তাঁহাদের ইমামতি ও নায়কত্ব সম্পূর্ণ স্বার্থ মুক্ত। এই ইমামতির একমাত্র উদ্দেশ্য মানব মুক্তি ও কল্যাণ। নায়কত্বের এমন নিখুঁত ও নির্মল আদর্শ সাধারণ নায়কতায় পাওয়া যায় না। সাধারণ নায়কত্ব স্বার্থ-প্রণোদিত হইয়া থাকে। সেই স্বার্থ কখনো ব্যক্তিগত, কখনো সমষ্টিগত হইয়া থাকে। এইরূপে বহু স্বার্থের সংঘাতে প্রতিদ্বন্দ্বিতা, প্রতি হিংসা প্রতিশোধের স্পৃহা প্রজ্বলিত হয় এবং সর্বশেষে সংঘর্ষ অনিবার্য ও অপরিহার্য হইয়া উঠে। তদুপরি ওই নায়কত্বের গণ্ডি ও সীমাবদ্ধ তাহা কোন ব্যক্তি, দল বা জাতিবিশেষ এর কতকটা উপকার ও কল্যাণ করিতে পারে কিন্তু সঙ্গে সঙ্গে প্রতিপক্ষ ব্যক্তি, দল বা জাতির বহু অকল্যাণ সংঘটিত হইয়া থাকে। ফলে সংঘর্ষের সূচনা হয় ও তাহা শ্রেণী যুদ্ধে পরিণত হয়। আবহমানকাল হইতে এই শ্রেণীযুদ্ধের ধারা চলিয়া আসিতেছে। ইহার ফল যে মারাত্মক হয়, বলাই বাহুল্য। কিন্তু নবীগণের ইমামতি সমগ্র মানবজাতিকে নিঃস্বার্থভাবে শান্তি, মুক্তি ও সুখ সমৃদ্ধির নির্দেশ দেয় ও তাহাতে শ্রেণী যুদ্ধ সমূলে উৎপাটিত হয়।

মানুষকে বাঁচিতে হইলে সত্যিকার আযাদী একান্ত আবশ্যক। সত্যিকারের আযাদী কি? যথেচ্ছাচার প্রভু পরিবর্তন ও স্বজাতীয় প্রভুর দাসত্ব স্বীকার? এই দুইটির গণ্ডি সম্পূর্ণ পৃথক, উভয়ের মধ্যে কোন সামঞ্জস্য নাই। সৃষ্ট জগতে নিহত কোন উন্নত শক্তির প্রভাব দর্শনের ক্ষীণ বুদ্ধি মানব অজ্ঞতাবশত সৃষ্টি ও স্রষ্টার মধ্যে সকল্পিতভাবে একটি সামঞ্জস্য রেখা টানিয়া আনে। সে ভ্রমবশত সৃষ্টিকে স্রষ্টার সমপর্যায়ভুক্ত মনে করে এবং স্রষ্টার আসনে অধিষ্ঠিত করিয়া পূজা করিতে থাকে। এই অন্ধ বৃষ্টির ফলে দেব, দেবী, অনল, অনিল, সলীল, বিটপি, শিলা পূজা পাইয়া থাকে। উত্তরকালে এইসব বিকল্পিত চিন্তা করাই এক একটি মনগড়া ধর্ম বা রাষ্ট্রীয় বিধানের রূপ পরিগ্রহ করে এবং তাহাই সনাতন আচার-অনুষ্ঠান বলিয়া একশ্রেণীর লোকের শ্রদ্ধা পাইয়া থাকে। ইতিহাসে ইহার অসংখ্য দৃষ্টান্ত রহিয়াছে। এক আদম সন্তান কাল ক্রমে ভ্রান্ত দৃষ্টিভঙ্গির ফলে বিভিন্ন সমাজ ও দলে পরিণত হইয়াছে এবং এক মানব সমাজ সততা বিচ্ছিন্ন হইয়া গিয়াছে।

সর্বাঙ্গীণ সুন্দর মুক্তি ও কল্যাণের সন্ধান মানুষ যে স্বকল্পিত চিন্তাধারার ভিতর দিয়া পাইতে পারে না তাহা স্পষ্ট; একমাত্র স্রষ্টাই সম্যকভাবে অবগত আছেন কাজেই মুক্তির পথ প্রদর্শনের অধিকার তাহারই, মানুষের নহে। ইহাতে হস্তক্ষেপ করা অনধিকারচর্চা ব্যতীত আর কিছুই নহে। যদি এমন হয় যে, নিজের কল্পিত মতি মুক্তির পথ, তবে তাহার সত্যতার প্রমাণ স্বরূপ নির্ভুল ও অকাট্য প্রমাণ থাকা আবশ্যক; কিন্তু তাহার একান্ত অভাব। কাজেই ঐ সমস্ত পথ গ্রহণীয় নহে। আর নবীগন যে সর্বাঙ্গীণ মুক্তি ও কল্যাণকর পথ প্রদর্শন করিয়াছেন তাহার প্রমাণ স্বরূপ তাঁহাদের কাছে অকাট্য নিদর্শনসমূহ রয়েছে। তাহারা মানুষকে সৃষ্টির প্রভাব হইতে

মুক্ত করিয়াছেন এবং স্রষ্টার নিকট আত্মসমর্পণ এর পথ প্রদর্শন করেছেন যাহা সত্যিকার আযাদী।

এখন প্রশ্ন এই যে, মানুষ কোন শক্তির প্ররোচনায় সৃষ্টিকে স্রষ্টার সহিত সমশক্তিতে স্থান দান করে নিজের জ্ঞান ও বাস্তব এবং দিব্যদৃষ্টি কে অন্ধ করিয়া দেয়। সেই শক্তি ইবলিশ এবং নফস। এই দুইটি গোপন শত্রু। ইহারা জ্ঞান ও দিব্যদৃষ্টি উপর আবরণ ঢালিয়া দেয়। গর্বান্ধ আদম সন্তান ইবলিশ ও নফসের ফেরেববাজী না বুঝিতে পারিয়া ক্রমে ক্রমে প্রকাশ্য ভ্রান্তি আল্লাহর নাফরমানির পথের দিকে পা বাড়ায়। এই সর্বনাশা ভ্রান্তি হইতে মুক্তি লাভের একমাত্র পথ জিহাদ। ইহা স্রষ্টা ও সৃষ্টির মধ্যস্থিত সমস্ত কৃত্রিম আবরণকে উঠাইয়া দেয় এবং সরল সত্য পথ প্রদর্শন করে। এইজন্যই সকল শ্রেণীর শত্রুর বিরুদ্ধে জিহাদ করিতে হয়। কাফের ও মুনাফিকদের প্রকৃতপক্ষে ইবলিশ এবং নফসেরই অনুসারী। কাজেই জাহেরী জিহাদ চলে অনুসারী কাফের ও মুনাফিকদের বিরুদ্ধে এবং বাতেনী জিহাদ অনুসৃত হয় শয়তান ও নফসের বিরুদ্ধে। স্রষ্টাকে অস্বীকার করা বা তাহার সহিত সৃষ্টির পূজা করার নামই কুফর। যখনই কুফরের তিমিররাশিতে জগত আচ্ছন্ন হইয়া গিয়াছে তখনই কোন না কোন নবীর আবির্ভাব হয়েছে এবং তাওহীদের আলোকে প্রদীপ্ত হইয়া জ্বলিয়া উঠিয়াছে। তাওহীদ ও কুফরের ইহাই প্রভেদ-তাওহীদ গড়ে, কুফর ভাঙ্গে। যখনই কুফরের ভাঙ্গন শক্তিগুলো সরল পথকে অবরোধ করিয়া দাঁড়ায় তখনই তাদের উপর আঘাত হানিবার আদেশ হয়।

এখন প্রমাণিত হলো যে, জিহাদ জাতিকে গড়িয়া তোলে এবং তাহা সত্যিকারের আযাদী ও মুক্তি দান করে। ইহা ভিন্ন মানুষের মুক্তির পথ রুদ্ধ এবং জীবন ব্যর্থ হইয়া ওঠে। ইহার ভিতর দিয়েই স্বাধীন রাষ্ট্র স্থাপিত হয়। স্বাধীন রাষ্ট্রে ইসলাম স্বমহিমায় প্রতিষ্ঠিত হতে পারে, অন্যত্র নহে। রসুলুল্লাহ (স.) এর জিহাদের ভিতর দিয়া সেই স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠিত হইয়াছিল। যেখানে আযাদী নাই সেখানে আল্লাহর ইবাদত সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হইতে পারে না গোলামির আওতায় ইসলামের শক্তি ও প্রভাব অক্ষুন্ন ও অম্লান থাকে না কাজেই নিজের ও মানব জাতির মুক্তি ও কল্যাণের জন্য সত্যিকারের আযাদী আবশ্যক ও অপরিহার্য।

বর্তমান বিশ্বের সমস্যা সমাধান কোথায়? একমাত্র ইসলামে। যুগপৎ ঐহিক ও পারত্রিক কল্যাণের পথের নির্দেশ ও সন্ধান ইসলামই দিতে পারে। আজ স্রষ্টার আদেশ ও নিষেধ অমান্য এবং তাহার শক্তিকে অবজ্ঞা করার ফলে মানুষ মানুষের হাতে ক্রীড়ণক হইয়া পড়িয়াছে, সবল শাসক, দূর্বল শাসিত, সবল চোষক দুর্বল চোষিত, সবল প্রভু, দুর্বল ভৃত্য, সবল ভোগবিলাসে মত্ত, দুর্বল রোগক্লিষ্ট, সবল ইবাদতের পথ রোধ করিয়া দাঁড়াইয়াছে, দুর্বল অজ্ঞতার অন্ধকার মাথা ঘুরিয়া

বিষয়টি হচ্ছে হযরত সৈয়দ আহমদ বেরলবী (র.) সংক্রান্ত বিষয় নিয়ে। ১৮৩১ সালে বালাকোটের ময়দানে শিখদের বিরুদ্ধে এবং ইংরেজদের বিরুদ্ধে ইংরেজ তাড়াতে গিয়ে বালাকোটের ময়দানে একজন মুসলিম বীর সিপাহসালার যিনি দেহলবী খানদানের সর্বশ্রেষ্ঠ বুযুর্গ হযরত হযরত আব্দুল আযিয মুহাদ্দিসে দেহলবী (র.) হতে সরাসরি বায়াত, এযাযত এবং তরীকতের সবক পেয়েছিলেন তার বিপরীতে ইসমাঈল দেহলবী নামক এই উপমহাদেশে ওহাবীয়ত, নজদিয়ত প্রচারকারী বড় আলেমও ছিল। আব্দুল আযিয মুহাদ্দিসে দেহলবী (র.) এর পুত্র বা নাতী তাকে খেলাফত দেয়নি। খেলাফত দিয়েছেন বাইরের একজন লোককে যার নাম ছিল সৈয়দ আহমদ বেরলবী (র.) এবং এই কারণে খেলাফত দেয়নি- তার আকিদা, আমল, আখলাক খারাপ ছিল। এর পূর্বে ১৮৩০ সালে শিখ এবং ইংরেজদের মধ্যে যুদ্ধের মধ্যে অনেকেই গিয়েছিল। আমাদের এই দেশ থেকে শাহ সুফি নূর মুহাম্মদ নিযামপুরী (র.) এবং চুনতীর জমিনে শায়িত আছেন দুইজন মনীষী। একজন মাওলানা আব্দুল হাকিম (র.) যিনি চুনতী শাহ সাহেব হুজুরের বাবাজান। আবদুল হাকিম সাহেব বালাকোটের যুদ্ধে অংশগ্রহণ করেছিলেন। মিরসরাইয়ের মাওলানা নূর মুহাম্মাদ নিযামপুরী (র.)ও বালাকোটের যুদ্ধে অংশগ্রহণ করেছিলেন। আমার কথা হচ্ছে, শাহ আব্দুল আযিয মুহাদ্দিসে দেহলবী (র.) এর ফয়েজপ্রাপ্ত সৈয়দ আহমদ বেরলবী (র.) এর মাধ্যমে আমাদের এই দেশে তরীকত জগৎ প্রচারিত-প্রসারিত হয়েছিল। ঐ ধারাবাহিকতায় ফুরফুরার হুজুর হযরত আবু বকর সিদ্দিকী ফুরফুরাবী (র.) আমাদের এই বঙ্গদেশে বা পূর্ব বাংলায় ইসলাম প্রচারের জন্য এসেছিলেন। শাহ সুফি ফতেহ আলী ওয়েসী (র.) যাকে বলা হয় রসূলনোমা উনিও সৈয়দ আহমদ বেরলবী (র.) এর ফয়েজপ্রাপ্ত। আমি এই কথা বলতে চাচ্ছি যে, আপনাদের খেদমতে আরয করছি কেউ কাউকে ইতিহাস জানা ছাড়া বই পুস্তক পড়া ছাড়া ওহাবী বলা বা আকিদা নষ্ট হয়ে গিয়েছে এইভাবে বলা ঠিক না। আমি এটি কারও ব্যক্তিগত সমালোচনা করছিনা। কথাগুলো বললাম এইজন্যে গত জুমআবারে আপনাদের এই মসজিদের মধ্যে আমাকে নিয়ে বেশ আলোচনা করা হয়েছে যে আমি বালাকোটি। বালাকোটি কি জিনিস আমি আপনাদের সামনে ব্যক্ত করলাম। আপনারা সিদ্ধান্ত নিতে পারেন। (ভিডিওটি ইন্টারনেটে ও আমাদের কাছে মওজুদ আছে)

কাযী মুহাম্মদ আবুল বয়ান এম.আর. রহমান হাশেম সাহেব তাঁর আরেকটি প্রবন্ধের শেষে একটি নিম্নে বর্নিত গুরত্বপূর্ণ ঘটনা বর্ননা করেন- পরিশেষে আমি আ'লা হযরত ইমাম আহমদ রেজা খান বেরলভী (রহঃ) এর নগন্য অনুসারী হওয়ার সুবাদে সুন্নি ভাইদের উদ্দেশ্যে একটি মাসআলার ঘটনা উল্লেখ করতে চাই। ইমাম আহমদ রেজা খানের সংকলন 'মালফুজাত' এর প্রথম খন্ডের একশত দশ পৃষ্ঠাতে এক প্রশ্নোত্তরে তেরোশ হিজরীর মুজাদ্দিদ ও মোহাম্মদী আন্দোলনের সার্থক পরিচালক হযরত সৈয়দ আহমদ শহীদ (রঃ) কে কাফের হিসেবে মন্তব্য করা হয়েছে এবং আরো বলা হয়েছে যে হযরত সৈয়দ আহমদ শহীদ (রঃ) কে যাঁরা কাফের হিসাবে মেনে নিতে সন্দেহ করেন তাঁরাও কাফের। এই মালফুজাতটি কতটুকু সঠিক তা অনুধাবনের জন্য কুতুবুল এরশাদ হযরত সৈয়দ হাফেজ মুনির উদ্দিন (রহঃ) ৫-১২-১৯৩২ ইং সনে চট্টগ্রামের দারুল উলুম আলীয়া মাদ্রাসার মুহাদ্দিস হযরত মাওলানা আবদুল আউয়াল ছাহেব (রাহঃ) কে দিয়ে নিজস্ব তত্ত্বাবধানে বিশেষ কয়েকটি গুরুত্বপূর্ণ মাসয়ালার উপর আলোকপাত করে একটি উর্দূ পুস্তিকা লিখিয়েছিলেন, পাঠকদেরকে সেই উর্দু পুস্তিকাটি পাঠ করার অনুরোধ জানাই। উক্ত পুস্তিকাটির নাম ছিল আ'জামুল ফতোয়া' ঐ পুস্তিকাটির একটি জায়গায় বড়পীর হযরত শাহ আবদুল কাদের জিলানী (রাঃ) পর্যন্ত বেলায়েত সমাপ্ত কিনা এক প্রশ্নোত্তরের জওয়াবে হযরত সৈয়দ আহমদ শহীদ (রঃ) কে অলি হিসাবে বর্ণনা করা হয়। তাঁর বেলায়েতে কোন সন্দেহ নেই বলে ফতোয়া প্রদান করা হয়। ঐ পুস্তিকাটিতে ঐ মতামতের স্বপক্ষে সে সময়ের চট্টগ্রামের আহলে ছুন্নাত ওয়াল জামাতের যে সমস্ত বুজুর্গ ওলামা, পীরে ত্বরীকত ও মোহাদ্দেছিনে কেরাম দস্তখত করেছিলেন তাঁরা হলেন যথাক্রমে ঃ

১) পীরে ত্বরীকত সুলতানুল কামেলীন হযরত মাওলানা আবদুল হামিদ বাগদাদী (রহঃ)
২) চট্টগ্রাম দারুল উলুম আলীয়ার মুহাদ্দিছ পীরে কামেল হযরত মাওলানা ছফিরুর রহমান হাশেমী (রহঃ)
৩) কলিকাতা আলীয়া ও চট্টগ্রাম মোহসেনীয়া মাদ্রাসার মুহাদ্দিস হযরত মাওলানা আবদুল হামিদ ফখরে বাংলা (রহঃ)
৪) আল্লামা গাজী শেরে বাংলা হযরত আজিজুল হক আলকাদেরী (রহঃ)
৫) পীরে তরিকত গারাঙ্গীয়ার হযরত শাহ মওলানা আবদুল মজিদ (রহঃ)
৬) চট্টগ্রাম দারুল উলুম আলীয়া মাদ্রাসার মুহাদ্দীস হযরত মাওলানা মীর মাছউদ আলী (রহঃ)
৭) হযরত মাওলানা সূফী আহসান উল্লাহ সাহেব (রহঃ)
৮) পীরে তরীকত হযরত মাওলানা সৈয়দ আবদুল করিম মাদানী (রহঃ)
৯) হযরত মাওলানা তকি সাহেব (রহঃ)

১০) হযরত মাওলানা এরশাদ আলী সাহেব (রহঃ)
১১) হযরত মাওলানা বদিউর রহমান সাহেব (রহঃ)
১২) হযরত হাফেজ সৈয়দ মুনির উদ্দিন সাহেব রহঃ)
১৩) হযরত মাওলানা ফয়েজুল করিম (রহঃ)
১৪) চট্টগ্রাম দারুল উলুম আলীয়া মাদ্রাসার মোহাদ্দীস মাওলানা আফাজ উল্লাহ (রহঃ)
১৫) চট্টগ্রাম দারুল উলুম আলীয়া মাদ্রাসার মুহাদ্দীস চুনতি নিবাসী হযরত শাহ মাওলানা নজীর আহমদ (রহঃ) এবং হযরত মাওলানা আবদুল আওয়াল সাহেব (রহঃ) যিনি এই ফতোয়া ও পুস্তিকা 'আজামুল ফতোয়ার লেখক'। আরব, আজম, হিন্দুস্তান ও বাংলায় জাহেরী বাতেনী কামালতে পূর্ণ বড় বড় আলেমগণ যাঁদের দ্বারা শিরক, বিদয়াত দূরীভূত হয়েছে। তাঁরা উক্ত সাইয়িদ সাহেবের মুরিদ ছিলেন। তাঁরা সকলেই মজহাব অবলম্বনকারী ছিলেন। হযরত সৈয়দ সাহেব (রঃ) হযরত মাওলানা আবদুল আজিজ মোহাদ্দেদ দেহলভী (রহঃ)'র খাছ মুরিদ ছিলেন। যে ব্যক্তি এই রূপ তরিকত ও শরীয়াতের হাদী, হুজুর পাক ছল্লাল্লাহু আলাইহে ওয়াছাল্লামের বংশধর ও কামেল মোর্শেদের উপর অযথা অপবাদ প্রয়োগ করে সে ব্যক্তি গুনাগার, বদকার, মিথ্যাবাদী ও অপবাদকারী ব্যতীত আর কিছুই নয়। যে ব্যক্তি এই ধ্রুব সত্যকে অস্বীকার করে সে ব্যক্তি ভ্রান্ত, সত্য পথ ভ্রষ্ট। (মুসলিম চেতনায় বালাকোট ও সৈয়দ আহমদ শহীদ (রহঃ)- কাযী মুহাম্মদ আবুল বয়ান এম.আর. রহমান হাশেমী, বালাকোট সম্মেলন স্মারক-২০১০)

মুফতি আলাউদ্দিন জিহাদী সাহেবের পক্ষ থেকে ঐক্যের আহবানঃ

সারাদেশ থেকে এবং প্রবাস থেকেও অনেক সুধীজন চলমান সুন্নিয়তের দুই মাসলাকের মধ্যে যে কাদা ছোড়া-ছুড়ি হচ্ছে সেই বিষয়টি নিয়ে আমার ব্যক্তিগত অভিমত পেশ করার জন্য অনেক মোহাব্বতের তাকিদ দিয়েছেন। এই বিষয়ে কথা বলতে গেলে প্রথমেই আমাকে বলতে হবে সায়্যিদুল মুরসালিন রহমাতুল্লিল আলামীন হুজুরে পুরনূর সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার দয়াল নবীজিই হলেন ঈমানের মূল আর নবীর বংশ হলো ঈমানের অংশ। সুতরাং আলা হযরত আযিমুল বরকত ইমামে আহলে সুন্নাত আহমদ রেজা খান ফাজেলে বেরেলবী (র.) কে আমি ভালোবাসি কারণ তিনি তাঁর সারা জীবন বাতেলের বিরুদ্ধে আল্লাহর হাবীবের সুন্নিয়তের পক্ষে সংগ্রাম করেছেন। ঠিক একই নিরিখে শহীদে বালাকোট আওলাদে রসূল সাইয়্যেদ আহমদ বেরেলবী (র.) কে আমি

ভালোবাসি। যেহেতু তিনি নবীর বংশের লোক ছিলেন; একজন সাইয়্যেদ ছিলেন সেহেতু বিনা দলিলেই আমি তাঁকে ভালোবাসি কারণ তিনি আমার নবীর বংশধর। তরীকতের শাজারায় ভারতবর্ষের আলেমে দ্বীন হিজরি তেরশত শতাব্দীর অন্যতম মুজাদ্দিদ শাহ আব্দুল আযিয মুহাদ্দিস দেহলবী (র.) এর সুযোগ্য খলিফা ছিলেন আওলাদে রসূল সায়্যিদ আহমদ বেরেলবী (র.)। ঠিক এরূপই আমার পীর কেবলাজান শাহ সুফি আল্লামা ফরিদপুরী (র.) বলেছেন এবং বিশ্ব খ্যাত আলেমে দ্বীন ইমামে আহলে সুন্নাত আহমদ রেজাখান ফাযেলে বেরলবী (র.) **ফতোয়ায়ে রেজবীয়ায় ২৯ নম্বর খন্ডে সাইয়্যেদ আহমদ বেরেলবী (র.) কে বুযুর্গ হিসেবে সমর্থন করেছেন।**

আমাদের জেনে রাখা উচিৎ সাইয়্যেদ আহমদ বেরেলবী (র.) এর সিলসিলার মধ্যে অসংখ্য দরবার রয়েছে যে দরবারগুলোর মাধ্যমে সুন্নিয়তের খেদমত হচ্ছে। সুন্নিয়তের আনযাম দেওয়া হচ্ছে। উলেল্লখযোগ্য বিশ্ব জাকের মঞ্জিল আটরশি দরবার শরীফ, এনায়েতপুর দরবার শরীফ, ছারছিনা শরীফ, ফুরফুরা শরীফ, ফুলতলী দরবার শরীফ, জৈনপুর এবং বদরপুর সহ অসংখ্য দরবার রয়েছে যে দরবারগুলোর মাধ্যমে সুন্নিয়তের খেদমতের আনযাম দেওয়া হচ্ছে। অতএব আওলাদে রসূল সাইয়্যেদ আহমদ বেরেলবী (র.) তিনি একজন আল্লাহর অলী ছিলেন, একজন বুযুর্গ ছিলেন, তিনি একজন তরীকতের মহান সাধক ছিলেন এতে কোন সন্দেহ নেই। আমি ব্যক্তিগতভাবে রিসার্চ করে যতটুকু জেনেছি- এই ভারতবর্ষে ওহাবী আকিদ প্রচার করেছেন লা-মাযহাবীরা সেই লা-মাযহাবীদের যোগসূত্র ছিল ইংরেজদের সাথে। ইংরেজরা এবং লা-মাযহাবীর সুকৌশলে সাইয়্যেদ আহমদ বেরেলবী (র.) কে এই ওহাবী আন্দোলনের সাথে জড়িত করার ভূয়া ইতিহাস তৈরি করেছেন। এর পিছনে কারণ হলো সাইয়্যেদ আহমদ বেরেলবী (র.) জোড়ালোভাবে ইংরেজদের বিরুদ্ধে আন্দোলন করেছিলেন। সর্বোপরি আমরা একসাথে বসে আলোচনা করলে এই বিষয়টির সামাধান হবে বলে আমি বিশ্বাস করি। সর্বসাধারণের প্রতি এই অধমের আহ্বান থাকবে- বর্তমান যামানা অত্যন্ত মসিবত এবং ফেতনা-ফাসাদের যামানা। আপনারা শায়খ নূরুল ইসলাম ফারুকী (র) এর কথা স্মরন করুন। তিনি আমাদেরকে জোড়ালোভাবে শিখিয়ে গেছেন- 'পীর যার যার, সুন্নিয়ত সবার'। অতএব আপনারা যে যেই তরীকারই হোন আপনারা সবাই মিলে মিশে থাকুন। ঐক্যবদ্ধ থাকুন। সুন্নিয়তের স্বার্থে একসাথে কাজ করুন। মনে রাখবেন সুন্নিয়ত কোন পীর সাহেব কেন্দ্রীক নয়। সুন্নিয়ত হলো মদীনাওয়ালা কেন্দ্রিক। আমাদেরকে সুন্নিয়তের খেদমতের জন্য সামনে এগিয়ে যেতে হবে। আল্লামা আশরাফুজ্জামান আল-কাদেরী সাহেবের প্রতি আমার করজোরে আরযি থাকবে আওলাদে রসূল সাইয়্যেদ আহমদ সিরকোটি (র.) এর অক্লান্ত পরিশ্রমে তার প্রতিষ্ঠিত সেই

বিখ্যাত দ্বীনি প্রতিষ্ঠান জামিয়া আহমদিয়া সুন্নিয়া আলিয়া কামিল মাদরাসার একজন প্রবীণ খাদেম আপনি। আপনার অনেক বড় দায়িত্ব। হাজার-হাজার লক্ষ-লক্ষ মুফতি, মুহাদ্দিস আপনার ছাত্র। আপনার প্রতি আমাদের অনেক দাবী রয়েছে। আপনাকে আমরা সুন্নি ঐক্যের অগ্রদূত হিসেবে কামনা করি। কোন জটিল বিষয়ে ছোট্ট একটি চ্যালেঞ্জ দেওয়ার আগেও হাজার বার চিন্তা করে তারপরে সেই চ্যালেঞ্জ বা সেই ব্যাপারে কথা বলা উচিৎ বলে আমরা মনে করি। আপনার একটা ছোট্ট চ্যালেঞ্জ এর কারণে সাড়া ওয়ার্ল্ডে বাংলা ভাষা-ভাষী সকল সুন্নিদের মধ্যে অনৈক্য তৈরি হয়ে গেছে। সুন্নিদের মধ্যে দূরত্ব তৈরি হয়ে গেছে। আমি জানি না বর্তমান এই প্রেক্ষাপটে কোটি কোটি সুন্নি ভাই ও বোনদের হৃদয়ে রক্তক্ষরণে আল্লাহর হাবীব রসূলে মাকবুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আপনার উপরে খুশি আছেন কিনা। তাই উদার্তভাবে আপনার প্রতি আমার আকুল আরজি সুন্নিয়তের বৃহৎ স্বার্থে আপনি এমন একটি ভূমিকা রাখুন যেই ভূমিকার মাধ্যমে পুনরায় সকল সুন্নিরা আবার একসাথে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করবে। আপনার কাছে আমরা সেটাই কামনা করি এবং উদারতা, সেক্রিফাইজ এই দুইটি জিনিস থাকলে নিশ্চই আবার আপনার মাধ্যমেই সুন্নিয়তের ঐক্য আসা সম্ভব। পাশাপাশি শ্রদ্ধেয় আল্লামা আবু আব্দিল্লাহ মুহাম্মদ আইনুল হুদা সাহেবের কাছে আমার আরজি- সাড়া ওয়ার্ল্ডের মধ্যে আপনি একজন নির্ভরযোগ্য আলেম। বহু বাতেল লা-মাযহাবীদের দমনে আপনার বিশেষ ভূমিকা রয়েছে। সুন্নি জামায়াতের বৃহৎ স্বার্থে আপনার মতো একজন আলেম আমাদের দরকার। আমি জানি, আপনি আল্লাহর রসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে নিজের জীবনের চাইতেও বেশি ভালোবাসেন। আমি এ-ও জানি রসূলে পাকের আহলে বাইতকে আপনি সবচেয়ে বেশি ভালোবাসেন। আমি এ-ও জানি আলা হযরতকে আপনি ভালোবাসেন। আপনিও জেনে রাখেন, মসলকে আলা হযরতের অসংখ্য উলামায়ে কেরাম আছে তারা সবাই আপনাকে ভালোবাসে, মোহাব্বত করে। তাই আমরা সুন্নিয়তের সেই বন্ধন অটুটভাবে পুনরায় দেখতে চাই। সুন্নিদের মধ্যে কাদা ছোড়া-ছুড়ি আমরা দেখতে চাইনা। আপনার কাছে আমার আরজি আপনি এমন একটা ভূমিকা নেন বা এমন কিছু পদক্ষেপ নেন যেন সকল সুন্নিরা আবার ঐক্যবদ্ধ হয়। সৎ ইচ্ছা এবং সেক্রিফাইজ দ্বারা আল্লাহর হাবীবের মোহাব্বতে পদক্ষেপ নিলেই এই বিষয়টি সম্ভব। বক্তব্য শেষ করার আগে বিশেষ একটি প্রস্তাব আমি পেশ করি উলামায়ে আহলে সুন্নাত আপনারা এই বিষয়টি বিবেচনা করবেন ইনশা-আল্লাহ। সারাদেশের সকল সুন্নি পীর-মাশায়েখ, উলামা-ফুকাহাগণের প্রতি আমার আকুল আবেদন- সুন্নিয়তের ময়দানে চলমান সমস্যার সমাধানে আমাদের উদার মনে এগিয়ে আসার প্রয়োজন বিশেষ করে আল্লামা মুফতি আবু নাসের জিহাদী সাহেব, আল্লামা আবুল কাশেম মুহাম্মদ ফজলুল হক সাহেব, আল্লামা ড. এনায়েত উল্লাহ

আব্বাসী সাহেব, আল্লামা ড. কাফিলুদ্দীন সরকার সালেহী সাহেব, আল্লামা মুফতি অসিউর রহমান সাহেব, আল্লামা আব্দুল করিম সিরাজনগরী সাহেব, আল্লামা আবু আব্দিল্লাহ মুহাম্মদ আইনুল হুদা সাহেব, আল্লামা আশরাফুজ্জামান আল-কাদেরী সাহেব এবং মুফতি শাহ আলম সাহেব সহ আরো যাদেরকে প্রয়োজন মনে করেন সবাই সুন্নিয়তের বৃহৎ স্বার্থে মদীনাওয়ালার মোহাব্বতে, নবীর আহলে বাইতের মোহাব্বতে আপনার এক জায়গায় বসুন। আমি বিশ্বাস করি আপনারা যদি এক জায়গায় বসেন তাহলে আমাদের দূরত্ব কমে যাবে। আমাদের মধ্যে মোহাব্বত পয়দা হবে। যেকোন জটিল বিষয়ে আমরা একসাথে সৌহার্দপূর্ণ আচরণ নিয়ে যদি আলোচনা করি এটি সামান্য সময়ের মধ্যেই সমাধান হওয়া সম্ভব। আপনারে সবার প্রতি আরযি- আপনারা একে অপরের সাথে সম্পর্ক রাখেন, যোগাযোগ রাখেন। আমাদের মধ্যে যদি কো-অপারেশন মজবুত হয় তাহলে সকল সুন্নিদের মধ্যে শক্তি বাড়বে, ঐক্যবদ্ধতা বাড়বে এটি আমি বিশ্বাস করি। সকল সুন্নিদেরকে শায়খ নূরুল ইসলাম ফারুকী (র.) সেই বাণী আমি আবার মনে করিয়ে দিতে চাই- 'পীর যার যার, সুন্নিয়ত সবার' সেই বাণীকে সামনে রেখে আসুন আবার আমরা ঐক্যবদ্ধ হই। এক কাতারে দাঁড়িয়ে যাই। আল্লাহ পাক আমাদেরকে এক হওয়ার তৌফিক দেন। আমিন। (ভিডিওটি ইন্টারনেটে ও আমাদের কাছে মওজুদ আছে)

মুহাম্মদ আরিফুল ইসলাম আশরাফীঃ

সাইয়্যেদ আহমদ বেরলভী(রহ.) এর অবদানকে আমরা খাটো করে দেখছি না। দেখুন, এই বাংলাদেশে যারা সাইয়্যেদ আহমদ বেরলভী (রহ.) এর সিলসিলার বিরোধিতা করতে চান- আমি তাদেরকে বলছি দেখুন, এই বাংলাদেশে ছারছীনা, ফুলতলী, জৈনপুর, সোনাকান্দা, ছতুরা এই দরবারগুলোর যে অবদান, খেদমত এগুলোকে আপনি কিভাবে বিচার করবেন? (ভিডিওটি ইন্টারনেটে ও আমাদের কাছে মওজুদ আছে)

সৈয়দ গোলাম কিবরিয়া আযহারীঃ

What do you think about Sayyid Ahmad Berelvi? সাইয়্যেদ আহমদ বেরলভী একটি তরীকার প্রতিষ্ঠাতা ছিলেন। আমি বিশ্বাস করি শায়খ সাইয়্যেদ আহমদ বেরলভী সাহেব উনার তরীকার মাধ্যমে তরীকত - তাসাউফের অনেক খেদমত হয়েছে। উনার তরীকাতে অসংখ্য- অগণিত অলী-আউলিয়া, পীর-মাশায়েখ, হাক্বানী বুযুর্গানে দ্বীনদের আগমন হয়েছে। বর্তমানে উনার অনুসারী যারা, তাঁরা আক্বীদা বিরোধী কোন কথা বলেন না। তারা আজে-বাজে কোন কথা বলেন না। তাঁরা আমাদের মতোই নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর

আশেক, আহলে বায়েতকে মানেন। কাজেই আমরা এই বিষয়গুলী নিয়ে বাড়াবাড়ি না করি এটাই হচ্ছে আমার মত। (ভিডিওটি ইন্টারনেটে ও আমাদের কাছে মওজুদ আছে)

উপসংহারঃ

সায়্যিদ আহমাদ শহীদ (র.) এর সুমহান মর্যাদা কোন ফতোয়া বা কোন ব্যক্তির অভিমতের উপর মুখাপেক্ষী নয়। তিনি আল্লাহতায়ালার কাছে একজন মকবুল বান্দা এটাই তাঁর বড় পরিচয়। মুজাদ্দেদে জামান, ইমামুত তরীকত, শহীদে বালাকোট মাকামগুলো সেই মাকবুলিয়াতের নিদর্শন বহন করে। সত্যানুসন্ধানীদের প্রতি সালাম।

দিওয়ান-ই আযীয ও সায়্যিদ আহমদ শহীদ রহ. সিলসিলার ফয়েজঃ একটি পর্যালোচনা

আহমদ সানী বোরহান

শেরে বাংলা আযীযুল হক আল কাদেরী (রহ.) প্রণীত দিওয়ানে আযীয গ্রন্থে শাহ ইসমাইল দেহলভী লিখিত কিতাবের সূত্রে সায়্যিদ আহমদ শহীদ (রহ.) এর সমালোচনা করা হয়েছে।

বলা হয়েছে এবং "যে সিলসিলায় সাইয়্যেদ আহমদ বেরলভী এসেছে, সেটা হুযুর মুহাম্মদ মুস্তফার ফয়েজ ও বরকত থেকে কর্তিত" (দিওয়ান--ই আযীয, মাওলানা আব্দুল মান্নান অনূদিত, পৃ. ৪৩৭) অন্যদিকে এই দিওয়ান-ই-আযীযেই শেরে বাংলা আযীযুল হক আল কাদেরী (রহ.) সায়্যিদ আহমদ শহীদ বেরলভী (রহ.) এর সিলসিলার অনেক বুযুর্গদের ভূয়সী প্রশংসা করেছেন। কারো কারো মাযার শরীফকে ফয়েজের খনী বলেছেন। কয়েকটি উদাহরণ নিম্নে দেওয়া হল–

শাহ 'আবদুল আযীয মুহাদ্দিস দেহলভী রহ.

সায়্যিদ আহমদ শহীদ (রহ.) এর পীর মুর্শেদ শাহ 'আবদুল আযীয মুহাদ্দিস দেহলভী রহ. সম্পর্কে বলেছেন-

অলিকুলের সম্রাট, কামিল বান্দাদের গর্ব, মুহাদ্দিসদের সনদ, মুফাসসিরদের ইমাম, আরিফ বান্দাদের মূখ্য ব্যক্তি, যুগের শ্রেষ্ঠ, সমসাময়িক ঈর্ষার পাত্র, সৃষ্টিকুল শ্রেষ্ঠ সত্তার প্রিয়ভাজন, উঁচু মর্যাদাসমূহে আসীন, আল্লাহর নূররাশির প্রকাশস্থল, হযরাতুল হাজ্জ মুহাদ্দিস মাওলানা শাহ 'আবদুল আযীয মুহাদ্দিস দেহলভী' আলাইহি রাহমাতু রাব্বিহিল বারি।

পবিত্রাত্মাসমূহের ফয়েজ ও বরকতরাজির উৎসস্থল, আশ্চর্যজনক গুণাবলির প্রস্রবণ হযরতুল হাজ্জ মুহাদ্দিস মাওলানা শাহ আব্দুল আযীয মুহাদ্দিসে দেহলভী আলাইহি রাহমাতু রাব্বি হিল বারীর প্রশংসায়--

শত স্বাগতম, শত মোবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
শাহ আব্দুল আযীয দেহলভীকে শত স্বাগতম।
তিনি ওই যুগের গর্ব ছিলেন তাফসির ও ফাতওয়া গ্রন্থের প্রণেতা।

তাঁর তাফসীর ও ফাতওয়া গ্রন্থের নাম যথাক্রমে-'তাফসীরে আযীযী' ও 'ফতওয়া-ই আযীযীয়্যাহ' - এটা ভালোভাবে জেনে রেখো।

তাঁর পিতাও মুহাদ্দিস ছিলেন। তিনি হলেন শাহ ওয়ালি উল্লাহ।

এ কথাও জেনে রেখো।

এ কথাও জেনে রেখো যে, তিনিও কাশফ ও কারামতের অধিকারী এবং গ্রন্থপ্রণেতা ছিলেন।

নিঃসন্দেহে তিনি আহলে সুন্নাতের পেশোয়া।

হে জগতের মহান রব! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগান করে দিন।

ওই দিল্লীতে তাঁর নূরানী মাযার শরীফ অবস্থিত-এ কথা জেনে রেখো!

তাঁর বরকতময় সত্তা থেকে মানুষ সর্বদা ফয়েয লাভ করে ধন্য হচ্ছে।

(দিওয়ান--ই আযীয, মাওলানা আব্দুল মান্নান অনূদিত, পৃ. ৯৮-৯৯)

সায়্যিদ আহমদ শহীদ (রহ.) এর অন্যতম প্রধান খলিফা সূফি নূর মুহাম্মাদ নিযামপুরী রহ.। ফুরফুরা শরীফের খলিফা আল্লামা রুহুল আমীন বশীরহাটি রহ. তাঁর লিখিত কারামতে আহমদীয়া গ্রন্থে (যা সায়্যিদ আহমদ শহীদ বেররলভী রহ. মর্যাদা ও তাঁর বিপক্ষে অপবাদ খন্ডনে লেখা হয়) সায়্যিদ আহমদ শহীদ (রহ.) এর ৮১ জন খলিফার তালিকা প্রদান করেন। সেই তালিকায় সূফি নূর মুহাম্মাদ নিযামপুরী রহ. রয়েছেন। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক স্বপ্নে আদিষ্ট হয়ে কলকাতায় গিয়ে তিনি সায়্যিদ আহমাদ শহীদ বেরলভী (র.) এর কাছে কাদিরিয়া, চিশতিয়া, নকশবন্দিয়্যাহ-মুজাদ্দিদিয়া, মুহাম্মাদিয়া তরীকায় বায়আত গ্রহণ করেন। তাঁর খলিফা সূফি ফতেহ আলী ওয়াইসি রহ, তাঁর প্রধান খলিফা ফুরফুরার আবু বকর সিদ্দিকী (রহ.)।

এই তিন বুযুর্গ সম্পর্কে আযীযুল হক আল কাদেরী (রহ.) প্রণীত দিওয়ানে আযীয গ্রন্থে ভূয়সী প্রশংসা হয়েছে-

গাজীয়ে বালাকোট সূফি নূর মুহাম্মাদ নিযামপুরী রহ.

সায়্যিদ আহমদ শহীদ (রহ.) এর অন্যতম প্রধান খলিফা গাজীয়ে বালাকোট সূফি নূর মুহাম্মাদ নিযামপুরী রহ. সম্পর্কে লিখেন-

তরীকতপন্থীদের শিরোমণি, আরিফ বান্দাদের গর্ব, যুগবরেণ্য সূফী, কাশফ ও কারামতের ধারক, ফয়য ও বরকতের খনি, চট্টগ্রাম শরীফের মিরসরাই নিযামপুর নিবাসী হযরত সূফী নূর মুহাম্মদ সাহেব রাহমাতুল্লাহি আলাইহি-এর প্রশংসায়

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম-

পবিত্রাত্মা ওলী ওই হযরত সূফী নূর মুহাম্মদকে।

তিনি আরিফকুলের শিরোমণি ও ইবাদতপরায়ণ বুযুর্গদের আদর্শ।
তিনি ছিলেন ফয়য ও কামালের খনি এবং যুগবিখ্যাত মুর্শিদ।
জেনে রেখো (মিরসরাইয়ের) নিযামপুরে তাঁর নূরানী রওযা শরীফ অবস্থিত।
ভক্তবৃন্দ সবসময় তাঁর বরকতময় সত্তা থেকে ফয়যপ্রাপ্ত হচ্ছে।
হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুণ!
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ ক্ববূল করুন।
তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।
(দিওয়ান--ই আযীয, মাওলানা আব্দুল মান্নান অনূদিত, পৃ. ৩৯১-২)

সূফি ফতেহ আলী ওয়াইসি রহ.

সূফী ফতেহ আলী ওয়াইসি রহ. পিতা ইমামুত তরিকত সায়্যিদ আহমাদ শহীদ রহ. থেকে কাদেরিয়া, চিশতিয়া, নকশবন্দীয়া, মুজাদ্দেদিয়া ও মুহাম্মাদিয়া তরিকায় খেলাফতপ্রাপ্ত বুযুর্গ পীর ছিলেন। তিনি ১৮২৬-১৮৩১ সাল পর্যন্ত সায়্যিদ আহমাদ শহীদ রহ. এর সাথে বিভিন্ন জিহাদে অংশগ্রহণ করেন এবং ১৮৩১ সালে বালাকোটে শহীদ হন। ফতেহ আলী ওয়াইসি রহ. তাঁর পিতার পীরভাই ও যুগের অন্যতম শ্রেষ্ঠ আধ্যাত্মিক বুযুর্গ গাজীয়ে বালাকোট হযরত সূফী নূর মুহাম্মাদ নিজামপুরী রহ. এর তরীকতের বায়াত গ্রহণ অতি অল্প সময়ের মধ্যে তিনি কাদেরিয়া, চিশতিয়া, নকশবন্দীয়া, মোজাদ্দেদিয়া ও মুহাম্মাদীয়া তরীকায় খেলাফত অর্জন করেন।

ড. মুহম্মদ শহীদুল্লাহ তাঁর 'ইসলাম প্রসঙ্গ' গ্রন্থে সূফি ফতেহ আলী ওয়াইসি রহ. এর শাজারা সম্পর্কে লেখেন- হযরত মুজাদ্দিদ আলফসানী শায়খ আহমদ সেরহিন্দী পর্যন্ত তাঁহার সিলসিলা (পীর পরম্পরা) নিম্নে উল্লেখ করিতেছি। -হযরত মুজাদ্দিদ আলফসানী, তাঁহার খলীফা হযরত আদম বিননুরী, তাঁহার খলিফা হযরত সৈয়দ আবদুল্লাহ আকবরাবাদী, তাঁহার খলিফা মৌলানা শাহ ওলীয়ুল্লাহ, তাঁহার খলিফা মৌলানা শাহ আব্দুল আযীয, তাঁহার খলীফা সৈয়দ আহমদ শহীদ, তাঁহার খলীফা হযরত সূফী নূর মুহম্মদ নিযামপুরী, তাঁহার খলীফা হযরত সূফী ফৎহ্ 'আলী (রহিমাহুল্লাহু তা'আলা আজ মা'ঈন) (ইসলাম প্রসঙ্গ, ড. মুহম্মদ শহীদুল্লাহ, মাওলা ব্রাদার্স সংস্করণ, ২০০০, পৃ. ১০১)

তরিকা সমূহের এই শাজারা সমূহ সূফি ফতেহ আলী ওয়াইসি রহ. নিজ সিলমোহর যুক্ত করে প্রকাশ করেছিলেন যা এখনো সংরক্ষিত আছে এবং তাঁর রচিত দিওয়ান-ই- ওয়াইসীতেও সংযুক্ত আছে।

সূফি ফতেহ আলী ওয়াইসি রহ. সম্পর্কে আযীযুল হক আল কাদেরী (রহ.) লিখেছেন-

আলিমদের শিরোমণি, তরীকতপন্থীদের আদর্শ, আরিফবান্দাদের স্মৃতি, যুগের পথ প্রদশর্ক, পীরে কামিল, কাশফ ও কারামতের ধারক, কামালাতের ফুয়ূযাতের খনি, হযরত সূফী ফতেহ আলী শাহ- এর এর প্রশংসায়। সূফি নূর মুহাম্মদ নেযামপুরীর খলীফা, চট্টগ্রামের সাতকানিয়ায় জন্মগ্রহণকারী মাওলানা আবূ বকর ফুরফুরার পীর- মুর্শিদ (তাঁর উপর মহান স্রষ্টা ও রবের রহমত বর্ষিত হোক) - এর প্রশংসায়।

শত স্বাগতম, শত ধন্যবাদ, শত মুবারকবাদ, স্বাগতম-
ওই পবিত্রাত্মা ওলী সূফী ফতেহ আলীকে।
তিনি হলেন আলিমগণের আদর্শ, তরীকতপন্থীদের শিরোমণি।
তিনি মাওলানা আবূ বকরের মুর্শিদ এ কথা সন্দেহাতীতভাবে জানবে।
আরো জানবে, ওই সাতকানিয়ায় তাঁর জন্মস্থান; এতেও সন্দেহ নেই।
জেনে রেখো, ওই কোলকাতায় তাঁর নূরানী মাযার শরীফ অবস্থিত,
ভক্তবৃন্দ তাঁর বরকতময় সত্তা থেকে সবসময় ফয়েযপ্রাপ্ত হয়ে আসছে।
হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুণ!
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ ক্ববূল করুন।
তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।
(দিওয়ান--ই আযীয, মাওলানা আব্দুল মান্নান অনূদিত, পৃ. ৪০২-৩)

সায়্যিদ আহমদ শহীদ (রহ.) এর সিলসিলার উজ্জ্বল নক্ষত্র, সূফি ফতেহ আলী ওয়াইসি রহ, এর প্রধান খলিফা, ফুরফুরার মুজাদ্দেদে জামান আবু বকর সিদ্দিকী (রহ.)। সায়্যিদ আহমদ শহীদ (রহ.) এর উপর বিভিন্ন অপবাদের জবাব স্বরূপ তিনি তাঁর অন্যতম খলিফা আল্লামা রুহুল আমীন বশীরহাটি রহ. কে একটি স্বতন্ত্র গ্রন্থ লেখার নির্দেশ দেন। সেই সুত্রে 'কারামতে আহমদীয়া' নামক কিতাব লেখা হয়। মুজাদ্দেদে জামান আবু বকর সিদ্দিকী (রহ.) এর সিলসিলার সকল শাজারায় সায়্যিদ আহমদ শহীদ (রহ.) এর নাম আছে। শুধু তাই নয় ড. মুহম্মদ শহীদুল্লাহ তাঁর ইসলাম প্রসঙ্গ গ্রন্থে তাঁর পীর মুর্শেদ সম্পর্কে বলেন- বিখ্যাত হযরত সায়্যিদ আহমদ শহীদ (রহ.) এর অন্যতম খলিফা মৌলানা হাফিজ জামালুদ্দীন সাহেবের নিকট আবু বকর সিদ্দিকী (রহ.) হাদীস, তফসীর এবং ফিকহ অধ্যায়ন করেন। (ইসলাম প্রসঙ্গ, ড. মুহম্মদ শহীদুল্লাহ, মাওলা ব্রাদার্স সংস্করণ, ২০০০, পৃ. ১০৭)

দিওয়ান--ই আযীয গ্রন্থে মুজাদ্দেদে জামান আবু বকর সিদ্দিকী (রহ.) সম্পর্কে বলা হয়- আলিমকুল শিরোমণি, তরীকতপন্থীদের আদর্শ, যুগের পথ প্রদশর্ক, যুগ বরেণ্য মুর্শিদ, কাশফ ও কারামতের ধারক, ফুয়ূজাত ও কামালাতের

উৎস, ভারতের হুগলী জেলার ফুরফুরা নিবাসী হযরাতুল হাজ্জ মাওলানা আবু বকর শাহ (তাঁর উপর তাঁর পরম করুণাময় আল্লাহর রহমত বর্ষিত হোক)-এর প্রশংসায়।

স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, মুবারকবাদ
হিদায়াতের (মহান) পীর মাওলানা আবূ বকরকে।
তিনি হলেন আলিমগণের শিরোমণি এবং জ্ঞানী-গুণীদের আদর্শ।
তিনি ছিলেন কাশফ ও কারামাতের ধারক, আরো ছিলেন যুগ প্রসিদ্ধ বুযুর্গ।
ঐ ফুরফুরায় তাঁর নূরানী মাযার শরীফ অবস্থিত।
অসংখ্য মানুষ তাঁর বরকতময় সত্তা থেকে সর্বদা ফয়যপ্রাপ্ত হয়।
হে বিশ্বপ্রতিপালক! তাঁর মাযার শরীফকে জান্নাতের বাগানে পরিণত করুণ!
হে মহান রব! নবীকুল সর্দারের ওসীলায় এ দো'আ ক্ববূল করুন।
তুমি যদি এর রচয়িতার নাম জানতে চাও, তবে জানো, তিনি হলেন 'শেরে বাংলা'
নিঃসন্দেহে ওলীগণের অস্বীকারকারীদের জন্য তিনি শানিত তরবারি।
(দিওয়ান--ই আযীয, মাওলানা আব্দুল মান্নান অনূদিত, পৃ. ৩৩৩-৪)

হাজি ইমদাদুল্লাহ মুহাজেরে মাক্কী রহ.

সায়্যিদ আহমদ শহীদ (রহ.) এর অন্যতম খলিফা মিয়াজি নূর মুহাম্মাদ ঝানঝানাভী রহ.। এই ঝানঝানাভী রহ. এর প্রধান খলিফা হাজী ইমদাদুল্লাহ মুহাজেরে মাক্কী রহ.।

হাজি ইমদাদুল্লাহ মুহাজেরে মাক্কী রহ. নিজেই তাঁর জিয়াউল কুলুব কিতাবে তরিকা সমূহের শাজারা লিখে গিয়েছেন। হাজী ইমদাদুল্লাহ মুহাজেরে মাক্কী রহ. সম্পর্কে শেরে বাংলা আযীযুল হক আল কাদেরী (রহ.) বলেন-

হযরত আলহাজ্ব মাওলানা ইমদাদুল্লাহ সাহেব আল ফারুকী মুহাজিরে মক্কী (র.), তাঁর মুরীদ রশীদ আহমদ গাঙ্গূহী তাঁর প্রশংসায় বলেছেন, "রশীদ আহমদ গাঙ্গুহী তাঁর কিতাব 'ইমদাদূস্ সুলূক'- এ তাঁর মুর্শিদ হযরত আলহাজ্ব মাওলানা ইমদাদুল্লাহ ফারুকী থানভী মুহাজিরে মক্কী (র.) সম্পর্কে বলেছেন, "তিনি হলেন প্রসিদ্ধ মাশায়েখ কুলের গর্ব, আম-খাস সকল শ্রেণীর মানুষের কেন্দ্রস্থল, পবিত্র বরকত গুলোর প্রসবণ, পছন্দনীয় কল্যাণাদির প্রকাশস্থল, আল্লাহর জ্ঞান-বিজ্ঞানের খনি, হাকীকতগুলোর ভান্ডার, সূক্ষ্মবিষয়াদির মিলনকেন্দ্র, তাঁর যুগের সূর্য, তাঁর সমসাময়িক কালের আর্দশ, সুলতানুল আরেফীন, শ্রেষ্ঠতর দুনিয়াত্যাগী, খোদা পরিচিতি সম্পন্নদের সুলতান, সংসার ত্যাগীদের বাদশাহ, কামিলদের জন্য গাউস, ওই সত্যসন্ধানীদের সাহায্যকারী, যাঁর পূর্ণাঙ্গ প্রশংসা করতে কলমগুলো পরিশ্রান্ত হয়ে পড়েছে, যাঁর উজ্জ্বল চারিত্রিক সৌন্দর্যবলী বর্ণনা করতে কলমসমূহ অপারগ, তাঁর বৈশিষ্ট্যবলীর কারণে পূর্ববর্তীগণ ঈর্ষা করেন, পাপিষ্ঠ ও উদাসীনগণ তাঁর

চাদর দেখে হিংসার আগুনে জ্বলে উঠে, আমার মুর্শিদ, আমার ভরসা, আমার বর্তমান ও ভবিষ্যতের ওসীলাহ, আমার মুনিব ও আমাকে মুক্তকারী, আমার সর্দার, আমার সনদ, আমার শায়েখ, যিনি আলহাজ্ব ইমদাদুল্লাহ ফারুকী থানভী নামে প্রসিদ্ধ, আল্লাহ তায়ালা তাঁর উপর শান্তি বর্ষণ করুক, তাঁর পথপ্রদর্শন ও হিদায়াতের বিনিময়ে তাঁর প্রসিদ্ধ সত্তা দ্বারা পথভ্রষ্টতা দূরীভূত করুন"- এর প্রশংসায়

শত স্বাগতম, শত মুবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম।
হুযুর মুস্তফার বন্ধু ওই হাজী ইমদাদুল্লাকে স্বাগতম।
ওই পীরে কামিল কুফর ও পথভ্রষ্টতাকে দূরীভূত করেছেন।
তিনি কাসেম নানূতবী, রশিদ আহমদ গাঙ্গুহী ও আশরাফ আলী থানভীর পীর-মুর্শিদ ছিলেন;
ওই ভারতে যদি তাঁর পবিত্র সত্তা না হতো,
তবে ওখানে আহলে সুন্নাতের মোটেই অস্তিত্ব থাকতো না।
সমগ্র ভারতবাসী ওহাবী-নজদীর মতবাদে বিশ্বাসী হয়ে পড়তো।
তিনি আহলে সুন্নাতের মহাস্তম্ভ ছিলেন! তাতে সন্দেহের অবকাশ নেই।
ওই যুগশ্রেষ্ঠ শায়েখ মক্কায় হিজরত করে চলে যান। রাসূলকুল সর্দারের নির্দেশে তিনি হারাম শরীফে তাফসীর পড়াতেন।
তাঁকে কাশফ ও কারামতের ধারক ও পুস্তক রচয়িতা বলে জানো!
হে বিশ্বের মহান রব! তাঁর মাজার শরীফকে বেহেশতের বাগানে পরিণত করুন!
ওই পবিত্র মক্কায় তাঁর নূরানী মাজার শরীফ অবস্থিত।
তাঁর বরকতময় সত্তা থেকে মানুষ সর্বদা ফয়েয (কল্যাণ) লাভ করে ধন্য হচ্ছে।

(দিওয়ান--ই আযীয, মাওলানা আব্দুল মান্নান অনূদিত, পৃ. ৯৫-৯৬)

নারিন্দার শাহ আহসানুল্লাহ (রহ.)

শাহ আব্দুল আযীয মুহাদ্দেস দেহলভী (রহ.) এর খলিফা সায়্যিদ আহমদ শহীদ (রহ.)। সায়্যিদ আহমদ শহীদ (রহ.)এর অন্যতম খলিফা খাজা গোলজার শাহ (রহ.), তাঁর খলিফা খাজা লশকর মোল্লা (রহ.), তাঁর খলিফা শেখ শাহ আহসানুল্লাহ (রহ.)। (যিনি ঢাকার প্রখ্যাত নারিন্দা, মুশরীখোলার দরবারের প্রতিষ্ঠাতা পীর)। মুশরীখোলা দরবার থেকে প্রকাশিত এ, এফ, এম, আব্দুল মজীদ রুশদী প্রণীত শেখ শাহ আহসানুল্লাহ (রহ.) এর জীবনী 'হযরত কেবলা'র শেজরায়ে চিশতিয়াতে পৃ. ১৬৯ তে উপরোক্ত তথ্য বিদ্যমান রয়েছে।)

শাহ আহসানুল্লাহ (রহ.) সম্পর্কে আযীযুল হক আল কাদেরী (রহ.) লিখেছেন-আলিমকুল শিরমণি, আরিফকুলের আর্দশ পুরুষ, কাশফ ও কারামতের

খনি, ফায়েজ বরকতের উৎস, কামালতের ধারক পূর্ব পাকিস্তান (বাংলাদেশ) ঢাকার বাসিন্দা হযরত মাওলানা শাহ ছুফি আহসানের প্রশংসায়, তাঁর উপর তাঁর অতি ক্ষমাশীল মহান রবের রহমত বর্ষিত হোক।

শত স্বাগতম, শত মোবারকবাদ, শত ধন্যবাদ, স্বাগতম -
ঢাকার বাসিন্দা হযরত ছুফি আহসান সমীপে।
তিনি আলিমকুল শিরমণি ও আরিফকুলের আদর্শ ছিলেন।
আরো ছিলেন কাশফ- কারামতের ধারক ও যুগ প্রসিদ্ধ বুজুর্গ।
যুগের লোকদের পথপ্রদর্শক ছিলেন তিনি, আরো ছিলেন পীরে কামেল।
দুনিয়ায় তুমি তাঁর শতসহস্র মুরীদান দেখতে পাবে।
জেনে রেখো ঢাকার মুশরীখোলায় তাঁর নূরানী রওযা শরীফ অবস্থিত।
সবসময় অসংখ্য মানুষ তাঁর বরকতময় সত্তা থেকে ফয়েজ প্রাপ্ত হচ্ছে।

(দিওয়ান--ই আযীয, মাওলানা আব্দুল মান্নান অনূদিত, পৃ. ১৯৫)

পর্যালোচনা

দিওয়ানে আযীয গ্রন্থে এভাবে সায়্যিদ আহমদ শহীদ বেরলভী (র.) সিলসিলার আরো অনেক বুযুর্গের প্রশংসা রয়েছে। উপরোক্ত আলোচনায় আযীযুল হক আল কাদেরী (রহ.) সায়্যিদ আহমদ শহীদ (রহ.) এর সিলসিলার উর্ধ্বতন ও অধস্থন বুযুর্গদের সম্পর্কে যে প্রশংসা করেছে এতেই জবাব পরিস্কার যে, সায়্যিদ আহমদ শহীদ (রহ.) এর সিলসিলা এক মকবুল সিলসিলাই নয় বরং এই সোনার সিলসিলা ফয়েজের খনী। যা তিনি তাঁর প্রত্যক্ষ অভিজ্ঞতার আলোকে লিখেছেন। অন্যদিকে, শাহ ইসমাইল দেহলভী ও 'সিরাতুল মুসতাকিম' সম্পর্কে সূত্রে সায়্যিদ আহমদ শহীদ (রহ.) যে অভিযোগ এসেছে আমরা মনে করি সেটা সেটা তাঁর প্রতক্ষ অভিজ্ঞতা নয় বরং প্রচলিত অপপ্রচার থেকে ধারণাগত জায়গা থেকে তথ্যসংকট বা ভুল বোঝাবুঝির কারণে হয়েছে। না হয় তাঁর বক্তব্যেইতো অভিযোগের জবাব রয়েছে।

শাহ ইসমাইল দেহলভী লিখিত বইগুলো বিশেষ করে 'সিরাতুল মুসতাকিম' যা সায়্যিদ আহমদ শহীদ বেরলভী (র.) এর মালফুজাত হিসেবে পরিচিত অনেকের মতামত হল, ব্রিটিশ ষড়যন্ত্রে সেগুলোর বিকৃতি হয়েছিল এবং সেই বিকৃত বই পড়েই অনেকে ফতোয়া দিয়েছিলেন। অন্যদিকে অনেকের মতে শাহ ইসমাইল দেহলভী জীবনের কোন অংশে ভিন্ন চিন্তার দিকে ঝুকলেও তিনি পরে আহলে সুন্নাতের দিকে রুজু করেছিলেন। আল্লাহতায়ালাই ভালো জানেন। তবে আমাদের মূল আলোচ্য বিষয় এখানে সায়্যিদ আহমাদ শহীদ (র.)। যেহেতু যেই বইয়ের বিষয় নিয়ে তাঁর আকিদা সম্পর্কে অভিযোগ দেওয়া হয় সেটা কতটুকু

গ্রহণযোগ্য হবে যখন সেই বই পরবর্তীতে বিকৃতির অভিযোগ রয়েছে? যেখানে অভিযোগই সন্দেহযুক্ত সেখানে অকাট্য শাস্তি কিভাবে হতে পারে? এবং এটা জানার পর ফতোয়া থাকলেও কতটা কার্যকর থাকে? অথচ সায়্যিদ আহমাদ শহীদ (র.) উত্তরসূরিদের অধিকাংশের মধ্যে আহলে সুন্নাহ ওয়াল জামাতের আকিদা ও শুদ্ধ তাসাউফ চর্চা আজ অবধি চলমান। তাঁদের রুহানীয়াত সম্পর্কে ধারণা পেতে শেরে বাংলা আযীযুল হক আল কাদেরী (রহ.) এর প্রশংসাবাণীই যথেষ্ঠ।

ইসলামের ইতিহাসে কিতাব বিকৃত হওয়ার ঘটনা নতুন কিছু নয়। মুজাদ্দেদে আলফে সানী রা. কয়েকটি মকতুব একজন বহিস্কৃত মুরীদ ষড়যন্ত্র করে, বিকৃত করে ছাপিয়ে বিভিন্ন আলেমদের কাছে পাঠিয়ে ফতোয়া তালাশ করেছিল। অনেক বিজ্ঞ আলেম এমনকি শাহ আব্দুল হক দেহলভী র. মতো আলেম প্রথমদিকে ঐ বিকৃত মকতুব পড়ে মুজাদ্দেদে আলফে সানী সম্পর্কে বিরূপ ধারণা নিয়েছিলেন। আল্লাহর রহমতে পরে সত্য উন্মোচিত হয় এবং শাহ আব্দুল হক দেহলভী র. এর সাথে মুজাদ্দেদে আলফে সানী রা. এর সুসম্পর্ক প্রতিষ্ঠিত হয়। ইমামে আজম আবু হানীফা সহ অনেক জগতবিখ্যাত আউলিয়া ও উলেমায়ে আহলে সুন্নাহর কিতাব বিকৃতি করার ঘটনা ঘটেছিল পরবর্তীতে সেটা জানাও গেছে। এমনকি সহীহ হাদীসের সাথে কেউ কেউ জাল হাদীসও বর্ননা করেছেন এবং সেগুলো চিহ্নিত হয়েছে। জাল হাদীসের কারণে কি সহীহ হাদীস বাদ হয়ে যাবে? ভণ্ড পীরের কারণে কি হাক্কানী পীরদেরকেও মন্দ ভাববো? শাহ ইসমাইল দেহলভী ছিলেন শাহ ওয়ালী উল্লাহ দেহলভী র. এর নাতি এবং শাহ আব্দুল আযীয মুহাদ্দেস দেহলভী র এর ভাতিজা। এখনকি তাহলে তাঁদেরকেও মন্দ বলা হবে? শাহ ইসমাইল দেহলভীর বিষয়ে যদি অভিযোগ সত্য ধরেও নেওয়া হয় এবং সেই কারণে যদি সায়্যিদ আহমদ শহীদ বেরলভী (র.) কে দোষারোপ করা হয় তবে সেটা মাআযাল্লাহ ৭২ ফিরকার জন্য আল্লাহতায়ালার রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে, শিয়াদের কারণে মাওলা আলী রাদি আল্লাহু আনহুকে, কুখ্যাত এজিদের কারণে হযরত আমীরে মুয়াবিয়া (রা) কে দোষারোপের অনূরূপ হবে।

সায়্যিদ আহমদ শহীদ বেরলভী (র.) সিলসিলা যদি ফয়েয ও বরকত কর্তিত হয়ে থাকে তবে দিওয়ানে আযীযে লিখিত শেরে বাংলা আযীযুল হক আল কাদেরী (রহ.) এর এতো এতো প্রশংসা ভুল প্রমাণিত হবে। সত্য তো তাই যা তিনি প্রশংসা করেছেন বরং এতোগুলো ভুল হওয়া অযৌক্তিক। তথ্যগত কারণে অল্পকিছু ভুল হয়েই যেতে পারে যেটা লেখকদের জন্য অস্বাভাবিক ও অযৌক্তিক কিছু নয়। শেরে বাংলা আল কাদেরী (রহ.) নিজেই এর আরেকটা চমৎকার মীমাংসা দিয়েছেন। তিনি (দিওয়ান--ই আযীয, মাওলানা আব্দুল মান্নান অনূদিত, পৃ. ৪৩৬) নিজেই বলেছেন- মাস'আলা সাজিয়ে- গুছিয়ে বর্ণনা করা কোন সহজ কাজ নয়। যদি ভুল পাও তবে আল্লাহর ওয়াস্তে ক্ষমা করো। আল্লাহতায়ালা তাঁর এই তাকওয়াপূর্ণ উক্তিকে কবুল করুক। আল্লাহুম্মা আমীন।

দ্বাদশ অধ্যায়

মাকতুবাতে সায়্যিদ আহমাদ বেরলভী (রহঃ)

English translition of Sayyid Ahmad Shahid's letter (appearing on page 176) sent to Muhammad Jam'e and others of Rae Bareli

In the name of Allah the most Compassionate, the Most Mercyful.

Sayyid Muhammad Jam'e Sayyid Ghulam Jilani, Sayyid Masum Ahmed, Sayyid Muhammad Mustafa and the highly respected brother Sayyid Muhammad; After salutations prayer for the well-being of all, be it known that; This friar reached the Frontier of Yusufzais is, with the help and mercy of Allah, after passing through Hydaerabad Sind, Shikarpur, Qandahar (Kandahar), Ghazni, Kabul, and Peshawar, and invited the Muslims to join the jihad. Thousands of men responded to the call while saveral thousand infidel Sikhs appeared to put up a fight (with them). The faithful warriors despatched hundredes of them to the Hell by their successive night attacks and captured a large booty of war and number of horses. Being a leaderless army, the warriors took away, in the manner of rioters, all the spoils with them. At last, the Ulama, the raligious leaders, the Sardars and the nobles took biat, in the way of Prophet, on the hands of this friar and appointed him as their Amir (leader) by reciting his name in Khutba (Friday Sermon). By this time thousands of persons have collected to fight the infidels. Arrangements for the training and management of these troops and their reorganisation into ranks, sections and detachments are being made. An encounter is likely to take place in the near future between the forces of islam and the infidels, whom they shall defeat, if Allah so wills, and whole of their country including the famous fort of attock will in this manner be brought under muslims rule. The infidels shall be humbled in this way in no long time and the rule of shariah promulgated over

their territories. You may also beseech to Allah for the well-being and stability of the muslims, humiliation of the infidels and victory of the religion of the leader of prophets, on whom be peach and blessings of Allah and also on his progeny and companions. Subsequent events shall be communicated to you in detail later on. You may enquire about the remaining affairs from the bearer of this letter, for, threre is nothing more to put down in writing save our ardent desire to meet you and the prayers for your welfare. Hamid-ud-din present at the time of writing (this letter) conveys his situations. (Seal of Sayyid Ahmad).

সাইয়্যিদ মুহাম্মাদ জামে এবং রায় বেরেলির অন্যান্যদের কাছে প্রেরিত সাইয়্যিদ আহমাদ শহীদের চিঠির (১৭৬ পৃষ্ঠায় উল্লেখিত) অনুবাদ করেছেন শিহাব উদ্দীন

বিসমিল্লাহির রহমানির রহিম

আমীরুল মুমিনিন, সাইয়্যিদ আহমাদের তরফ থেকে সাইয়্যিদ মুহাম্মাদ জামে, সাইয়্যিদ গোলাম জিলানী, সাইয়্যিদ মাসুম আহমাদ, সাইয়্যিদ মুহাম্মাদ মুস্তফা এবং পরম শ্রদ্ধেয় ভাই সাইয়্যিদ মুহাম্মাদের প্রতি; সকলের মঙ্গল কামনা করে দোয়া ও সালামের পর বিদিত করা যাচ্ছে যে, হায়দরাবাদ সিন্ধ, শিকারপুর, কান্দাহার (কান্দাহির), গজনী, কাবুল এবং পেশোয়ার পেরিয়ে এই ফক্বির আল্লাহর অনুগ্রহ ও সাহায্যে ইউসুফাযীদের সীমান্তে পৌঁছে এবং মুসলমানদের জিহাদে যোগ দেওয়ার জন্য আমন্ত্রণ জানায়। হাজার হাজার মানুষ এই ডাকে সাড়া দেয়। অন্যদিকে কয়েক হাজার কাফের শিখ (তাদের সাথে) লড়াইয়ে নামার জন্য হাজির হয় ঈমানদার মুজাহিদরা রাতের বেলা সফল আক্রমণে করে তাদের একের পর এক শত শত কাফেরকে জাহান্নামে প্রেরণ করে এবং বিশাল পরিমাণে গণিমত এবং বেশ কয়েকটি ঘোড়া জব্দ করে। সেনাবাহিনী নেতৃত্বহীন হওয়ায়, মুজাহিদরা দাঙ্গাকারীদের মতো সমস্ত সম্পদ তাদের সাথে নিয়ে যায়। অবশেষে, উলামায়ে কিরাম, ধর্মীয় নেতারা, সর্দারগণ ও উচ্চবিত্তরা এই ফক্বিরের হাতে রাসূলের পথে বাই'আত নেয় এবং জুম'আর খুতবায় অধমের নাম উচ্চারণ করে অধমকে তাদের আমির (নেতা) নিযুক্ত করে। এই সময় অবধি হাজার হাজার ব্যক্তি কাফেরদের সাথে লড়াইয়ের আকাঙ্ক্ষায় জড়ো হয়েছে। সেনাদের প্রশিক্ষণ ও পরিচালনার ব্যবস্থা, বিভিন্ন বিভাগ, পদে তাদেরকে বিন্যস্তকরণ এবং বিচ্ছিন্নকরণের (সেনাদের আলাদা আলাদা অভিযানে প্রেরণ) ব্যবস্থা করা হচ্ছে। মুসলিম বাহিনী এবং কাফেরদের মধ্যে অদূর ভবিষ্যতে একটি মুখোমুখি সংঘাতের সম্ভাবনা রয়েছে, আল্লাহ চাইলে তারা পরাভূত হবে, আর এভাবে এটকের বিখ্যাত দুর্গসহ তাদের সমগ্র দেশ পুরোপুরি মুসলমানদের শাসনের আওতায় আনা হবে।

এভাবে অচিরেই কাফেররা অবনমিত হবে এবং তাদের অঞ্চলগুলিতে শরিয়তের শাসন কায়েম হবে।

আপনারা মুসলমানদের সুস্থতা ও স্থিতিশীলতা, কাফেরদের অপদস্থতা ও সাইয়েদুল মুরসালিনের দ্বীনের বিজয়ের জন্য আল্লাহর কাছে দোয়া করুন, তাঁর উপর, তাঁর বংশধর এবং সাহাবায়ে কেরামের উপর আল্লাহর শান্তি ও রহমত বর্ষিত হোক। পরবর্তী ঘটনাগুলি পরে বিস্তারিতভাবে আপনাদের জানানো হবে। আপনারা এই চিঠির বাহকের কাছ থেকে বাকী ঘটনাগুলি সম্পর্কে জানতে পারেন। কেননা আপনাদের সাথে সাক্ষাতের জন্য আমাদের ব্যাকুল আকাঙ্ক্ষা এবং আপনাদের কল্যাণের জন্য দোয়া করা ছাড়া আর লেখার মত কিছু নেই। (এই চিঠিটি) লেখার সময় উপস্থিত হামিদ-উদ্দিন তাঁর (সৈয়দ আহমাদ রহ.) সালাম জানায়। সৈয়দ আহমাদ রহ. এর সীলমোহরের ছাপ ()

Source : Saiyid Ahmad Shahid – His Life and mission, Abul Hassan Nadwi, p. 395-6, www.abulhassannadwi.org

কবিতা

রায় বেরেলীর জঙ্গী পীর

ফররুখ আহমদ

সবাই যখন আরাম খুঁজে ছোটে ঘরের পানে
জঙ্গী পীরের ডাক শোনা যায় জঙ্গের ই ময়দানে।
সবাই ভাবে পীরের কথা শুনেছি তো ঢের
এমন পীরের কথা তো ভাই পাইনি কভু টের।
পাল্কী ছেঁড়ে পায় দলে বা তাজীতে সওয়ার
তসবি কোথায় হাতে যে তার নাঙ্গা তলওয়ার।
নাই জোব্বার রঙ্গীন বাহার, সাজ-সজ্জা নাই
হাত মেললে বলেন তিনি, "লড়াই করা চাঁই"।
বলেন শুধু, 'অন্যায় যা করো ধুলিসাৎ'
পাপ মুলুকে করো কায়েম দ্বীনি হুকুমাত।
ভুঁড়ির বহর বেশি যাঁদের পালান তাঁরা সব
রুদ্ধ ঘরে আলোচনায় জমান কলরব।
তর্ক ধরে ধর্ম নিয়ে হন না ঘরের বার
জামাত ভেঙ্গে করেন তাঁরা জিন্দেগী গুজার।
টাকা বাড়ে, ভুঁড়ি বাড়ে- বাড়ে রাতের ঘুম;
পথে পথে কেঁদে মরে মুসলিম মজলুম।
বিদেশ থেকে এল কখন ফিরিঙ্গী ডাকাত
কৌশলে ভাই নিলো কেড়ে তাদের হুকুমাৎ।
বন্দী থেকে সেই অবধি খাচ্ছে কেবল মার
শিকল পরা হাতে তাদের নাইকো হাতিয়ার।
রায় বেরেলীর 'আউলীয়া পীর' সৈয়দ আহমদ
খান্দান যার সবার সেরা উচ্চ যাঁহার পদ।
মুসলমানের বিপদ দেখে হলেন ঘরের বার

তসবি ছেড়ে হাতে নিলেন নাঙ্গা তলোওয়ার।
ভন্ড যারা পালায় তারা পীরের সুরত দেখে
সাচ্চা মুমিন পীরের কাছে জিহাদ করা শেখে।
হায়াত-মউত খোদার রাহে যিনি সঁপেন ভাই
এমন পীরের কাছেই শুধু শিক্ষা নেওয়া চাই।
রায় বেরেলীর 'আউলিয়া পীর' মস্ত মুজাহিদ
তার ডাকে ভাই মুসলমানের ভাঙ্গে মরণ নিঁদ।
মুসলমানের জামাত দেখে সবাই করে ভয়
এক জামাতে এলেই তারা করবে জগৎ জয়!
শিখ মুলুকে ছিল রাজা বিষম যুলুমবাজ
মুসলমানের জামাত দেখে তুলিল আওয়াজ।
হল্লা ক'রে দল পাকালো হিংসুটে সব শিখ
রায় বেরেলীর আউলিয়া পীর বিপদে নির্ভীক!
খোদার নামে ঝান্ডা তুলে শঙ্কা বিহীন প্রাণে
লক্ষ ভিড়ের সাথে লড়েন জঙ্গেরি ময়দানে।
জিহাদী মেঘ ফাটলো আবার কাল বৈশাখী ঝড়ে
জঙ্গী পীরের কথায় বুঝি যমীনে বাজ পড়ে।
সামনে লড়াই কঠিন দেখে চালাক শিকের রাজা
ভাবল তখন পিছন থেকে দেবে কঠিন সাজা।
হামলা করে পিছন থেকে সামনে যেতে ভয় !
বালাকোটে শহীদ হলেন সেনানি দুর্জয় !
বুকের খুনে গেলেন এঁকে স্বাধীনতার পথ
রায় বেরেলীর জঙ্গী সে পীর নবীর উম্মত।

সংগ্রহ : বালাকোট-চেতনা উজ্জীবন পরিষদ, সম্মেলন স্মারক ২০১৬

বালাকোট ডাক দিয়ে যায়

রুহুল আমিন খান

বালাকোট ডাক দিয়ে যায়
তৌহিদের সৈনিকেরা, রাসূলের প্রেমিকেরা
উজ্জীবিত হও পুনঃ ঈমানের বজ্র চেতনায়।

শকুনি মেলেছে ডানা, দিয়েছে ভয়াল হানা
হিংস্র ক্রুর হায়েনার দল
বিষধর গোক্ষুরের দেখো হে স্ফীত ফনা
ভয়ঙ্কর উদ্ধত ছোবল।
চারদিক ঘেরি আসে অতি দ্রুত বাহু অক্টোপাসী
বীভৎস ক্লিন্ন দানো অস্তিত্ব বিনাশী।

বহতা নদীর মত বয়ে গেছে অমূল্য সময়
হয়েছে অনেক অপচয়।
মজলুমের শোনো আহাজারি
শোণিতাক্ত প্রিয় দেশ
যুদ্ধের ময়দান দেখো দিগন্ত বিসারি।

ওঠো, জাগো, আর দেরি নয়
জিহাদে ঝাপিয়ে পড়ো
বজ্র কুওয়াত নিয়ে ঈমানের, হিম্মত দুর্জয়।
ভুলে যাও হিংসা লোভ দলাদলি
ক্ষুদ্র স্বার্থ যতো
দাঁড়াও মজবুত হয়ে
অটল অনড় দৃঢ় সীসা ঢালা প্রাচীরের মতো।
ডাকে ওই বালাকোট
ঈমানের, আমলের, জিহাদের দীক্ষা পুনঃ লও
উম্মার ক্রান্তিকালে মুহাম্মদী তরীকায় ঐক্যবদ্ধ হও।

ডাক দিয়ে যায় শহীদান
জাতির মুমূর্ষু দেহে সঞ্চারিত হয় নব প্রাণ

শাহাদাতী তাজা খুনে। যে জাতি মরিতে জানে
সে জাতি মরে না কোনদিন
চির দীপ্ত চির অমলিন
অনির্বাণ জেনো সেই শিখা
আজ হোক কাল হোক
অঙ্কিত ললাটদেশে হবে তার বিজয়ের টিকা।

হক প্রতিষ্ঠাই হলো মুমিনের যিন্দেগীর একমাত্র ব্রত
এভারেস্ট শৃঙ্গের মত
সদা উচ্চ শির তার চির সমুন্নত।
সে চির স্বাধীন
উদার উন্মুক্ত নীলে মুক্তপক্ষ দুরন্ত শাহীন।
বহিবার হয় যদি শৃংখলের ভার
তার আগে শাহাদাত অভিপ্রাত তামান্না যে তার।
মুমিন প্রস্তুত দিতে রাহেলিল্লা প্রাণ বিসর্জন
অবশ্যই তার কাছে আকাংখিত
শৃগাল-শতায়ু থেকে দিনেকের সিংহের জীবন।
সাফল্য-সুবর্ণ দ্বারে উপনীত অমর শহীদ
নিবিড় নৈকট্য তার অবস্থান মালিকের
যথা নিত্য চিরায়ত ঈদ।
প্রেরণার মহাউৎস সাইয়্যিদ আহমাদ শহীদ
স্মরণীয় বরণীয় যামানার শ্রেষ্ঠ মুজাদ্দিদ
অকাতরে বালাকোটে দিয়ে নিজ প্রাণ
দিয়ে গেল গোলামির শৃংখল-মুক্তির সন্ধান।
তরীকত, তাসাউফ মুর্শিদে বরহক কা-কে কয়
দিয়ে গেল সেই পরিচয়।
বালাকোট রণাঙ্গনে শাহাদাত-শোণিতে সাঁতারি'
রেখে গেল অনুপম দৃষ্টান্ত-
হোসাইনের উত্তরাধিকারী।

সংগ্রহ : বালাকোট-চেতনা উজ্জীবন পরিষদ, সম্মেলন স্মারক ২০১৬

বালাকোট

হোসেন মাহমুদ

ইতিহাসের আলো-ছায়ার ব-দ্বীপে রক্ত আখরে লেখা একটি
বেদনার্ত নাম- বালাকোট
মে মাস এলেই পুরনো শরীর থেকে ঝরে পড়ে সব উড়োখুড়ো
উপেক্ষার পলকা জঙ্গল
ঝাঁ চকচকে তীক্ষ্ম তলোয়ারের মত সূর্যালোকে ঝলসে ওঠে সেই
জেহাদের স্মৃতি হৃদয়ে হৃদয়ে
আর শহীদি পেয়ালায় চুমুক দেয়া মানুষের আড়াল ছেড়ে
এসে দাঁড়ান আমাদের সামনে।

উপমহাদেশের মুসলমানরা তখন পাড়ি দিচ্ছিল এক ভয়াবহ
জাতীয় দুর্যোগের কাল
পূর্বদিক থেকে ক্রমশই বিস্তৃত হচ্ছিল দখলদার ইংরেজদের লোভ ও
আগ্রাসনের অদম্য বাহু
পশ্চিমে শতাব্দীর ব্যর্থতা ও বশ্যতার ঐতিহ্য ভেঙে মাথা তুলেছিল
দুর্দম নৃশংস বর্বর ক্ষমাহীন এবং ঘোরতর ইসলাম ও
মুসলিম বিদ্বেষী
পুঞ্জীভূত রোষে তারা গযবের মত আপতিত হয়েছিল
দ্বীনের অনুসারীদের উপর
পাঞ্জাব থেকে উত্তর-পশ্চিমে বিস্তৃত ভূখণ্ডে শুধু ধ্বনিত হচ্ছিল
কান্না আর আহাজারি।

রায়বেরেলির মর্দে মুজাহিদ সৈয়দ আহমদ সেদিন উড়িয়ে দিলেন
জেহাদের প্রদীপ্ত পতাকা
শিখদের নির্যাতন প্রতিরোধে শুরু হল তাঁর দুঃসাহসী ন্যায়ের
সপক্ষে তুমুল সংগ্রাম
একের পর এক লড়াইয়ে পরাজিত শিখরা দেখল পায়ের নিচ থেকে
ক্রমেই সরে যাচ্ছে মাটি
চিরচরিত নিয়মে তারা অবলম্বন করল সকল কুটিলতা ও
হীন ষড়যন্ত্রের পথ।

কী দুঃখ! কী লজ্জা! পুরনো ইতিহাসের পুনরাবৃত্তি ঘটতে
দেখা গেল একালে আবারও

বিধর্মী শত্রুর নগদ অর্থের প্রলোভন স্বপক্ষ ত্যাগ করল
লোভী উপজাতীয় সরদারেরা
সাহসের শেষ বিন্দুতে ভর করে মরণপণ লড়লেন মর্দে মুজাহিদ
ও তাঁর বিশ্বস্ত সঙ্গীগণ
তারপর ইসলাম ও মুসলমানের জন্য হাসিমুখে উৎসর্গ
করলেন নিজেদের জীবন।

বালাকোটের বিপর্যয় শোক ও বেদনায় বাকরুদ্ধ করলেও
রুদ্ধ হয়নি জেহাদের স্রোতধারা
স্থান থেকে স্থানে, হৃদয় থেকে হৃদয়ে সঞ্চালিত হয়েছে অবিরাম
সংগ্রামের অনিঃশেষ প্রেরণা
প্রজন্মের পর প্রজন্ম পূর্বসূরির জ্বালানো আলো থেকে নিজের মশালে
ধরিয়ে নিয়েছে আগুন
আর ইতিহাসের পাতায় এভাবেই রচিত হয়েছে ক্রমাগত এক একটি
প্রোজ্জ্বল মাইলফলক।

সংগ্রহ : বালাকোট-চেতনা উজ্জীবন পরিষদ, সম্মেলন স্মারক ২০১৬

দুটি কবিতা

আবদুল মুকিত চৌধুরী

শহীদ মহান (০১)

গোল চলছে ফাঁকা মাঠে
দেশে দেশে আজ পরজীবীদের বিচরণ
মাভৈঃ! নামবে 'জনতন্ত্রের শ্রীচরণ'!
আগ্রাসীকুল অভিনয়রত গণ-মুক্তি পর্বে
বিধ্বংসী এ বিভীষিকার পর্দা কখন পড়বে?

দুষ্কৃতিদের ভাড়ের কলসি জলবিহারে
মাৎস্য ন্যায় বুদ্ধুরা কি বুঝতে পারে?
আপন পায়ে কুড়াল মারছে বেকুবগুলো
শুড়ির সাক্ষী লুণ্ঠন করে চাল ও চুলো।

ওরা ব্যস্ত অষ্টবজ্র সম্মিলনে,
আল্লা'র রজ্জুধারী স্বজন যায় হননে,
এ আক্কেল সেলামী দিয়েই ফতুর হবে
ঘুঘু চরার পালা এখন ভিটেয় তবে।

উড়ে এসে জুড়ে বসতে কে করে মানা?
বিজ্ঞ পিতার সন্তানকুল গো-মূর্খ না!
তবু কবি গায় ফজরের গানঃ কানে তূলো
তবু ছেঁড়া চুলে খোপা বাঁধায় স্বপ্নগুলো।
সে স্বপ্ন হয় মিছে সোনার পাথর বাটি
উলুবনে মুক্তো ছড়ানো হলো মাটি।
মনে পড়ে যায় আন্দালুসের নান্দীপাঠে,
হায় রে আল্লা! গোল চলছে ফাঁকা মাঠে!

সালাম নিও (০২)

অপভাষ্যে ভূলুণ্ঠিত মানবাধিকার
সংগ্রাম সে তো অবলুপ্তির প্রহর গুণে
বিধ্বংসীর বিপরীতে সোম্বা ঘুরে দাঁড়াবার
প্রেরণা এখন স্তিমিতির ঘুমপাড়ানি শুনে।
সৌভাগ্যই বলতে হবে শহীদ মহান
'সন্ত্রাসী' এই তকমার বোঝা বওনি তুমি
ত্রিমুখী শত্রু পরিবেষ্ঠিত এ আত্মদান
ব্যর্থ হয়নি, স্বাধীন হয়েছে মাতৃভূমি।

ভিত্তিমূলে অত্যাচারীর সাতমহলার
আঘাত হানার এ প্রক্রিয়া যুগ যুগ জিও
দস্যুগুলোয় তাড়িয়ে দেয়ার মাড়িয়ে দেয়ার
সিংহপুরুষ এবং সাথীরা সালাম নিও।

সংগ্রহ : বালাকোট-চেতনা উজ্জীবন পরিষদ, সম্মেলন স্মারক ২০১৬

বালাকোট আমার অহংকার

মুহাম্মাদ রায়হান চৌধুরী আল-আহমাদী

শাহ সায়্যিদ আহমাদ শহীদ বেরলভী
ঈমানী চেতনার মহাবীর তুমি
আমরা কি তোমায় ভুলিতে পারি
বালাকোট আমার অহংকার-জোগায় ঈমানী শক্তি।

শহীদে বালাকোট আওলাদে নাবী
শাহ সায়্যিদ ইরফানের নয়ণমণি তুমি
শাহ আব্দুল আযীজ দেহলভীর যোগ্য উত্তরসূরী
হৃদয় মাঝে ভেসে ওঠে-তোমারই স্মৃতি।

কত সুমহান তোমার ত্বরীকায়ে মুহাম্মাদী
বায়্যাতের মাধ্যমে নিয়েছো জিহাদের অঙ্গীকার তুমি
ব্রিটিশ বিরোধী আন্দোলনে জাগালে ভারতবাসী
তোমারই আযাদী আন্দোলন -আজ পেয়েছে বিশ্ব পরিচিতি।

ত্বরীকত তাসাউফ সুন্নাতের মহান হাদি
জীবন দিয়ে হক্ব প্রতিষ্ঠা করলে তুমি
এমন রাহবার আজ আর পাব কি?
বালাকোট প্রান্তরে-জ্বালিয়েছো ঈমানের বাঁতি।

ত্বরীকার ইমাম তোমার কথার করি স্মরণ
আধ্যাত্মিকতার মহা দূর্গ গড়েছিলে তুমি
ইলমে লাদুন্নীর ফয়েজে হয়েছিলে ফয়জাভী
প্রশংসনীয় তোমার-নিয়ম নীতি।

কামেল পীরের সোহবতে ধন্য কত জ্ঞানী
বানিয়েছো বহু মুজাহিদ সূফী অলী তুমি
শাহ নিজামপুরী, শাহ জৈনপুরী, শাহ লখনভী, শহীদ তিতুমীর আর ঝানঝানাবী
ভুলবো না কভু-মোরা তোমারই প্রীতি।

বালাকোট চেতনায় উজ্জীবিত বিশ্ববাসী
যুগের অন্যতম ইসলামী সংস্কারক তুমি
মানিকতলা, ফুরফুরা, বশিরহাট, গজারিয়ার তুমি দিশারী–
তোমার মাঝে খুঁজে পায় রুহানি জ্যোতি।

হিন্দুস্তান হতে মারিফতের নূর ছড়ালে হে বেরলভী
সদা দিও খাস নেগাহ তুমি
ছতুরা, ছারছীনা, দারুল আমান, সোনাকান্দা, ধামতী তোমার ভিখারী
বালাকোট দর্শনে আছে-বিশেষ শান্তি।

মুরিদের প্রিয় মুর্শিদ শহীদে বালাকোটী
মহান নিসবতে রেখে তুমি
দ্বারীয়াপুর, মাগুরা, সূফীয়া, ফান্দাউক, ফুলতলী, বদরপুর, ফরাযীকান্দী
তোমার প্রেমে থাকে যেন-দিবারাতি।

যতই করুক তোমার বদনাম হোক বিরোধী
সবসময় সিলসিলার আদর্শ তুমি
জবাব দিতে রুহানি সন্তানেরা প্রস্তুত আছি
মুজাদ্দিদে যামান তুমি-হাদীয়াতুছ্ ছালেকীনের উক্তি।

নেদায়ে ইসলাম, জমিয়েতে হিযবুল্লাহ, তালীমে হিযবুল্লাহ, আঞ্জুমানে আল-ইসালাহ এর জাগরণী
ঈমানী চেতনার প্রাণ পুরুষ দো'আ দিও তুমি
আকাবীরদের পথে মতে যেন জীবন দিতে পারি
মহতি এই নিবেদনে পেলাম মনের প্রশান্তি।

(সংক্ষেপ)

অভিন্ন নদীর স্রোত

মাসুক আহমেদ

যেখানে শেষ হয়েছিল কারবালা
বালাকোটের শুরুটা যেন সেখান থেকেই।

ফোরাত নদীর তীর থেকে শহীদের প্রবাহিত যে পবিত্র রক্তস্রোত-
সময়ের সিড়ি বেয়ে প্লাবিত করলো বালাকোট।

এভাবেই দেখো, বুকের তাঁজা রক্তের রং দিয়ে আমাদের আত্মজ পবিত্র পূর্ববর্তীগণ
রচনা করলেন ঈমানের ইতিহাস।

বদর। খন্দক। উহুদ। খাইবার। কারবালা। বালাকোট -
যেন কালের স্রোতে ভেসে চলা একটি নদীরই বিভিন্ন নাম।

নষ্টমনা পাপাত্মারা যতবার হিংস্র লোভার্ত কুদৃষ্টি দিয়েছে,
ততোবারই তুমি কি দেখোনি ঈমানের সেই নদীতে জ্যোতির্ময় জোয়ার?

দুরাচারী দুর্বৃত্ত আবু জেহেল, এযিদ শিমারের ভ্রূণজাত পৃথ্বীরাজ, গৌরগোবিন্দ,
রনজিৎ সিং কিংবা গাদ্দার মীরজাফর -
যেমনি বয়ে চলেছে ইবলিশের অহমের মূত্র,
দেখোনি কি, বিপরীতভাবে সত্যের প্রচ্ছন্ন হিমালয় থেকে সতত প্রবাহমান
পাকপ্রসবণ।

এই সত্য-মিথ্যা, হক্ব-বাতিল, তিমির-আলোর
সংঘাতময়তা চিরন্তন।

তাইতো ফারুকী ধমনী উত্তেজিত হয় সেরহিন্দে।
শুকিয়ে যায় কখনো আনা সাগর আজমীরে।
হুসাইনি শাহাদাতে লাল হয় কারবালা।

হাসানি রক্তের উত্তরাধিকারী
বেরেলীর বীর সায়্যিদ আহমাদ -
বালাকোটে পান করেন শাহাদাতের পেয়ালা।

সংগ্রহঃ অভিযাত্রিক

Dedicated Poem
Mo'min Khan Mo'min

(Some selective verses from poetic genius of Urdu Literature
Mo'min Khan Mo'min's famous poem, dedicated to
Saayid Ahmad Barelvi are following)

If Sayyid Ahmad Imam of the age and of the believers
Resolves to bring war to the irreligious infidels,
Why not write on the pages of the universe the year of battle,
The setting forth of the infidel-destroying Mahdi, with a musketlike

And again:

I rinse the essence of reflection with pure rose water
For I praise to the progeny of the dispenser of heavy water,
Who is he? Ahmad Imam of the world and of the people;
Follower of the Sunnat of the Prophet only.
Why ought not the earth challenge the sun's brightness,
Once his banner of glory casts its shadow here.
Such the grandcur of the keystone of the glorious castle
That a thousand times inferior appear the heights of the universe.
Since he has no occupation other the Jihad,
Whoseever opposes him is an infidel.
From his era the sun draws constant glory
For justice makes night and day equal.
That king, star of religion, has angels for soldiers
And the dust of his army is the light of the sun and the moon.
That fiery nature, destroyer of infidels, uprooter of idolaters
Whose footprint is similar to the sun on the day of judgement.
Like thunderbolt he strikes at sinners and polytheists,
Producing fiery spikes and sparking grains.
A cavalier riding a celestial steed, surrounded by stars;

Halo-like the sky his slave, the sun his servant.
The year of exit of the sovereign of the kingdom of the faithful;
The true Imam, the sign of Mahdi, The light of Ali.

Source : Kulliyat, cit., II, p. 107. Mo'min and the Mujahidin Movement, Amedeo Maiello, P.655